আর্মি অফ দাজ্জাল
(দাজ্জাল, জীন, শয়তান, এলিয়েন ও সিক্রেট সোসাইটি)
(১ম খন্ড)
সংকলন ও সম্পাদনা: রূহ মাহমুদ

আর্মি অফ দাজ্জাল

(দাজ্জাল, জীন, শয়তান, এলিয়েন ও সিক্রেট সোসাইটি)

(১ম খন্ড)

সংকলন ও সম্পাদনা: রূহ মাহমুদ

সূচিপত্র :

ভূমিকা:

অধ্যায়-১: (মহাপ্রতারক দাজ্জালের পরিচয় ও বর্ণনা)

দাজ্জালের আগমণ, প্রকৃতি ও পরিচয়:

দাজ্জালের বিস্তারিত পরিচয় ও কার্যকলাপ:

দাজ্জালের কোন চোখ কানা? ডান চোখ নাকি বাম চোখ?

সূরা কাহাফে লুকানো রহস্য ও দাজ্জাল:

মেসায়াহ (anti khrist/dajjal): বিভিন্ন ধর্মে প্রতিশ্রুত ভবিষ্যত ত্রাণকর্তা।

কল্কি বিভ্রান্তি:

শিখ ধর্মে মাহদী ও তাগুত কল্কি:

২০০৪ সালের এ ঘটনা যারা জানেন না তাদের জন্য:

দাজ্জালের আত্মপ্রকাশের পর '৪০ দিন' এর অপব্যাখ্যা:

অধ্যায়-২: (জীন, শয়তান ও এলিয়েন)

জ্বীন (Djinn / exterrestrial beings):

শয়তান কে? (Satan / evil / demon / lucifer):

জ্বীন জাতির বিস্ময়কর ইতিহাস (সংক্ষেপিত):

অনেকে মৃত মানুষকে যে দেখে বলে দাবী করেন, তারা আসলে কাকে দেখেন?

জিনেরা ছবি, মূর্তি ও টিভিতে প্রবেশ করতে পারে:

ভীনগ্রহীদের নিয়ে কল্পনা জল্পনা (এলিয়েন ফ্যান্টাসি):

Crop Circle:

অধ্যায়-৩: (কালো জাদু এবং কাব্বালাহ)

ব্ল্যাক ম্যাজিকের ইতিহাস:

মাছের ভিতরে তাবিজ:

কালো জাদুর মাধ্যমে মৃত ব্যাক্তির কারিন জিনকে ডেকে আনা যায়:

কাব্বালাহ: ইহুদি অতীন্দ্রিয়বাদের আদ্যোপান্ত

ট্যারট কার্ড রিডিং:

যাদুবিদ্যা সংক্রান্ত সুবিশাল ভ্রান্তি এবং নিওমু'তাযিলা চিন্তাধারা:

অধ্যায়-৪: (শয়তান ও দাজ্জাল পূজারী)

জ্বীন-শয়তানদের উপাসক (Devil-Worshippers)

ক্যানিবালিজম (নর মাংস খেকো) এর ইতিহাস: তখন এবং এখন।

আধুনিক মূর্তি (খোদা / কালচার) খেকো:

দাজ্জালকে আসলে কারা আনতে চায় এবং কেন?

দাজ্জালের সঙ্গে আমার সাক্ষাৎ হয়েছে, শীঘ্রই আত্মপ্রকাশ করছে:

দাজ্জালের অনুসারীরা আপনার পাশেই অপেক্ষা করছেঃ

কোয়ান্টাম ম্যাথড এবং দাজ্জালের স্বঘোষিত অনুসারীরা:

শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না

উপসংহার:

ভূমিকা:

হযরত রসূল করিম (সা.) শেষ যুগে উম্মতে মোহাম্মাদীয়ার সংশোধন ও তরবিয়তের লক্ষ্যে একজন মসীহ্ (সংস্কারক) এবং মাহদী (পথনিদের্শক)- এর আবির্ভাবের শুভ সংবাদ প্রদান করেছেন এবং তাঁর আগমনের নিদর্শন বর্ণনা করতে গিয়ে সাথে একটি অতি গুরুত্বপূর্ণ নিদর্শন এবং চিহ্নও বর্ণনা করে দিয়েছেন তাহলো- দাজ্জালের আগমন।

দাজ্জালের আগমন সর্ম্পকে সাধারণ মানুষের মাঝে অদ্ভুত ও আশ্চর্য রকমের বিভিন্ন কাল্পনিক গল্প-কাহিনী প্রচলিত আছে এবং তারা দাজ্জালকে সাধারণ সৃষ্টির বহির্ভূত অসাধারণ প্রভাব ও শক্তিশালী সম্পন্ন কোন অদ্ভুত প্রাণী যে বিশাল দৈত্যকার, মোটা, কিংবা এক চক্ষু বিশিষ্ট কোন আরব্য কাহিনীর বিখ্যাত আলিফ লায়লায় দৃশ্যমান কোন দৈত্য বলে মনে করে।

আবার অনেকে দাজ্জালকে বিশ্বাসই করেনা। তারা মনে করে এগুলো কেচ্ছা কাহিনী। সুতরাং, এই কিতাবটিতে এটাই স্পষ্ট করে দেয়া হবে ইনশাআল্লাহ, যে দাজ্জাল কোনো দৈত্য নয় আর কোনো কল্প কাহিনীর কল্পিত নায়কও নয়। বরং শেষ জমানায় সমগ্র মানব জাতির জন্য এক মহা ফেতনা ও শয়তানের চূড়ান্ত হাতিয়ার। যা দিয়ে শয়তান দলে দলে মানুষকে জাহান্নামের দিকে নিয়ে যাবে।

আশা করি আল্লাহর ইচ্ছায় এই সংকলনটির দ্বারা উম্মতের অনেক ফায়দা হবে, ইনশাআল্লাহ। আল্লাহ তায়ালা আমাদেরকে দাজ্জাল ও দাজ্জালি ষড়যন্ত্র গুলোকে চিনার এবং তা থেকে বেঁচে থাকার তৌফিক দান করুন। আমিন।

এই সংকলনটিতে দাজ্জালের পরিচয়ের পাশাপাশি জীন, শয়তান এবং জীন শয়তানের উপাসক ও বিভিন্ন সিক্রেট সোসাইটির পরিচয়, গোপন কার্যক্রম, ইত্যাদি বিষয়ও তুলে ধরা হয়েছে। আলহামদুলিল্লাহ।

ফলে দাজ্জালের ভয়ংকর ফেতনাগুলো যে, কিভাবে পুরো মানব জাতিকে চারদিক থেকে অক্টপাসের মতো পেঁচিয়ে ধরেছে, তা বুঝতে পাঠকের জন্য সহজ হবে, ইনশাআল্লাহ।

আপনাদের দোয়ায় আমাকে রাখবেন।

-Rooh Maahmood-

অধ্যায়-১: (মহাপ্রতারক দাজ্জালের পরিচয় ও বর্ণনা)

দাজ্জালের আগমণ, প্রকৃতি ও পরিচয়:

আখেরী যামানায় কিয়ামতের নিকটবর্তী সময়ে মিথ্যুক দাজ্জালের আবির্ভাব ঘটবে। দাজ্জালের আগমণ কিয়ামত নিকটবর্তী হওয়ার সবচেয়ে বড় আলামত। মানব জাতির জন্যে দাজ্জালের চেয়ে অধিক বড় বিপদ আর নেই। বিশেষ করে সে সময় যে সমস্ত মুমিন জীবিত থাকবে তাদের জন্য ঈমান নিয়ে টিকে থাকা অত্যন্ত কঠিন হয়ে পড়বে। সমস্ত নবীই আপন উম্মাতকে দাজ্জালের ভয় দেখিয়েছেন। আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও দাজ্জালের ফিতনা থেকে সতর্ক করেছেন এবং তার অনিষ্ট থেকে বাঁচার উপায়ও বলে দিয়েছেন। ইবনে উমার (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে বর্ণনা করেনঃ

قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ فِي النَّاسِ فَأَثْنَى عَلَى اللَّهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ ذَكَرَ الدَّجَّالَ فَقَالَ إِنِّي لَأُنْذِرُكُمُوهُ وَمَا مِنْ نَبِيٍّ إِلَّا وَقَدْ أَنْذَرَهُ قَوْمَهُ وَلَكِنِّي سَأَقُولُ لَكُمْ فِيهِ قَوْلًا لَمْ يَقُلْهُ نَبِيٌّ لِقَوْمِهِ إِنَّهُ أَعْوَرُ وَإِنَّ اللَّهَ لَيْسَ بِأَعْوَرَ

“একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাড়িয়ে আল্লাহর যথাযোগ্য প্রশংসা করলেন। অতঃপর দাজ্জালের আলোচনা করতে গিয়ে বললেনঃ আমি তোমাদেরকে তার ফিতনা থেকে সাবধান করছি। সকল নবীই তাদের উম্মাতকে দাজ্জালের ভয় দেখিয়েছেন। কিন্তু আমি তোমাদের কাছে দাজ্জালের একটি পরিচয়ের কথা বলব যা কোন নবীই তাঁর উম্মাতকে বলেন নাই। তা হলো দাজ্জাল অন্ধ হবে। আর আমাদের মহান আল্লাহ অন্ধ নন। নাওয়াস বিন সামআন (রাঃ) বলেনঃ

ذَكَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الدَّجَّالَ ذَاتَ غَدَاةٍ فَخَفَّضَ فِيهِ وَرَفَّعَ حَتَّى ظَنَنَّاهُ فِي طَائِفَةِ النَّخْلِ قَالَ فَانْصَرَفْنَا مِنْ عِنْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ رَجَعْنَا إِلَيْهِ فَعَرَفَ ذَلِكَ فِينَا فَقَالَ مَا شَأْنُكُمْ قَالَ قُلْنَا يَا رَسُولَ اللَّهِ ذَكَرْتَ الدَّجَّالَ الْغَدَاةَ فَخَفَّضْتَ فِيهِ وَرَفَّعْتَ حَتَّى ظَنَنَّاهُ فِي طَائِفَةِ النَّخْلِ قَالَ غَيْرُ الدَّجَّالِ أَخْوَفُ لِي عَلَيْكُمْ إِنْ يَخْرُجْ وَأَنَا فِيكُمْ فَأَنَا حَجِيجُهُ دُونَكُمْ وَإِنْ يَخْرُجْ وَلَسْتُ فِيكُمْ فَامْرُؤٌ حَجِيجُ نَفْسِهِ وَاللَّهُ خَلِيفَتِي عَلَى كُلِّ مُسْلِمٍ

“একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সকাল বেলা আমাদের কাছে দাজ্জালের বর্ণনা করলেন। তিনি তার ফিতনাকে খুব বড় করে তুলে ধরলেন। বর্ণনা শুনে আমরা মনে করলাম নিকটস্থ খেজুরের বাগানের পাশেই সে হয়ত অবস্থান করছে। আমরা রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লামএর নিকট থেকে চলে গেলাম। কিছুক্ষণ পর আমরা আবার তাঁর কাছে গেলাম। এবার তিনি আমাদের অবস্থা বুঝে জিজ্ঞেস করলেনঃ তোমাদের কি হলো? আমরা বললামঃ হে আল্লাহর রাসূল! আপনি যেভাবে দাজ্জালের আলোচনা করেছেন তা শুনে আমরা ভাবলাম হতে পারে সে খেজুরের বাগানের ভিতরেই রয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ দাজ্জাল ছাড়া তোমাদের উপর আমার আরো ভয় রয়েছে। আমি তোমাদের মাঝে জীবিত থাকতেই যদি দাজ্জাল আগমণ করে তাহলে তোমাদেরকে ছাড়া আমি একাই তার বিরুদ্ধে ঝগড়া করবো। আর আমি চলে যাওয়ার পর যদি সে আগমণ করে তাহলে প্রত্যেক ব্যক্তিই নিজেকে হেফাযত করবে। আর আমি চলে গেলে আল্লাহই প্রতিটি মুসলিমকে হেফাযতকারী হিসেবে যথেষ্ট”।[1]

দাজ্জালের আগমণের সময় মুসলমানদের অবস্থাঃ

দাজ্জালের আগমণের পূর্ব মুহূর্তে মুসলমানদের অবস্থা খুব ভাল থাকবে। তারা পৃথিবীতে শক্তিশালী এবং বিজয়ী থাকবে। সম্ভবতঃ এই শক্তির পতন ঘটানোর জন্যই দাজ্জালের আবির্ভাব ঘটবে।

দাজ্জালের পরিচয়ঃ

দাজ্জাল মানব জাতিরই একজন হবে। মুসলমানদের কাছে তার পরিচয় তুলে ধরার জন্যে এবং তার ফিতনা থেকে তাদেরকে সতর্ক করার জন্যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার পরিচয় বিস্তারিতভাবে বর্ণনা করেছেন। মুমিন বান্দাগণ তাকে দেখে সহজেই চিনতে পারবে এবং তার ফিতনা থেকে নিরাপদে থাকবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার যে সমস্ত পরিচয় উল্লেখ করেছেন মু'মিনগণ তা পূর্ণ অবগত থাকবে। দাজ্জাল অন্যান্য মানুষের তুলনায় স্বতন্ত্র বৈশিষ্টের অধিকারী হবে। জাহেল-মূর্খ ও হতভাগ্য ব্যতীত কেউ দাজ্জালের ধোঁকায় পড়বেনা।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাজ্জালকে স্বপ্নে দেখে তার শারীরিক গঠনের বর্ণনাও প্রদান করেছেন। তিনি বলেনঃ দাজ্জাল হবে বৃহদাকার একজন যুবক পুরুষ, শরীরের রং হবে লাল, বেঁটে, মাথার চুল হবে কোঁকড়া, কপাল হবে উঁচু, বক্ষ হবে প্রশস্ত, চক্ষু হবে টেরা এবং আঙ্গুর ফলের মত উঁচু।[2] দাজ্জাল নির্বংশ হবে। তার কোন সন্তান থাকবেনা''।[3]

দাজ্জালের কোন্ চোখ কানা থাকবে?

বিভিন্ন হাদীছে দাজ্জালের চোখ অন্ধ হওয়ার কথা বর্ণিত হয়েছে। কোন কোন হাদীছে বলা হয়েছে দাজ্জাল অন্ধ হবে। কোন হাদীছে

আছে তার ডান চোখ অন্ধ হবে। আবার কোন হাদীছে আছে তার বাম চোখ হবে অন্ধ। মোটকথা তার একটি চোখ দোষিত হবে। তবে ডান চোখ অন্ধ হওয়ার হাদীছগুলো বুখারী ও মুসলিম শরীফে বর্ণিত হয়েছে।[4] মোটকথা দাজ্জালের অন্যান্য লক্ষণগুলো কারো কাছে অস্পষ্ট থেকে গেলেও অন্ধ হওয়ার বিষয়টি কারো কাছে অস্পষ্ট হবেনা।

দাজ্জালের দু’চোখের মাঝখানে কাফের লেখা থাকবেঃ

তাছাড়া দাজ্জালকে চেনার সবচেয়ে বড় আলামত হলো তার কপালে কাফের ر كاف)) লেখা থাকবে।[5] অপর বর্ণনায় আছে তার কপালে(ك ف ر) এই তিনটি বর্ণ লেখা থাকবে। প্রতিটি মুসলিম ব্যক্তিই তা পড়তে পারবে।[6] অপর বর্ণনায় আছে শিক্ষিত-অশিক্ষত সকল মুসলিম ব্যক্তিই তা পড়তে পারবে।[7] মোটকথা আল্লাহ

মু’মিনের জন্যে অন্তদৃষ্টি খোলে দিবেন। ফলে সে দাজ্জালকে দেখে সহজেই চিনতে পারবে। যদিও ইতিপূর্বে সে ছিল অশিক্ষিত। কাফের ও মুনাফেক লোক তা দেখেও পড়তে পারবেনা। যদিও সে ছিল শিক্ষিত ও পড়ালেখা জানা লোক। কারণ কাফের ও মুনাফেক আল্লাহর অসংখ্য সুস্পষ্ট দলীল-প্রমাণ দেখেও ঈমান আনয়ন করেনি।[৪]

দাজ্জালের ফিতনাসমূহ ও তার অসারতাঃ

আদম সৃষ্টি থেকে কিয়ামত পর্যন্ত মানব জাতির জন্য দাজ্জালের চেয়ে বড় ফিতনা আর নেই। সে এমন অলৌকিক বিষয় দেখাবে যা দেখে মানুষ দিশেহারা হয়ে পড়বে। দাজ্জাল নিজেকে প্রভু ও আল্লাহ হিসেবে দাবী করবে। তার দাবীর পক্ষে এমন কিছু প্রমাণও উপস্থাপন করবে যে সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আগেই সতর্ক করেছেন। মু’মিন বান্দাগণ এগুলো দেখে মিথ্যুক দাজ্জালকে সহজেই চিনতে পারবে এবং আল্লাহর প্রতি তাদের ঈমান আরো বৃদ্ধি পাবে। কিন্তু দুর্বল ঈমানদার লোকেরা বিভ্রান্তিতে পড়ে ঈমান হারা হবে।

দাজ্জাল নিজেকে রাবব বা প্রভু হিসেবেও দাবী করবে। ঈমানদারের কাছে এ দাবীটি সুস্পষ্ট দিবালোকের মত মিথ্যা বলে প্রকাশিত হবে।

দাজ্জাল তার দাবীর পক্ষে যত বড় অলৌকিক ঘটনাই পেশ করুক না কেন মুমিন ব্যক্তির কাছে এটি সুস্পষ্ট হবে যে সে একজন অক্ষম মানুষ, পানাহার করে, নিদ্রা যায় এবং পেশাব-পায়খান করে। সর্বোপরি সে হবে অন্ধ। যার ভিতরে মানবীয় সব দোষ-গুণ বিদ্যমান সে কিভাবে রবব ও আল্লাহ হতে পারে!! একজন সত্যিকার মুমিনের বিশ্বাস হলোঃ মহান আল্লাহ সর্বপ্রকার মানবীয় দোষ-ত্রুটি হতে সম্পূর্ণ মুক্ত। কোন সৃষ্টজীবই তার মত নয়। আল্লাহকে দুনিয়ার জগতে কোন মানুষের পক্ষে দেখাও সম্ভব নয়।

দাজ্জাল বর্তমানে কোথায় আছে?



ফাতেমা বিনতে কায়স (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি মসজিদে গমণ করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর সাথে নামায আদায় করলাম। আমি ছিলাম মহিলাদের কাতারে। তিনি নামায শেষে হাসতে হাসতে মিম্বারে উঠে বসলেন। প্রথমেই তিনি

বললেনঃ প্রত্যেকেই যেন আপন আপন জায়গায় বসে থাকে। অতঃপর তিনি বললেনঃ তোমরা কি জান আমি কেন তোমাদেরকে একত্রিত করেছি? তাঁরা বললেনঃ আল্লাহ এবং তাঁর রাসূলই ভাল জানেন। অতঃপর তিনি বললেনঃ আমি তোমাদেরকে এ সংবাদ দেয়ার জন্যে একত্রিত করেছি যে তামীম দারী ছিল একজন খৃষ্টান লোক। সে আমার কাছে আগমণ করে ইসলাম গ্রহণ করেছে। অতঃপর সে মিথ্যুক দাজ্জাল সম্পর্কে এমন ঘটনা বলেছে যা আমি তোমাদের কাছে বর্ণনা করতাম। লাখ্ম ও জুযা্াম গোত্রের ত্রিশ জন লোকের সাথে সে সাগর পথে ভ্রমণে গিয়েছিল।

দুর্যোগপূর্ণ আবহাওয়ার শিকার হয়ে এক মাস পর্যন্ত তারা সাগরেই ছিল। অবশেষে তারা সাগরের মাঝখানে একটি দ্বীপে অবতরণ করলো। দ্বীপের ভিতরে প্রবেশ করে তারা মোটা মোটা এবং প্রচুর চুল বিশিষ্ট একটি অদ্ভুত প্রাণীর সন্ধান পেল। চুল দ্বারা সমস্ত শরীর আবৃত থাকার কারণে প্রাণীটির অগ্রপশ্চাৎ নির্ধারণ করতে সক্ষম হলোনা। তারা বললঃ অকল্যাণ হোক তোমার! কে তুমি? সে বললোঃ আমি সংবাদ সংগ্রহকারী গোয়েন্দা। তারা বললোঃ কিসের সংবাদ সংগ্রহকারী? অতঃপর প্রাণীটি দ্বীপের মধ্যে একটি ঘরের দিকে ইঙ্গিত করে বললোঃ হে লোক সকল! তোমরা এই ঘরের ভিতরে অবস্থানরত লোকটির কাছে যাও। সে তোমাদের কাছ থেকে সংবাদ

সংগ্রহ করার জন্যে অধীর আগ্রহে অপেক্ষা করছে। তামীম দারী বলেনঃ প্রাণীটি যখন একজন লোকের কথা বললোঃ তখন আমাদের ভয় হলো যে হতে পারে সে একটি শয়তান। তথাপিও আমরা ভীত হয়ে দ্রুত অগ্রসর হয়ে ঘরটির ভিতরে প্রবেশ করলাম।

সেখানে প্রবেশ করে আমরা বৃহদাকার একটি মানুষ দেখতে পেলাম। এত বড় আকৃতির মানুষ আমরা ইতিপূর্বে আর কখনও দেখিনি। তার হাত দু'টিকে ঘাড়ের সাথে একত্রিত করে হাঁটু এবং গোড়ালীর মধ্যবর্তী স্থানে লোহার শিকল দ্বারা বেঁধে রাখা হয়েছে। আমরা বললামঃ মরণ হোক তোমার! কে তুমি? সে বললোঃ তোমরা আমার কাছে আসতে সক্ষম হয়েছ। তাই আগে তোমাদের পরিচয় দাও।

আমরা বললামঃ আমরা একদল আরব মানুষ নৌকায় আরোহন করলাম। সাগরের প্রচন্ড ঢেউ আমাদেরকে নিয়ে একমাস পর্যন্ত খেলা করলো। অবশেষে তোমার দ্বীপে উঠতে বাধ্য হলাম। দ্বীপে প্রবেশ করেই প্রচুর পশম বিশিষ্ট এমন একটি জন্তুর সাক্ষাৎ পেলাম, প্রচুর পশমের কারণে যার অগ্রপশ্চাৎ চেনা যাচ্ছিলনা। আমরা বললামঃ অকল্যাণ হোক তোমার! কে তুমি? সে বললোঃ আমি সংবাদ সংগ্রহকারী গোয়েন্দা। আমরা বললামঃ কিসের সংবাদ

সংগ্রহকারী? অতঃপর প্রাণীটি দ্বীপের মধ্যে এই ঘরের দিকে ইঙ্গিত করে বললোঃ হে লোক সকল! তোমরা এই ঘরের ভিতরে অবস্থানরত লোকটির কাছে যাও। সে তোমাদের নিকট থেকে সংবাদ সংগ্রহ করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে। তাই আমরা তার ভয়ে তোমার কাছে দ্রুত আগমণ করলাম। হতে পারো তুমি একজন শয়তান- এ ভয় থেকেও আমরা নিরাপদ নই।

সে বললোঃ আমাকে তোমরা ‘বাইসান’ সম্পর্কে সংবাদ দাও। আমরা তাকে বললামঃ বাইসানের কি সম্পর্কে জিজ্ঞেস করছো? সে বললোঃ আমি তথাকার খেজুরের বাগান সম্পর্কে জিজ্ঞাসা করছি। সেখানের গাছগুলো এখনও ফল দেয়? আমরা বললামঃ হ্যাঁ। সে বললোঃ সে দিন বেশী দূরে নয় যে দিন গাছগুলোতে কোন ফল ধরবেনা। অতঃপর সে বললোঃ আমাকে বুহাইরাতুত্ তাবারীয়া সম্পর্কে সংবাদ দাও। আমরা তাকে বললামঃ বুহাইরাতুত্ তাবারীয়ার কি সম্পর্কে জিজ্ঞেস করছো?

সে বললোঃ আমি জানতে চাই সেখানে কি এখনও পানি আছে? আমরা বললামঃ তথায় প্রচুর পানি আছে। সে বললোঃ অচিরেই তথাকার পানি শেষ হয়ে যাবে। সে পুনরায় বললোঃ আমাকে যুগার নামক ঝর্ণা সম্পর্কে সংবাদ দাও। আমরা তাকে বললামঃ সেখানকার

কি সম্পর্কে তুমি জানতে চাও? সে বললোঃ আমি জানতে চাই সেখানে কি এখনও পানি আছে? লোকেরা কি এখনও সে পানি দিয়ে চাষাবাদ করছে? আমরা বললামঃ তথায় প্রচুর পানি রয়েছে। লোকেরা সে পানি দিয়ে চাষাবাদ করছে।

সে আবার বললোঃ আমাকে উম্মীদের নবী সম্পর্কে জানাও। আমরা বললামঃ সে মক্কায় আগমণ করে বর্তমানে মদ্বীনায় হিজরত করেছে। সে বললোঃ আরবরা কি তার সাথে যুদ্ধ করেছে? বললামঃ হ্যাঁ। সে বললোঃ ফলাফল কি হয়েছে? আমরা তাকে সংবাদ দিলাম যে, পার্শ্ববর্তী আরবদের উপর তিনি জয়লাভ করেছেন। ফলে তারা তাঁর আনুগত্য স্বীকার করে নিয়েছে। সে বললঃ তাই না কি? আমরা বললাম তাই।

সে বললোঃ তার আনুগত্য করাই তাদের জন্য ভাল। এখন আমার কথা শুন। আমি হলাম দাজ্জাল। অচিরেই আমাকে বের হওয়ার অনুমতি দেয়া হবে। আমি বের হয়ে চল্লিশ দিনের ভিতরে পৃথিবীর সমস্ত দেশ ভ্রমণ করবো। তবে মক্কা-মদ্বীনায় প্রবেশ করা আমার জন্য নিষিদ্ধ থাকবে। যখনই আমি মক্কা বা মদ্বীনায় প্রবেশ করতে চাইবো তখনই ফেরেশতাগণ কোষমুক্ত তলোয়ার হাতে নিয়ে আমাকে

তাড়া করবে। মক্কা-মদ্বীনার প্রতিটি প্রবেশ পথে ফেরেশতাগণ পাহারা দিবে।

হাদীছের বর্ণনাকারী ফাতেমা বিনতে কায়েস বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাতের লাঠি দিয়ে মিম্বারে আঘাত করতে করতে বললেনঃ এটাই মদ্বীনা, এটাই মদ্বীনা, এটাই মদ্বীনা। অর্থাৎ এখানে দাজ্জাল আসতে পারবেনা। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মানুষকে লক্ষ্য করে বললেনঃ তামীম দারীর হাদীছটি আমার কাছে খুবই ভাল লেগেছে।

তার বর্ণনা আমার বর্ণনার অনুরূপ হয়েছে। বিশেষ করে মক্কা ও মদ্বীনা সম্পর্কে। শুনে রাখো! সে আছে সাম দেশের সাগরে (ভূমধ্য সাগরে) অথবা আরব সাগরে। তা নয় সে আছে পূর্ব দিকে। সে আছে পূর্ব দিকে। সে আছে পূর্ব দিকে। এই বলে তিনি পূর্ব দিকে ইঙ্গিত করে দেখালেন। ফাতেমা বিনতে কায়েস বলেনঃ "আমি এই হাদীছটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর নিকট থেকে মুখস্থ করে রেখেছি"।[9]

দাজ্জালের যে সমস্ত ক্ষমতা দেখে মানুষ বিভ্রান্তিতে পড়বেঃ

ক) একস্থান হতে অন্য স্থানে দ্রুত পরিভ্রমণঃ নাওয়াস বিন সামআন থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দাজ্জালের চলার গতি সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেনঃ “দ্রুতগামী বাতাস বৃষ্টিকে যেভাবে চালিয়ে নেয় দাজ্জালের চলার গতিও সে রকম হবে”।[10] তিনি আরো সংবাদ দিয়েছেন যে মক্কা ও মদ্বীনা ব্যতীত পৃথিবীর সমস্ত অঞ্চল সে পরিভ্রমণ করবে। মক্কা ও মদ্বীনার সমস্ত প্রবেশ পথে ফেরেশতাগণ তলোওয়ার হাতে নিয়ে পাহারা দিবে।

খ) দাজ্জালের সাথে থাকবে জান্নাত-জাহান্নামঃ দাজ্জালের সাথে জান্নাত এবং জাহান্নাম থাকবে। প্রকৃত অবস্থা হবে সম্পূর্ণ বিপরীত। দাজ্জালের জাহান্নামের আগুন প্রকৃতপক্ষে সুমিষ্ট পানি এবং জান্নাত হবে জাহান্নামের আগুন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

لَأَنَا أَعْلَمُ بِمَا مَعَ الدَّجَّالِ مِنْهُ مَعَهُ نَهْرَانِ يَجْرِيَانِ أَحَدُهُمَا رَأْيَ الْعَيْنِ مَاءٌ أَبْيَضُ وَالْآخَرُ رَأْيَ الْعَيْنِ نَارٌ تَأَجَّجُ فَإِمَّا أَدْرَكَنَّ أَحَدٌ فَلْيَأْتِ النَّهْرَ الَّذِي يَرَاهُ نَارًا وَلْيُغَمِّضْ ثُمَّ لْيُطَأْطِئْ رَأْسَهُ فَيَشْرَبَ مِنْهُ فَإِنَّهُ مَاءٌ بَارِدٌ وَإِنَّ الدَّجَّالَ مَمْسُوحُ الْعَيْنِ عَلَيْهَا ظَفَرَةٌ غَلِيظَةٌ مَكْتُوبٌ بَيْنَ عَيْنَيْهِ كَافِرٌ يَقْرَؤُهُ كُلُّ مُؤْمِنٍ كَاتِبٍ وَغَيْرِ كَاتِبٍ

“দাজ্জালের সাথে যা থাকবে তা আমি অবগত আছি। তার সাথে দু’টি নদী প্রবাহিত থাকবে। বাহ্যিক দৃষ্টিতে একটিতে সুন্দর পরিস্কার পানি দেখা যাবে। অন্যটিতে দাউ দাউ করে আগুন জ্বলতে দেখা যাবে। যার সাথে দাজ্জালের সাক্ষাৎ হবে সে যেন দাজ্জালের আগুনে ঝাপ দিয়ে পড়ে এবং সেখান থেকে পান করে। কারণ উহা সুমিষ্ট পানি। তার চোখের উপরে মোটা আবরণ থাকবে। কপালে কাফের লেখা থাকবে। মূর্খ ও শিক্ষিত সকল ঈমানদার লোকই তা পড়তে সক্ষম হবে”।[11]

গ) দাজ্জাল মৃত ব্যক্তিকে জীবিত করবেঃ দাজ্জাল তার কর্মকান্ডে শয়তানের সহযোগীতা নিবে। শয়তান কেবল মিথ্যা ও গোমরাহী এবং কুফরী কাজেই সাহায্য করে থাকে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ দাজ্জাল মানুষের কাছে গিয়ে বলবেঃ আমি যদি তোমার মৃত পিতা-মাতাকে জীবিত করে দেখাই তাহলে কি তুমি আমাকে প্রভু হিসেবে মানবে? সে বলবে অবশ্যই মানব। এ সুযোগে শয়তান তার পিতা-মাতার আকৃতি ধরে সন্তানকে বলবেঃ হে সন্তান! তুমি তার অনুসরণ কর। সে তোমার প্রতিপালক”।[12] হে আল্লাহ! আমরা আপনার কাছে দাজ্জালের ফিতনা থেকে আশ্রয় চাই।

ঘ) জড় পদার্থ ও পশুরাও দাজ্জালের ডাকে সাড়া দেবেঃ দাজ্জালের ফিতনার মাধ্যমে আল্লাহ তাঁর বান্দাদেরকে পরীক্ষা করবেন। দাজ্জাল আকাশকে আদেশ দিবে বৃষ্টি বর্ষণ করার জন্যে। আকাশ তার আদেশে বৃষ্টি বর্ষণ করবে। যমীনকে ফসল উৎপন্ন করতে বলবে। যমিন ফসল উৎপন্ন করবে। চতুষ্পদ জন্তুকে ডাক দিলে তারা দাজ্জালের ডাকে সাড়া দিবে। ধ্বংস প্রাপ্ত ঘরবাড়িকে তার নিচে লুকায়িত গুপ্তধন বের করতে বলবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ "দাজ্জাল এক জনসমাজে গিয়ে মানুষকে তার প্রতি ঈমান আনয়নের আহবান জানাবে। এতে তারা ঈমান আনবে। দাজ্জাল তাদের উপর বৃষ্টি বর্ষণ করার জন্য আকাশকে আদেশ দিবে। আকাশ বৃষ্টি বর্ষণ করবে, যমিন ফসল উৎপন্ন করবে এবং তাদের পশুপাল ও চতুষ্পদ জন্তুগুলো অধিক মোটা-তাজা হবে এবং পূর্বের তুলনায় বেশী দুধ প্রদান করবে।

অতঃপর অন্য একটি জনসমাজে গিয়ে মানুষকে তার প্রতি ঈমান আনয়নের আহবান জানাবে। লোকেরা তার কথা প্রত্যাখ্যান করবে। দাজ্জাল তাদের নিকট থেকে ব্যর্থ হয়ে ফেরত আসবে। এতে তারা চরম অভাবে পড়বে। তাদের ক্ষেত-খামারে চরম ফসলহানি দেখা দিবে। দাজ্জাল পরিত্যক্ত ভূমিকে তার নিচে লুকায়িত গুপ্তধন বের

করতে বলবে। গুপ্তধনগুলো বের হয়ে মৌমাছির দলের ন্যায় তার পিছে পিছে চলতে থাকবে”।[13]

ঙ) দাজ্জাল একজন মু’মিন যুবককে হত্যা করে পুনরায় জীবিত করবেঃ

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ দাজ্জা াল বের হয়ে মদ্বীনার দিকে অগ্রসর হবে। যেহেতু মদ্বীনায় দাজ্জালের প্রবেশ নিষেধ তাই সে মদ্বীনার নিকটবর্তর্ ী একটি স্থানে অবস্থান করবে। তার কাছে একজন মুমিন লোক গমণ করবেন। তিনি হবেন ঐ যামানার সর্বোত্তম মু’মিন। দাজ্জালকে দেখে তিনি বলবেনঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি সেই দাজ্জাল যার সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে সাবধান করেছেন।

তখন দাজ্জাল উপস্থিত মানুষকে লক্ষ্য করে বলবেঃ আমি যদি একে হত্যা করে জীবিত করতে পারি তাহলে কি তোমরা আমার ব্যাপারে কোন সন্দেহ পোষণ করবে? লোকেরা বলবেঃ না। অতঃপর সে উক্ত মুমিনকে হত্যা করে পুনরায় জীবিত করবে। এ পর্যায়ে যুবকটি বলবেঃ আল্লাহর শপথ! তুমি যে মিথ্যুক দাজ্জাল- এ সম্পর্কে আমার বিশ্বাস আগের তুলনায় আরো মজবুত হলো। দাজ্জাল তাকে দ্বিতীয়বার হত্যা করার চেষ্টা করবে। কিন্তু তাঁকে হত্যা করতে সক্ষম

হবেনা।[14] মুসলিম শরীফের বর্ণনায় এসেছে উক্ত যুবক দাজ্জালকে দেখে বলবেঃ হে লোক সকল! এটি সেই দাজ্জাল যা থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে সাবধান করেছেন। অতঃপর দাজ্জাল তার অনুসারীদেরকে বলবেঃ একে ধর এবং প্রহার কর। তাকে মেরে-পিটে যখম করা হবে। অতঃপর দাজ্জাল তাকে জিজ্ঞেস করবে এখনও কি আমার প্রতি ঈমান আনবেনা?

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ উক্ত যুবক বলবেনঃ তুমি মিথ্যাবাদী দাজ্জাল। তারপর দাজ্জালের আদেশে তার মাথায় করাত লাগিয়ে দ্বিখন্ডিত করে ফেলবে। দাজ্জাল দু'খন্ডের মাঝ দিয়ে হাঁটাহাঁটি করবে। অতঃপর বলবেঃ উঠে দাড়াও। তিনি উঠে দাড়াবেন। দাজ্জাল বলবে এখনও ঈমান আনবেনা? তিনি বলবেনঃ তুমি মিথ্যুক দাজ্জাল হওয়ার ব্যাপারে এখন আমার বিশ্বাস আরো বৃদ্ধি পেয়েছে। অতঃপর তিনি বলবেনঃ হে লোক সকল! আমার পরে আর কারো সাথে এরূপ করতে পারবেনা।

অতঃপর দাজ্জাল তাকে পাকড়াও করে আবার যবেহ করার চেষ্টা করবে। কিন্তু তার গলায় যবেহ করার স্থানটি তামায় পরিণত হয়ে যাবে। কাজেই সে যবেহ করতে ব্যর্থ হবে। অতঃপর তাঁর হাতে-পায়ে ধরে জাহান্নামে নিক্ষেপ করবে। লোকেরা মনে করবে তাকে

জাহান্নামের আগুনে নিক্ষেপ করা হয়েছে। অথচ সে জান্নাতে নিক্ষিপ্ত হয়েছে। নবী (সাঃ) বলেনঃ "এই ব্যক্তি হবে পৃথিবীতে সেদিন সবচেয়ে মহা সত্যের সাক্ষ্য দানকারী"।[15]

দাজ্জাল কোথা থেকে বের হবে?

দাজ্জাল বের হওয়ার স্থান সম্পর্কেও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা দিয়েছেন। সে পূর্ব দিকের পারস্য দেশ থেকে বের হবে। সে স্থানটির নাম হবে খোরাসান। সেখান থেকে বের হয়ে সমগ্র দুনিয়া ভ্রমণ করবে। তবে মক্কা এবং মদ্বীনায় প্রবেশ করতে পারবেনা। ফেরেশতাগণ সেদিন মক্কা-মদ্বীনার প্রবেশ পথসমূহে তরবারি নিয়ে পাহারা দিবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ "পূর্বের কোন একটি দেশ থেকে দাজ্জালের আবির্ভাব ঘটবে যার বর্তমান নাম খোরাসান"।[16]

দাজ্জাল মক্কা ও মদ্বীনায় প্রবেশ করতে পারবেনাঃ

সহীহ হাদীছের বিবরণ অনুযায়ী দাজ্জালের জন্যে মক্কা ও মদ্বীনাতে প্রবেশ নিষিদ্ধ থাকবে। মক্কা ও মদ্বীনা ব্যতীত পৃথিবীর সকল স্থানেই সে প্রবেশ করবে। ফাতেমা বিনতে কায়েস (রাঃ) কর্তৃক বর্ণিত দাজ্জালের হাদীছে এসেছে অতঃপর দাজ্জাল বললোঃ আমি হলাম

দাজ্জাল। অচিরেই আমাকে বের হওয়ার অনুমতি দেয়া হবে। আমি বের হয়ে চল্লিশ দিনের ভিতরে পৃথিবীর সমস্ত দেশ ভ্রমণ করবো। তবে মক্কা-মদ্বীনায় প্রবেশ করা আমার জন্য নিষিদ্ধ থাকবে। যখনই আমি মক্কা বা মদ্বীনায় প্রবেশ করতে চাইবো তখনই কোষমুক্ত তলোয়ার হাতে নিয়ে ফেরেশতাগণ আমাকে তাড়া করবে। মক্কা-মদ্বীনার প্রতিটি প্রবেশ পথে ফেরেশতাগণ পাহারা দিবে”।[17] সে সময় মদ্বীনা শরীফ তিনবার কেঁপে উঠবে এবং প্রত্যেক মুনাফেক এবং কাফেরকে বের করে দিবে। যারা দাজ্জালের নিকট যাবে এবং তার ফিতনায় পড়বে তাদের অধিকাংশই হবে মহিলা। দাজ্জালের ফিতনা থেকে বাঁচানোর জন্য পুরুষেরা তাদের স্ত্রী, মা, বোন, কন্যা, ফুফু এবং অন্যান্য স্বজন মহিলাদেরকে রশি দিয়ে বেঁধে রাখবে।

দাজ্জাল পৃথিবীতে কত দিন থাকবে?

সাহাবীগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেছেন দাজ্জাল পৃথিবীতে কত দিন অবস্থান করবে? উত্তরে তিনি বলেছেনঃ সে চল্লিশ দিন অবস্থান করবে। প্রথম দিনটি হবে এক বছরের মত লম্বা। দ্বিতীয় দিনটি হবে এক মাসের মত। তৃতীয় দিনটি হবে এক সপ্তাহের মত। আর বাকী দিনগুলো দুনিয়ার স্বাভাবিক দিনের মতই হবে। আমরা বললামঃ যে দিনটি এক

বছরের মত দীর্ঘ হবে সে দিন কি এক দিনের নামাযই যথেষ্ট হবে? উত্তরে তিনি বললেনঃ না; বরং তোমরা অনুমান করে সময় নির্ধারণ করে নামায পড়বে।[18]

কারা দাজ্জালের অনুসরণ করবে?

দাজ্জালের অধিকাংশ অনুসারী হবে ইহুদী, তুর্কী এবং অনারব লোক। তাদের অধিকাংশই হবে গ্রাম্য মূর্খ এবং মহিলা। ইহুদীরা মিথ্যুক কানা দাজ্জালের অপেক্ষায় রয়েছে। তাদের বিশ্বাস অনুযায়ী দাজ্জাল হবে তাদের বাদশা। তার নেতৃত্বে তারা বিশ্ব পরিচালনা করবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ দাজ্জালের অধিকাংশ অনুসারী হবে ইহুদী এবং মহিলা।[19] তিনি আরো বলেনঃ

“ইস্পাহানের সত্তর হাজার ইহুদী দাজ্জালের অনুসরণ করবে। তাদের সবার পরনে থাকবে সেলাই বিহীন চাদর”।[20]

গ্রাম্য অশিক্ষিত লোকেরা মূর্খতার কারণে এবং দাজ্জালের পরিচয় সম্পর্কে তাদের জ্ঞান না থাকার কারণে দাজ্জালের অলৌকিক ক্ষমতা দেখে তারা ফিতনায় পড়বে। মহিলাদের ব্যাপারটিও অনুরূপ। তারা সহজেই যে কোন জিনিষ দেখে প্রভাবিত হয়ে থাকে।

দাজ্জালের ফিতনা থেকে বাঁচার উপায়ঃ

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাজ্জালের ফিতনা হতে রেহাই পাওয়ার উপায়ও বলে দিয়েছেন। তিনি উম্মাতকে একটি সুস্পষ্ট দ্বীনের উপর রেখে গেছেন। সকল প্রকার কল্যাণের পথ প্রদর্শন করেছেন এবং সকল অকল্যাণের পথ হতে সতর্ক করেছেন। উম্মাতের উপরে যেহেতু দাজ্জালের ফিতনা সবচেয়ে বড় তাই তিনি দাজ্জালের ফিতনা থেকে কঠোরভাবে সাবধান করেছেন এবং দাজ্জালের লক্ষণগুলো সুস্পষ্ট করে বর্ণনা করেছেন। যাতে মুমিন বান্দাদের জন্য এই প্রতারক, ধোকাবাজ ও মিথ্যুক দাজ্জালকে চিনতে কোনরূপ অসুবিধা না হয়।

ইমাম সাফারায়েনী (রঃ) বলেনঃ প্রতিটি বিজ্ঞ মুসলিমের উচিৎ তার ছেলে-মেয়ে, স্ত্রী-পরিবার এবং সকল নারী-পুরুষদের জন্য দাজ্জালের হাদীছগুলো বর্ণনা করা। বিশেষ করে ফিতনায় পরিপূর্ণ আমাদের বর্তমান যামানায়। দাজ্জালের ফিতনা থেকে বাঁচার উপায়গুলো নিম্নরূপঃ-

১) ইসলামকে সঠিকভাবে আঁকড়িয়ে ধরাঃ ইসলামকে সঠিকভাবে আঁকড়িয়ে ধরা এবং ঈমানের উপর অটল থাকাই দাজ্জালের ফিতনা থেকে বাঁচার একমাত্র উপায়। যে মুমিন আল্লাহর নাম ও তাঁর অতুলনীয় সুমহান গুণাবলী সম্পর্কে জ্ঞান অর্জন করবে সে অতি সহজেই দাজ্জালকে চিনতে পারবে। সে দেখতে পাবে দাজ্জাল খায় পান করে। মু'মিনের আকীদা এই যে, আল্লাহ তাআলা পানাহার ও অন্যান্য মানবীয় দোষ-গুণ থেকে সম্পূর্ণ পবিত্র। যে পানাহারের প্রতি মুখাপেক্ষী সে কখনও আল্লাহ বা রবব হতে পারেনা। দাজ্জাল হবে অন্ধ। আল্লাহ এরূপ দোষ-ত্রুটির অনেক উর্ধে। আল্লাহর গুণাবলী সম্পর্কে সুস্পষ্ট ধারণার অধিকারী মুমিনগণের মনে প্রশ্ন জাগবে যে নিজের দোষ থেকে মুক্ত হতে পারেনা সে কিভাবে প্রভু হতে পারে? মুমিনের আকীদা এই যে, আল্লাহকে দুনীয়ার জীবনে দেখা সম্ভব নয়। অথচ মিথ্যুক দাজ্জালকে মুমিন-কাফের সবাই দুনিয়াতে দেখতে পাবে।

২) দাজ্জালের ফিতনা থেকে আশ্রয় প্রার্থনা করাঃ আয়েশা (রাঃ) বলেনঃ "আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নামাযের ভিতরে দাজ্জালের ফিতনা থেকে আশ্রয় চাইতে শুনেছি"।[21] তিনি নামাযের শেষ তাশাহুদে বলতেনঃ

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ وَمِنْ عَذَابِ النَّارِ وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ وَمِنْ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ

"হে আল্লাহ! আমি আপনার কাছে কবরের আযাব, জাহান্নামের আযাব, জীবন-মরণের ফিতনা এবং মিথ্যুক দাজ্জালের ফিতনা থেকে আশ্রয় চাই"।[22]

৩) দাজ্জাল থেকে দূরে থাকাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাজ্জালের নিকট যেতে নিষেধ করেছেন। কারণ সে এমন একজন লোকের কাছে আসবে, যে নিজেকে ঈমানদার মনে করবে। দাজ্জালের কাজ-কর্ম দেখে সে বিভ্রান্তিতে পড়ে ঈমান হারা হয়ে যাবে। মু'মিনের জন্য উত্তম হলো সম্ভব হলে সে সময়ে মদ্বীনা অথবা মক্কায় বসবাস করার চেষ্টা করা। কারণ দাজ্জাল তথায় প্রবেশ করতে পারবেনা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ যে ব্যক্তি দাজ্জাল বের হওয়ার কথা শুনবে সে যেন তার কাছে না যায়। আল্লাহর শপথ! এমন একজন লোক দাজ্জালের নিকটে যাবে যে

নিজেকে ঈমানদার মনে করবে। অতঃপর সে দাজ্জালের সাথে প্রেরিত সন্দেহময় জিনিষগুলো ও তার কাজ-কর্ম দেখে বিভ্রান্তিতে পড়ে ঈমান হারা হয়ে তার অনুসারী হয়ে যাবে। হে আল্লাহ! আমরা আপনার কাছে দাজ্জালের ফিতনা থেকে আশ্রয় চাই।

৪) সূরা কাহাফ পাঠ করাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাজ্জালের ফিতনার সম্মুখিন হলে মুমিনদেরকে সূরা কাহাফ মুখস্থ করতে এবং তা পাঠ করতে আদেশ করেছেন। তিনি বলেনঃ "যে ব্যক্তি সূরা কাহাফের প্রথম দশটি আয়াত মুখস্থ করবে সে দাজ্জালের ফিতনা হতে হেফাযতে থাকবে"।[23]

সূরা কাহাফ পাঠের নির্দেশ সম্ভবতঃ এজন্য হতে পারে যে, এই সূরায় আল্লাহ তাআলা বিস্ময়কর বড় বড় কয়েকটি ঘটনা বর্ণনা করেছেন। মুমিন ব্যক্তি এগুলো গভীরভাবে পাঠ করলে দাজ্জালের বিস্ময়কর ঘটনা দেখে কিছুতেই বিচলিত হবেনা। এতে সে হতাশ হয়ে বিভ্রান্তিতেও পড়বেনা।

দাজ্জালের শেষ পরিণতিঃ

সহীহ হাদীছের বিবরণ অনুযায়ী ঈসা ইবনে মারইয়াম (আঃ)এর হাতে দাজ্জাল নিহত হবে। বিস্তারিত বিবরণ এই যে, মক্কা-মদ্বীনা

ব্যতীত পৃথিবীর সকল দেশেই সে প্রবেশ করবে। তার অনুসারীর সংখ্যা হবে প্রচুর। সমগ্র দুনিয়ায় তার ফিতনা ছড়িয়ে পড়বে। সামান্য সংখ্যক মু'মিনই তার ফিতনা থেকে রেহাই পাবে। ঠিক সে সময় দামেস্ক শহরের পূর্ব প্রান্তে অবস্থিত এক মসজিদের সাদা মিনারের উপর ঈসা (আঃ) আকাশ থেকে অবতরণ করবেন। মুসলমানগণ তার পার্শ্বে একত্রিত হবে। তাদেরকে সাথে নিয়ে তিনি দাজ্জালের দিকে রওনা দিবেন। দাজ্জাল সে সময় বায়তুল মাকদিসের দিকে অগ্রসর হতে থাকবে।

অতঃপর ঈসা (আঃ) ফিলিস্তীনের লুদ্দ শহরের গেইটে দাজ্জালকে পাকড়াও করবেন। ঈসা (আঃ)কে দেখে সে পানিতে লবন গলার ন্যায় গলতে শুরু করবে। ঈসা (আঃ) তাকে লক্ষ্য করে বলবেনঃ "তোমাকে আমি একটি আঘাত করবো যা থেকে তুমি কখনও রেহাই পাবেনা।" ঈসা (আঃ) তাকে বর্শা দিয়ে আঘাত করবেন।

অতঃপর মুসলমানেরা তাঁর নেতৃত্বে ইহুদীদের বিরুদ্ধে যুদ্ধ করবে। মুসলমানদের হাতে দাজ্জালের বাহিনী ইহুদীর দল পরাজিত হবে। তারা কোথাও পালাবার স্থান পাবেনা। গাছের আড়ালে পালানোর চেষ্টা করলে গাছ বলবেঃ হে মুসলিম! আসো, আমার পিছনে একজন ইহুদী লুকিয়ে আছে। আসো এবং তাকে হত্যা কর। পাথর বা

দেয়ালের পিছনে পলায়ন করলে পাথর বা দেয়াল বলবেঃ হে মুসলিম! আমার পিছনে একজন ইহুদী লুকিয়ে আছে, আসো! তাকে হত্যা কর। তবে গারকাদ নামক গাছ ইহুদীদেরকে গোপন করার চেষ্টা করবে। কেননা সেটি ইহুদীদের বৃক্ষ বলে পরিচিত।[24]

সহীহ মুসলিম শরীফে আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يُقَاتِلَ الْمُسْلِمُونَ الْيَهُودَ فَيَقْتُلُهُمُ الْمُسْلِمُونَ حَتَّى يَخْتَبِئَ الْيَهُودِيُّ مِنْ وَرَاءِ الْحَجَرِ وَالشَّجَرِ فَيَقُولُ الْحَجَرُ أَوِ الشَّجَرُ يَا مُسْلِمُ يَا عَبْدَ اللَّهِ هَذَا يَهُودِيٌّ خَلْفِي فَتَعَالَ فَاقْتُلْهُ إِلَّا الْغَرْقَدَ فَإِنَّهُ مِنْ شَجَرِ الْيَهُودِ)

‘‘ততক্ষণ পর্যন্ত কিয়ামত হবেনা যতক্ষণ না মুসলমানেরা ইহুদীদের সাথে যুদ্ধ করবে। অতঃপর মুসলমানগণ ইহুদীরকে হত্যা করবে। ইহুদীরা গাছ ও পাথরের আড়ালে পালাতে চেষ্টা করবে। কিন্তু কেউ তাদেরকে আশ্রয় দিবেনা। গাছ বা পাথর বলবেঃ হে মুসলমান! হে আল্লাহর বান্দা! আমার পিছনে একজন ইহুদী লুকিয়ে আছে। আসো এবং তাকে হত্যা করো। তবে ‘গারকাদ’ নামক গাছের পিছনে লুকালে গারকাদ গাছ কোন কথা বলবেনা। এটি ইহুদীদের গাছ বলে পরিচিত’’।[25]

[1] - তিরমিজী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[3] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[4] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[5] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[6] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[7] - সহীহ মুসলিম, শরহুন্ নববীর সাথে (১৮/৬১)।

[8] - ফাতহুল বারী, (১৩/১০০)।

[9] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[10]- মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[11]- মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[12] - সহীহুল জামে আস্-সাগীর, হাদীছ নং-৭৭৫২।

[13]- মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[14]- বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[15] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[16] - তিরমিজী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান, সহীহুল জামে আস্-সাগীর, হাদীছ নং-৩৩৯৮। নিশাপুর, হিরাত, মরো, বালখ এবং পার্শ্ববর্তী কতিপয় অঞ্চলের নাম খোরাসান।

[17] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[18] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[19] - মুসনাদে ইমাম আহমাদ। আহমাদ শাকের সহীহ বলেছেন।

[20] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[21] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[22]- বুখারী, অধ্যায়ঃ কিতাবুল জানায়েয।

[23] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

[24] - নেহায়া, আল-ফিতান ওয়াল মালাহিম, (১/১২৮-১২৯)

[25] - সহীহ মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

দাজ্জালের বিস্তারিত পরিচয় ও কার্যকলাপ:

দাজ্জালের পরিচয়

দাজ্জাল আদম আ. এর সন্তানদের মধ্য থেকে একজন সন্তান। দাজ্জাল একজন মানুষ। মহান আল্লাহ তাকে এমন সব ক্ষমতা দান করেছেন, যা অন্য কোনো মানুষকে দান করেন নি। আল্লাহ তাআলা তাকে মুমিনদের ইমানের পরীক্ষার জন্য সবিশেষ শক্তি ও ক্ষমতা দান করেছেন। আল্লাহ তাআলা তাকে জোরপূর্বক মুমিনদের ইমান কেড়ে নেয়ার ক্ষমতা দেন নি, বরং তাকে দান করেছেন অমানবিক শক্তি ও ক্ষমতা। সে তার সেসকল শক্তিকে ব্যবহার করে মানুষের দৃষ্টি আকর্ষণ করবে, চিত্ত প্রলুব্ধ করবে এবং সাধারণ ইমানবিশিষ্ট মুমিনদেরকে গোলকধাঁধা এবং সংশয়ে ফেলে কুফরে লিপ্ত করবে। ফলে মানুষ জ্ঞাতসারে কিবা অজ্ঞাতসারে প্রবৃত্তির তাড়নায় কিবা সংশয়গ্রস্ত হয়ে তার বিছানো জালে পা দিয়ে ফেঁসে যাবে। তার ফিতনা ইবলিসের ফিতনা সদৃশ। আর আল্লাহ তো বলেই দিয়েছেন—

"আমার (প্রকৃত) বান্দাদের ওপর তোমার কোনো কর্তৃত্ব-ক্ষমতা নেই। (তাদের) তত্ত্বাবধান-রক্ষণাবেক্ষণের জন্য তোমার প্রতিপালকই যথেষ্ট।"[1]

নবিজি সা. আমাদেরকে দাজ্জালের আকৃতি-প্রকৃতি, তার চারিত্রিক বৈশিষ্ট্য-গুণাবলি সম্পর্কে অবহিত করেছেন। তিনি আমাদেরকে দাজ্জালের অনুসরণ করা থেকে

বারণ করেছেন। কারণ যারা তার অনুসারী হবে, তারা গলা থেকে ইসলামের রশিকে খুলে ফেলবে এবং উম্মাতে মুহাম্মাদির তালিকা থেকে নিজেদের নাম মুছে ফেলবে। তাই আমরা যখন দাজ্জালকে চিনবো এবং তার সম্পর্কে সবিস্তারে জানবো, তখন প্রত্যাশা রয়েছে যে, মহান আল্লাহ আমাদেরকে তার অনিষ্ট থেকে হেফাজত করবেন।

দাজ্জালের নাম

দাজ্জালকে 'আল-মাসিহুদ দাজ্জাল' বলা হয়ে থাকে। ইসা আ.কেও মাসিহ বলা হয়। হাদিসের শব্দানুসারে দাজ্জাল হলো 'মাসিহুদ দালালাহ' তথা গোমরাহির মাসিহ। এর থেকে অনুমেয় যে, ইসা আ. হলেন 'মাসিহুল হুদা' তথা হিদায়াতের মাসিহ।[2] দু'জনকে দু'বিবেচনায় 'মাসিহ' নামে নামকরণ করা হয়েছে। শুধু 'মাসিহ' শব্দ বলা হলে এর দ্বারা উদ্দেশ্য হয়ে থাকে, ইসা আ.। আর যখন এর দ্বারা দাজ্জাল উদ্দেশ্য নেয়া হয়, তখন এর সাথে দাজ্জাল শব্দ যুক্ত করে 'আলমাসিহুদ দাজ্জাল' বলা হয়ে থাকে।

মাসিহ শব্দটি 'আলমাসহু' ক্রিয়ামূল থেকে উৎসারিত; যার অর্থ হলো, 'মুছে দেয়া'। ইসা আ.কে মাসিহ বলা হয়, কারণ তিনি যখন ব্যাধিগ্রস্তদের গায়ে হাত বুলিয়ে দিতেন, তাদেরকে নিজ হাত দ্বারা মুছে দিতেন, তখন মহান আল্লাহ্‌র অনুগ্রহে তারা সুস্থ হয়ে উঠতো। কিবা এর কারণ হলো, তিনি তার পা দিয়ে সারা পৃথিবী মাড়াতেন, অর্থাৎ সমগ্র পৃথিবী জুড়ে ছিলো তার বিচরণ।

দাজ্জালকে মাসিহ বলা হয়, যেহেতু তার বাম চোখটি থাকবে মোছা। অর্থাৎ বাম চোখের জায়গাটিতে কোনো চোখই থাকবে না, চেহারার বাম পাশটি থাকবে চোখ এবং ভ্রু মুক্ত, যেনো সেখান থেকে চোখ এবং ভ্রুকে মুছে দেয়া হয়েছে। ফলে সে

হবে কানা, যে শুধু তার এক চোখ—ডান চোখ দ্বারাই দেখে। ঠিক তেমনি তার ডান চোখটিও হবে ত্রুটিপূর্ণ। দেখতে মনে হবে আঙ্গুরের মতো, যেনো তা কোঠর থেকে বেরিয়ে এসেছে।

দাজ্জাল শব্দটি এসেছে 'আদ্‌দাজলু' ক্রিয়ামূল থেকে। এর শাব্দিক অর্থ হলো—

ক. ঢেকে দেয়া, যেহেতু সে মিথ্যার দ্বারা সত্যকে ঢেকে দেবে

খ. ধোঁকা দেয়া ও বিভ্রান্ত করা, যেহেতু সে মানবজাতিকে ধোঁকা দেবে এবং বিভ্রান্ত করবে;

গ. ফন্দি করা, যেহেতু সে ইসলাম ও মুসলিম উম্মাহ্‌র বিরুদ্ধে রকমারি ফন্দি করবে।

মিথ্যার চূড়ান্ত স্তরকে 'আদ্‌দাজলু' শব্দে অভিহিত করা হয়। অর্থাৎ দাজ্জাল হবে চরম ধোঁকাবাজ, ডাহা মিথ্যুক এবং কৌশলী ফন্দিবাজ। দাগাবাজি এবং ফেরেববাজিতে তার তুলনা শুধু সে-ই।

দাজ্জাল শব্দটির বহুবচন হলো 'দাজ্জালুনা' এবং 'দাজাজিলা'। এর বহুবচনের প্রয়োজন এজন্য যে, দাজ্জাল সে একাই নয়; বরং দাজ্জাল রয়েছে আরো অনেক। তবে সে হলো, সবচে বড় এবং সর্বশেষ দাজ্জাল।

রাসুলুল্লাহ সা. বলেন—

"কিয়ামাত সংঘটিত হবে না, যাবত্‌ না ত্রিশজন চরম মিথ্যুক দাজ্জালের আবির্ভাব ঘটবে, যাদের প্রত্যেকেই আল্লাহ এবং তার রাসুলের ওপর মিথ্যাচার করবে।"[3]

এ পর্যন্ত অসংখ্য দাজ্জালেরই আত্মপ্রকাশ ঘটেছে, যারা আল্লাহ এবং তার রাসুলের ওপর মিথ্যাচার করেছে, যারা মিথ্যা নবুওয়াতের দাবি করেছে; যেমন মুসায়লামা কাযযাব, আসওয়াদ 'আনসি, তালিহা আলআসাদি, মুখতার আস্‌সাকাফি, সাজ্জাহ,

গোলাম আহমাদ কাদিয়ানি (লাআনাহুমুল্লাহ)। 'আলমাসিহুদ দাজ্জাল' সে শুধু মিথ্যা নবুওয়াতেরই দাবি করবে না, বরং সে নিজেকে 'রাব্বুল আলামিন' বলে ঘোষণা দেবে। স্বতন্ত্র অধ্যায়ে আমরা এ সম্পর্কে আলোচনা করবো ইন শা আল্লাহ।

কিয়ামাতের বড় আলামতগুলোর মধ্যে দাজ্জালের আত্মপ্রকাশ সর্বপ্রথম প্রকাশিত আলামত

কিয়ামাতের আলামতগুলো মোট তিন ধরনের—ছোট, মাঝারি এবং বড়।

কিয়ামাতের বড় আলামত হলো দশটি; এর মধ্য থেকে দাজ্জালের বহিঃপ্রকাশ হলো সর্বপ্রথম আলামত।

একদল বিদগ্ধ আলিমের ভাষ্য হলো, পশ্চিম দিক থেকে সূর্যোদয়ের আলামতটি হলো বড় দশটি আলামতের মধ্যে সর্বপ্রথম। এক্ষেত্রে তাদের দলিল হলো আব্দুল্লাহ ইবনু 'আমর ইবনুল 'আস রা. সূত্রে রাসুলুল্লাহ সা. থেকে বর্ণিত হাদিস—

"নিঃসন্দেহে প্রকাশিত হবার দিক থেকে প্রথম আলামত হলো, পশ্চিম দিক থেকে সূর্য উদিত হওয়া এবং মানবজাতির ওপর পূর্বাহ্নে 'দাব্বাতুল আর্দ' নামক একটি জন্তুর আত্মপ্রকাশ ঘটা। এই দু'টির যে কোনো একটি আগে এবং অপরটি এর অব্যবহিত পরে প্রকাশিত হবে।

আব্দুল্লাহ রা. বলেন, আর আমার মনে হয়, তাঁর বক্তব্যের মধ্যে পশ্চিম দিক থেকে সূর্য উদয়টাই প্রথমে প্রকাশিত হবার কথা ছিলো।"[4]

কিন্তু বিভিন্ন কারণে তাদের এই বক্তব্য গ্রহণযোগ্য নয়। বরং বাস্তবতা হলো, পশ্চিম দিক থেকে সূর্যোদয়ের পূর্বে আরো তিনটি বড় আলামত প্রকাশিত হবে—

দাজ্জালের আবির্ভাব, ইসা আ. এর অবতরণ এবং ইয়াজুজ-মাজুজের বহিঃপ্রকাশ।

এর কতক কারণ নিম্নরূপ—

১. যখন পশ্চিম দিক থেকে সূর্য উদিত হবে, তখন তাওবার দরজা বন্ধ হয়ে যাবে। আল্লাহ বলেন—

“যে দিন তোমার রবের কতক নিদর্শন এসে যাবে, সে দিন এমন ব্যক্তির ইমান তার কোনো কাজে আসবে না, যে পূর্বে ইমান আনে নি কিংবা নিজ ইমানের সাথে কোনো সৎকর্ম অর্জন করে নি।”

রাসুলুল্লাহ সা. এ আয়াতের ব্যাখ্যায় বলেন—

“পশ্চিম দিক থেকে সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত কিয়ামাত অনুষ্ঠিত হবে না। লোকেরা যখন তা দেখবে, তখন পৃথিবীর সকলে ইমান আনবে। আর সেটি হচ্ছে এমন সময়, যখন “পূর্বে ইমান আনে নি এমন ব্যক্তির ইমান তার কোনো কাজে আসবে না।”[5]

অথচ সর্বজনস্বীকৃত যে, ইসা আ. উর্ধ্বাকাশ থেকে অবতরণের পর মানুষদেরকে ইসলামের দিকে আহ্বান করবেন এবং খ্রিস্টানদের অনেকে তার দাওয়াতে ইমান আনয়ন করবে। আল্লাহ বলেন—

“কিতাবিদের মধ্যে এমন কেউ নেই, যে নিজ মৃত্যুর আগে ইসার প্রতি ইমান আনবে না। আর কিয়ামাতের দিন সে তাদের বিরুদ্ধে সাক্ষী হবে।”[6]

অথচ এই ঘটনা যদি সূর্য পশ্চিম দিক থেকে উদিত হবার পরে হয়ে থাকে, তাহলে তো কারো ইমান তার কোনোই কাজে আসবে না। এজন্যই হাফিজ ইবনু হাজার রহ. বলেন—

“দাজ্জালের অবস্থানের সময়কাল ইসা আ. তাকে হত্যা করা পর্যন্ত, এরপর ইসা আ. এর অবস্থানের সময়কাল এবং ইয়াজুজ-মাজুজের আত্মপ্রকাশ—এ সবগুলোই পশ্চিম দিক থেকে সূর্য উদয়ের ওপর অগ্রবর্তী হবে। সকল বর্ণনা একত্রিত করলে যে অভিমত অগ্রাধিকারপ্রাপ্ত হয়, তা হলো, দাজ্জালের আত্মপ্রকাশ সেসকল বড় আলামতসমূহের মধ্যে প্রথম, যা পৃথিবীর বড় অংশে সার্বিক অবস্থা পরিবর্তনের

নির্দেশক। আর পশ্চিম দিক থেকে সূর্য উদিত হওয়া সেসকল বড় আলামতসমূহের মধ্যে প্রথম, যা উপরস্থ পৃথিবীর বিবর্তনের নির্দেশক। কিয়ামত অনুষ্ঠিত হওয়ার মাধ্যমে এর পরিসমাপ্তি ঘটবে।”[7]

ইমাম বায়হাকি তার ‘আলবা‘ছু ওয়ান নুশুর’ গ্রন্থে বলেন—

“হালিমি রহ. উল্লেখ করেছেন, সর্বপ্রথম আলামত হলো দাজ্জাল, এরপর ইসা ইবনু মারয়াম আ. এর অবতরণ। কেননা পশ্চিম দিক থেকে সূর্যোদয় যদি ইসা আ. এর অবতরণের পূর্বে হয়, তাহলে তার সময়কালে ইমান আনয়ন করা আর কুফফার গোষ্ঠীর কোনো কাজে আসবে না। কিন্তু বাস্তবতা হলো, সেসময় ইমান আনয়ন তাদের উপকারে আসবে। কারণ ইমান আনয়ন করা যদি তাদের কোনো কাজে না আসে, তাহলে তাদের মধ্য থেকে যারা ইসলাম গ্রহণ করবে, তাদের ইসলাম গ্রহণের মাধ্যমে দ্বীন এক দ্বীনে পরিণত হবে না।”[8]

হাফিজ ইবনু কাসির রহ. বলেন—

“নিঃসন্দেহে প্রকাশিত হবার দিক থেকে প্রথম আলামত হলো, পশ্চিম দিক থেকে সূর্য উদিত হওয়া”—এর অর্থ হলো, যে সকল আলামত স্বাভাবিক নয়, তার মধ্য থেকে প্রকাশিত প্রথম আলামত হলো এটা; যদিও দাজ্জালের আত্মপ্রকাশ, উর্ধ্বাকাশ থেকে ইসা আ. এর অবতরণ এবং ইয়াজুজ-মাজুজের বহিঃপ্রকাশ এর পূর্বেই সংঘটিত হবে। এ সবগুলোই হলো পরিচিত বিষয়। কেননা তারা সকলেই মানুষ। তাদের অনুরূপ আকৃতিবিশিষ্ট জিনিসকে মানবচক্ষু পূর্ব থেকেই দেখে আসছে। ...আর পশ্চিম দিক থেকে সূর্যের উদয় তার স্বাভাবিক রীতি এবং আকাশের নিদর্শনসমূহের সম্পূর্ণ খেলাফ।”[9]

২. দাজ্জাল এবং ইয়াজুজ-মাজুজের আত্মপ্রকাশ এবং উর্ধ্বাকাশ থেকে ইসা আ. এর অবতরণের ঘটনা আবশ্যিকভাবেই সূর্য পশ্চিমাকাশ থেকে উদিত হবার পূর্বেই সংঘটিত হতে হবে। কারণ দাজ্জালের হত্যা এবং ইয়াজুজ-মাজুজের ধ্বংসের পরও

ইসা আ. পৃথিবীতে সাত বছর জীবন যাপন করবেন, যেমনটি সহিহ মুসলিমে বর্ণিত হয়েছে; কিবা চল্লিশ বছর জীবন যাপন করবেন, যেমনটি সুনানে আবি দাউদ গ্রন্থে সহিহ সনদে আবু হুরায়রা রা. থেকে বর্ণিত হয়েছে। এসবের পর প্রথম সেই আলামত প্রকাশ পাবে, যার প্রকাশের অব্যবহিত পরেই পর্যায়ক্রমে অন্য সকল আলামত প্রকাশ পাবে এবং কিছুকালের মাঝেই কিয়ামাত অনুষ্ঠিত হয়ে যাবে।

রাসুলুল্লাহ সা. বলেন—

"নিদর্শনসমূহ যেনো একটি সুতায় বিন্যস্ত দানা; যদি দানা ছিড়ে ফেলা হয়, তাহলে একটি দানা অপর দানার অনুগামী হয় (এবং দ্রুতই পতিত হয়)।"[10]

আবু 'আলিয়া রহ. এর 'আলমুসনাদ' গ্রন্থে মুরসাল বর্ণনায় এসেছে—

"এসকল নিদর্শনগুলি ছয় মাসে প্রকাশিত হবে।" আর আবু হুরায়রা রা. থেকে বর্ণিত হয়েছে যে, "আট মাসে।"

সুতরাং এই দুই ধরনের বর্ণনার মাঝে সমন্বয়ের পন্থাই হলো, এ সিদ্ধান্তে উপনীত হওয়া যে, দাজ্জালের নিহত হওয়া এবং ইয়াজুজ-মাজুজের ধ্বংসপ্রাপ্ত হওয়ার পর ইসা আ. সুদীর্ঘ সময় মুসলমানদের মাঝে অবস্থান করবেন। এ সময় তিনি কী কী মহান ব্রত পালন করবেন, তা স্বতন্ত্র অধ্যায়ে আমরা আলোচনা করবো ইন শা আল্লাহ। তার তিরোধানের পর কোনো এক সময়ে পশ্চিমাকাশ থেকে সূর্য উদিত হবে এবং এরপর খুব অল্প সময়ের মধ্যে সুতার দানা ঝরার মতো সবগুলো আলামত প্রকাশিত হবে। এই ব্যাখ্যা ছাড়া এসকল বিপরীতমুখী বর্ণনার মাঝে সমন্বয় সাধন করা দুরূহ।

দাজ্জালের আকৃতি-প্রকৃতি

আবু বাকরা রা. রাসুলুল্লাহ সা. থেকে বর্ণনা করেন—

"দাজ্জালের বাবা-মা'র ত্রিশ বছর পর্যন্ত কোনো সন্তান জন্মগ্রহণ করবে না। এরপর একটি কানা ছেলে জন্মগ্রহণ করবে। সে হবে খুবই ক্ষতিকর এবং অত্যন্ত অনুপকারী। তার দু'চোখ ঘুমাবে; কিন্তু অন্তর ঘুমাবে না।"

এরপর রাসুলুল্লাহ সা. আমাদের সামনে তার বাবা-মা'র বিবরণ উল্লেখ করলেন। তিনি বলেন, "দাজ্জালের বাবা দৈহিক আকৃতির দিক থেকে হবে লম্বাটে, হালকা-পাতলা গড়নের এবং তার নাক হবে পাখির ঠোঁটের মতো লম্বা। আর তা মা হবে স্থূলকায়, সুউচ্চ স্তনবিশিষ্টা।"[11]

দাজ্জালের আকৃতি হবে এরূপ—

"খাটো, তবে অতিকায় স্থূল এবং দানবাকৃতির বিশাল দেহবিশিষ্ট; উভয় চোখই ত্রুটিযুক্ত—বাম চোখটি ভ্রুসহ চামড়ার আবরণে লুকায়িত, যেনো তা মুছে দেয়া হয়েছে, আর ডান চোখটি ভাসমান আঙ্গুর সদৃশ, যেনো তা কোঠর থেকে বেরিয়ে এসেছে; অস্বাভাবিক রকমের ঘন কোঁকড়া ও অগোছালো চুল, দেখলে বোধ হবে, যেনো গাছের কতোগুলো ডাল; কপাল অতি প্রশস্ত এবং মাথা স্বাভাবিকের থেকেও বড়; শ্বেত-শুভ্র চামড়ার দেহ; দু'পায়ের গোছার মাঝে মাত্রাতিরিক্ত দূরত্ব, ফলে চলন ত্রুটিযুক্ত; দু'চোখের মাঝামাঝিতে 'কাফির' লেখা থাকবে, যা সকল মুসলিম—শিক্ষিত হোক কিবা অশিক্ষিত—সকলেই পড়তে পারবে, তবে কোনো কাফির যতো বড় শিক্ষিতই হোক না কেনো, তা পড়তে পারবে না; সে হবে আঁটকুড়ে, নিঃসন্তান।[12]

দাজ্জাল কোথায়?

ফাতিমা বিনতু কায়স রা. থেকে বর্ণিত, তিনি বলেন—

“আমি রাসুলুল্লাহ সা. এর মুয়াজ্জিনকে বলতে শুনলাম যে, সালাতের সময় আসন্ন। তখন আমি মসজিদের উদ্দেশে বের হলাম এবং রাসুলুল্লাহ সা. এর সাথে সালাত আদায় করলাম। আমি পুরুষদের পেছনে মহিলাদারে কাতারে দাঁড়িয়েছিলাম। রাসুলুল্লাহ সা. সালাত শেষে মিম্বারে আরোহণ করলেন, তার ঠোঁটে তখন ছিলো শুভ্র হাসির রেখা। অনন্তর তিনি বললেন, “সকলে যেনো ঠিক সেখানে বসে যায়, যেখানে সালাত আদায় করেছে।”

এরপর তিনি বললেন, “তোমরা জানো কি, কেনো আমি তোমাদেরকে একত্রিত করেছি?”

তারা বললো, “আল্লাহ এবং তার রাসুল সম্যক অবগত।”

তিনি বললেন, “আল্লাহর কসম, নিশ্চয়ই আমি তোমাদেরকে কোনো উৎসাহ বা ভীতি প্রদর্শনের জন্য একত্রিত করি নি। আমি তোমাদেরকে একত্রিত করেছি—কারণ তামিম দারি খ্রিস্টান ছিলো। সে এখানে এসে বাইয়াত দিয়েছে এবং ইসলাম গ্রহণ করেছে। সে আমাকে এমন উপাখ্যান শুনিয়েছে, যা আমি তোমাদেরকে

‘আলমাসিহুদ দাজ্জাল’ সম্পর্কে যা-কিছু বলতাম—তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

সে আমাকে জানালো যে, লাখ্‌ম এবং জুযাম গোত্রের ত্রিশজন লোকের সাথে সে একবার সামুদ্রিক জাহাজে আরোহণ করে। এরপর ঢেউ একমাস তাদেরকে নিয়ে সমুদ্রে খেলা করে। একদিন সূর্যাস্তের পূর্বমুহূর্তে তাদের জাহাজ সমুদ্রের মাঝে এক

দ্বীপে গিয়ে ভিড়ে। এরপর তারা ছোট ছোট নৌকায় বসে ওই দ্বীপে প্রবেশ করে। জাহাজ থেকে অবতরণ করা মাত্রই অধিক লোমযুক্ত কেশাচ্ছাদিত এক অদ্ভুত প্রাণীর সঙ্গে তাদের সাক্ষাৎ ঘটে—অত্যাধিক চুল দিয়ে সারা গা ঢাকা আথাক্য প্রাণীটির সম্মুখপশ্চাৎ ঠাহর করা যাচ্ছিলো না।

সাথিরা বললো, “হতভাগা, কে তুই?”

প্রাণীটি বললো, “আমি গুপ্তচর (জাস্‌সাসা)।”

তারা বললো, “গুপ্তচর মানে? ”

প্রাণীটি বললো, হে লোকেরা, তোমরা আশ্রমে এই ব্যক্তিটির কাছে চলো। কারণ তিনি তোমাদের সংবাদ জানার জন্য অধীর আগ্রহে অপেক্ষারত।”

তার মুখে এক লোকের কথা শুনে আমরা শঙ্কিত হলাম যে, সে আবার শয়তান না তো! তাই দ্রুত তার থেকে সরে পড়লাম। আমরা আশ্রমে ঢুকে এক অতিশয় দীর্ঘাকৃতির লোককে দেখতে পেলাম, যার দু'হাঁটুর মধ্য দিয়ে উভয় হাত ঘাড়ের সাথে একত্রিত করে লোহার শেকলে বাঁধা।

আমরা তাকে বললাম, “তোর সর্বনাশ হোক, তুই কে?”

সে বললো, “তোমরা আমার সন্ধান কিছু না কিছু পেয়েই গেছো। এখন তোমরা বলো, তোমাদের পরিচয় কী? ”

সাথিরা বললো, “আমরা আরবের বাসিন্দা। আমরা সমুদ্রে নৌকায় চড়ে ভ্রমণ করছিলাম। অনন্তর আমরা সমুদ্রকে উত্তাল তরঙ্গে উদ্বেলিত অবস্থায় পেয়েছি। এক মাস পর্যন্ত ঝড়ের কবলে থেকে অবশেষে আমরা তোমার এ দ্বীপে এসে পৌঁছেছি। এরপর ছোট ছোট নৌকায় আরোহণ করে আমরা এ দ্বীপে প্রবেশ করেছি। এখানে আমরা একটি সর্বাঙ্গ পশমে আবৃত জন্তুকে দেখতে পেয়েছি। পশমের আধিক্যের কারণে আমরা তার আগা-পাছা চিনতে পারছিলাম না। আমরা তাকে বলেছি, হতভাগা, তুই কে? সে বলেছে, সে নাকি গুপ্তচর। আমরা বললাম, গুপ্তচর আবার কী? তখন সে বললো, ওই যে আশ্রম দেখা যায়, তোমরা দেখানে চলো। সেখানে এক লোক গভীর আগ্রহে তোমাদের অপেক্ষায় রয়েছে। তাই আমরা দ্রুত তোর কাছে এসে পড়েছি। আমরা তার কথা শুনে এ আশঙ্কা করেছি যে, সে আবার শয়তান নয় তো! ”

এরপর সে বললো, “তোমরা আমাকে বাইসানের খেজুর বাগানের সংবাদ বলো।”

আমরা বললাম, “এর কোন বিষয়ের সংবাদ জানতে চাচ্ছিস?”

সে বললো, “বাইসানের খেজুর বাগানে ফল আসে কি না—এ সম্পর্কে আমি তোমাদেরকে জিজ্ঞেস করছি।”

তাকে আমরা বললাম, “হ্যাঁ, ফল আসে।”

সে বললো, “সেদিন নিকটে, যেদিন এগুলোতে কোনো ফল ধরবে না।”

এরপর সে বললো, “আচ্ছা, তাবারিয়্যা সাগরের ব্যাপারে আমাকে অবগত করো।”

আমরা বললাম, “এর কোন বিষয় সম্পর্কে জানতে চাচ্ছিস? ”

সে বললো, “তাতে পানি আছে কি? ”

আমরা বললাম, “হাঁ, আছে।”

সে বললো, “সেদিন বেশি দূরে নয়, যেদিন এ সাগরে কোনো পানি থাকবে না।”

সে আবার বললো, “‘যুগার’ এর ঝর্ণার ব্যাপারে তোমরা আমাকে অবহিত করো।”

আমরা বললাম, “তুই এর কোন সংবাদ জানতে চাচ্ছিস?”

সে বললো, “এর ঝর্ণাতে পানি আছে কি?”

আমরা বললাম, “হাঁ, এতে অনেক পানি আছে এবং এ জনপদের লোকেরা এই পানির মাধ্যমেই তাদের ক্ষেত আবাদ করে।”

সে বললো, “তোমরা আমাকে উম্মিদের নবির ব্যাপারে খবর জানাও। সে এখন কী করছে?”

আমরা বললাম, “তিনি মক্কা থেকে হিজরত করে মদিনায় চলে এসেছেন।”

সে জিজ্ঞেস করলো, “আরবের লোকেরা কি তার সাথে যুদ্ধ করেছে?”

আমরা বললাম, “হাঁ, করেছে।”

সে বললো, “সে তাদের সঙ্গে কীরূপ আচরণ করেছে?”

আমরা তাকে জানালাম যে, “তিনি আরবের পার্শ্ববর্তী এলাকার ওপর জয়ী হয়েছেনে এবং তারা তার বশ্যতা স্বীকার করে নিয়েছে।”

সে বললো, “এটা কি হয়েই গেছে?”

আমরা বললাম, “হাঁ।”

সে বললো, “বশ্যতা স্বীকার করে নেয়াই জনগণের জন্য কল্যাণকর ছিলো। এখন আমি নিজের ব্যাপারে তোমাদেরকে বলছি—আমিই ‘আলমাসিহুদ দাজ্জাল’ অতিসত্ত্বর আমি এখান থেকে বের হবার অনুমতিপ্রাপ্ত হবো। এখান থেকে বেরিয়ে আমি সমগ্র পৃথিবী প্রদক্ষিণ করবো। চল্লিশ দিনের মধ্যে এমন কোনো জনপদ থাকবে না, যেখানে আমি প্রবেশ করবো না। তবে মক্কা ও তাইবা—এ দুই স্থানে

আমার প্রবেশ নিষিদ্ধ। যখন আমি এ-দু'টির কোনোটিতে প্রবেশ করতে চাইবো, তখন এক ফেরেশতা উন্মুক্ত তরবারি হাতে সামনে এসে আমাকে বাধা দেবে। এ দুটি স্থানের সকল রাস্তায় ফেরেশতাদের পাহারা থাকবে।"

বর্ণনাকারী বলেন, তখন রাসুলুল্লাহ সা. তার ছড়ি দ্বারা মিম্বারে আঘাত করে বললেন, এ হচ্ছে তাইবা। সাবধান! আমি কি এ কথাটিই ইতোপূর্বে তোমাদেরকে বলি নি?

তখন লোকেরা বললো, "হ্যাঁ, আপনি বলেছেন।"

রাসুলুল্লাহ সা. বললেন, "তামিম দারির কথাট আমার খুবই ভালো লেগেছে। যেহেতু তা আমি তোমাদেরকে দাজ্জাল মদিনা এবং মক্কা সম্পর্কে ইতোপূর্বে যা-কিছু বলেছি, তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। জেনে রেখো, উল্লিখিত দ্বীপটি সিরিয়া সাগরে অথবা ইয়ামান সাগরের পার্শ্বস্থ সাগরের মাঝে অবস্থিত; যা পৃথিবীর পূর্বদিকে অবস্থিত, পৃথিবীর পূর্বদিকে অবস্থিত, পৃথিবীর পূর্বদিকে অবস্থিত।"

এ সময় তিনি নিজ হাত দ্বারা পূর্ব দিকে ইশারাও করলেন।"[13]

আবু বকর রা. বর্ণনা করেন, রাসুলুল্লাহ সা. বলেছেন—

"প্রাচ্যের খোরাসান থেকে দাজ্জালের আবির্ভাব ঘটবে। এমন কতক জাতি তার অনুসরণ করবে, যাদের মুখমণ্ডল হবে স্তর বিশিষ্ট চওড়া ঢালের মতো।"[14]

নাওয়াস ইবনু সাম'আন রা. থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা. বলেন—

"নিশ্চয়ই দাজ্জাল শাম এবং ইরাকের মধ্যবর্তী একটি সড়ক থেকে আত্মপ্রকাশ করবে।"[15]

আনাস ইবনু মালিক রা. থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা. বলেন—

"আসবাহান-এর সত্তর হাজার ইহুদি দাজ্জালের অনুসারী হবে, তাদের শরীরে থাকবে 'তাইলাসান'।

উম্মুল মুমিনিন হাফসা রা. বলেন—
“কারো প্রতি ভীষণ রাগই সর্বপ্রথম দাজ্জালকে মানুষের সামনে প্রকাশ ঘটাবে।”

উপরিউক্ত বর্ণনাসমূহের আলোকে কয়েকটি বিষয় অনুমিত হয়—

১. দাজ্জালের জন্ম হয়ে গেছে। রাসুলুল্লাহ সা. এর যুগেই তার অস্তিত্ব ছিলো। সে এখন প্রাচ্যের কোনো এক দ্বীপে শেকলে বাঁধা অবস্থায় রয়েছে। আল্লাহ যখন তাকে অনুমতি দেবেন, তখনই তার আত্মপ্রকাশ ঘটবে।

২. কেউ কেউ বলতে চান যে, বারমুডা ট্রায়াঙ্গেলই হলো দাজ্জালের আবাসস্থল। এটা নিশ্চিত করে বলার কোনোই সুযোগ নেই। কারণ আল্লাহ তাআলা দাজ্জালের অবস্থানস্থল গোপন রেখেছেন। হ্যাঁ, খোরাসান থেকে, শাম এবং ইরাকের মধ্যবর্তী কোনো সড়কে দাজ্জালের প্রথম আত্মপ্রকাশ ঘটবে এবং এরপর সে মক্কা ও মদিনা ছাড়া সারা পৃথিবীতে বিচরণ করে বেড়াবে—এ বিষয়টি হাদিসের আলোকে প্রমাণিত।

৩. দাজ্জালের আত্মপ্রকাশের ক্ষণ এসেছে কি না—তা সে কিছু আলামতের মাধ্যমে বুঝতে পারবে; যেমন তাবারিয়্যা সাগর শুকিয়ে যাবে, বাইসানের খেজুর গাছগুলোতে আর খেজুর ধরবে না ইত্যাদি।

৪. দাজ্জালের প্রকাশ ঘটবে রাগ থেকে। এই রাগের প্রকৃতি, হেতু ইত্যাদি সম্পর্কে বিস্তারিত কিছু পাওয়া যায় না। আল্লাহ তাআলা তার আত্মপ্রকাশে উপলক্ষ্য বানিয়েছেন এক প্রচণ্ড রাগকে, যেমন ইয়াজুজ-মাজুজের আত্মপ্রকাশের উপলক্ষ্য বানিয়েছেন ইন শা আল্লাহ বলাকে। তার রাগের একটা কারণ এটাও হতে পারে যে (হাকিকত আল্লাহই ভালো জানেন), যখন মহাযুদ্ধের কারণে কুফরি শক্তির পরাজয়

নিশ্চিত হয়ে যাবে, তখন তাতে ক্ষুব্ধ হয়ে দাজ্জাল আত্মপ্রকাশ করবে এবং নেতিয়ে পড়া পরাজিত কুফরি শক্তিগুলো তার নেতৃত্বে পুনরায় ঐক্যবদ্ধ হবে।

ইবনু সায়্যাদই[16] কি দাজ্জাল

কারো কারো ধারণা হলো, ইবনু সায়্যাদই বোধহয় দাজ্জাল। কিন্তু এটি একটি গলদ ধারণা। এর ভ্রান্তির স্বপক্ষে অনেক প্রমাণ আছে। বিশুদ্ধ মত এটাই যে, দাজ্জাল এবং ইবনু সায়্যাদ সম্পূর্ণ আলাদা ব্যক্তি। হাঁ, ইবনু সায়্যাদের সাথে দাজ্জালের কিছু বাহ্যিক মিল রয়েছে। 'আলমাসিহুদ দাজ্জাল' ছাড়াও যে আরো অসংখ্য ছোট দাজ্জালের আবির্ভাবের কথা পূর্বে উল্লিখিত হয়েছে, তার আলোকে কেউ কেউ ইবনু সায়্যাদকেও ছোট দাজ্জালের অন্তর্ভুক্ত করেছেন। তবে সহিহ মুসলিমের একটি বর্ণনা থেকে অনুমিত হয় যে, ইবনু সায়্যাদ একপর্যায়ে ইসলাম গ্রহণ করে নিয়েছিলো এবং সে হিদায়াতের পথে এসেছিলো। একান্ত সে যদি ইসলাম গ্রহণ নাও করে থাকে, তবুও তার 'আলমাসিহুদ দাজ্জাল' না হওয়ার বিষয়টি সুনিশ্চিত।

আবু সাইদ খুদরি রা. থেকে বর্ণিত, তিনি বলেন—

"একদিন ইবনু সায়্যাদ আমার সঙ্গে কিছু কথা বললো, যার কারণে আমার ভেতর মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হলো। ইবনু সায়্যাদ বললো—

"আমি মানুষদেরকে এ বলে ওযর পেশ করছি যে, হে মুহাম্মাদ সা. এর সঙ্গী-সাথিগণ, আমার ব্যাপারে তোমাদের কী হলো?

আল্লাহর নবি কি এ কথা বলেন নি যে, দাজ্জাল ইহুদি হবে? অথচ আমি তো মুসলিম!

তিনি বলেছেন, দাজ্জালের কোনো সন্তান হবে না, অথচ আমার তো সন্তানাদি রয়েছে।

তিনি তো এও বলেছেন যে, আল্লাহ তাআলা দাজ্জালের ওপর মক্কায় প্রবেশ নিষিদ্ধ করেছেন। অথচ আমি হজও করেছি।”

(এই অংশটি অন্য বর্ণনায় এভাবে রয়েছে—আপনি কি রাসুলুল্লাহ সা.কে বলতে শুনেন নি যে,দাজ্জাল মক্কা ও মদিনায় ঢুকতে পারবে না? আমি বললাম, হ্যাঁ, শুনেছি। সে বললো, মনে রাখুন, আমি তো মদিনায় জন্মগ্রহণ করেছি এবং এখন মক্কা যাওয়ার উদ্দেশ্যে রওয়ানা হয়েছি।)

আবু সাইদ রা. বলেন, “সে অনর্গল এমনভাবে বলে যেতে লাগলো, যার ফলে আমি তাকে সত্যবাদী মনে করার কাছাকাছি পৌঁছে গেলাম।”

এরপর সে বললো, “আল্লাহ্‌র কসম, অবশ্যই আমি দাজ্জালের অবস্থান সম্পর্কে জানি। আমি তার পিতামাতাকেও চিনি।”

লোকেরা ইবনু সায়্যাদকে জিজ্ঞেস করলো, “তুমি যদি দাজ্জাল হও, তাহলে তুমি কি আনন্দিত হবে?”

সে বললো, “আমার সামনে যদি বিষয়টি উপস্থাপন করা হয়, তাহলে আমি অপছন্দ করবো না।”

(অন্য বর্ণনায় এরপর রয়েছে—আবু সাইদ রা. বলেন, শেষ কথাটি বলে সে আমাকে দ্বিধা ও সংশয়ে ফেলে দিলো।)[17]

দাজ্জালের আত্মপ্রকাশের আলামতসমূহ

১. দাজ্জালের ফিতনা পৃথিবীর সবচে বড় ফিতনা। ইমরান ইবনু হাসিন রা. থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা. বলেছেন—

“আদম আ. এর সৃষ্টি থেকে কিয়ামাত পর্যন্ত দাজ্জালের থেকে বড় কোনো বিষয় সংঘটিত হওয়ার নেই।”[18]

আব্দুল্লাহ ইবনু উমার রা. থেকে বর্ণিত, তিনি বলেন—

“রাসুলুল্লাহ সা. আমাদের মাঝে দাঁড়ালেন। এরপর তিনি আল্লাহ তাআলার যথাযথ প্রশংসা করলেন। এরপর দাজ্জালের কথা উল্লেখ করে বললেন, নিশ্চয়ই আমি তোমাদেরকে দাজ্জালের ব্যাপারে সতর্ক করছি। এমন কোনো নবি ছিলেন না, যিনি তার উম্মাহকে সতর্ক করেন নি। তবে আমি তোমাদেরকে এমন একটি কথা বলে দিচ্ছি, যা অন্য কোনো নবি তার সম্প্রদায়কে বলেন নি। নিশ্চয়ই দাজ্জাল হবে কানা। আর তোমাদের রব কানা নন।”[19]

নাওয়াস ইবনু সাম‘আন রা. থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা. বলেছেন—

“আমার কাছে দাজ্জালই তোমাদের জন্য অধিক ভয়ংকর বিপদ। সে যদি আমার জীবদ্দশায় তোমাদের মাঝে আত্মপ্রকাশ করে, তাহলে আমিই তোমাদের পক্ষে তার প্রতিপক্ষ হবো। আর আমার অবর্তমানে যদি সে আত্মপ্রকাশ করে, তাহলে প্রত্যেক ব্যক্তিই হবে তার প্রতিপক্ষ। আর প্রত্যেক মুসলমানের জন্য আল্লাহই আমার স্থলে সহায় হবেন।”[20]

দাজ্জালের আত্মপ্রকাশের সময় ঘনিয়ে আসার একটি আলামত হলো, দাজ্জালের ফিতনা এতো ভয়ানক এবং গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও মানুষেরা তার আলোচনা পরিহার করবে এবং এই ফিতনার ব্যাপারে গাফিল হয়ে যাবে। বর্ণিত হয়েছে—

“দাজ্জালের আবির্ভাব ঘটবে না, যাবত্ না মানুষেরা তার আলোচনা বিস্মৃত হয়ে যাবে এবং ইমামগণ মিম্বারে তার আলোচনা পরিহার করবে।”[21]

উপরিউক্ত বর্ণনার আলোকে প্রতিভাত হয় যে, দাজ্জালের আলোচনা বিস্মৃত হয়ে যাওয়া এবং আলিমদের মুখ থেকেও তার আলোচনা উবে যাওয়া দাজ্জালের আত্মপ্রকাশের সময় ঘনিয়ে আসার আলামত।

২. কনস্ট্যান্টিনোপল বিজয়। মুআজ ইবনু জাবাল রা. থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা. বলেন—

"বাইতুল মুকাদ্দাস আবাদ হওয়া মদিনা বিরান হওয়ার নিদর্শন। আর মদিনা বিরান হওয়া তীব্র লড়াইয়ের সূচনা। তীব্র লড়াইয়ের সূচনা হলো কনস্ট্যান্টিনোপল বজয়। আর কনস্ট্যান্টিনোপল বিজিত হওয়া দাজ্জালের আত্মপ্রকাশ।"[22]

উল্লেখ্য, এই যুদ্ধ ইমাম মাহদির অধীনে হবে। আর তার অব্যবহিত পরেই দাজ্জালের আত্মপ্রকাশ ঘটবে। এই বিজয়ের কথা সবিস্তারে সহিহ হাদিসে বর্ণিত হয়েছে। আবু হুরায়রা রা. বর্ণনা করেন, রাসুলুল্লাহ সা. বলেছেন—

"তোমরা কি ওই শহরের কথা শুনেছো, যার একদিকে স্থলভাগ এবং একদিকে জলভাগ?

উত্তরে সাহাবিগণ বললেন, হাঁ, হে আল্লাহ্‌র রাসুল, আমরা শুনেছি।

এরপর তিনি বললেন, কিয়ামাত সংঘটিত হবে না, যতোক্ষণ পর্যন্ত ইসহাক আ. এর সন্তানদের সত্তর হাজার লোক এ শহরের লোকদের সঙ্গে লড়াই করবে। তারা শহরের দ্বারপ্রান্তে এসে পৌঁছাবে। তারা কোনো অস্ত্র দ্বারা যুদ্ধ করবে না এবং কোনো তীরও চালাবে না। বরং তারা একবার 'লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার' বলবে, সাথে সাথে এর এক প্রান্ত ধ্বসে যাবে। বর্ণনাকারী সাওর রহ. বলেন, আমার যতোদূর মনে পড়ে, আমার কাছে বর্ণনাকারী ব্যক্তি সমুদ্রস্থিত প্রান্তের কথা বলেছিলেন। এরপর দ্বিতীয়বার তারা 'লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার' বলবে। এতে শহরের অপ্র প্রান্ত ধ্বসে যাবে। এরপর তারা তৃতীয়বার 'লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার' বলবে। তখন তাদের জন্য পথ প্রশস্ত করে দেয়া হবে। তারা যখন শহরে প্রবেশ করে গনিমতের সম্পদ ভাগাভাগিতে ব্যতিব্যস্ত থাকবে, তখন কেউ উচ্চঃস্বরে বলে উঠবে, দাজ্জালের আগমন ঘটেছে। এ কথা শোনামাত্রই তারা সবকিছু ফেলে রেখে ফিরে যাবে।"[23]

৩. হারমাজিদুনের যুদ্ধ সংঘটিত হওয়া, এর অব্যবহিত পরেই যুগারের ঝর্ণা, ফুরাত নদি এবং তাবারিয়্যা সাগর শুকিয়ে যাওয়া, বাইসানের খেজুরের গাছগুলোতে খেজুর না ধরা ইত্যাদি। যখন হারমাজিদুনের বিশ্বযুদ্ধ সংঘটিত হবে, তখন

দাজ্জালের আত্মপ্রকাশের সময় একেবারে ঘনিয়ে আসবে।

রাসুলুল্লাহ সা. বলেন—

“অচিরেই তোমরা রোমানদের সঙ্গে সন্ধি করবে। এরপর তোমরা এবং তারা একত্রিত হয়ে তোমাদের পশ্চাদবর্তী একদল একদল শত্রুর মোকাবেলা করবে। তোমরা বিজয়ী হবে, গনিমত অর্জন করবে এবং নিরাপদে ফিরে আসবে। শেষে তোমরা টিলাবিশিষ্ট একটি মাঠে যাত্রাবিরতি করবে। এরপর খ্রিস্টানদের মধ্য থেকে এক ব্যক্তি ক্রুশ উত্তোলন করে বলবে, শোনো শোনো, ক্রুশ বিজয়ী হয়েছে। এতে মুসলিমদের মধ্য থেকে এক ব্যক্তি উত্তেজিত হয়ে তাকে হত্যা করবে। তখন রোমানরা চুক্তি ভঙ্গ করবে এবং যুদ্ধের জন্য একত্রে সারিবদ্ধ হবে। তারা আশিটি পতাকার অধীনে

তোমাদের সামনে উপস্থিত হবে। প্রত্যেক পতাকার সাথে থাকবে দশহাজার করে সৈন্যবাহিনী। অনন্তর মুসলিমরাও অস্ত্র হাতে জ্বলে উঠবে এবং লড়াইয়ে লিপ্ত হবে। তখন আল্লাহ তাআলা সেই কাফেলাকে শাহাদাতের মর্যাদা দান করার মাধ্যমে সম্মানিত করবেন।”[24]

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা. বলেছেন—

“কিয়ামাত সংঘটিত হবে না, যতোক্ষণ পর্যন্ত না রোমীয় (সিরিয়ার অন্তর্গত) সেনাবাহিনী আ‘মাক অথবা দাবিক নহরের কাছে অবতীর্ণ হবে। তখন তাদের মুকাবিলায় মদিনা থেকে এ দুনিয়ার সর্বোত্তম মানুষের এক দল সৈন্য বের হয়ে আসবে। তারপর উভয় দল সারিবদ্ধভাবে দণ্ডায়মান হবার পর রোমীয় সৈন্যরা বলবে, তোমরা আমাদের সেসকল সাথিদের থেকে পৃথক হয়ে যাও, যারা

আমাদের মধ্য থেকেই বন্দি হয়েছিলো। (কিবা তোমরা তাদের থেকে আলাদা হয়ে যাও, যারা আমাদের ভাইদেরকে বন্দি করেছে।) আমরা তাদের সাথে যুদ্ধ করবো। তখন মুসলিমরা বলবে, আল্লাহ্‌র কসম, আমরা আমাদের ভাইদের সাথে কখনো সম্পর্কচ্ছেদ করবো না।

পরিশেষে তাদের পরস্পর যুদ্ধ হবে। এ যুদ্ধে মুসলিমদের এক তৃতীয়াংশ সৈন্য পলায়নপর হবে। আল্লাহ তাআলা কখনো তাদের তাওবা গ্রহণ করবেন না। সৈন্যদের এক তৃতীয়াংশ নিহত হবে এবং তারা হবে আল্লাহ্‌র কাছে সর্বোত্তম শহিদ। আর সৈন্যদের অপর তৃতীয়াংশ বিজয়ী হবে। যিন্দেগিতে আর কখনো তারা ফিতনায় আক্রান্ত হবে না। তারাই কনস্ট্যান্টিনোপল বিজয় করবে।

তারা নিজেদের তরবারি যাইতুন বৃক্ষে লটকিয়ে যুদ্ধলব্ধ সম্পদ ভাগ করতে থাকবে। ইত্যবসরে তাদের মাঝে শয়তান উচ্চঃস্বরে বলতে থাকবে, দাজ্জাল তোমাদের পেছনে তোমাদের পরিবার-পরিজনের মধ্যে চলে এসেছে। এ কথা শুনে মুসলিমরা সেখান থেকে বেরিয়ে পড়বে। অথচ তা ছিলো মিথ্যা সংবাদ। তারা যখন শামে পৌঁছবে, তখন দাজ্জালের আগমন ঘটবে।

যখন মুসলিম বাহিনী যুদ্ধের প্রস্তুতি গ্রহণ করবে এবং সারিবদ্ধভাবে দণ্ডায়মান হতে শুরু করবে, তখন সালাতের সময় হবে। এরপর ইসা আ. অবতরণ করবেন এবং সালাতে তাদের ইমামতি করবেন। আল্লাহ্‌র দুশমন তাকে দেখামাত্রই বিচলিত হয়ে পড়বে, যেমন লবণ মিশে যায় পানিতে। যদি ইসা আ. তাকে এমনিই ছেড়ে দেন, তবে সে নিজে নিজেই বিগলিত হয়ে ধ্বংস হয়ে যাবে। অবশ্য আল্লাহ তাআলা ইসা আ. এর হাতে তাকে হত্যা করাবেন এবং তিনি ইসা আ. বর্শায় করে তার রক্ত তার বাহিনীকে দেখিয়ে দেবেন।”[25]

আরো বর্ণিত হয়েছে, রাসুলুল্লাহ সা. বলেছেন—

“অচিরেই তোমরা আরব উপদ্বীপে যুদ্ধ করবে, অনন্তর আল্লাহ তা বিজিত করবেন। এরপর পারস্যে যুদ্ধ করবে, অনন্তর আল্লাহ তা বিজিত করবেন। এরপর রোমে যুদ্ধ করবে, অনন্তর আল্লাহ তা বিজিত করবেন। এরপর দাজ্জালের সাথে যুদ্ধ করবে, অনন্তর আল্লাহ তাতেও বিজয় দান করবেন।” বর্ণনাকারী নাফে‘ রহ. বলেন, হে জাবির, আমরা মনে করি না যে, রোম বিজয় হওয়া পর্যন্ত দাজ্জালের আত্মপ্রকাশ ঘটবে।[26]

কিতাবিদের ধর্মগ্রন্থেও বিভিন্ন প্রসঙ্গে হারমাজিদুনের যুদ্ধের কথা আলোচিত হয়েছে। যেমন ইনজিলের ২৭শ সিপারা—‘প্রকাশিত কালামে’ এসেছে—

“হিব্রু ভাষায় যে জায়গার নাম হরমাগিদোন, ভূতেরা সেই বাদশাহ্‌দের সেখানে জড়ো করল। পরে সপ্তম ফেরেশতা তাঁর পেয়ালাটা বাতাসে উবুড় করলেন। তখন ইবাদতখানার সিংহাসন থেকে জোরে এই কথাগুলো বলা হল, “যা হবার তা হয়ে গেছে।” তখন বিদ্যুৎ চমকাতে লাগল, ভয়ংকার আওয়াজ হতে ও বাজ পড়তে লাগল এবং এমন ভীষণ ভূমিকম্প হল যা দুনিয়াতে মানুষ সৃষ্টির পর থেকে আর কখনও দেখা যায় নি। সেই ভূমিকম্প খুবই সাংঘাতিক ছিল। সেই নাম-করা শহরটা তিন ভাগে ভাগ হয়ে গেল এবং বিভিন্ন জাতির শহরগুলো ভেংগে পড়ে গেল। পরে সেই নাম-করা ব্যাবিলনের কথা আল্লাহ্‌র মনে পড়ল, আর তিনি তাঁর গজবের ভয়ংকর মদে পেয়ালা পূর্ণ করে ব্যাবিলনকে খেতে দিলেন। তখন প্রত্যেকটা দ্বীপ পালিয়ে গেল এবং পাহাড়গুলো আর দেখা গেল না। আসমান থেকে মানুষের উপর বড় বড় পাথরের মত শিল পড়তে লাগল। তার প্রত্যেকটার ওজন ছিল ছত্রিশ কেজি। এতে লোকে শিলের আঘাতের জন্য আল্লাহ্‌র বিরুদ্ধে কুফরী করতে লাগল, কারণ সেই শিলের আঘাত ছিল ভয়ংকর।”[27]

8. উনত্রিশজন চরম মিথ্যুক দাজ্জালের আত্মপ্রকাশ হবে 'আলমাসিহুদ দাজ্জালে'র আত্মপ্রকাশের ভূমিকা।

রাসুলুল্লাহ সা. বলেন—

"আল্লাহ্‌র কসম, কিয়ামাত অনুষ্ঠিত হবে না, যাবত্‌ না ত্রিশজন মিথ্যুকের আত্মপ্রকাশ ঘটে; যাদের শেষজন হবে কানা দাজ্জাল।"[28]

ইমাম নববি রহ. বলেন—

"বিভিন্ন যুগে এসকল মিথ্যুক দাজ্জালের মধ্য থেকে অসংখ্যজনের আত্মপ্রকাশ ঘটেছে এবং আল্লাহ তাআলা তাদেরকে ধ্বংস করেছেন, তাদের প্রভাব সমূলে উৎপাটন করেছেন। যারা অবশিষত রয়েছে, তাদের সাথেও তিনি একই আচরণ করবেন।"[29]

8. চরম দুর্ভিক্ষের প্রাদুর্ভাব। আবু উমামা আলবাহেলি রা. থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা. বলেন—

"সারা পৃথিবীতে কৃষিকাজ সম্প্রসারিত হবে। দাজ্জালের আবির্ভাবের তিন বহচর পূর্বে দুর্ভিক্ষ দেখা দেবে। তখন মানুষ চরমভাবে অন্নকষ্ট ভোগ করবে। প্রথম বছর আল্লাহ তাআলা আসমানকে তিন ভাগের এক ভাগ বৃষ্টি আটকে রাখার নির্দেশ দেবেন এবং যমিনকে নির্দেশ দেবেন, ফলে তা এক-তৃতীয়াংশ ফসল কম উৎপন্ন করবে। এরপর দ্বিতীয় বছর তিনি আসমানকে নির্দেশ দেবেন, ফলে তা দু'-তৃতীয়াংশ কম বৃষ্টি বর্ষণ করবে এবং যমিনকে হুকুম দেবেন, ফলে তাও দু'-তৃতীয়াংশ কম ফসল উৎপন্ন করবে। এরপর আল্লাহ তাআলা তৃতীয় বছর আসমানকে নির্দেশ দেবেন, ফলে তা সম্পূর্ণভাবে বৃষ্টিপাত বন্ধ করে দেবে। তখন এক ফোঁটা বৃষ্টিও বর্ষিত হবে না। আর তিনি যমিনকে নির্দেশ দেবেন, ফলে শস্য উৎপাদন সম্পূর্ণ বন্ধ রাখবে।

তখন মাটিতে কোনো ঘাস জন্মাবে না, কোনো সবজি অবশিষ্ট থাকবে না। ফলে আল্লাহ যা চাইবেন—শুধু তা ছাড়া সকল তৃণভোজী প্রাণী ধ্বংস হয়ে যাবে।[30]

৫. ভয়াবহ ফিতনা এবং বিচ্ছিন্নতার প্রকাশ। রাসুলুল্লাহ সা. অনেকগুলো ফিতনার কথা আলোচনা করে বলেন—

“এরপর ভয়াবহ ফিতনার আগমন ঘটবে। যা এই উম্মাহ্‌র এমন কাউকে ছাড়বে না, যার গালে তা সজোরে চপেটাঘাত করবে না। যখন মন্তব্য করা হবে যে, তার বোধহয় পরিসমাপ্তি ঘটেছে, তখন তা বিস্তৃত হবে এবং বৃদ্ধিপ্রাপ্ত হবে। সেসময়ে ব্যক্তি সকাল যাপন করবে মুমিন অবস্থায় আর সন্ধ্যা যাপন করবে কাফির অবস্থায়। অবশেষে সকল মানুষ দু’দলে বিভক্ত হয়ে পড়বে—ইমানের দল, যাদের ভেতর নিফাক নেই এবং নিফাকের দল, যাদের ভেতর ইমান নেই। যখন অবস্থা এমন হবে, তখন তোমরা সেদিনই বা তার পরবর্তী দিনই দাজ্জালের প্রতীক্ষায় থাকো।”[31]

৬. আধুনিক সমরাস্ত্রের পরিসমাপ্তি এবং প্রাচীন ধারার পুনরাবৃত্তি; দাজ্জালের আবির্ভাবের পূর্বে সংঘটিত যুদ্ধের বর্ণনা সম্বলিত হাদিসগুলো থেকে যা সুস্পষ্টভাবে অনুমিত হয়। যেমন—

“তারা এমতাবস্থায় থাকবে, ইত্যবসরে তারা মহাযুদ্ধের কথা শুনতে পাবে। কোত্থেকে এক ধ্বনি ভেসে আসবে—“দাজ্জাল তোমাদের স্ত্রী-সন্তানদের কাছে আগমন করেছে।” এ-কথা শোনামাত্রই তারা হাতে থাকা সবকিছু ফেলে স্বদেশ অভিমুখে প্রত্যাবর্তন করবে। অনন্তর তারা পরিস্থিতি যাচাই করার উদ্দেশ্যে দশজন ঘোড়সওয়ারকে অগ্রে প্রেরণ করবে।” রাসুলুল্লাহ সা. বলেন, “আমি ওই দশজনকে তাদের নাম, পিতার নাম এবং অশ্বের ধরন সহ চিনি। তারাই সেকালের সর্বশ্রেষ্ঠ অশ্বারোহী বা সর্বশ্রেষ্ঠ অশ্বারোহীদের অন্যতম।”[32]

[1] সুরা বানি ইসরাইল: ৬৫

[2] ফাতহুল বারি, ফিতান অধ্যায়, দাজ্জালের আলোচনা সংক্রান্ত পরিচ্ছেদ

[3] সুনানে আবি দাউদ: ৪৩৩৪; আলমুসনাদ, ইমাম আহমাদ: ৯৮১৮

[4] সহিহ মুসলিম: ২৯৪১; সুনানু আবি দাউদ: ৪৩১০; সুনানু ইবনি মাজাহ: ৪০৬৯; আলমুসনাদ, ইমাম আহমাদ: ৬৮৮১

[5] সহিহ বুখারি: ৪৬৩৫, ৪৬৩৬, ৬৫০৫, ৭১২১; সহিহ মুসলিম: ১৫৭, ১৫৮, ১৫৯; সুনানু আবি দাউদ: ৪৩১২; জামিউত তিরমিযি: ৩০৭২, ৩৫৩৬; সুনানু ইবনি মাজাহ: ৪০৬৮; আলমুসনাদ, ইমাম আহমাদ: ৬৮৮১, ৭১৬১, ৮১৩৮, ৮৫৯৯, ৮৮৫০, ৯১৭২, ১০৮৫৯, ১১২৬৬, ১১৯৩৮, ১৮১০০, ২১৪৫৯

[6] সুরা নিসা: ১৫৯

[7] ফাতহুল বারি, রিকাক অধ্যায়, সূর্য পশ্চিম দিক থেকে উদিত হওয়া সংক্রান্ত পরিচ্ছেদ। ইমাম তাবারি রহ. এর অভিমতও এটা|

[8] প্রাগুক্ত

[9] আলবিদায়া ওয়ান নিহায়া, আলফিতান ওয়াল মালাহিম অধ্যায়, ভূমি থেকে দাব্বাতুল আরদের আত্মপ্রকাশ এবং মানুষদের সাথে তার কথোপকথন সংক্রান্ত পরিচ্ছেদ

[10] আলমুসনাদ, ইমাম আহমাদ: ৭০৪০

[11] জামিউত তিরমিযি: ২২৪৮

[12] দাজ্জালের দৈহিক গুণবিশিষ্ট হাদিসসমূহ জানার জন্য দ্রষ্টব্য—সহিহ বুখারি: ১৫৫৫, ৫৯১৩, ৭৪০৮; সহিহ মুসলিম: ১৬৬, ১৬৯, ২৯৩৩, ২৯৩৪; জামিউত তিরমিযি: ২২৩৫, ২২৪৫; সুনানু ইবনি মাজাহ: ২৬২০, ৪০৭৭; আলমুসনাদ, ইমাম আহমাদ: ২৫০১, ২৫০২, ১২০০৪, ১২১৪৫, ১২৭৭০, ১৩০৮১, ১৩১৪৫, ১৩২০৬, ১৩৩৮৫, ১৩৫৯৯, ১৩৬২১, ১৩৯২৫, ১৪০৯৪, ১৪৯৫৪, ২১৯২৯, ২৩২৭৯, ২৩৪৩৯, ২৩৬৭২, ২৫০৮৯। আরো দেখুন—সহিহ বুখারি: ৭১২৮। আরো দেখুন—সুনানু আবি দাউদ: ৪৩২০; আলমুসনাদ, ইমাম আহমাদ: ২২৭৬৪। আরো দেখুন—আলমুসনাদ, ইমাম আহমাদ: ১৬২৬০, ১৩০৮১, ২০১৭৮, ২৩২৭৯, ২৩৪৩৯, ২৩৬৮৫। আরো দেখুন—সহিহ বুখারি: ৩৪৩৯, ৩৪৪০, ৫৯০২, ৬৯৯৯, ৭০২৬, ৭৪০৭; সহিহ মুসলিম: ১৬৯; আলমুয়াত্তা, ইমাম মালিক: ২৬৬৬; আলমুসনাদ, ইমাম আহমাদ: ৬৩১২। আরো দেখুন—সহিহ বুখারি: ৪৪০২, ৪৪০৩, ৭১৩১, ৭৪০৮; সহিহ মুসলিম: ২৯৩৩; সুনানু আবি দাউদ: ৪৩১৬, ৪৩১৭, ৪৩২০; জামিউত তিরমিযি: ২২৪১, ২২৪৫; সুনানু ইবনি মাজাহ: ৪০৭৭; আলমুসনাদ, ইমাম আহমাদ: ৬১৮৫, ১১৭৫২, ১২০০৪, ১২৭৭০, ১৩৩৮৫, ১৩৪৩৮, ১৩৬২১, ১৩৯২৫, ১৪০৯৪, ১৪৯৫৪, ২২৭৬৪, ২৩৬৮৫

[13] সহিহ মুসলিম: ৭২৭৬

[14] জামিউত তিরমিযি: ২২৩৭; সুনানু ইবনি মাজাহ: ৪০৭২; আলমুসনাদ, ইমাম আহমাদ: ১২, ৩৩

[15] সহিহ মুসলিম: ২৯৩৭

[16] ইবনু সায়্যাদ সম্পর্কে বিস্তারিত জানতে দ্রষ্টব্য—সহিহ বুখারি: ১৩৫৪, ১৩৫৫,২৬৩৮, ৩০৩৩, ৩০৫৫-৩০৫৭, ৬১৭৪-৬১৭৫, ৬৬১৮; সহিহ মুসলিম: ২৯২৪, ২৯২৮, ২৯৩০-২৯৩২; সুনানু আবি দাউদ: ৪৩২৫-৪৩৩০, ৪৩৩২;

সুনানুত তিরমিযি: ২২৪৯; আলমুসনাদ, ইমাম আহমাদ: ৩৬১০, ৪৩৭১, ৬৩৬০-৬৩৬৪, ১১৭৫৩, ১১৭৭৬, ২০৪১৮, ২০৫০২,

[17] সহিহ মুসলিম: ৭২৩৯, ৭২৩৮

[18] সহিহ মুসলিম: ২৯৪৬; আলমুসনাদ, ইমাম আহমাদ: ১৬২৫৩, ১৬২৬৭

[19] সহিহ বুখারি: ৩০৫৭, ৩৩৩৭, ৩৩৩৮, ৪৪০২, ৬১৭৫, ৭১২৭, ৭১৩১, ৭৪০৮; সহিহ মুসলিম: ১৬৯, ২৯৩৩, ২৯৩৬

[20] সহিহ মুসলিম: ২৯৩৭; সুনানু ইবনি মাজাহ: ৪০৭৫; আলমুসনাদ, ইমাম আহমাদ: ২১২৯৬

[21] মাজমাউয যাওয়ায়িদ: ৭/৩৩৫

[22] সুনানু আবি দাউদ: ৪২৯৪; আলমুসনাদ, ইমাম আহমাদ: ২২০২৩, ২২১২১

[23] সহিহ মুসলিম: ৭২২৩

[24] সুনানু আবি দাউদ: ২৭৬৭, ৪২৯২, ৪২৯৩; আলমুসনাদ, ইমাম আহমাদ: ১৬৮২৬

[25] সহিহ মুসলিম: ৭১৭০

[26] সহিহ মুসলিম: ২৯০০; আলমুসনাদ, ইমাম আহমাদ: ১৫৪১, ১৮৯৭৩

[27] ইনজিল, ২৭শ সিপারা—প্রকাশিত কালাম: পৃ. ৪২০, ১৬/১৬-২১

[28] আলমুসনাদ, ইমাম আহমাদ: ২০১৭৮

[29] আওনুল মা‘বুদ শারহু সুনানি আবি দাউদ, কিতাবুল মালাহিম, বাবু ইবনি সায়্যাদ, হাদিস: ৪৩৩৪-৪৩৩৫

[30] সুনানু ইবনি মাজাহ: ৪০৭৭

[31] সুনানু আবি দাউদ: ৪২৪২; আলমুসনাদ, ইমাম আহমাদ: ৬১৬৮

[32] সহিহ মুসলিম: ২৮৯৯; আলমুসনাদ, ইমাম আহমাদ: ৩৬৪৩, ৪১৪৬

দাজ্জালের কোন চোখ কানা? ডান চোখ নাকি বাম চোখ?

স্ববিরোধিতার অভিযোগঃ

কিছু হাদিসে বলা আছে দাজ্জালের (Antichrist) বাম চোখ অন্ধ বা কানা। আবার কিছু হাদিসে বলা আছে দাজ্জালের ডান চোখ কানা! এটা কি হাদিসের স্ববিরোধী তথ্য না? দাজ্জালের কোন চোখ আসলে কানা?

<u>জবাবঃ</u>

কিয়ামতের পূর্বের বড় লক্ষণগুলোর একটি হচ্ছে দাজ্জালের আগমন। অনেক সহীহ হাদিস দ্বারা যা প্রমাণিত। কাজেই এর উপর ঈমান রাখা একজন মুসলিমের জন্য অত্যাবশ্যক।

সহীহ মুসলিমে হুজায়ফা ইবন উসায়েদ(রা.) হতে বর্ণিত, তিনি বলেনঃ

ذَاكَرُ فَقَالَ مَا تَذَاكَرُونَ قَالُوا لَيْهِ وَسَلَّمَ عَلَيْنَا وَنَحْنُ نَتَاطَلَّعَ النَّبِيُّ صَلَّى اللَّه عَ
رَ آيَاتٍ فَذَكَرَ الدُّخَانَ وَالدَّجَّالَنَذْكُرُ السَّاعَةَ قَالَ إِنَّهَا لَنْ تَقُومَ حَتَّى تَرَوْنَ قَبْلَهَا عَشْ
يَمَ صَلَّى اللَّه عَلَيْهِ نُزُولَ عِيسَى ابْنِ مَرْوَالدَّابَّةَ وَطُلُوعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا وَ
وَخَسْفٌ بِالْمَغْرِبِ وَسَلَّمَ وَيَأْجُوجَ وَمَأْجُوجَ وَثَلَاثَةَ خُسُوفٍ خَسْفٌ بِالْمَشْرِقِ
طْرُدُ النَّاسَ إِلَى وَخَسْفٌ بِجَزِيرَةِ الْعَرَبِ وَآخِرُ ذَلِكَ نَارٌ تَخْرُجُ مِنَ الْيَمَنِ تَ
رِهِمْ مَحْشَ

অর্থঃ *‘‘একবার রাসূল(ﷺ) আমাদের কাছে আসলেন। আমরা তখন কিয়ামত সম্পর্কে আলোচনা করছিলাম। তিনি বললেনঃ যতদিন তোমরা ১০টি আলামত না দেখ ততদিন কিয়ামত হবে না।*

*(১) ধোঁয়া (২) **দাজ্জালের আগমন** (৩) দাব্বা (ভূগর্ভ থেকে নির্গত অদ্ভুত এক প্রাণীর আগমণ) (৪) পশ্চিম আকাশে সূর্যোদয় (৫) ঈসা ইবন মারইয়ামের(আ.) আগমণ ৬) ইয়াজুয-মা'জুযের আবির্ভাব (৭) পূর্বে ভূমিধ্বস (৮) পশ্চিমে ভূমিধ্বস (৯) আরব উপদ্বীপে ভূমিধ্বস (১০) সর্বশেষে ইয়েমেন থেকে একটি আগুন বের হয়ে মানুষকে সিরিয়ার দিকে হাঁকিয়ে নেবে'।* [1]

দাজ্জালের বৈশিষ্ট্য সম্পর্কে হাদিসে বেশ কিছু বিবরণ পাওয়া যায়। যার কিছু বিবরণ দেখে আপাতদৃষ্টিতে স্ববিরোধী মনে হতে পারে। আমরা এখন সেই বিবরণগুলো নিয়ে আলোচনা করবো ইন শা আল্লাহ্।

দাজ্জালের ডান চোখের ব্যাপারে হাদিসে যে বিবরণ পাওয়া যায়ঃ

ال بَيْنَ ظَهْرَانَىِ نَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم ذَكَرَ الدَّجَّعَنِ ابْنِ عُمَرَ، أ سِيحَ الدَّجَّالَ أَعْوَرُ الْعَيْنِ ألا وَإِنَّ الْمَ. إِنَّ اللَّهَ تَعَالَى لَيْسَ بِأَعْوَرَ " النَّاس فَقَالَ الْيُمْنَى كَأَنَّ عَيْنَهُ عِنَبَةٌ طَافِئَةٌ

অর্থঃ *ইবনু 'উমার (রাযি:) থেকে বর্ণিতঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) মানুষের মধ্যে দাজ্জালের আলাপ-আলোচনা করে বললেন, আল্লাহ তা'আলা অন্ধ নন। কিন্তু সতর্ক হও! **দাজ্জালের ডান চোখ কানা হবে। আর তা আঙ্গুরের মতো ফোলা হবে।*** [2]

দাজ্জালের ডান চোখ অন্ধ / কানা ইত্যাদি উল্লেখ করে আরো বিভিন্ন জায়গায় হাদিস পাওয়া যায়। [3]

দাজ্জালের অন্য চোখ অর্থাৎ বাম চোখের ব্যাপারে হাদিসে যে বিবরণ পাওয়া যায়ঃ

عَنْ حُذَيْفَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " الدَّجَّالُ أَعْوَرُ عَيْنِ
الْيُسْرَى جُفَالُ الشَّعَرِ مَعَهُ جَنَّةٌ وَنَارٌ فَنَارُهُ جَنَّةٌ وَجَنَّتُهُ نَارٌ"

*অর্থঃ হুযায়ফাহ(রাঃ) থেকে বর্ণিতঃ তিনি বলেন, রাসূলুল্লাহ(সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ **দাজ্জালের বাম চোখ হবে অন্ধ** এবং তার মাথায় থাকবে পর্যাপ্ত চুল। তার সাথে থাকবে (কৃত্রিম) জান্নাত ও জাহান্নাম। আসলে তার জাহান্নাম হবে জান্নাত এবং জান্নাত হবে জাহান্নাম।* [4]

عَنْ حُذَيْفَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لأَنَا أَعْلَمُ بِمَا مَعَ الدَّجَّالِ
مِنْهُ مَعَهُ نَهْرَانِ يَجْرِيَانِ أَحَدُهُمَا رَأْىَ الْعَيْنِ مَاءٌ أَبْيَضُ وَالآخَرُ رَأْىَ الْعَيْنِ نَارٌ
فَإِمَّا أَدْرَكَنَّ أَحَدٌ فَلْيَأْتِ النَّهْرَ الَّذِي يَرَاهُ نَارًا وَتَأَجَّجُ ثُمَّ لْيُطَأْطِئْ رَأْسَهُ
لْيُغَمِّضْ فَيَشْرَبَ مِنْهُ فَإِنَّهُ مَاءٌ بَارِدٌ وَإِنَّ الدَّجَّالَ مَمْسُوحُ الْعَيْنِ
عَلَيْهَا ظَفَرَةٌ غَلِيظَةٌ مَكْتُوبٌ بَيْنَ عَيْنَيْهِ كَافِرٌ يَقْرَؤُهُ كُلُّ مُؤْ
مِنٍ كَاتِبٍ وَغَيْرِ كَاتِبٍ "

*অর্থঃ হুযায়ফা (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ দাজ্জালের সাথে কি থাকবে, এ সম্পর্কে আমি নিশ্চিত অবগত আছি। তার সাথে প্রবাহমান দুটি নহর থাকবে। একটি দৃশ্যত সাদা পানি এবং অপরটি দৃশ্যত লেলিহান অগ্নি মনে হবে। যদি কেউ সুযোগ পায় তবে সে যেন ঐ নহরে প্রবেশ করে যাকে দৃশ্যত আগুন মনে হবে এবং (এই) চক্ষু বন্ধ করতঃ মাথা অবনমিত করে সে যেন তা থেকে পানি পান করে। তা হবে ঠাণ্ডা পানি। **দাজ্জালের এক চোখ বিকৃত/লেপা হবে এবং তার চোখের উপরে ঝুলন্ত চামড়া থাকবে** এবং দুই চোখের*

মাঝখানে □□□□□□□ অথবা □ □ □ লেখা থাকবে। শিক্ষিত অশিক্ষিত নির্বিশেষে সকল মুমিন ব্যক্তি তা পাঠ করতে পারবে। [5]

এখানে একটি জিনিস উল্লেখ না করলেই নয়। হাদিসে দাজ্জালের চোখের ব্যাপারে মূল আরবিতে اعور শব্দটি এসেছে। এর বিভিন্ন অর্থ হতে পারে। এর সব থেকে প্রচলিত অর্থঃ কানা, একচক্ষুহীন ইত্যাদি। [6] অধিকাংশ বাংলা অনুবাদে অন্ধ, কানা এই শব্দগুলো এসেছে। ইংরেজিতে শব্দটির অনুবাদে কোথাও কোথাও ‘One eyed’ এসেছে। [7] এই শব্দ দ্বারা এগুলো ছাড়াও সাধারণভাবে ত্রুটিপূর্ণ চোখকেও (পুরোপুরি অন্ধ নয়) বোঝায়। [8]

কাজেই হাদিসের বিবরণ অনুযায়ী,

১। দাজ্জালের ডান চোখ হবে অন্ধ/ত্রুটিপূর্ণ, সেটি আঙ্গুরের মতো ফোলা হবে।

২। দাজ্জালের বাম চোখ হবে অন্ধ/ত্রুটিপূর্ণ, এর উপরে ঝুলন্ত চামড়া থাকবে।

হাদিস থেকে আমরা জানলাম যে, দাজ্জালের ডান চোখ কানা আবার বাম চোখও কানা। দাজ্জালের কোন চোখ আসলে কানা? সত্যিই কি এটি হাদিসের স্ববিরোধিতা?

আলোচ্য হাদিসের ব্যাখ্যায় ইবন হাজার আসকালানী(র.) ফাতহুল বারীতে বলেছেন,

“হাদিসদ্বয়ের মাঝে কাজি ইয়াদ্ব(র.) সমন্বয় করেছেন। তিনি বলেছেন যে, উভয় বর্ণনাই বিশুদ্ধ। … … তার(দাজ্জালের) বাম ও ডান উভয় চোখই ত্রুটিযুক্ত। কেননা, ‘আওরা বলতে প্রত্যেক ত্রুটিযুক্ত জিনিসকে বোঝায়। আর দাজ্জালের উভয় চোখই ত্রুটিযুক্ত। এক চোখ তো জ্যোতিশূন্য (ডান চোখ)। কিছুই দেখতে পারে না। আর অন্যটি (হালকা) নষ্ট (বাম চোখ)।” [9]

অর্থাৎ দাজ্জালের উভয় চোখই কানা বা ত্রুটিগ্রস্ত।

এখন প্রশ্ন আসতে পারে, যদি উভয় চোখই কানা হয়, তাহলে কিছু হাদিসে ডান চোখ কানা আবার কিছু হাদিসে বাম চোখ কানা হবার কথা কেনো বলা হলো?

এর উত্তর হচ্ছেঃ উভয় শ্রেণীর হাদিসগুলোতে দাজ্জালের দুই চোখের কথা আলাদা ভাবে বলা হচ্ছে। কিছু হাদিসে ডান চোখের ব্যাপারে বলা হচ্ছে, আবার কিছু হাদিসে বাম চোখের কথা। যেহেতু দাজ্জালের দুই চোখই ত্রুটিগ্রস্ত কাজেই কখনো কখনো ডান চোখকে ত্রুটিগ্রস্ত আবার কখনো কখনো বাম চোখকে ত্রুটিগ্রস্ত বলা মোটেও ভুল কিছু নয়। এটি স্ববিরোধিতা নয় বরং দুই চোখের ভিন্ন ভিন্ন বিবরণ। একটি উদাহরণ দিলে বিষয়টি হয়তো সহজে বোঝা যাবে।

ধরা যাক, একজন লোকের দুইটি হাতই ত্রুটিগ্রস্ত এবং অকেজো। ডান হাত প্যারালাইজড এবং অত্যন্ত সরু। বাম হাতের সবগুলো আঙুল কাটা, হাতের সম্মুখভাগ গোল বলের মতো। এবং সেটিও কোনো কাজ করবার উপযুক্ত নয়।

এক জায়গায় বলা হলোঃ লোকটির ডান হাত ত্রুটিগ্রস্ত এবং সরু। ঠিক যেন সরু লাঠি।

অন্য জায়গায় বলা হলোঃ লোকটির বাম হাত অকেজো ও ত্রুটিগ্রস্ত। হাতের সামনের অংশ ঠিক যেন গোল বল।

এখানে দুই জায়গায় লোকটির দুই হাতের বর্ণনা আলাদা আলাদাভাবে দেয়া হচ্ছে। কেউ কি বলবে যে এখানে দুই জায়গায় স্ববিরোধী তথ্য আছে?

উত্তর হচ্ছে না। কারণ লোকটির দুই হাতই ত্রুটিগ্রস্ত, অকেজো। কাজেই কখনো ডান হাতকে অকেজো বলা আবার কখনো বাম হাতকে অকেজো বলা মোটেও স্বরিরোধিতা নয়।

দাজ্জালের চোখের হাদিসগুলোর ব্যাপারেও একই কথা। কিছু হাদিসে ডান চোখের বিবরণ দিয়ে أعور বলা হচ্ছে, কিছু হাদিসে বাম চোখের বিবরণ দিয়ে أعور বলা হচ্ছে। যেহেতু উভয় চোখই أعور (কানা/ত্রুটিগ্রস্ত), উভয় চোখের জন্যই কথাটি সত্য। অতএব হাদিসে কোনো স্ববিরোধী তথ্য নেই।

কিছু হাদিসে দাজ্জালের ডান বা বাম কোনো চোখের কথা উল্লেখ না করেই তাকে সাধারণভাবে أعور বলা হচ্ছে।

قَامَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي النَّاسِ فَأَثْنَى عَلَى اللهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ ذَكَرَ الدَّجَّالَ فَقَالَ إِنِّي لأُنْذِرُكُمُوهُ وَمَا مِنْ نَبِيٍّ إِلاَّ وَقَدْ أَنْذَرَهُ قَوْمَهُ وَلَكِنِّي سَأَقُولُ لَكُمْ فِيهِ قَوْلاً لَمْ يَقُلْهُ نَبِيٌّ لِقَوْمِهِ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ أَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ قَالَ إِنَّهُ أَعْوَرُ وَإِنَّ اللهَ لَيْسَ بِأَعْوَرَ.

অর্থঃ আবদুল্লাহ্ ইব্‌নু ‘উমার (রাঃ) থেকে বর্ণিতঃ নবী (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) লোক সমাবেশে দাঁড়ালেন এবং মহান আল্লাহ্‌র প্রশংসা করলেন। এরপর তিনি দাজ্জাল প্রসঙ্গে বললেনঃ তার সম্পর্কে আমি তোমাদেরকে সতর্ক করছি। এমন কোন নবী নেই যিনি তাঁর কাওমকে এ বিষয়ে সতর্ক করেননি। তবে তার সম্পর্কে আমি তোমাদের এমন একটি কথা বলব যা কোন নাবীই তাঁর জাতিকে বলেননি। ***তা হল এই যে, সে কানা হবে আর আল্লাহ্ অবশ্যই কানা নন।*** [10]

Narrated `Abdullah bin `Umar: Allah's Messenger (ﷺ) stood up amongst the people and then praised and glorified Allah as He deserved and then he mentioned Ad-Dajjal, saying, "I warn you of him, and there was no prophet but warned his followers of him; but I will tell you something

*about him which no prophet has told his followers: **Ad-Dajjal is one-eyed whereas Allah is not.**"* [11]

এ থেকে আরো স্পষ্টভাবে বোঝা যায় যে সাধারণভাবে উভয় চোখের দিক থেকেই দাজ্জাল أعور।

আবার أعور এর অন্য অর্থ 'এক চক্ষুহীন' বা 'এক চোখওয়ালা' (One-eyed) এই হাদিসের অনুবাদ হতে পারে। যেহেতু দাজ্জালের এক চোখের উপর চামড়ার আবরণ থাকবে এবং অন্য চোখ আঙ্গুরের ন্যায় ঠেলে বেরিয়ে থাকবে, তাকে বাইরে থেকে দেখে "এক চোখওয়ালা" বা One-eyed মনে হবে। কাজেই দাজ্জালকে "One-eyed" বলে বর্ণনা দেয়া মোটেও অযৌক্তিক কিছু নয়।

অতএব হাদিসে দাজ্জালের বিবরণগুলোতে কোনো প্রকারের স্ববিরোধী তথ্য বা অসঙ্গতি নেই।

তথ্যসূত্রঃ

[1] সহীহ মুসলিম হাদিস নং : ৭১৭৭

[2] সহীহ মুসলিম, হাদিস নং : ৭২৫১

http://ihadis.com/books/muslim/hadis/7251

[3] সহীহ বুখারী ৭১২৩; রিয়াদুস সলিহীন ১৮২৮

http://ihadis.com/books/bukhari/hadis/7123

https://hadithbd.com/hadith/link/?id=32621

[4] সুনান ইবন মাজাহ, হাদিস নং : ৪০৭১ (সহীহ)

http://www.ihadis.com/books/ibn-majah/hadis/4071

[5] সহীহ মুসলিম ৭১০১ ও ৭২৫৭

https://hadithbd.com/hadith/link/?id=19424

https://hadithbd.com/hadith/link/?id=54355

[6] আরবী-বাংলা ব্যবহারিক অভিধান (আল-ক্বামূসুল ওয়াজীয) – ড. মুহাম্মদ ফজলুর রহমান (রিয়াদ প্রকাশনী) পৃষ্ঠা ৯০

[7] https://sunnah.com/bukhari/97/37

[8] https://islamqa.org/hanafi/hadithanswers/123524

[9] ফাতহুল বারী – ইবন হাজার আসকালানী, খণ্ড ১৪, পৃষ্ঠা ৪৮০-৪৮১

https://is.gd/HdASCI

[10] সহীহ বুখারী, হাদিস নং ৭১২৭

http://ihadis.com/books/bukhari/hadis/7127

[11] ইংরেজি অনুবাদঃ https://sunnah.com/bukhari/92/74

সূরা কাহাফে লুকানো রহস্য ও দাজ্জাল:



কখনো ভেবে দেখেছেন কি কেন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের প্রতি জুমু’আর দিন সূরা কাহাফ পাঠ করতে বলেছেন? আসুন জানার চেষ্টা করি,

এই সূরাটিতে মোট চারটি শিক্ষণীয় ঘটনা আছে, প্রতিটি ঘটনাতেই আছে বুদ্ধিমান লোকদের জন্য উপদেশ। আসুন সেই ঘটনাগুলো ও তার শিক্ষাগুলো কি জানার চেষ্টা করিঃ

১) গুহাবাসী যুবকদের ঘটনাঃ সূরার শুরুতেই সেই গুহাবাসী যুবকদের ঘটনার বর্ণণা দেয়া হয়েছে যারা এমন একটি জনপদে বসবাস করত যার অধিবাসীরা ছিল অবিশ্বাসী ও সীমালংঘনকারী। কাজেই যুবকেরা সেই নষ্ট সমাজের প্রতি বীতশ্রদ্ধ হয়ে সিদ্ধান্ত নিলেন, ‘এদের সাথে আর নয়’। তারা আল্লাহর প্রতি ভালোবাসা ও আল্লাহর দীনের প্রতি ভালোবাসা থেকে উজ্জিবীত হয়ে সেখান থেকে হিজরত করলেন। আল্লাহ তাদেরকে গুহাতে আশ্রয় দিলেন এবং সূর্যালোক থেকে নিরাপদে রাখলেন। বহু বছর পর যখন তাদের ঘুম ভাঙ্গলো তাঁরা দেখলেন সেই জনপদের অবিশ্বাসী লোকেরা বিদায় নিয়েছে এবং ভালো লোকদের দ্বারা মন্দ লোকেরা প্রতিস্থাপিত হয়েছে।

শিক্ষাঃ ঈমানের উপর পরীক্ষা।

২) দুইটি বাগানের মালিক ব্যক্তির ঘটনাঃ একজন লোক যাকে আল্লাহ দুইটি প্রাচুর্যময় সুন্দর বাগান দিয়ে ধন্য করেছিলেন, কিন্তু লোকটি আল্লাহর শুকরিয়া আদায় করতে ভুলে গেল এমনকি পরকালের অস্তিত্ব সম্পর্কে আল্লাহর ওয়াদার উপর সন্দেহ পোষণ করল। কাজেই, এই অকৃতজ্ঞ লোকটির বাগানকে আল্লাহ তায়ালা বিরান করে দিলেন-সে অনুতপ্ত হল, কিন্তু ইতোমধ্যে অনেক দেরি হয়ে গেছে এবং তার এই অসময়ের অনুশোচনা তার কোন উপকারে আসল না।

শিক্ষাঃ সম্পদের উপর পরীক্ষা।

৩) খিজির ও মুসা আলাইহি সালাম এর ঘটনাঃ যখন মূসা আলাইহি সালামের কাছে প্রশ্ন করা হয়েছিল, "এই পৃথিবীতে সবচেয়ে জ্ঞানী ব্যক্তি কে?" তিনি উত্তর করেছিলেন, "আমি"...কিন্তু আল্লাহ তাঁর কাছে উন্মোচন করে দিলেন যে, এমন এক ব্যক্তি আছেন যাকে আল্লাহ তাঁর চেয়েও বেশি জ্ঞান দান করেছেন। মুসা আলাইহি সালাম সেই ব্যক্তির সাথে ভ্রমণ করলেন এবং দেখলেন, শিখলেন কিভাবে অনেক সময় আল্লাহ তাঁর অসীম জ্ঞানের কারণে এমন অনেক ঘটনা ঘটান যেগুলো আমাদের চোখে খারাপ বলে মনে হয় কিন্তু প্রকৃতপক্ষে সেগুলো মানুষের ভালোর জন্যেই করা হয়।

শিক্ষাঃ জ্ঞানের উপর পরীক্ষা।

৪) যুলকারনাইনঃ এটা সেই ক্ষমতাধর বাদশাহর ঘটনা যাকে একই সাথে জ্ঞান এবং ক্ষমতা প্রদান করা হয়েছিল এবং তিনি সেই উভয় দানের শুকরিয়াস্বরুপ মানুষের উপকারে এবং কল্যাণে তা ব্যয় করতেন। তিনি জনপদের লোকদের ইয়াজুজ মাজুজ এর সমস্যার সমাধান করে দিলেন এবং একটি বিশাল প্রাচীর নির্মাণ করে দিলেন।

শিক্ষাঃ ক্ষমতার উপর পরীক্ষা।

সূরাটির মাঝামাঝি আল্লাহ স্মরণ করিয়ে দিচ্ছেন ইবলিসের কথা যে এই পরীক্ষাগুলোকে আরও কঠিন করে দেয়,
“যখন আমি ফেরেশতাদেরকে বললামঃ ‘আদমকে সেজদা কর’, তখন সবাই সেজদা করল ইবলীস ব্যতীত। সে ছিল জিনদের একজন। সে তার পালনকর্তার আদেশ অমান্য করল। অতএব তোমরা কি আমার পরিবর্তে তাকে এবং তার বংশধরকে বন্ধুরূপে গ্রহণ করছ? অথচ তারা তোমাদের শত্রু। এটা জালেমদের জন্যে খুবই নিকৃষ্ট বদল”। (সূরা কাহাফ ৫০)

আসুন, এবারে জেনে নেয়া যাক, সূরা কাহাফ এবং দাজ্জালের মধ্যে কিসের সম্পর্ক?

দাজ্জাল আবির্ভুত হবে শেষ সময়ে কিয়ামতের একটি বড় লক্ষণ হিসেবে,
সে এই চারটি ফিতনা একত্রে নিয়ে আসবেঃ

••▶ সে মানুষকে আদেশ করবে যেন আল্লাহকে বাদ দিয়ে তার ইবাদত করে
ঈমানের উপর পরীক্ষা

••▶ তাকে বৃষ্টি বর্ষণ/ অনাবৃষ্টি সৃষ্টির ক্ষমতা দেয়া হবে এবং সে মানুষকে তার সম্পদ দিয়ে লোভ দেখাবে
সম্পদের উপর পরীক্ষা

••▶ সে মানুষকে পরীক্ষায় ফেলে দিবে তার 'জ্ঞান' এবং নানারকম সংবাদ প্রদান করে
জ্ঞানের উপর পরীক্ষা

••▶ সে পৃথিবীর এক বিশাল অংশ নিয়ন্ত্রণ করবে
ক্ষমতার উপর পরীক্ষা

কিভাবে আমরা এই সকল ফিতনা থেকে বাঁচতে পারি? সূরা কাহাফেই আছে এর উত্তরঃ

• ফিতনা হতে বাঁচার প্রথম উপায়ঃ সৎ সঙ্গ

“আপনি নিজেকে তাদের সংসর্গে আবদ্ধ রাখুন যারা সকাল ও সন্ধ্যায় তাদের পালনকর্তাকে তাঁর সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে আহবান করে এবং আপনি পার্থিব জীবনের সৌন্দর্য কামনা করে তাদের থেকে নিজের দৃষ্টি ফিরিয়ে নেবেন না। যার মনকে আমার স্মরণ থেকে গাফেল করে দিয়েছি, যে, নিজের প্রবৃত্তির অনুসরণ করে এবং যার কার্য কলাপ হচ্ছে সীমা অতিক্রম করা, আপনি তার অনুগত্য করবেন না।

কাহাফ ২৮)

• ফিতনা হতে বাঁচার দ্বিতীয় উপায়ঃ এই পার্থিব জীবনের বাস্তবতা উপলব্ধি করা

“তাদের কাছে পার্থিব জীবনের উপমা বর্ণনা করুন। তা পানির ন্যায়, যা আমি আকাশ থেকে নাযিল করি। অতঃপর এর সংমিশ্রণে শ্যামল সবুজ ভূমিজ লতা-পাতা নির্গত হয়; অতঃপর তা এমন শুস্ক চুর্ণ-বিচুর্ণ হয় যে, বাতাসে উড়ে যায়। আল্লাহ এ সবকিছুর উপর শক্তিমান।” (সূরা কাহাফ, আয়াত ৪৫)

• ফিতনা হতে বাঁচার তৃতীয় উপায়ঃ ধৈর্য্যশীল থাকা

“মূসা বললেনঃ আল্লাহ চাহেন তো আপনি আমাকে ধৈর্য্যশীল পাবেন এবং আমি আপনার কোন আদেশ অমান্য করব না”। সূরা কাহাফ, আয়াত ৬৯)

• ফিতনা হতে বাঁচার চতুর্থ উপায়ঃ সৎ কর্ম সম্পাদন

“বলুনঃ আমি ও তোমাদের মতই একজন মানুষ, আমার প্রতি প্রত্যাদেশ হয় যে, তোমাদের ইলাহই একমাত্র ইলাহ। অতএব, যে ব্যক্তি তার পালনকর্তার সাক্ষাত কামনা করে, সে যেন, সৎকর্ম সম্পাদন করে এবং তার পালনকর্তার এবাদতে কাউকে শরীক না করে।.” (সূরা কাহাফ, আয়াত ১১০)

• ফিতনা হতে বাঁচার পঞ্চম উপায়ঃ আল্লাহর দিকে আহবান

“আপনার প্রতি আপনার পালনকর্তার যে, কিতাব প্রত্যাদিষ্ট করা হয়েছে, তা পাঠ করুন। তাঁর বাক্য পরিবর্তন করার কেউ নাই। তাঁকে ব্যতীত আপনি কখনই কোন আশ্রয় স্থল পাবেন না।” (সূরা কাহাফ, আয়াত ২৭)

• ফিতনা হতে বাঁচার ষষ্ঠ উপায়ঃ পরকালের স্মরণ

“যেদিন আমি পর্বতসমূহকে পরিচালনা করব এবং আপনি পৃথিবীকে দেখবেন একটি উম্মুক্ত প্রান্তর এবং আমি মানুষকে একত্রিত করব অতঃপর তাদের কাউকে ছাড়ব না। তারা আপনার পালনকর্তার সামনে পেশ হবে সারিবদ্ধ ভাবে এবং বলা হবেঃ তোমরা আমার কাছে এসে গেছ; যেমন তোমাদেরকে প্রথম বার সৃষ্টি করেছিলাম। না, তোমরা তো বলতে যে, আমি তোমাদের জন্যে কোন প্রতিশ্রুত সময় নির্দিষ্ট করব না। আর আমলনামা সামনে রাখা হবে। তাতে যা আছে; তার কারণে আপনি অপরাধীদেরকে ভীত-সন্ত্রস্ত দেখবেন। তারা বলবেঃ হায় আফসোস, এ কেমন আমলনামা। এ যে ছোট বড় কোন কিছুই বাদ দেয়নি-সবই এতে রয়েছে। তারা তাদের কৃতকর্মকে সামনে উপস্থিত পাবে। আপনার পালনকর্তা কারও প্রতি জুলুম করবেন না।” (সূরা কাহাফ, আয়াত ৪৭-৪৯)

আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা আমাদের সবাইকে যেন সকল প্রকার ফিতনা হতে রক্ষা করেন। আমিন।

মূলঃ "Muslim Heroes" থেকে অনূদিত

অনুবাদঃ সরল পথ

পরিশিষ্টঃ

মুসনাদে আহমাদে রয়েছে যে, যে ব্যক্তি সূরা কাহাফের প্রথম দশটি আয়াত মুখস্ত করে, তাকে দাজ্জালের ফিতনা হতে রক্ষা করা হয়; জামে তিরমিযীতে তিনটি আয়াতের বর্ণনা রয়েছে। সহীহ মুসলিমে শেষ দশটি আয়াতের বর্ণনা আছে। সুনান নাসায়ীতে সাধারণভাবে দশটি আয়াতের বর্ণনা রয়েছে। _ ইবন কাসীর।

আবুদ দারদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, (তিনি বলেছেন) আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সূরা কাহাফের প্রথম দশটি আয়াত মুখস্ত করবে সে দাজ্জালের ফিতনা থেকে নিরাপদ থাকবে। (মুসলিম ১৭৬০ ইফা)

বারা ইবনে আযিব থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ এক ব্যক্তি ‘সূরা কাহাফ’ পড়েছিলো। সেই সময়ে তার কাছে মজবুত লম্বা দুটি রশি দিয়ে একটি ঘোড়া বাঁধা ছিল। এই সময় একখণ্ড মেঘ তার মাথার উপরে এসে হাজির হলো। মেঘ খণ্ডটি ঘুরছিলো এবং নিকটবর্তী হচ্ছিল। এ দেখে তার ঘোড়াটি ছুটে পালাচ্ছিল। সকাল বেলা সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে ঐ বিষয়টি বর্ণনা করলো। একথা শুনে তিনি বললেনঃ এটি ছিল (আল্লাহর তরফ থেকে)

রহমত বা প্রশান্তি (সাকিনা) যা কুর'আন পাঠের কারণে নাযিল হয়েছিলো। (মুসলিম ১৭৩৩ ইফা)

আবদুল্লাহ ইবনে 'আব্বাস থেকে বর্ণিত। (তিনি বলেছেন); রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে যেভাবে কুর'আন মাজীদের সূরা শিখাতেন ঠিক তেমনিভাবে এই দুয়াটিও শিখাতেন। দুয়াটি হলঃ 'আল্লাহুম্মা ইন্না না'উযুবিকা মিন আযাবি জাহান্নাম ওয়া আউযুবিকা মিন আযাবিল কাবর, ওয়া আউযুবিকা মিন ফিতনাতিল মাসীহিদ দাজ্জাল, ওয়া আউযুবিকা মিন ফিতনাতিল মাহইয়া ওয়াল মামাতা"- হে আল্লাহ ! আমরা তোমার কাছে জাহান্নামের আযাব থেকে আশ্রয় চাই। আমি তোমার কাছে কবরের আযাব থেকে আশ্রয় চাই। আমি তোমার কাছে মাসীহ দাজ্জালের ফিতনা থেকে আশ্রয় চাই। আর আমি তোমার কাছে জীবন ও মৃত্যুর ফিতনা থেকে আশ্রয় চাই। (মুসলিম, ইফা ১২২০)

মেসায়াহ (anti khrist/dajjal): বিভিন্ন ধর্মে প্রতিশ্রুত ভবিষ্যত ত্রাণকর্তা।

বর্তমানে মেসায়াহ অনেক বেশি আলোচিত। পৃথিবীর নানা প্রান্ত থেকে নিজেদের প্রতিশ্রুত ব্যক্তি হিসেবে দাবি করা মানুষের সংখ্যা ঢের। অতীত ইতিহাস থেকে

নাম লিপিবদ্ধ করতে গেলেও কম দীর্ঘ হবে না তালিকা। অন্যায় আর বিশৃঙ্খলায় পরিপূর্ণ দুনিয়ায় ধর্মে প্রতিশ্রুত পাঞ্জেরীর স্বপ্নে বিভোর ধার্মিকেরা। মেসায়াহ মতবাদ তাই কেবল ধর্মে সীমাবদ্ধ নেই; মনোবিজ্ঞান, সমাজতত্ত্ব এমনকি রাজনৈতিক আলোচনার টেবিলেও চিন্তার খোরাক।

<u>সাওশিয়ান্ত</u>

মেসায়াহ মতবাদের গোড়ার উদাহরণ <u>জরাথুস্ত্রবাদের</u> সাওশিয়ান্ত। খ্রিষ্টপূর্ব প্রথম সহস্রাব্দে পারস্যে জন্ম নেন জরাথুস্ত্র। বহুধাবিভক্ত গোত্রীয় কাল্টগুলো তার প্রচারেই আসে একটা ধর্মের ছায়াতলে। পরবর্তীতে <u>একেমেনিড সাম্রাজ্যের সময়</u> (৫৫৮-৩২৩ খ্রিষ্টপূর্ব) ধর্মের সাথে সংগঠিত হয় ধর্মগ্রন্থ জেন্দাবেস্তা। জগৎ তাদের চোখে শুভ আর অশুভের অবিরাম যুদ্ধের ময়দান। প্রধান দেবতা আহুরা মাজদা আর অশুভের নায়ক আঙরা মাইনুর মধ্যকার দ্বন্দ্ব। যদিও ধর্মগ্রন্থাদি ঘেটে তিনজনের ভবিষ্যদ্বাণী পাওয়া যায়; তবু সাওশিয়ান্ত প্রভাব বিস্তার করে আছে ধর্মতত্ত্বে। সাওশিয়ান্ত শব্দের অর্থ 'যে শুভ আনে'। স্বর্গীয় গুণাবলী নিয়ে আহুরা মাজদার দূত হিসাবে তার আগমন। পরিচিত হবে ভিসপা তাওরুয়াইরির সন্তান বলে। স্পর্শেই

নিখুঁত আর পবিত্র হয়ে উঠবে দুনিয়া। তাকে সাহায্য করবে সাত স্বর্গীয় দূত আমেশা স্পেন্টা। বিশ্বাসীরা মুক্তি পাবে। দীর্ঘদিন ধরে আধিপত্য করতে থাকা অন্যায় আর অনাচার হবে পরাজিত। নিশ্চিহ্ন হবে দ্রুগ এবং অশুভের হোতা আঙরা মাইনু। আবেস্তার বর্ণনা মতে,

"বিজয়ী সাওশিয়ান্ত এবং সাহায্যকারীরা পৃথিবী পুনর্গঠিত করবে। আর বয়স ফুরিয়ে যাওয়া নেই, মৃত্যু নেই। অবক্ষয় নেই, পচন নেই। কেবল চিরন্তন জীবন, চিরন্তন বৃদ্ধি আর ইচ্ছাপূরণ। মৃতরা জেগে উঠবে, জীবন আর অমরত্ব প্রতিষ্ঠিত হবে; পৃথিবী হবে পুনরুদ্ধার"। *(Darmesteter, 1883, Pages 306-307)*

কল্কি

প্রাচীন ভারতীয় সময়ের ধারণা সরলরৈখিক না; চক্রাকার। ক্রম আবর্তিত চিরন্তন সময়কে প্রধানত চারটি যুগে বিভক্ত করা হয়েছে- সত্য, ত্রেতা, দ্বাপর এবং কলি।

বর্তমানে মানুষ কলিযুগে বসবাস করছে; যা শুরু হয়েছে কুরুক্ষেত্রের যুদ্ধ পর পরই। কল্কি হলো হিন্দুধর্ম অনুসারে বিষ্ণুর দশম এবং শেষতম অবতার। সত্য প্রতিষ্ঠা করবেন; পদানত করবেন অসত্য। যেমনটা শ্রীকৃষ্ণের দাবি,

"যদা যদাহি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত,

অভ্যুত্থানম ধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম।
পরিত্রাণায় সাধুনাং বিনাশয় চ দুষ্কৃতাং
ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে।"

অর্থাৎ *"যখনই ধর্মের গ্লানি হয়; অধর্মের অভ্যুত্থান ঘটে। হে ভরতবংশীয় (অর্জুন), তখনই সাধুদের পরিত্রাণ এবং দুষ্কৃতিকারীদের বিনাশ করতে; পুনরায় ধর্ম স্থাপন করতে যুগে যুগে আমি আবির্ভূত হই।"* সত্যিকার অর্থেই কল্কি এই বাণী পূর্ণ করবেন। ঘোড়ায় চড়ে হাতে তরবারি নিয়ে আগমন হবে ধূমকেতুর মতো। কল্কি শব্দের অর্থই 'অন্ধকারের বিনাশকারী'। তার পিতার নাম হবে বিষ্ণুযশ এবং মায়ের নাম সুমতি।

কলিযুগে মানুষ ক্রমশ লোভ আর পার্থিবতায় নিমজ্জিত। আধ্যাত্মিকতা, ভক্তি এবং ধর্মীয় অনুভূতি ক্রমশ ফিকে হচ্ছে। দেবতাদের নিয়ে চলে হাসি তামাশা। ব্যক্তির জীবন থেকে রাষ্ট্রের গলা অব্দি ডুবন্ত অন্যায় আর অবিচারে। যার চরমতম অবস্থায় ঘটবে কল্কির আবির্ভাব। অন্ধকার কেটে গিয়ে নতুন করে দেখা দেবে আরেক সত্যযুগ। মানুষ ফিরবে সমৃদ্ধি আর স্বর্ণ সময়ের দিকে। যেমনটা বলা হয়েছে,

"কল্কি আর তার অনুসারীরা রাজ্যের কোনায় কোনায় গিয়ে দুষ্টের দমন করবেন। সময়ের ব্যবধানে যে সব মানুষ বিভ্রান্ত, অশান্ত, লোভে অন্ধ, পাপে আকণ্ঠ নিমজ্জিত এমনকি নিজের পিতামাতার সাথেও বেপরোয়া; তাদের সকলকে। নতুন করে শুরু হবে সত্য আর সততার শাসন।" (Knapp, 2016)

মৈত্রেয়ী

বোধি বলতে সেই জ্ঞানকে বোঝায়; যার চর্চায় দুঃখের নিবারণ ঘটে। এই জ্ঞানের জন্য বারবার জন্মগ্রহণ করতে হয়। গৌতম বুদ্ধ এর আগে ৫৫০ বার জন্মগ্রহণ করে মানুষের দুঃখের সমাধানে কাজ করেছেন। তখন তাকে চিহ্নিত করা হতো বোধিসত্ত্ব হিসেবে। অর্থাৎ বোধিসত্ত্ব হলো নির্বাণ পূর্ববর্তী অবস্থা; যখন সকল জীবের প্রতি অসীম করুণা ও মৈত্রী অনুভূত হয়। বৌদ্ধধর্ম অনুসারে মৈত্রেয়ী একজন বোধিসত্ত্ব; গৌতম বুদ্ধের উত্তরাধিকারী হিসেবে যিনি ভবিষ্যতে আগমন করবেন। অধর্মের অবসান ঘটিয়ে উত্থান ঘটাবেন ধর্মের।

মৈত্রেয়ীকে চিত্রিত করা হয়েছে সিংহাসনে বসে অবতরণের অপেক্ষায় এক মহাপুরুষ হিসেবে। গায়ে ভিক্ষুর পোশাক। তার জন্ম হবে চক্রবর্তী রাজা শঙ্খের রাজ্য খেতুমতিতে। সন্তান জন্মের পর গৃহত্যাগ করবেন নিগূঢ় জ্ঞান সাধনার জন্য। সাত দিনের মাথায় বোধি লাভ করবেন। শিষ্যত্ব বরণ করবে অশোক, ব্রহ্মদেব, সুমন, পাদুম এবং সিহা। তার আগমণের মধ্য দিয়েই গৌতম বুদ্ধের শিক্ষা অপ্রচলিত হয়ে পড়বে। পুনরায় শান্তি প্রতিষ্ঠিত হবে দুনিয়ায়। গৌতম বুদ্ধের ভাষ্যে,

"ভ্রাতৃসকল, মৈত্রেয়ী নামে এক মহাত্মা আবির্ভূত হবেন। পরিপূর্ণ রূপে জাগরিত; জ্ঞান, কল্যাণ, সুখ আর প্রজ্ঞায় পরিপূর্ণ; অতুলনীয় পথনির্দেশক, দেবতা আর মানবকূলের শিক্ষক এবং বুদ্ধ; এমনকি আমার থেকেও। তিনি নিজে থেকেই সৃষ্টিজগতের সকল কিছু দেখবেন এবং জানবেন; যেন মুখোমুখি বসা। এমনকি আমি যতটা জানি ও দেখি; তার চেয়েও স্পষ্ট।" (Dagha Nikaya xxvi.25 Pages. 73-74)

<u>মোশিয়াহ</u>

হিব্রু শব্দ মোশিয়াহ এর অভিধানগত অর্থ 'উপলিপ্ত' আর পারিভাষাগত অর্থ পরিত্রাতা। হিব্রু বাইবেলে মর্যাদাবান এবং মহৎপ্রাণ ব্যক্তিদের সাথে মোশিয়াহ ব্যবহার করা হয়েছে। উদাহরণস্বরূপ, প্রধান যাজককে বলা হতো কোহেন হা-মোশিয়াহ। <u>তালমুদীয়</u> আলাপ আলোচনায় মোশিয়াহ বলতে ডেভিডের বংশে প্রতিশ্রুত ভবিষ্যত নেতাকে বুঝানো হয়। তিনি <u>জেরুজালেমের টেম্পল</u> পুণঃনির্মাণ করবেন, ইহুদিদের একত্রিত এবং ইসরায়েলের মাটিতে প্রতিষ্ঠিত করবেন। সারা বিশ্বের মানুষ মোশিয়াহকে বিশ্বনেতা বলে স্বীকৃতি দেবে এবং আনুগত্য করবে। সেই যুগ হবে শান্তির, উপদ্রবহীন এবং জীবনীশক্তিতে পরিপূর্ণ।

বর্তমান সমাজ ব্যবস্থায় মূল্যবোধ আর নৈতিকতার ভয়াবহ অধঃপতন ঘটেছে। হত্যা, অপরাধ, নেশাদ্রব্য যেন খুব সাধারণ ঘটনা। মোশিয়াহ আসবেন সমস্ত সংঘাত, ঘৃণা, যুদ্ধ আর অনাচার বিলোপ করে। তোরাহের মৌখিক আর লিখিত

উভয় পারদর্শীতা নিয়ে। কোনো কোনো বর্ণনায় মোশিয়াহর সঙ্গী হিসেবে নবী এলিজাহর পুনরাগমনের কথা বলা হয়েছে। ইহুদি দীর্ঘ ইতিহাসের এই মতবাদ ব্যাপক রাজনৈতিক প্রভাবক হিসাবে কাজ করেছিল। ওল্ড টেস্টামেন্টের বিবৃতি মতে,

"কেটে ফেলা গাছের মতো ডেভিডের ধারা কেটে আছে। কিন্তু গাছে নতুন কুঁড়ি গঁজানোর মতোই নতুন রাজার উত্থান ঘটবে উত্তরাধিকারীদের থেকে। ঈশ্বর তাকে প্রজ্ঞা, জ্ঞান এবং শাসন ক্ষমতা দান করবেন। তিনি ঈশ্বরের ইচ্ছা সম্যক অবগত থাকবেন এবং কৃতজ্ঞতা জানাবেন। সন্তুষ্ট থাকবেন আনুগত্যে। বাইরের চাকচিক্য দেখে বিচার করবেন না। গরীবদের প্রতি ন্যায়বিচার করবেন; অসহায়ের অধিকার সুরক্ষা দেবেন। তার আদেশেই শাস্তি হবে; হবে বিশৃঙ্খলাকারীর বিনাশ। মানুষ শাসিত হবে ন্যায় আর ভালোবাসায়।" (ইসায়াহ: ১১:১-৫)

দ্বিতীয় আগমনী

ইহুদি মেসিয়ানিক মতবাদের উপর দাঁড়িয়েই খ্রিষ্টধর্মের বিকাশ। যীশুর জীবিত অবস্থায় এবং মৃত্যুর পরে অনুসারীদের দ্বারা বনি ইসরায়েলের প্রতিশ্রুত পুরুষ বলে পরিগণিত হন। কিন্তু শেষ অব্দি ইহুদি ধর্মতাত্ত্বিকদের প্রত্যাশাকে যীশু পূর্ণ করতে পারেননি। পিটার এবং পলের প্রচেষ্টা সত্ত্বেও মূলধারার ইহুদিরা মুখ ফিরিয়ে নিল। পরিণামে ইহুদি ধর্মের থেকে আলাদা হয়ে পড়লো খ্রিষ্টধর্ম। পরবর্তীতে গ্রীক আর রোমানদের মধ্যে ব্যাপকতা লাভ করে মতবাদ। যীশুর পার্থিব জীবন মেসিয়ানিক

ছিল; ঠিক একইভাবে ভবিষ্যৎ পুনরাবির্ভাবের প্রতিশ্রুতি বিশ্বাসে দিয়েছে ভিন্ন মাত্রা। (বুক অভ রেভেলেশন, ২২:১২)

খ্রিষ্ট শব্দটি হিব্রু মোশিয়াহর গ্রীক অনুবাদ; অর্থ উপলিপ্ত। ধর্ম প্রচারের জন্য রাষ্ট্রদ্রোহী তকমা নিয়ে পন্টিয়াস পিলেটের আদালতে ক্রুশবিদ্ধ হয়ে মৃত্যুবরণ করা যীশুর পুনরাগমন হবে প্রকাশ্য। প্রত্যেকটা চোখ তাকে দেখতে পাবে। তার সাথে থাকবে ফেরেশতারা। মৃতরা জীবিত হবে; সৎকর্মশীলরা পাবে যথার্থ প্রতিদান। দুষ্কৃতিকারীরা ধ্বংস হয়ে যাবে চিরতরে। সেই সাথে ধ্বংস হবে অসন্তুষ্টি, বিশৃঙ্খলা, ক্লেশ এবং খোদ মৃত্যুও। বাইবেলের ভাষ্য,

"যখন প্রধান স্বর্গদূতের কণ্ঠে ঈশ্বরের তূরীধ্বনি হবে, প্রভু নিজে স্বর্গ থেকে নেমে আসবেন। যেসব খ্রিষ্ট বিশ্বাসীদের মৃত্যু হয়েছে; তারা আগে জেগে উঠবে। আমাদের যারা তখনো জীবিত থাকব, তাদেরকে মেঘে করে তুলে নেয়া হবে প্রভুর সাক্ষাতের জন্য। আর এভাবেই আমরা চিরকাল প্রভুর সাথে থাকব।"
(থেসালোনিকীয়-১, ১৬-১৭)

শিয়াদের ইমাম মাহদী

মুহম্মদ সা. এর নাতি হোসেনের পরিবারের উপর জুলুম এবং ৬৮০ সালে কারবালায় নৃশংসভাবে হত্যার ঘটনা সমর্থকগোষ্ঠীকে প্রকাশ্য রাজনৈতিক পাটাতন দান করে। শিয়া বিশ্বাস তার পরে থেকেই প্রভাবশালী হয়ে ওঠে। রাজনৈতিক ও ধর্মতাত্ত্বিক জ্ঞানচর্চায় ক্রমবর্ধমান কোণঠাসা পরিস্থিতিতে বিস্তার লাভ করে ভবিষ্যত ত্রাণকর্তা বা ইমাম মাহদি মতবাদ। সুন্নি মূলধারার সমান্তরালে ইরান ও ইরাকে বৃদ্ধি পেতে থাকে তৎপরতা। ৯০৯ সালে উবায়দুল্লাহ মিশরে ফাতেমীয় খেলাফত প্রতিষ্ঠা করেন মাহদি মতবাদে ভর করেই।

লি হং

ধর্মতাত্ত্বিক ও দার্শনিক মতবাদ হিসাবে তাওবাদের প্রতিষ্ঠা খ্রিষ্টপূর্ব চতুর্থ শতকে। আসক্তিবিহীন কর্ম এবং মহাবিশ্বের চিরন্তন সুর অনুযায়ী নিজেক গঠনের চর্চা হিসেবে জনপ্রিয়তা অর্জন করে দ্রুত। যার গোড়ায় রয়েছে গুরু লাওৎসে এবং মহাগ্রন্থ তাও তে চিং। লি হং তাওবাদের ভবিষ্যৎ ত্রাতা যিনি পৃথিবী ধ্বংসের আগে এসে সৎকর্মশীল মানুষদের উদ্ধার করবেন। সমৃদ্ধ থাকবেন জ্ঞান, অনুধাবনশক্তি আর চর্চায়।

খ্রিষ্টপূর্ব ২০২ থেকে খ্রিষ্ট পরবর্তী ২২০ অব্দি বিস্তৃত হান সাম্রাজ্যের সময়ে সংগঠিত হয় লি হং মতবাদ। একজন আদর্শ শাসক তিনি; যেমনটা ধর্মগ্রন্থ বর্ণনা করেছে। ক্রমবর্ধমান ভ্রান্তি আর বিশৃঙ্খলার অবসান ঘটিয়ে জমিনে শান্তি নেমে আসবে। ব্যক্তি, সমাজ আর রাষ্ট্র পরিচালনা থেকে দূরীভূত হবে কালিমা। কখনো কখনো লাওৎসের ভবিষ্যৎ অবতার হিসাবে বর্ণনা করা হয়। তাকে ব্যবহার করে পরবর্তী চীনে বহু বিদ্রোহ এবং আন্দোলন বৈধতা পেয়েছে।

পৃথিবীর সমাপ্তি সংক্রান্ত আলোচনা বিধৃত 'থাইশাং তংউয়ান শেং চৌ চিং' নামক গ্রন্থে। অন্যান্য অনেক মেসিয়ানিক মতবাদের মতো, তাওবাদেও পৃথিবীর সমাপ্তি মানে পুরাতন বিশ্বব্যবস্থার পরিসমাপ্তি এবং নতুন বিশ্বব্যবস্থার সূচনা। ইতিহাস সেখানে চক্রাকার।

অবশেষ

প্রধান ধর্মগুলোর বাইরে রাশান, লাতিন আমেরিকান এবং আফ্রিকান অনেক ধর্মেও মেসায়াহ মতবাদ ধর্মতাত্ত্বিক ও রাজনৈতিক আবেদন নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে। অঙ্কিত হয়েছে মানবজাতির ভবিষ্যৎ চিত্র। জগতের অন্যায় আর অনাচারের পতন ঘটিয়ে পরিশুদ্ধ আর সুখী সময়ের প্রতিশ্রুতি। অধর্মের কাছে প্রতি পদে মার খাওয়া ধার্মিকদের জন্য ইহকালীন বিজয়ের আশ্বাস। আত্মানুসন্ধানীর জন্য সান্ত্বনা রাত্রিশেষের।

সব সময় মানুষ মেসায়াহর অপেক্ষায় থাকেনি। সমাজের অবিচার আর নিপীড়ন বৃদ্ধি পেলে মজলুমদের মধ্য থেকে কেউ বিদ্রোহ করেছে এই ধর্মতত্ত্ব প্রয়োগ করে। কেউ ব্যবহার করেছে নিজের স্বেচ্ছাচারী শাসনকে শক্তিশালী ও বৈধ করতে। সকল ধর্মের ইতিহাসে তাকালে তাই অজস্র মেসায়াহ দাবিকারীর নাম পাওয়া যায়। সেই জেরুজালেমে রোমান সাম্রাজ্যের বিরুদ্ধে আন্দোলন থেকে হিটলারের নাৎসি মেসিয়ানিজম। প্রাচীন চীনের ইয়োলো টারবান বিদ্রোহ থেকে সুদানের জাতীয়তাবাদী আন্দোলন। এই মতবাদ দিয়েছে শক্তি ও সমর্থন। তাই শুধু

ধর্ম নিয়ে মেসায়াহ বুঝতে যাওয়াটা অবিচার হবে; নিপীড়িত কৃষকদের মুক্ত করতে জমিদার এবং ব্রিটিশদের বিরুদ্ধে আন্দোলনে নামা সিলেটের আগা মোহাম্মদ রেজা বেগের মাহদি দাবি তার বড় প্রমাণ।

RM: শিয়াদের ঈমাম মাহদী কিন্তু আমাদের ঈমাম মাহদী নয়। ওরা গুহায় লুকানো ঈমাম মাহদী নামে যার জন্য অপেক্ষা করছে, সে মূলত দাজ্জাল। উপরোক্ত আলোচনা থেকে বুঝা গেলো, আমরা যেমন ঈমাম মাহদীর অপেক্ষায় আছি। ঠিক তেমনি সমস্ত কাফেররাও বিভিন্ন নামে দাজ্জালের অপেক্ষায় আছে।

সুতরাং বুঝতেই পারছেন যে, যখন দাজ্জাল আত্মপ্রকাশ করবে তখন সমস্ত কাফেররা ওর প্রভুত্ব গ্রহণ করে নিবে। এবং অত্যাধুনিক মুসলমানেরাও। আর তখন তাওহীদ বাদীদের অবস্থা খুবই কঠিন হবে। খুব কঠিন। খুব।

কল্কি বিভ্রান্তি



ভবিষ্য পুরাণে মুহাম্মদ (সঃ) -

His name will be Mahamad:

Bhavishya Puran: Prati Sarg, Part III: 3, 3, 5

"A foreign spiritual teacher will appear with his companions. His name will be Mohammad."

[Maharsyi Vyasa/Bhavisya Puran/Prati Sarg Parv III:3,3,5-8]

The translation of Verses 5-27 (Sanskrit text of the Puranas, Prati Sarg Parv III: 3, 3) is presented below from the work of Dr. Vidyarthi:

"A malechha (belonging to a foreign country and speaking foreign language) spiritual teacher will appear with his companions. His name will be **Mahamad**. Raja (Bhoj) after giving this Mahadev Arab (of angelic disposition) a bath in the 'Panchgavya' and the Ganges water, (i.e. purging him of all sins) offered him the presents of his sincere devotion and showing him all reverence said, 'I make obeisance to thee.' 'O Ye! the pride of mankind, the dweller in Arabia, Ye have collected a great force to kill the Devil and you yourself have been

অর্থঃ "হে লোক সকল! মনোযোগ সহকারে শ্রবণ কর, 'প্রশংসিত জন' লোকদের মধ্য থেকে উত্থিত হবেন। আমরা পলাতককে ৬০,০৯০ জনের মধ্যে পেলাম।"

এখানে বলা হচ্ছে নরাশংস অর্থাৎ প্রশংসিত ব্যক্তির কথা। যিনি ষাট হাজার মানুষের মধ্যে অন্যতম হবেন। যিনি দশ সহস্র মানুষ নিয়ে রাজ্য বিজয় করবেন। বেদ যে নরাশংসের কথা উল্লেখ করেছে তিনি আর কেউ নন তিনি হলেন মানবতার নবী মুহাম্মদ (স)।

মুহাম্মদ (সঃ) সম্পর্কে ভারত ধর্মাবলম্বীগণের উক্তি ঃ

মহাত্মা গান্ধী (১৮৬৯-১৯৪৮ইং) বলেছেন ঃ স্বাধীন ভারতের প্রতিষ্ঠাতা মহাত্মা মোহনদাস করমচাঁদ গান্ধী একবার এক দর্শক সভায় এই মর্মে মন্তব্য পেশ করেন যে, "হযরত মোহাম্মদ (সঃ) ছিলেন একজন মহান নবী। তিনি যেমন সাহসী

হিন্দু ধর্মের শেষ অবতার কল্কিকে নিয়ে ঘাটাঘাটি করলে দু ধরনের স্ট্রিম পাওয়া যায়। একটি হচ্ছে আমাদের নবী(স) এর কথা আরেকটি দাজ্জালের। হিন্দুধর্মীয় স্ক্রিপচার গভীরভাবে পড়লে মনে হতে পারে কল্কি নাম দিয়ে আমাদের মহানবী(স) এর কথা বলা হচ্ছে। শুধু কল্কিই নয়। বৌদ্ধধর্মের মৈত্রেয়বুদ্ধর ব্যাপারেও একই ধরনের ফলাফল পাওয়া যায়। তাছাড়া কিছু আলেমশ্রেনীর ব্যক্তিরাও এ ব্যপারে একমত। তবে হিন্দুদের একাধিক গ্রন্থে সরাসরি 'মুহম্মদ' নামটি এসেছে যা পার্থক্য করে দেয়

কিন্তু কথা হচ্ছে বর্তমানসময়ে কল্কি বা মৈত্রেয় মসীহ বলে যার অপেক্ষা করা হচ্ছে

সে দাজ্জাল বিনা আর কেউ নয়। বিষয়টা এরূপ যে ঈসা (আ) একজন সত্য নবী। কিন্তু ইহুদীপন্থী খ্রিষ্টানরা 'লর্ড ক্রাইস্ট' নামে দাজ্জালেরই আবির্ভাবেরই অপেক্ষা করছে।তেমনিভাবে হিন্দু আর বৌদ্ধধর্মের বর্নিত নবী(সা) এর বর্ননায় চ্যুতি ঘটেছে, মুশরিকদের দ্বারা। সারাপৃথিবীতে এ মুহূর্তে কল্কি ও মৈত্রেয় মেসায়াহ এর কথা বলে দাজ্জালকেই নির্দেশ করা হচ্ছে। কল্কি বা মৈত্রেয় নামে বর্তমানে যে দাজ্জালের অপেক্ষমানতার কথাই বলা হচ্ছে তার লক্ষন-প্রমানই সবচেয়ে বেশি।এর সপক্ষে কাজ করছে ইল্যুমিনাতি ও ফ্রিম্যাসনের তত্ত্বাবধানে পৃথিবীর সকল আধ্যাত্মবাদী-রহস্যবাদী সংগঠন। আর তাদের অর্থনৈতিক সাহায্যে আছে ইউনাইটেড ন্যাশন, এজেন্ডা ২১ ইত্যাদি গ্লোবাল নেটওয়ার্ক।

______________________________(আল্লাহ সর্বোত্তম জানেন)

উত্তরণ বেদে বলা হয়েছে ঃ

" La Ilha Harti Papam
Illa Ilaha Param Padam
Janma Baikuntha Par Aup-inuti
Janpi Namo Muhammadam "

(Uttarayan Vedas.)

Approximate Meaning: There is no shelter but "La Ilaha ......" to get rid of sin. The shelter of Ilah (Allah) is the actual shelter. If one is born on earth, there is no alternative to getting salvation from sin but to take shelter in Ilah (Allah). And for this, it is essential to follow the path shown by Muhammad.

**"লা-ইলাহা হরতি পাপম ইল্লা ইলহা পরম পদম
জন্ম বৈকুণ্ঠ অপ সুতি তজপি নাম মুহাম্মদম ঃ"**

(উত্তরণ বেদ। আদকারি, পঞ্চম অধ্যায় ।)

অর্থঃ " লা ইলাহা কহিলে পাপ মোচন হয়। ইল্লাহা কহিলে উচ্চ পদবী যদি চিরতরে স্বর্গে বাস করিতে চাও, তবে মোহাম্মদ নাম জপ কর।"

ঋগ্বেদের ২১১২১৬ এ মানবতার নবী হযরত মুহাম্মদ (স) কে 'কীরি' সম্বোধন করে বলা হয়েছেঃ

"যো বধ্রুসা চোদিতা যঃ কৃশস্য যো ব্রহ্মণো নাম মানস্য কীরেঃ"

(ঋগ্বেদ সংহিতা ঃ ২১১২১৬)

অর্থ ঃ "যিনি তাঁর ভক্ত, তিনিই (কীরি) তাঁর প্রভুর সাথে সম্পর্কিত।"

প্রকৃতপক্ষে এ কথা অস্বীকার করা কারো পক্ষেই সম্ভব নয় যে মুহাম্মদ (স) আল্লাহর প্রেরিত রাসুল এবং বান্দা (ভক্ত বা মানুষ) ছিলেন। এ সম্পর্কে পবিত্র কোরআন সাক্ষ্য দিয়েছে যে "হে মোহাম্মদ, আপনি স্পষ্টভাবে বলিয়া দিন যে, আমি তোমাদের মতই একজন মানুষ। তবে আমার নিকট প্রত্যাদেশ ওহি অবতীর্ণ হয় যে, নিশ্চয় তোমাদের প্রভু একক- অদ্বিতীয়।" (সুরা কাহাফ-১১০)। ঋগ্বেদে এই সম্পর্কিত মানুষটিকে 'কীরি' নামে ব্যাখ্যা করা হয়েছে। সংস্কৃত 'কীরি' শব্দের অর্থ মহাপ্রভুর

সামবেদে মুহাম্মদের পরিচয় বর্ণনা করে বলা হয়েছে যার নামের প্রথম অক্ষর 'ম' এবং শেষ অক্ষর 'দ' হবে এবং গো মাংস খাওয়ার আদেশ দিবেন, সেই দেবতাই হবে আমাদের সবচেয়ে বড় দেবতা।

Look at the following Sanskrit Sloakas from Sama Veda:

**" 'Ma' dau bartita Deva, 'Da'-Karante Prakirtiat,
Brishanang Vakhwaet, Soda Veda Shastray Chasmrita"**

Meaning: The devota whose name starts with a 'Ma' and ends with a 'Da' and who re-estabishes the tradition of eating beef, According to the Vedas he is the man who is highly adorable.

(Translated by Mr. Abul Hossain Vattacharya, who was also a returning Muslim, and was a Brahmin by Cast from the Hindu religious denomination)

**"মদৌ বর্তিতা দেবা দকারান্তে প্রকৃত্তিতা।
বৃষানাং বক্ষয়েৎ সদা বেদা শাস্ত্রেষ্মৃতা ঃ"**

(সামবেদ সংহিতা)

অর্থঃ "যে দেবের নামের প্রথম অক্ষর "ম" ও শেষ অক্ষর "দ" এবং যিনি বৃষমাংস (গরুর মাংস) ভক্ষণ সর্বকালের জন্য পুনঃ বৈধ করিবেন, তিনিই হইবেন বেদানুযায়ী ঋষি।"

সর্বশেষ প্রসংসাকারী। আরবীতে যাকে বলা হয়েছে আহমদ যার অর্থ হল প্রসংশাকারী।

ব্রহ্মসূত্রে মুহাম্মদ (দঃ) -
ব্রহ্মসূত্রের ৪১, ৪২ নম্বর পৃষ্ঠায় শেষ নবীর পরিচয় বর্ণনা করা হয়েছে ঃ



শিখ ধর্মে মাহদী ও তাগুত কল্কি

Wheel of Time Tantra

In the Buddhist text *Kalachakra Tantra*, the righteous kings are called Kalki (Kalkin, lit. chieftain) living in Sambhala. There are many Kalki in this text, each fighting barbarism, persecution and chaos. The last Kalki is called "Cakrin" and is predicted to end the chaos and degeneration by assembling a large army to eradicate the "forces of Islam".[4][5] A great war and Armageddon will destroy the barbaric Muslim forces, states the text.[4][5][6] According to Donald Lopez – a professor of Buddhist Studies, Kalki is predicted to start the new cycle of perfect era where "Buddhism will flourish, people will live long, happy lives and righteousness will reign supreme".[4] The

বৌদ্ধদের কালচক্রে কল্কি অবতারের ইসলামী শক্তি দমনের জন্য মহাযুদ্ধের বর্ননা আছে, যা উইকিপিডিয়াতেও আছে(চিত্রে দেখছেন)।

আজ আরও নতুন কিছু। শিখধর্মের এস্কেটলজি আমাদেরকে বেশ কিছু ভুল শুদ্ধ তথ্য দেয়। শিখধর্মের দশম নানক গুরু গোবিন্দ সিং 'দশম গ্রন্থে' কল্কি ও সত্যযুগ সম্পর্কে যা উল্লেখ করেন তার সারবস্তু এই যে,কল্কি অবতার যখন যুদ্ধ করে সারা পৃথিবীর প্রায় সিংহভাগ দখল করে নেবে, তখন সে নিজেকে সর্বশক্তিমান সৃষ্টিকর্তা

দাবি করবে,তখনই সৃষ্টিকর্তা অসন্তুষ্ট হয়ে মীর(নেতা) মাহদীকে প্রেরন করবেন। এবং অবশেষে ধর্মচক্রের(হিন্দু,বৌদ্ধ,বৈষ্ণব) শেষ অবতার কল্কিকে হত্যা করবেন!

Appearance of Mahdi and Killing of Kalki

ਤੋਮਰ ਛੰਦ ॥

TOMAR STANZA

ਜਗ ਜੀਤਿਓ ਜਬ ਸਰਬ ॥ ਤਬ ਬਾਢਿਓ ਅਤਿ ਗਰਬ ॥ ਦਿਯ ਕਾਲ ਪ□ਰਖ ਬਿਸਾਰ ॥ ਇਹ ਭਾਂਤ ਕੀਨ ਬਿਚਾਰ ॥੫੮੩॥

When Kalki conquered the whole world, his pride was extremely increased; he also forgot the Kaal Purakh(Hukam) and said this;583.

ਬਿਨ ਮੋਹਿ ਦੂਸ□ਰ ਨ ਔਰ ॥ ਅਸ ਮਾਨਿਯੋ ਸਭ ਠਉਰ ॥ ਜਗ□ ਜੀਤ ਕੀਨ ਗ□ਲਾਮ ॥ ਆਪਨ ਜਪਾਯੋ ਨਾਮ ॥੫੮੪॥

Kalki Said, There is no second except me and the

same is accepted at all the place; I have conquered the whole world and made it my slave and have caused everyone to repeat my name.584.

ਜਗ ਝਸ ਰੀਤ ਚਲਾਇ ॥ ਸਿਰ ਅਤ□ਰ ਪਤ□ਰ ਫਿਰਾਇ ॥ ਸਭ ਲੋਗ ਆਪਨ ਮਾਨ ॥ ਤਰ ਆਂਖ ਅਉਰ ਨ ਆਨ ॥੫੮੫॥

I have given life again to the traditional and have swung the canopy over my head; all the people consider me as their own and none other comes to their sight.585.

ਨਹਿ ਕਾਲ ਪ□ਰਖ ਜਪੰਤ ॥ ਨਹਿ ਦੇਵ ਜਾਪ ਭਣੰਤ ॥ ਤਬ ਕਾਲ ਦੇਵ ਰਿਸਾਇ ॥ ਇਕ ਅਉਰ ਪ□ਰਖ ਬਨਾਇ ॥੫੮੬॥

No one repeats the name of the Lord-God or the name of any other God goddess;" seeing this the Kaal Purakh created another purusha.586.

ਰੱਚਿ ਅਸ ਮਹਿਦੀ ਮੀਰ ॥ ਰਿਸਵੰਤ ਹਾਠ ਹਮੀਰ ॥ ਤਿਹ ਤਉਨ ਕੋ ਬਧ□ ਕੀਨ ॥ ਪ□ਨ ਆਪ ਮੋ ਕਿਯ ਲੀਨ ॥੫੮੭॥

Mehdi Mir was created, who was very angry and persistent one; he killed the Kalki incarnation within himself again.587.

ਜਗ ਜੀਤ ਆਪਨ ਕੀਨ ॥ ਸਭ ਅੰਤ ਕਾਲ ਅਧੀਨ ॥ ਇਹ ਭਾਂਤ ਪੂਰ ਸ□ਧਾਰ ॥ ਭਏ ਚੌਬਿਸੇ ਅਵਤਾਰ ॥੫੮੮॥

Those who conquered, the made it there possession they are all under the control of KAL (death) in the end; in this way, with complete improvement the description of twenty-fourth incarnation is completed.588.

ਇਤਿ ਸ□ਰੀ ਬਚਿਤ□ਰ ਨਾਟਕ ਗ□ਰੰਥੇ ਚਤ□ਰ ਬੀਸਵਾਂ ਅਵਤਾਰ ਬਰਨਨੰ ਸਮਾਪਤਮ ॥੨੪॥

End of the description of twenty-fourth incarnation in Bachittar natak.

কল্কির জবরদখল ও ধ্বংসযজ্ঞের বর্ননাঃ

After killing the king of Sambhal, Kalki Avtaar started

to conquer the world. He attacked on Kabul, Babul, Kandhaar, Iraq, Balkh, and Rome etc. and killed those who dared to fight against him: -
"Hanney Kaablee Baablee beer baankey. Kandhaaree Harevee Iraaqi nisaakey. Bali Baalkhee Roh Roomi rajeeley. Bhajey traas kai kai bhaye band dheeley.(462)." {page 601}.

Kalki killed the enemies in Kashmir, Bangas, Russia etc.: -
"Katey Kaashmeeree hanney kashatvaaree. Kupey kaashkaaree badey chhatra-dhaaree. Bali Bangasee gorbandee gadrejee. Mahaa-moorh maajindra raanee majejee.(484)

Hanney Roos Toosee kritee chitra jodhee. Hathhey Parasuyyad su khoobaan sakrodhee….(485)." {page 603}.

Kalki Avtaar killed the enemies in Bijapur, Golkunda, Dravid, Tilangaana, Vaidarbh, Bengal, Orissa (all in India) and Nepal: -
"Hanney beer Bijapuri Golkundi…..(504)." {page 604}.

"Drahee Dravarhey tej taa te Tilangi. Hatey Suratee

jang bhangee phirangee.(505). Chapey chaand raja chaley chanad baasee. Badey beer Baidarbh sanros raasee……(506)." {page 604}

"Maagadh maheep mandey mahaan. Das chaar chaar vidya nidhaan. Bangee Kuling Angee ajeet. Morang agar Naipal abheet.(508)." {page 605}

He got victory over China, and then he went to North: -
"Cheen Macheen chheen jab leena. Uttar desh payyana keena…..(548)." {page 607}.
Thus, Sri Kalki Avtaar saved the saints and killed anti-saints: -
"Sant ubaar asant khapaayey.(550)." {page 608}

Now, 'Satyug' was just coming near. All people heard about this. It pleased the minds of saints. They sang the glory of God: -
"Satjug aayo. Sabh sun paayo. Mun mann bhaayo. Gun gan gaayo.(553)." {page 608}
But unfortunately, after conquering the world, Kalki became proud. He forgot the God: -
"Jag jeeteyo jab sarab. Tab baadhhiyo at garab. Diya Kaal Purakh beesaar. Eh bhaant keen bichaar.(583).

সূত্রঃ

http://www.sikhiwiki.org/index.php/Mahdi_Meer

http://www.sikhiwiki.org/index.php/Kalki_Avtaar

এবং উইকিপিডিয়া।

উইকিপিডিয়াতে বিষয়টার সংক্ষিপ্ত বর্ননা ছিল। এখন মুছে ফেলা হয়েছে। আমার কাছে স্ক্রীনশট ছিল, এমুহূর্তে সেটা দেওয়া সম্ভব নয়। দাজ্জালের প্রত্যাশীরা এরূপ পরাজয়ের বিবরন প্রকাশ্যে দেখাতে চায় না। এজন্যই হয়ত মুছে ফেলেছে।

প্রথমেই বলেছি, গুরুগোবিন্দের ভবিষৎবাণীতে ভুলশুদ্ধের মিশ্রন রয়েছে। যাদের নূন্যতম ইল্ম আছে তারা ইতোমধ্যে টের পেয়েছেন।
সেটা নিম্নোক্ত হাদিসটি স্পষ্ট করে।

وَلِيدُ، حَدَّثَنَا ابْنُ جَابِرٍ، حَدَّثَنَا صَفْوَانُ بْنُ صَالِحٍ الدِّمَشْقِيُّ الْمُؤَذِّنُ، حَدَّثَنَا الْ
بَيْرِ بْنِ نُفَيْرٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُ ،حَدَّثَنَا يَحْيَى بْنُ جَابِرٍ الطَّائِيُّ
لى الله عليه وسلم عَنِ النَّوَّاسِ بْنِ سَمْعَانَ الْكِلاَبِيِّ، قَالَ ذَكَرَ رَسُولُ اللَّهِ صد
رُجْ وَلَسْتُ فِيكُمْ وَإِنْ يَخْإِنْ يَخْرُجْ وَأَنَا فِيكُمْ فَأَنَا حَجِيجُهُ دُونَكُمْ "الدَّجَّالَ فَقَالَ
هِ مَنْ أَدْرَكَهُ مِنْكُمْ فَلْيَقْرَأْ عَلَيْفَامْرُؤٌ حَجِيجُ نَفْسِهِ وَاللَّهُ خَلِيفَتِي عَلَى كُلِّ مُسْلِمٍ فَ
ا وَمَا لُبْثُهُ فِي الأَرْضِ قُلْنَ . "فَوَاتِحَ سُورَةِ الْكَهْفِ فَإِنَّهَا جِوَارُكُمْ مِنْ فِتْنَتِهِ
ةٍ وَسَائِرُ أَيَّامِهِ أَرْبَعُونَ يَوْمًا يَوْمٌ كَسَنَةٍ وَيَوْمٌ كَشَهْرٍ وَيَوْمٌ كَجُمُعَ " قَالَ

أَتَكْفِينَا فِيهِ صَلاَةُ يَوْمٍ فَقُلْنَا يَا رَسُولَ اللَّهِ هَذَا الْيَوْمُ الَّذِي كَسَنَةٍ . "كَأَيَّامِكُمْ
قَالَ "وَلَيْلَةٍ لَ اقْدُرُوا مَرْلاَ ابْنُ عِيسَى يَنْزِلُ ثُمَّ قَدْرَهُ هُ الْبَيْضَاءِ الْمَنَارَةِ عِنْدَ يَمَ
فَيَقْتُلُهُ لُدٍّ بَابِ عِنْدَ فَيُدْرِكُهُ دِمَشْقَ شَرْقِيَّ" .

আন-নাওয়াস ইবনু সাম‘আন আল-কিলাবী (রাঃ)

তিনি বলেন, একদা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) দাজ্জাল সম্পর্কে আলোচনা করলেন। তিনি বলেনঃ আমি তোমাদের মাঝে বিদ্যমান থাকতে যদি সে আবির্ভূত হয় তবে তোমাদের পক্ষ হতে আমিই তার প্রতিপক্ষ হবো। আর আমি তোমাদের মাঝে বিদ্যমান না থাকা অবস্থায় যদি সে আবির্ভূত হয় তবে প্রত্যেক ব্যক্তিকে নিজেই তার প্রতিপক্ষ হতে হবে। আর আল্লাহ হবেন প্রত্যেক মুসলিমের জন্য আমার পক্ষের দায়িত্বশীল। তোমাদের মাঝে যে কেউ তাকে পাবে, সে যেন সূরাহ আল-কাহ্ফের প্রথম কয়েকটি আয়াত পাঠ করে; কেননা এটাই হবে ফিত্বনাহ থেকে তার নিরাপত্তার প্রধান উপায়। আমরা বললাম, সে পৃথিবীতে কতদিন থাকবে? তিনি বললেনঃ চল্লিশ দিন। একদিন হবে এক বছরের সমান, একদিন হবে এক মাসের সমান ও একদিন হবে এক সপ্তাহের সমান, আর বাকি দিনগুলো হবে তোমাদের সাধারণ দিনগুলোর সমান। আমরা বললাম, হে আল্লাহর রাসুল! যে দিনটি এক বছরের সমান হবে, সে দিনে এক দিন ও এক রাতের সলাত কি আমাদের জন্য যথেষ্ট হবে? তিনি বললেনঃ না, তোমরা অনুমান করে দিনের পরিমাণ নির্ধারণ করে (সলাত পড়বে)। অতঃপর ঈসা ইবনু মারইয়াম (আঃ) দামেশকের পূর্ব প্রান্তে একটি সাদা মিনারে অবতরণ করবেন এবং ‘লুদ্দ’ নামক স্থানের দ্বারপ্রান্তে দাজ্জালকে নাগালে পাবেন এবং হত্যা করবেন।

সুনানে আবু দাউদ, হাদিস নং ৪৩২১

হাদিসের মান: সহিহ হাদিস

অর্থাৎ আল মাহদী নন বরং হত্যা করবেন ঈসা রুহআল্লাহ। এই মহান জঙ্গী সেনাপতি মাহদী(আ) দাজ্জালের শক্তির সাথে পেরে উঠবেন না। তখনই আল্লাহ হযরত ঈসা(আ) কে একটি সাদা মিনার ওয়ালা মসজিদের পাশে আসমান থেকে প্রেরন করবেন।

গোবিন্দের এরূপ ভ্রান্তির ব্যাখ্যা থাকতে পারে নিম্নোক্ত হাদিসেঃ

It was reported that ‘Aa’ishah (may Allaah be pleased with her) said: “Some people asked the Messenger of Allaah (peace and blessings of Allaah be upon him) about soothsayers. He said, ‘They are nothing.’ They said, ‘O Messenger of Allaah, sometimes they say something and it comes true.’ The Messenger of Allaah (peace and blessings of Allaah be upon him) said: ‘That is a word of truth that the jinn snatches and whispers into the ear of his familiar, but they mix a hundred lies with it.’” (Narrated by al-Bukhaari and Muslim).

দশমগ্রন্থের এরূপ ন্যারেশনে আরেকটি বড় মিথ্যা রয়েছে। উল্লিখিত আছে যে, আল মাহদী স্রষ্টাদাবিকারী কল্কি অবতারকে হত্যা সারাবিশ্বের নেতৃত্ব লাভ করে এবং

গর্ববোধ করে, পরবর্তীতে সে সৃষ্টিকর্তা কর্তৃক পোকার দ্বারা শাস্তির কবলে পড়ে মারা যায়।(নাউজুবিল্লাহ)

আমরা সবাই জানি, পোকার সংক্রমনে মারা যাবে অভিশপ্ত ইয়াজুজ মাজুজরা।

দুইএক% সত্যের সাথে মিথ্যা জুড়ালে যা হয়..।
নিচের হাদিসে বিস্তারিত রয়েছেঃ

بْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدَ بْنِ حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ، حَدَّثَنَا عَ
نِي أَبِي أَنَّهُ، سَمِعَ النَّوَّاسَ ثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ، حَدَّثَجَابِرٍ، حَدَّ
لَيه وسلم ـ الدَّجَّالَ بْنَ سَمْعَانَ الْكِلاَبِيَّ، يَقُولُ ذَكَرَ رَسُولُ اللَّهِ ـ صلى الله ع
لنَّخْلِ فَلَمَّا رُحْنَا إِلَى رَسُولِ ي طَائِفَةِ االْغَدَاةَ فَخَفَضَ فِيهِ وَرَفَعَ حَتَّى ظَنَنَّا أَنَّهُ فِ
فَقُلْنَا يَا . "كُمْ مَا شَأْنُ "اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَرَفَ ذَلِكَ فِينَا فَقَالَ
فِي عْتَ حَتَّى ظَنَنَّا أَنَّهُرَسُولَ اللَّهِ ذَكَرْتَ الدَّجَّالَ الْغَدَاةَ فَخَفَضْتَ فِيهِ ثُمَّ رَفَ
خْرُجْ وَأَنَا فِيكُمْ فَأَنَا غَيْرُ الدَّجَّالِ أَخْوَفُنِي عَلَيْكُمْ إِنْ يَ "قَالَ .طَائِفَةِ النَّخْلِ
سِهِ وَاللَّهُ خَلِيفَتِي عَلَى حَجِيجُهُ دُونَكُمْ وَإِنْ يَخْرُجْ وَلَسْتُ فِيكُمْ فَامْرُؤٌ حَجِيجُ نَفْ
عَبْدِ الْعُزَّى بْنِ قَطَنٍ فَمَنْ قَطَطٌ عَيْنُهُ قَائِمَةٌ كَأَنِّي أُشَبِّهُهُ بِ كُلِّ مُسْلِمٍ إِنَّهُ شَابٌّ
جُ مِنْ خَلَّةٍ بَيْنَ الشَّامِ رَآهُ مِنْكُمْ فَلْيَقْرَأْ عَلَيْهِ فَوَاتِحَ سُورَةِ الْكَهْفِ إِنَّهُ يَخْرُ
قُلْنَا يَا رَسُولَ اللَّهِ . "اللَّهِ اثْبُتُوا وَالْعِرَاقِ فَعَاثَ يَمِينًا وَعَاثَ شِمَالاً يَا عِبَادَ
وْمٌ كَشَهْرٍ وَيَوْمٌ كَجُمُعَةٍ أَرْبَعُونَ يَوْمًا يَوْمٌ كَسَنَةٍ وَيَ "وَمَا لُبْثُهُ فِي الأَرْضِ قَالَ
هِ الَّذِي كَسَنَةٍ تَكْفِينَا فِي وْمُقُلْنَا يَا رَسُولَ اللَّهِ فَذَلِكَ الْيَ . "وَسَائِرُ أَيَّامِهِ كَأَيَّامِكُمْ
"هُ فِي الأَرْضِ قَالَ قَالَ قُلْنَا فَمَا إِسْرَاعُ . "فَاقْدُرُوا لَهُ قَدْرًا "صَلاَةُ يَوْمٍ قَالَ
وهُمْ فَيَسْتَجِيبُونَ لَهُفَيَأْتِي الْقَوْمَ فَيَدْعُ "قَالَ . "كَالْغَيْثِ اشْتَدَّ بِهِ الرِّيحُ
رْضَ أَنْ تُنْبِتَ فَتُنْبِتَ وَيُؤْمِنُونَ بِهِ فَيَأْمُرُ السَّمَاءَ أَنْ تُمْطِرَ فَتُمْطِرَ وَيَأْمُرُ الأَ
رُوعًا وَأَمَدَّهُ وَتَرُوحُ عَلَيْهِمْ سَارِحَتُهُمْ أَطْوَلَ مَا كَانَتْ ذُرًى وَأَسْبَغَهُ ضُ
هُ فَيَنْصَرِفُ عَنْهُمْ فَيَرُدُّونَ عَلَيْهِ قَوْلَ خَوَاصِرَ ثُمَّ يَأْتِي الْقَوْمَ فَيَدْعُوهُمْ

بَةِ فَيَقُولُ لَهَا أَخْرِجِي فَيُصْبِحُونَ مُمْحِلِينَ مَا بِأَيْدِيهِمْ شَيْءٌ ثُمَّ يَمُرُّ بِالْخَرِ
لِئًا شَبَابًا مَّ يَدْعُو رَجُلاً مُمْتَكُنُوزَكِ فَيَنْطَلِقُ فَتَتْبَعُهُ كُنُوزُهَا كَيَعَاسِيبِ النَّحْلِ ثُ
هَلَّلُ لْغَرَضِ ثُمَّ يَدْعُوهُ فَيُقْبِلُ يَتَفَيَضْرِبُهُ بِالسَّيْفِ ضَرْبَةً فَيَقْطَعُهُ جِزْلَتَيْنِ رَمْيَةَ ا
مَرْيَمَ فَيَنْزِلُ عِنْدَ وَجْهُهُ يَضْحَكُ فَبَيْنَمَا هُمْ كَذَلِكَ إِذْ بَعَثَ اللَّهُ عِيسَى ابْنَ
ا كَفَّيْهِ عَلَى أَجْنِحَةِ مَلَكَيْنِوَاضِعً ضَاءِ شَرْقِيَّ دِمَشْقَ بَيْنَ مَهْرُودَتَيْنِالْمَنَارَةِ الْبَيْ
ؤِ وَلاَ يَحِلُّ لِكَافِرٍ أَنْ إِذَا طَأْطَأَ رَأْسَهُ قَطَرَ وَإِذَا رَفَعَهُ يَنْحَدِرُ مِنْهُ جُمَانٌ كَاللُّؤْلُ
طَرْفُهُ فَيَنْطَلِقُ حَتَّى يُدْرِكَهُ هُ يَنْتَهِي حَيْثُ يَنْتَهِييَجِدُ رِيحَ نَفَسِهِ إِلاَّ مَاتَ وَنَفَسُ
مًا قَدْ عَصَمَهُمُ اللَّهُ فَيَمْسَحُ عِنْدَ بَابِ لُدٍّ فَيَقْتُلُهُ ثُمَّ يَأْتِي نَبِيُّ اللَّهِ عِيسَى قَوْ
لِكَ إِذْ أَوْحَى اللَّهُ إِلَيْهِ يَا مْ كَذَفِي الْجَنَّةِ فَبَيْنَمَا هُ بِدَرَجَاتِهِمْ وُجُوهَهُمْ وَيُحَدِّثُهُمْ
أَحْرِزْ عِبَادِي إِلَى عِيسَى إِنِّي قَدْ أَخْرَجْتُ عِبَادًا لِي لاَ يَدَانِ لأَحَدٍ بِقِتَالِهِمْ وَ
ونَ كُلِّ حَدَبٍ يَنْسِلُويَبْعَثُ اللَّهُ يَأْجُوجَ وَمَأْجُوجَ وَهُمْ كَمَا قَالَ اللَّهُ مِنْ .الطُّورِ
يهَا ثُمَّ يَمُرُّ آخِرُهُمْ فَيَقُولُونَ فَيَمُرُّ أَوَائِلُهُمْ عَلَى بُحَيْرَةِ الطَّبَرِيَّةِ فَيَشْرَبُونَ مَا فِ
حَابُهُ حَتَّى يَكُونَ لَقَدْ كَانَ فِي هَذَا مَاءٌ مَرَّةً وَيَحْضُرُ نَبِيُّ اللَّهِ عِيسَى وَأَصْ
يَرْغَبُ نَبِيُّ اللَّهِ ا مِنْ مِائَةِ دِينَارٍ لأَحَدِكُمُ الْيَوْمَ فَرَأْسُ الثَّوْرِ لأَحَدِهِمْ خَيْرً
فِي رِقَابِهِمْ فَيُصْبِحُونَ عِيسَى وَأَصْحَابُهُ إِلَى اللَّهِ فَيُرْسِلُ اللَّهُ عَلَيْهِمُ النَّغَفَ
حَابُهُ فَلاَ يَجِدُونَ أَصْوَيَهْبِطُ نَبِيُّ اللَّهِ عِيسَى وَ .فَرْسَى كَمَوْتِ نَفْسٍ وَاحِدَةٍ
ونَ إِلَى اللَّهِ سُبْحَانَهُ مَوْضِعَ شِبْرٍ إِلاَّ قَدْ مَلأَهُ زَهَمُهُمْ وَنَتْنُهُمْ وَدِمَاؤُهُمْ فَيَرْغَبُ
حُهُمْ حَيْثُ شَاءَ اللَّهُ ثُمَّ فَيُرْسِلُ عَلَيْهِمْ طَيْرًا كَأَعْنَاقِ الْبُخْتِ فَتَحْمِلُهُمْ فَتَطْرَ
رِ فَيَغْسِلُهُ حَتَّى يَتْرُكَهُ اللَّهُ عَلَيْهِمْ مَطَرًا لاَ يُكِنُّ مِنْهُ بَيْتُ مَدَرٍ وَلاَ وَبَ يُرْسِلُ
تَكِ فَيَوْمَئِذٍ تَأْكُلُ الْعِصَابَةُكَالزَّلَقَةِ ثُمَّ يُقَالُ لِلأَرْضِ أَنْبِتِي ثَمَرَتَكِ وَرُدِّي بَرَكَ
اللَّهُ فِي الرِّسْلِ حَتَّى إِنَّ سْتَظِلُّونَ بِقِحْفِهَا وَيُبَارِكُمِنَ الرُّمَّانَةِ فَتُشْبِعُهُمْ وَيَ
قْحَةَ لْبَقَرِ تَكْفِي الْقَبِيلَةَ وَاللَّاللَّقْحَةَ مِنَ الإِبِلِ تَكْفِي الْفِئَامَ مِنَ النَّاسِ وَاللَّقْحَةَ مِنَ ا
هُ عَلَيْهِمْ رِيحًا طَيِّبَةً فَتَأْخُذُكَ إِذْ بَعَثَ اللَّفَبَيْنَمَا هُمْ كَذَلِ .مِنَ الْغَنَمِ تَكْفِي الْفَخِذَ
نَّاسِ يَتَهَارَجُونَ كَمَا تَحْتَ آبَاطِهِمْ فَتَقْبِضُ رُوحَ كُلِّ مُسْلِمٍ وَيَبْقَى سَائِرُ ال
"تَتَهَارَجُ الْحُمُرُ فَعَلَيْهِمْ تَقُومُ السَّاعَةُ .

নাওয়াস বিন সামআন অল-কিলাবী (রাঃ)

তিনি বলেন একদা, সকাল বেলা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) দাজ্জাল সম্পর্কে আলোচনা করেন। তিনি তার ভয়াবহতা ও নিকৃষ্টতার কথা তুলে ধরেন। এমনকি আমরা ধারণা করলাম যে, সে হয়তো খেজুর বাগানের ওপাশেই অবস্থান করছে। আমরা বিকেল বেলা পুনরায় তাঁর নিকট উপস্থিত হলাম। তখন তিনি আমাদের মাঝে দাজ্জাল-ভীতির আলামত লক্ষ্য করে বলেনঃ তোমাদের কী হয়েছে? আমরা বললাম, ইয়া রাসূলুল্লাহ! ভোরবেলা আপনি আমাদের সামনে দাজ্জাল সম্পর্কে আলোচনা করেছেন এবং তার ভয়াবহতা ও নিকৃষ্টতার কথা এমন ভাষায় তুলে ধরেছেন যে, আমাদের মনে হলো যে, সে বোধহয় খেজুর বাগানের পাশেই উপস্থিত আছে। তিনি বলেনঃ আমার কাছে দাজ্জালই তোমাদের জন্য অধিক ভয়ংকর বিপদ। সে যদি আমার জীবদ্দশায় তোমাদের মাঝে আত্মপ্রকাশ করে তবে আমিই তোমাদের পক্ষে তার প্রতিপক্ষ হবো। আর আমার অবর্তমানে যদি সে আত্মপ্রকাশ করে তাহলে তোমরাই হবে তার প্রতিপক্‌ষ। আর প্রত্যেক মুসলমানের জন্য আল্লাহই আমার পরিবর্তে সহায় হবে। সে (দাজ্জাল) হবে কুঞ্চিত চুলবিশিষ্ট, স্থির দৃষ্টিসম্পন্ন যুবক এবং আবদুল উযযা বিন কাতান সদৃশ। তোমাদের কেউ তাকে দেখলে সে যেন তার বিরুদ্ধে সূরা কাহফের প্রাথমিক আয়াতগুলো পাঠ করে। সে সিরিয়া ও ইরাকের মধ্যবর্তী খাল্লা নামক স্থান থেকে আত্মপ্রকাশ করবে। অতঃপর সে ডানে-বামে ফেতনা-ফাসাদ ও বিপর্যয় ছড়িয়ে বেড়াবে। হে আল্লাহর বান্দাগণ! তোমরা দৃঢ়তার সাথে স্থির থাকবে।

আমরা জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রাসুল! সে পৃথিবীতে কতো দিন অবস্থান করবে? তিনি বলেনঃ চল্লিশ দিন। তবে এর এক দিন হবে এক বছরের সমান, এক

দিন হবে এক মাসের সমান, এক দিন হবে এক সপ্তাহের সমান এবং অবশিষ্ট দিনগুলো হবে তোমাদের বর্তমান দিনগুলোর সমান। আমরা জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রাসুল! যে দিনটি এক বছরের সমান হবে তাতে একদিনের নামায পড়লেই কি তা আমাদের জন্য যথেষ্ট হবে? তিনি বলেনঃ তোমরা সে দিনের সঠিক অনুমান করে নিবে এবং তদনুযায়ী নামায পড়বে। রাবী বলেন, আমরা জিজ্ঞেস করলাম, সে পৃথিবীতে কতো দ্রুত গতিতে বিচরণ করবে? তিনি বলেনঃ বায়ু চালিত মেঘমালার গতিতে।

অতঃপর সে কোন এক সম্প্রদায়ের নিকট এসে তাদেরকে নিজের দলে ডাকবে। তারা তার ডাকে সাড়া দিবে এবং তার উপর ঈমান আনবে। অতঃপর সে আসমানকে বৃষ্টি বর্ষণের আদেশ দিবে এবং তদনুযায়ী বৃষ্টি বর্ষিত হবে। অতঃপর সে যমীনকে শস্য উৎপাদনের নির্দেশ দিবে এবং তদনুযায়ী ফসল উৎপাদিত হবে। অতঃপর বিকেল বেলা তাদের পশুপাল পূর্বের চেয়ে উচুঁ কুঁজবিশিষ্ট, মাংসল নিতম্ববিশিষ্ট ও দুগ্ধপুষ্ট স্তনবিশিষ্ট হয়ে (খোঁয়াড়ে) ফিরে আসবে। কিন্তু তারা তার আহবান প্রত্যাখ্যান করবে। ফলে সে তাদের কাছ থেকে ফিরে যাবে। পরদিন ভোরবেলা তারা নিজেদেরকে নিঃস্ব অবস্থায় পাবে এবং তাদের হাতে কিছুই থাকবে না। অতঃপর সে এক নির্জন পতিত ভূমিতে গিয়ে বলবে, তোর ভেতরের ভাণ্ডার বের করে দে। অতঃপর সে সেখান থেকে প্রস্থান করবে এবং তথাকার ধনভান্ডার তার অনুসরণ করবে, যেভাবে মৌমাছিরা রাণী মৌমাছির অনুসরণ করে। অতঃপর সে এক পূর্ণ যৌবন তরুণ যুবককে তার দিকে আহবান করবে। তাকে সে তরবারির আঘাতে দ্বিখন্ডিত করে ফেলবে। তার দেহের প্রতিটি টুকরা দু' ধনুকের ব্যবধানে গিয়ে পড়বে। অতঃপর সে তাকে ডাক দিবে, অমনি সে হাস্যোজ্জ্বল চেহারায় তার কাছে এসে দাঁড়াবে। এমতাবস্থায় আল্লাহ তাআলা ঈসা বিন মরিয়ম

(আঃ) কে পাঠাবেন। তিনি হলুদ রং –এর দু, টি কাপড় পরিহিত অবস্থায় দু' জন ফেরেশতার পাখায় ভর করে দামিশকের পূর্ব প্রান্তের এক মসজিদের সাদা মিনারে অবতরণ করবেন। তিনি তাঁর মাথা উত্তোলন করলে বা নোয়ালে ফোঁটায় ফোঁটায় মণি– মুক্তার ন্যায় (ঘাম) পড়তে থাকবে। তার নিঃশ্বাস যে কাফেরকেই স্পর্শ করবে সে তৎক্ষণাৎ মারা যাবে। আর তিনি "লুদ্দ" নামক স্থানের দ্বারদেশে দাজ্জালকে হত্যা করবেন।

অতঃপর আল্লাহর নবী ঈসা (আঃ) এমন এক সম্প্রদায়ে আসবেন যাদেরকে আল্লাহ তাআলা (দাজ্জালের অনিষ্ট থেকে) রক্ষা করেছেন। তিনি তাদের মুখমণ্ডলে হাত বুলাবেন এবং জান্নাতে তাদের মর্যাদা সম্পর্কে বর্ণনা করবেন। তাদের এমতাবস্থায় আল্লাহ তাআলা তাঁর নিকট ওহী পাঠাবেন, হে ঈসা! আমি আমার এমন বান্দাদের পাঠাবো যাদের বিরুদ্ধে যুদ্ধ করার ক্ষমতা কারো নাই। অতএব তুমি আমার বান্দাদের তূর পাহাড়ে সরিয়ে নাও।

অতঃপর আল্লাহ তাআলা ইয়াজূজ-মাজূজের দল পাঠাবেন। আল্লাহ তাআলার বাণী অনুযায়ী তাদের অবস্থা হলোঃ "তারা প্রতিটি উচ্চভূমি থেকে ছুতটে আসবে" (সূরা আম্বিয়াঃ ৯৬)। এদের প্রথম দলটি (সিরিয়ার) তাবারিয়া হ্রদ অতিক্রমকালে এর সমস্ত পানি পান করে শেষ করে ফেলবে। অতঃপর তাদের পরবর্তী দল এখান দিয়ে অতিক্রমকালে বলবে, নিশ্চয় কোন কালে এতে পানি ছিলো।

আল্লাহর নবী ঈসা (আঃ) তাঁর সঙ্গীগণসহ অবরুদ্ধ হয়ে পড়বেন। তারা (খাদ্যাভাবে) এমন এক কঠিন অবস্থায় পতিত হবেন যে, তখন একটি গরুর মাথা তাদের একজনের জন্য তোমাদের আজকের দিনের একশত স্বর্ণ মুদ্রার চেয়েও মূল্যবান (উত্তম) মনে হবে। তারপর আল্লাহর নবী ঈসা (আঃ) এবং তাঁর সাথীগণ আল্লাহর

দিকে রুজু হয়ে দুআ’ করবেন। তখন আল্লাহ তাআলা তাদের (ইয়াজূজ-মাজূজ বাহিনীর) ঘাড়ে মহামারীরূপে নাগাফ নামক কীটের সৃষ্টি করবেন। ভোরবেলা তারা এমনভাবে ধ্বংস হবে যেন একটি প্রাণের মৃত্যু হয়েছে।

তখন আল্লাহর নবী ঈসা (আঃ) এবং তাঁর সাথীগণ (পাহাড় থেকে) নেমে আসবেন। তারা সেখানে এমন এক বিঘত জায়গাও পাবেন না, যেখানে সেগুলোর পচা দুর্গন্ধময় রক্ত-মাংস ছড়িয়ে নাই। তারা মহান আল্লাহর নিকট দুআ’ করবেন। তখন আল্লাহ তাআলা তাদের নিকট উটের ঘাড়ের ন্যায় লম্বা ঘাড়বিশিষ্ট এক প্রকার পাখি পাঠাবেন। সেই পাখিগুলো তাদের মৃতদেহগুলো তুলে নিয়ে আল্লাহর ইচ্ছামত স্থানে নিক্ষেপ করবে। অতঃপর আল্লাহ তাআলা তাদের উপর এমন বৃষ্টি বর্ষণ করবেন যা সমস্ত ঘরবাড়ি ,স্থলভাগ ও কঠিন মাটির স্তরে গিয়ে পৌঁছবে এবং সমস্ত পৃথিবী ধুয়ে মুছে আয়নার মতো ঝকঝকে হয়ে উঠবে।

অতঃপর যমীনকে বলা হবে, তোর ফল উৎপন্ন কর এবং তোর বরকত ফিরিয়ে দে। তখন অবস্থা এমন হবে যে, একদল লোকের আহারের জন্য একটি ডালিম যথেষ্ট হবে এবং একদল লোক এর খোসার ছায়াতলে আশ্রয় নিতে পারবে। আল্লাহ তাআলা দুধেও এতো বরকত দিবেন যে, একটি দুধেল উষ্ট্রীর দুধ একটি বৃহৎ দলের জন্য যথেষ্ট হবে। একটি গাভীর দুধ একটি গোত্রের লোকেদের জন্য যথেষ্ট হবে। একটি বকরীর দুধ একটি ক্ষুদ্র দলের জন্য যথেষ্ট হবে।

তাদের এ অবস্থায় আচানক আল্লাহ তাআলা তাদের উপর দিয়ে মৃদুমন্দ বিশুদ্ধ বায়ু প্রবাহিত করবেন। এ বায়ু তাদের বগলের অভ্যন্তরভাগ স্পর্শ করে প্রত্যেক মুসলমানের জান কবয করবে। তখন অবশিষ্ট নর-নারী গাধার ন্যায় প্রকাশ্যে যেনায় লিপ্ত হবে। তাদের উপর কিয়ামত সংঘটিত হবে। [৩৪০৭]

সুনানে ইবনে মাজাহ, হাদিস নং ৪০৭৫

হাদিসের মান: সহিহ হাদিস

ভুল ও মিথ্যার পাশে শিখধর্মের এস্কেটলজিতে কিছু মৌলিক সত্য নিহিত রয়েছে। আমরা জানি,

*দাজ্জাল ইসলামিক মিলিটারির বিরুদ্ধেই যুদ্ধ করবে। তাতে আল মাহদী নেতৃত্ব দেবেন। যার জন্য 'মীর' শব্দটি যুক্ত করেছেন।

*দাজ্জাল নিজেকে সৃষ্টিকর্তা দাবি করবে।

*অবশেষে ইসলামি শক্তির হাতেই নিহত হবে।

*আল মাহদীর সমকালীন সময়ে পরাশক্তিরুপে দাজ্জালের জোটই ইসলামের বিরুদ্ধে লড়বে।

উপরের বিষয়গুলি শিখইজমের এস্কেটলজিতেও রয়েছে। তাছাড়া কালচক্রে কল্কির ব্যপারে এস্কেটলজিক্যাল ভার্সগুলো দারুণভাবে স্পষ্ট করে এটাই দাজ্জাল।

মনে রাখবেন কুফরের জন্ম পূর্বদিকে, এবং দাজ্জালের পূর্বদিকে থাকার সম্ভাবনাও

প্রবল। নিচের হাদিসগুলোও তারই ইঙ্গিত দেয় । আল্লাহ উত্তম জানেন।

আবূ হুরায়রা (রাঃ) আল্লাহর রসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, 'কুফরীর মূল পূর্বদিকে, গর্ব এবং অহংকার ঘোড়া এবং উটের মালিকদের মধ্যে এবং বেদুইনদের মধ্যে যারা তাদের উটের পাল নিয়ে ব্যস্ত থাকে, আর শান্তি বকরির পালের মালিকদের মধ্যে।' সহিহ বুখারী, হাদিস নং ৩৩০১
হাদিসের মান: সহিহ হাদিস

'Behold [Dajjal] is in the Syrian sea, or the Yemeni sea. Nay, on the contrary he is in the East , he is in the East , he is in the East ,' and he pointed with his hand towards the East .
(Sahih Muslim , Book #041, Hadith #7028)

হিন্দু-বৌদ্ধদের গ্রন্থে সাম্বালা,আগার্থি শব্দ গুলো দ্বারা কল্কির গুপ্তরাজ্যকে বোঝানো হয় যা ভারত অথবা তিব্বতের পার্বত্য অঞ্চল অথবা মরুভূমি অথবা মাটির তলে অথবা ভিন্ন ডাইমেনশনে আছে বলে কাফেররা মনে করে। মুশরিকরা এখন তার

অপেক্ষা করছে। দেখুন 'লজিক্যাল হিন্দু' চ্যানেলের একটি ভিডিও। আমরা এ সময় সবাই অবগত যে UFO,USO,crop circle ইত্যাদি বিষয় গুলো দাজ্জালের সাথে সংশ্লিষ্ট শয়তানজ্বীন ও মানুষের কীর্তি। ভিডিওটিতে দাজ্জালের অপেক্ষমান মালু বলছে, তিব্বতীয় ও ভারতীয় অঞ্চলে যে সকল আনআইডেন্টিফাইড ফ্ল্যাইং অবজেক্ট দেখা যায় তা কল্কির আবির্ভাবের প্রস্তুতির সাথে সম্পৃক্ত এডভ্যান্স সিভিলাইজেশন বা higher being, যাদের উদ্দেশ্য সম্পর্কে লোকাল

তিব্বতিয়রা জ্ঞাত আছে। । এমনকি এক্ষেত্রে ভারত সরকারের হস্তক্ষেপও কামনা করে ওই শয়তানের পূজারী।

দেখুনঃ https://m.youtube.com/watch?v=OfhxEYb2XQk

এবং আল্লাহ সর্বোত্তম জানেন।

<u>২০০৪ সালের এ ঘটনা যারা জানেন না তাদের জন্য:</u>

<u>ঘটনার সাথে সংশ্লিষ্ট হাদিসঃ</u>

.

হযরত আবু সাইদ আল খুদরি (রাঃ), নবী (সঃ) হতে বর্ণনা করেছেন, দাজ্জাল আত্মপ্রকাশ করলে ইমানদারদের থেকে এক ব্যক্তি তার কাছে যাবে। তার সাথে দাজ্জালের প্রহরীদের সাক্ষত হবে। তারা তাকে বলবে কোথায় যাওয়ার ইচ্ছা করছো ? সে বলবে আমি এই আবির্ভূত ব্যক্তির কাছে যেতে চাচ্ছি। প্রহরীরা বলবে আমাদের রবের প্রতি তোমার ইমান নেই ?? সে বলবে আমাদের রবের কোন

গোপনীয়তা নেই। তারা বলবে একে হত্যাকরো। কিন্তু তাদের মধ্যে কেউ কেউ বলবলি করবে, তোমাদের রবের অগোচরে কোন ব্যক্তিকে হত্য করতে নিষেধ করেনি ? তারপর তারা তাকে দাজ্জালের নিকট নিয়ে যাবে। যখন মুমিন ব্যক্তিটি দাজ্জালকে দেখবে, তখন বলবে হে লোক সকল.!! এইতো সেই দাজ্জাল যার কথা রসুলুল্লাহ্ (সঃ) বলেছেন। এর পর দাজ্জালের নির্দেশে তার দেহ থেকে মাথা বিচ্ছিন্ন করে দেওয়া হবে, তার পেট ও পিঠ উন্মুক্ত করে পেটানো হবে। তুমি কি আমার উপর ইমান এনেছো ?? মুমিন ব্যক্তি বলবে তুই-ই তো সেই মাসিহ্ দাজ্জাল। এর পর তার মাথ হতে দু পায়ের মাঝ পর্যন্ত করাত দিয়ে চিরে ফেলা হবে। এর পর দাজ্জাল তাকে আবার জীবিত করবে এবং এখন তো ইমান পোষন করেছে ?? সে বলবে তোর সম্পর্কে এখন আমি আরো স্পট হলাম। সে মানবদেরকে সম্মোধন করে বলবে, হে মানবমন্ডলী.!! আমার পরে এ আর কাওকে কিছু করতে পারবেনা। দাজ্জাল তাকে পুনরায় হত্যা করতে চাইবে। আল্লাহ্ তার ঘাড়কে গলার নিচের হাড় পর্যন্ত পিতলে মুড়িয়ে দিবেন। সে তাকে আর হত্যা করতে পারবেনা, ফলে দিশে হারা হয়ে তার দু হাত,পা ধরে নিক্ষেপ করবে। সবাই দেখবে সে আগুনে নিক্ষেপ হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে বেহেস্ত নিক্ষিপ্ত হবে। রাসুল্লাহ্ (সঃ) বলেছেন, এই ব্যক্তি আল্লার নিকটে মানব জাতির মধ্যে সবচাইতে উন্নত স্তরের শহীদের মর্যাদা লাভ কবেন। (মুসলিম-৭০১৯)

.

বিস্ময়কর সাক্ষাতকারঃ

"এখন আপনাদেরকে আমি একটি বিস্ময়কর ঘটনা জানাতে চাই। গত ২০০৮ সালের ৬ই ফেব্রুয়ারী প্যালেস্টাইনের টিভি চ্যানেল আল আকসা টিভিতে সেখানকার একজন আলেম ঈসা বাদওয়ান এক সাক্ষাতকারে এক বিস্ময়কর তথ্য দেন। যা নিশ্চিতভাবে মুসলিম জাহানের জন্য ভাবার বিষয় এবং সতর্কবার্তা।
এখানে সাক্ষাতকারের অংশটি তুলে ধরছি।

ঈসা বাদওয়ানঃ একজন লোক, যাকে আমি ব্যক্তিগতভাবে চিনি এবং বিশ্বাস করি, সঙ্গত কারণেই আমি তার নাম বলতে চাচ্ছি না – তো তিনি একদিন রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাচ্ছিলেন। পথিমধ্যে একজন বৃদ্ধ স্ত্রীলোক তাকে থামালো এবং ঐ স্ত্রীলোককে হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য অনুরোধ করল। কারণ, ঐ বৃদ্ধার মেয়ে ঐ হাসপাতালে সন্তান প্রসব করেছে। লোকটি ঐ বৃদ্ধার অনুরোধটি রাখল এবং তাকে হাসপাতালে পৌঁছে দিয়ে হাসপাতালের বাইরে প্রায় এক ঘন্টা অপেক্ষা করল। এক ঘন্টা করে ঐ বৃদ্ধা তার মেয়ে এবং মেয়ের নবজাতক শিশুপুত্রকে নিয়ে বের হয়ে গাড়িতে উঠল। যখন তারা গাড়িতে উঠল, তখন ঐ নবজাতক সবাইকে অবাক করে দিয়ে সালাম দিল। আমরা অবাক হয়ে সালামের উত্তর দিলাম।

সাক্ষাতকার গ্রহণকারীঃ নবজাতক কথা বলে উঠল?

.

ঈসা বাদওয়ানঃ হ্যাঁ, নবজাতক শিশুটি। এবং আমরা এটা শেখ নিজারসহ অন্যান্য আলেমকে জানিয়েছিলাম তখন। তো লোকটি যা বলল তা হল যে, শিশুটি বলল, "আমিই হলাম সেই বালক যাকে দাজ্জাল হত্যা করবে, এরপরে আর কাউকে সে

হত্যা করতে পারবে না।” এবং আমরা হাদিস থেকে জানি যে, দাজ্জাল যাকে হত্যা করে জীবিত করবে এবং আবার হত্যা করবে কিন্তু পরে আর জীবিত করতে পারবে না। সে হবে একজন যুবক। যাকে শ্রেষ্ঠ শহীদ বলা হয়েছে। আর যুবক বলতে ১৮ থেকে ২০ বছর বয়সকেই বুঝায়।

আমি মনে করি, এই ঘটনা আমাদের জন্য অনেক খুশির খবর বহন করে। কারণ, আমরা হাদিস থেকে জানি যে, দাজ্জালের আগমন ঘটবে ইমাম মাহদির উপস্থিতিতে ইস্তাম্বুল জয়ের পর।

.

সাক্ষাতকার গ্রহণকারীঃ এখন সেই বাচ্চার কি অবস্থা?

.

ঈসা বাদওয়ানঃ হ্যাঁ, এখন আমরা আলেমরা তাকে চিনি। এবং আমরা তার খেয়াল রাখছি। আমি সব মানুষকে এবং সব আলেমদেরকে জানাতে চাই যে, বিজয় অতি নিকটে। ইমাম মাহদি এখন আমাদের মাঝেই অবস্থান করছে (এই বাচ্চার জন্মের উপর ভিত্তি করে)।

ইনশাআল্লাহ, ফিলিস্তিনবাসী, খুব শিগগিরই এ বিজয়ের সাক্ষী হবে এবং এই ধর্মকে (ইসলামকে) এর আলোকে ছড়িয়ে দিবে।

(সাক্ষাতকারের অংশ বিশেষ শেষ)

এই শিশুটির জন্ম হয় ২০০৪ সালে। আর উদ্বিগ্নের বিষয় হল, ২০০৮ সালে এই সাক্ষাতকার জনসম্মুখে প্রকাশ হবার কয়েক মাস পর ২০০৮/২০০৯ সালে ইসরাইল

রাসায়নিক গ্যাস প্রয়োগ ও বোম্বিং শুরু করে ১৪০০ শিশু হত্যা করে এবং প্রায় ৪০০০ শিশুকে আহত করে। শুধু তাই নয়, ইসরাইল এই সাক্ষাতকারে উল্লেখিত আলেম শেখ নিজারকে হত্যার উদ্দেশ্যে সাক্ষাতকারের ১১ মাস পরে এফ ১৬ বিমান দিয়ে ২০০০ পাউন্ডের বোমা নিক্ষেপ করে। যার ফলে শেখ নিজার তার চার স্ত্রী ও এগার সন্তানসহ শহীদ হন। শেখ নিজার ছিলেন গাজার অন্যতম প্রভাবশালী আলেম। তিনি মদিনা বিশ্ববিদ্যালয় ও ইমাম সাউদ বিশ্ববিদ্যালয় হতে দ্বীন শিক্ষা লাভ করেন। এর পাশাপাশি তিনি ইসরাইলের সাথে যুদ্ধরত আল কাসসাম মুজাহিদ ব্রিগেডের একজন দায়িত্বশীল কমান্ডারও ছিলেন।"

ভিডিও লিংকঃ

https://www.memri.org/tv/palestinian-cleric-issa-badwan-mahdi-was-born-palestine-four-years-ago-muslim-conquest-rome

দাজ্জালের আত্মপ্রকাশের পর '৪০ দিন' এর অপব্যাখ্যা:

হাদিসে এ ব্যপারে স্পষ্ট আছে যে দাজ্জালের আত্মপ্রকাশের পর দুনিয়াতে ৪০ দিন অবস্থান করবে।

احدَّثَنَ ،جَابِرٍ ابْنُ حَدَّثَنَا ،لِيدُالوَ حَدَّثَنَا ،الْمُؤَذِّنُ الدِّمَشْقِيُّ صَالِحٍ بْنُ صَفْوَانُ حَدَّثَنَا
عَن ،أَبِيهِ عَنْ ،نُفَيْرٍ بْنِ جُبَيْرِ بْنِ الرَّحْمَنِ عَبْدِ عَنْ ،الطَّائِيُّ جَابِرِ بْنُ يَحْيَى
و سـ لم عـ لـ يه الله صـ لى اللَّهِ رَسُولُ ذَكَرَ قَالَ ،الْكِلاَبِيِّ عَانَسَمْ بْنِ النَّوَّاسِ
فِيكُمْ وَلَسْتُ يَخْرُجْ إِنْوَ دُونَكُمْ حَجِيجُهُ فَأَنَا فِيكُمْ وَأَنَا يَخْرُجْ إِنْ " فَقَالَ الدَّجَّالَ
عَلَيْهِ فَلْيَقْرَأْ مِنْكُمْ أَدْرَكَهُ نْمَفَ مُسْلِمٍ كُلِّ عَلَى خَلِيفَتِي وَاللَّهُ نَفْسِهِ حَجِيجُ فَامْرُؤٌ
" قَالَ الأَرْضِ فِي لُبْثُهُ مَاوَ قُلْنَا . " فِتْنَتِهِ مِنْ جِوَارُكُمْ فَإِنَّهَا الْكَهْفِ سُورَةِ فَوَاتِحَ
فَقُلْنَا . " كَأَيَّامِكُمْ امِهِأَيَّ رُوَسَائِ كَجُمُعَةٍ وَيَوْمٌ كَشَهْرٍ وَيَوْمٌ كَسَنَةٍ يَوْمٌ يَوْمًا أَرْبَعُونَ
اقْدُرُوا لاَ " قَالَ وَلَيْلَةٍ يَوْمٍ صَلاَةُ فِيهِ أَتَكْفِينَا كَسَنَةٍ الَّذِي الْيَوْمُ هَذَا اللَّهِ رَسُولَ يَا
فَيُدْرِكُهُ دِمَشْقَ شَرْقِيَّ اءِالْبَيْضَ الْمَنَارَةِ عِنْدَ مَرْيَمَ ابْنُ عِيسَى يَنْزِلُ ثُمَّ قَدْرَهُ لَهُ
" فَيَقْتُلُهُ لُدٍّ بَابِ عِنْدَ

আন-নাওয়াস ইবনু সাম'আন আল-কিলাবী (রাঃ)

তিনি বলেন, একদা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) দাজ্জাল সম্পর্কে আলোচনা করলেন। তিনি বলেনঃ আমি তোমাদের মাঝে বিদ্যমান থাকতে যদি সে আবির্ভূত হয় তবে তোমাদের পক্ষ হতে আমিই তার প্রতিপক্ষ হবো। আর আমি তোমাদের মাঝে বিদ্যমান না থাকা অবস্থায় যদি সে আবির্ভূত হয় তবে প্রত্যেক ব্যক্তিকে নিজেই তার প্রতিপক্ষ হতে হবে। আর আল্লাহ হবেন প্রত্যেক মুসলিমের জন্য আমার পক্ষের দায়িত্বশীল। তোমাদের মাঝে যে কেউ তাকে পাবে, সে যেন সূরাহ আল-কাহ্‌ফের প্রথম কয়েকটি আয়াত পাঠ করে; কেননা এটাই হবে ফিত্বনাহ থেকে তার নিরাপত্তার প্রধান উপায়। আমরা বললাম, সে পৃথিবীতে কতদিন থাকবে? তিনি বললেনঃ চল্লিশ দিন। একদিন হবে এক বছরের সমান, একদিন হবে এক মাসের সমান ও একদিন হবে এক সপ্তাহের সমান, আর বাকি দিনগুলো হবে তোমাদের সাধারণ দিনগুলোর সমান। আমরা বললাম, হে আল্লাহর রাসুল! যে দিনটি এক বছরের সমান হবে, সে দিনে এক দিন ও এক রাতের সলাত কি আমাদের জন্য যথেষ্ট হবে? তিনি বললেনঃ না, তোমরা অনুমান করে দিনের পরিমাণ নির্ধারণ করে (সলাত পড়বে)। অতঃপর ঈসা ইবনু মারইয়াম (আঃ) দামেশকের পূর্ব প্রান্তে একটি সাদা মিনারে অবতরণ করবেন এবং 'লুদ্দ' নামক স্থানের দ্বারপ্রান্তে দাজ্জালকে নাগালে পাবেন এবং হত্যা করবেন।

সহিহ মুসলিম, হাদিস নং ৪৩২১

হাদিসের মান: সহিহ হাদিস

এত স্পষ্টতার পরেও আজকে একদল মুসলিম ভাইদেরকে পাওয়া যায় যারা এই ৪০ দিনের মেটাফোরিক্যাল ব্যাখ্যাদানের চেষ্টা চালায়। তারা আপনাকে বলবে, প্রথম যে দিনটি ছিল এক বছরের সমান সেটা মূলত ব্রিটিশ শাসন ব্যবস্থা। এরপরে যে দিনটি একমাসের সময়, সেটা দ্বারা বোঝানো হয় আমেরিকার নিয়ন্ত্রনে শাসন ব্যবস্থা। এক সপ্তাহের দৈর্ঘ্যবিশিষ্ট দিন = ভবিষ্যতে ইজরাইলের নিয়ন্ত্রনে বিশ্বব্যবস্থা। এরপরের স্বাভাবিক দিনগুলোর দৈর্ঘ্যে পৌছবার পরে দাজ্জালের আত্মপ্রকাশ ঘটবে।

তাদের এই ব্যাখ্যা একদমই নব উদ্ভাবিত ব্যাখ্যা যার সাথে সালাফের কোন সম্পর্কই নেই। তাদের এরকম নব্য উদ্ভাবনের কারন হতে পারে দিবসের দৈর্ঘ্যের বর্ননাকে সাধারন দিবসের কথিত ইউনিভার্সালিটির সাথে এ্যাডজাস্ট করা। র‍্যাশোনাল করা। নতুন কিছুর প্রচার করে ইন্টেলেকচুয়ালি সাপ্রেস করা(নতুন বিদ্যাকে জাহির করা)। অথবা শুধুই অন্ধ অনুসরন। এই অপব্যাখ্যার মূলে গিয়ে পাবেন ত্রিনিদাদে অবস্থানরত আলিম শাইখ ইমরান নযর হোসেন সাহেবকে[১]। তার এদেশীয় অনুসারীই এই বিষয়টির প্রচার করে। এটা ভাল দিক যে, ইমরান নযর হোসেন সাহেব আজকের অধিকাংশ আলিমদের তুলনায় বহির্বিশ্বের ব্যপারে অনেক সচেতন। তিনি শেষ জামানার ব্যপারেও অনেকের চেয়ে বেশি কনসার্নড। তিনি হয়ত কাফিরদের ফিতনার জালগুলোর ব্যপারে উম্মাহকে অবহিত করতে চান।

যেমন, চলমান মুদ্রাব্যবস্থার ব্যপারে তার সুক্ষ্ম বিশ্লেষণ। কিন্তু সেসবের সাথে তিনি একদমই মনগড়া কিছু চিন্তাধারা অথবা ব্যাখ্যাকে মিলিয়ে এমনভাবে প্রচার করেন যেন তিনি একদম সঠিকই বলছেন,অথচ সেসব সালাফের চিন্তাধারার বিপরীতে

চলে যায়। এর একটি হচ্ছে দাজ্জালের প্রকাশকালের ব্যাপ্তি ৪০ দিনের ব্যপারে।

তিনি মূলত তরুন মুসলিম সমাজকে সুফিবাদের দিকে উৎসাহিত করেন। বাতেনি ইল্মচর্চার গুরুত্ব তুলে ধরেন। এদেশীয় তার অনুসারীরা এ সময়টাতে দাজ্জাল সম্পর্কিত কিছু লিখতে গেলে এর প্রতিই খুব গুরুত্ব দেয় যেটা একদমই সাহাবীদের জামা'আতের বাহিরের চিন্তাধারা প্রকাশ করে। এটা উপরে দেওয়া হাদিসটিতেও পাওয়া যায়। উপরে বর্নিত আছে,"..আমরা বললাম, হে আল্লাহর রাসুল! যে দিনটি এক বছরের সমান হবে, সে দিনে এক দিন ও এক রাতের সলাত কি আমাদের জন্য যথেষ্ট হবে? তিনি বললেনঃ না, তোমরা অনুমান করে দিনের পরিমাণ নির্ধারণ করে (সলাত পড়বে).."।

অর্থাৎ ইমরান নযর হোসেনের অনুসারীরা যেভাবে বলে যে এই এক বছর একটা শাসনামল বা শাসন কাল বোঝায় সেরকম মোটেই না। নতুবা কখনোই অনুমান করে সালাত আদায়ের কথা বলতেন না। আমি জানি সাধারণভাবে এই দলিলের বর্ননাকে তারা অন্যভাবে ঘুরিয়ে দেবেন নিজেদের অনুকূলে। কিন্তু খুব বেশি লাভ নেই।
অন্যান্য হাদিসগুলো এ ব্যপারটিকে বিস্তারিত ব্যাখ্যাসহ স্পষ্ট করে। এর মধ্যে একটি হাদিস নিচে তুলে ধরছি। এটা সুস্পষ্টভাবে প্রমান করে ৪০ দিনের ব্যাপ্তিকাল এর বিবরণে কোন মেটাফোরিক্যাল/এ্যালিগোরিক্যাল ব্যাপার বলে কিছু নেই। বরং আক্ষরিকভাবেই দিবসের ব্যাপ্তিকাল একবছর/মাস ও সপ্তাহের ন্যায় হবে। আমাদের কাছে আল্লাহর রাসূল(স) দ্বীনের খুঁটিনাটি খুব সরলভাবে উপস্থাপন করেছেন। আল্লাহ সুবহানাহু ওয়া তা'য়ালা কুরআনকেও সহজ করেছেন। কিন্তু এসব সরল

বর্ননায় সাধারনভাবে বাতেনিয়্যাহপন্থীদেরকে বক্রতা তালাশ করতে দেখা যায়।

হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বর্ণনা করেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

“দাজ্জালের গাধার (বাহনের) মাঝে চল্লিশ গজের দূরত্ব থাকবে এবং এক একটি পদক্ষেপ তিনদিনের ভ্রমণের সমান হবে। সে তার গাধার পিঠে আরোহণ করে সমুদ্রে এমনভাবে ঢুকে যাবে, যেমন তোমরা ঘোড়ার পিঠে চড়ে পানির ছোট নালায় ঢুকে থাক (এবং নালা পার হয়ে থাক)। সে দাবি করবে, আমি বিশ্বজগতের রব এবং সূর্যটা আমার কথা মত চলছে। তোমরা কি চাচ্ছ যে আমি একে থামিয়ে দেই? তার কথায় সূর্য থেমে যাবে। এমনকি একটি দিন মাস ও সপ্তাহের সমান হয়ে যাবে। এবার সে বলবে, তোমরা কি চাচ্ছ, আমি এটিকে আবার চালিয়ে দেই? লোকেরা বলবে, হ্যাঁ দিন। তখন দিন ঘন্টার সমান হয়ে যাবে।

তার কাছে এক মহিলা আসবে এবং বলবে, হে আমার রব, আপনি আমার পুত্র এবং স্বামীকে জীবিত করে দিন। তখন শয়তানরা মহিলার পুত্র ও স্বামীর আকৃতিতে এসে হাজির হবে। মহিলা শয়তানকে গলায় জড়িয়ে ধরবে এবং তার সাথে যৌনকর্মে লিপ্ত হবে। মানুষের ঘরগুলো শয়তানদের দ্বারা পরিপূর্ণ হয়ে যাবে।

এক গ্রাম্যলোক দাজ্জালের নিকট আসবে এবং বলবে, হে আমাদের রব, আপনি আমাদের জন্য আমাদের উট ও বকরিগুলোকে জীবিত করে দিন। দাজ্জাল তাদেরকে উট-বকরির আকৃতিতে কতগুলো শয়তান দিয়ে দেবে। এই পশুগুলো ঠিক সেই বয়স ও সেই শরীর স্বাস্থ্যের হবে, যেমনটি তাদের মৃত উট বকরিগুলো ছিল। এসব দেখে গ্রামের অধিবাসীরা বলবে, ইনি যদি আমাদের রব না হতেন,

তাহলে আমাদের মৃত উট বকরিগুলোকে কোনক্রমেই জীবিত করতে পারতেন না।...."
(আল ফিতান, খণ্ড ২, পৃষ্ঠা ৪৪৩)

সুতরাং নিজেকে সৃষ্টিকর্তা প্রমানের জন্য বাহ্যিকভাবে দাজ্জালের কথায় (যাদুবিদ্যার কার্যক্ষমতাও আল্লাহর ইচ্ছাধীন) সূর্য থেমে যাবে। এমতাবস্থায় একদিন=মাস/সপ্তাহের সমান হয়ে যাবে। এভাবে প্রথমদিনটি ১ বছরের সমান দীর্ঘ হয়ে যাবে। পরের দিন মাস, পরের দিন সপ্তাহের সমান...। এজন্যই আল্লাহর রাসূল(সাঃ) অনুমান করে স্বালাত আদায়ের নির্দেশ দিয়েছেন। এটা আদৌ ব্রিটিশ,ইউএস বা ভবিষ্যতে ইজরাইলাইত শাসনকালকে বোঝায় না। এবার আশা করি বুঝতে পারছেন তাদের এ নতুন ব্যাখ্যাটি কতটা ভ্রান্ত। সালাফের চিন্তা/ব্যাখ্যা/বোধের বাহিরে কুরআন সুন্নাহর কোন নতুন (তাদের সাথে)সাদৃশ্যহীন যে ব্যাখ্যাই আনা হোক না কেন না অবশ্যই বর্জনীয়।

উইকিপিডিয়া থেকে সম্ভবত সরিয়ে ফেলা হয়েছে যে, শিখধর্ম গুরুগোবিন্দের একটা বিখ্যাত কিতাবে উল্লেখ করেছেন মাহদী নামের লোকের শত্রুঃ শেষ অবতার- কল্কি বের হবার পরে সূর্য থেমে যাবে এবং ১২ ঘন্টা পর পর একটু করে সরবে!
আমি এ বিষয়টি নিয়ে অবশ্যই কাউকে শত্রুতার জের ধরে, অপমান করে, কিংবা ছোট করে লিখছি না। শুধুই তাদের কল্যানের জন্যই দলিলগুলো সরলভাবে উপস্থাপন করা। ইমরান নযর হোসেন সাহেবের সুন্নাহ ও সালাফের বোধ পরিপন্থী

এই ব্যাখ্যাটিই বেশি বেশি অনলাইনে প্রচার করা হয়, মানুষ এতে দ্রুত আকৃষ্টও হয়। এজন্যই এটা নিয়ে কিছু কথা লেখা। সামনে তার অন্যান্য ভুল ব্যাখ্যাগুলোকেও দলিল প্রমানের সাথে উপস্থাপন করব যদি সেসব এর ন্যায় ছড়াতে দেখি, বিইযনিল্লাহ।

ওয়ামা আলাইনা ইল্লাল বালাগ।

Ref:

১.https://youtu.be/Q6Ur8HMN4Yc

অধ্যায়-২: (জীন, শয়তান ও এলিয়েন)



জ্বীন (Djinn / exterrestrial beings):

মানুষ সৃষ্টির পূর্বেই জ্বীনরা ছিল "পৃথিবী" নামক গ্রহের বাসিন্দা। জ্বীনজাতিকে আল্লাহ প্রতিনিধিত্ব করতে পৃথিবীতে পাঠিয়েছিলেন কিন্তু তারা বেশির ভাগই নিজেদের যোগ্যতা প্রমাণে ব্যর্থ হয়েছিল তাই পরবর্তীতে আল্লাহর মানুষকে পৃথিবীতে প্রতিনিধিত্ব করতে পাঠান।

আয়িশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "ফেরেশতাগণকে সৃষ্টি করা হয়েছে নূর থেকে আর জ্বীন সম্প্রদায়কে সৃষ্টি করা হয়েছে ধোঁয়া বিহিন আগুনের শিখা হতে এবং আদম (আলাইহিস সালাম) কে সৃষ্টি করা হয়েছে তোমাদের নিকট বর্ণিত বস্তু (মাটি) হতে"। (সহীহ মুসলিম, হাদিস নম্বরঃ ৭২২৫)

ইসলাম ধর্মে 'অদৃশ্য' বিষয়ে বিশ্বাস স্থাপন করা মুসলমানদের উপর ফরজ। আল্লাহ বলেছেন-"এ সেই কিতাব (পবিত্র কুরআন) যাতে কোনই সন্দেহ নেই। পথ প্রদর্শনকারী পরহেযগারদের জন্য। যারা অদেখা বিষয়ের উপর বিশ্বাস স্থাপন করে

এবং নামায প্রতিষ্ঠা করে। আর আমি তাদেরকে যে রুযী দান করেছি তা থেকে ব্যয় করে।” (সূরা আল-বাকারা, ২-৩) "ভূত" বলে কিছু নেই। সাধারনত মানুষ "জ্বীন" প্রজাতিকেই ভূত বলে সিনেমা আর গল্পে চিত্রিত করে থাকে। প্রাচীনকাল থেকে সব সভ্যতাতে জ্বীন সম্পর্কিত supernatural ভিন্ন ঘটনার প্রচলন ছিল।যদিও একেক সম্প্রদায়ে জ্বীনরা একেক নামে পরিচিত ছিল যেমন spirits, demigods, guardians, demons, monsters, sky gods, gods, deities, প্রেতাত্মা, অশুভ আত্মা ইত্যাদি। পাগান-পৌওোলিকরা (দেবদেবীপূজারী ও মূর্তিপূজারী), Wicca, Celtic, Satanitis, Gnosticরা জ্বীন-শয়তানদের “দেবদেবী” হিসেবে পূজা করে।

আরবি জ্বীন (Hidden one) শব্দটির অর্থ অন্তরালে বসবাসকারী গুপ্ত, আবরিত, লুকায়িত কিছু। অধিকাংশ মানুষ বিশ্বাস করে জ্বীন হল metaphysical প্রকৃতির (PLASMA Beings/ being from shadow world/ beings of other dimensions or spiritual *realms*)। অনেক ইসলামিক স্কলারদের মতে অগ্নিশিখার শেষ প্রান্ত থেকে জ্বীনরা সৃষ্টি, আবার কেউ বলে বিশুদ্ধ আগুন থেকে জ্বীন সৃষ্টি। জ্বীন কিভাবে সৃষ্টি হয়েছে সে সম্পর্কে একমাত্র আল্লাহই

ভালো জানেন! মানুষের সীমিত জ্ঞান দিয়ে আল্লাহর জ্ঞান আর কুরআনকে যাচাই বাছাই করা যাবে না। তবুত্ত এযুগে বিজ্ঞানপ্রেমী তরুণ-তরুণীরা "জ্বীন" সম্পর্কে বিজ্ঞানীরা আর গবেষকরা কি বলে তা জানতে আগ্রহী। শক্তির নিত্যতা সূত্র অনুযায়ী মহাবিশ্বে particle এর সমপরিমাণ অদৃশ্য antiparticle আছে। প্রশ্ন হল এই antiparticleকে জ্বীন বলা যায়? পদার্থবিদ্যা আর বর্তমান বিজ্ঞান কি জ্বীনের ব্যাখ্যা দিতে পারে? ইব্রাহিম বি. সৈয়দ, আমেরিকার কেনটাকিতে লুইসভিল বিশ্ববিদ্যালয়ের একজন পারমাণবিক ঔষধ বিশেষজ্ঞ, তার মতে, আমাদের সূর্যের মতো নক্ষত্রে অবিশ্বাস্যভাবে গরম তাপের state of matterকে বলা হয় “প্লাজমা” যা থেকে জ্বীনদের জন্ম হয়। কোরআনের বর্ণিত ধোঁয়াহীন আগুন হিসাবে প্লাজমাটি ব্যাখ্যা করা যেতে পারে। আর প্লাজমা থেকে তৈরি জ্বীন 'ভিন্ন' স্পন্দনশীল হারে ' হয়। অনেকেই হয়তো জানে প্লাজমা বিদ্যুৎ সঞ্চালন করতে সক্ষম। বিশ বছর আগে, 'জ্বীন সম্পর্কে একটি বৈজ্ঞানিক দৃষ্টিকোণ' নামে একটি প্রবন্ধে, UFO বিষয়ে লেখক ক্রিস লাইন লিখেছিল জ্বীন সম্পর্কিত কিছু তথ্য। তার তত্ত্বটি হচ্ছে, জ্বীন হচ্ছে এমন এক সৃষ্টি যা মানুষ থেকে ভিন্ন স্পন্দনশীল হারে (vibratory rate) থাকার কারণে তারা সাধারণত মানুষের কাছে খালি চোখে দৃশ্যমান নয় অথবা আমাদের দ্বারা detectable হয় না। কেননা সাধারনভাবে মানুষ তার বাহ্যিক চোখ দিয়ে ততটুকুই দেখতে বা কান দিয়ে শুনতে পারে যতটুকু তাকে দেখা কিংবা শোনার ক্ষমতা দেয়া হয়েছে। তবে “সব জ্বীনই অদৃশ্য”- ভাবাটা ভুল কারণ কিছু জ্বীন মানুষের জগতে বসবাস করে। কিছু বিজ্ঞানী বিশ্বাস করে জ্বীন যদি শক্তির পরিবর্তন করে কোনো প্রাণীর আকার ধারন করে তবে বিজ্ঞানীরা তত্ত্বগতভাবে ইলেক্ট্রোম্যাগনেটিক পদ্ধতিতে তাদের পরিমাপ করতে পারে। দর্শন শক্তি, শ্রবন শক্তি, ঘ্রান শক্তি, জিহ্বায় স্বাদ ও ত্বকে অনুভূতি শক্তি-এসব কাজ করে পাঁচটি ইন্দ্রিয়ের মাধ্যমে। পঞ্চ ইন্দ্রিয় ছাড়াও একটি ইন্দ্রিয় রয়েছে যে ইন্দ্রিয়টিকে অনেকে

ষষ্ঠ ইন্দ্রিয় বলে যা দিয়ে তাই দেখা যায় যা বাহ্যিক চোখ দেখে না; তাই শোনা যায় যা বাহ্যিক কান শোনে না এবং তাই উপলব্ধি করা যায় যা সাধারন ভাবে মানুষ উপলব্ধি করে না। আপনার কি মনে হয় মানুষের ষষ্ঠ ইন্দ্রিয় দিয়ে অদৃশ্য জ্বীনের জগত দেখা বা উপলব্ধি করা সম্ভব?

কুরআনে জ্বীনকে বলা হয়েছে 'ধোঁয়াহীন শিখা থেকে তৈরি (bodies of essential flame', 'smokeless flame', or 'smokeless fire')। অনুরূপভাবে, ক্রিস লাইনের মতে জ্বীনের শরীর ইনফ্রারেড অংশের শক্তি বিকিরণ থেকে তৈরি (radiate energy from the infrared part of the spectrum) আর অন্যদিকে ফেরেশতাদের দেহ বর্ণের বিপরীত দিকের অদৃশ্য শক্তি থেকে তৈরি হয় - অর্থাৎ, বিজ্ঞানীদের মতে অতিবেগুনী (ultraviolet) থেকে ফেরেশতারা তৈরি; এ কারনে ফেরেশতারা সাধারণত মানুষের কাছে অদৃশ্য। ইলেক্ট্রোম্যাগনেটিক বর্ণালীতে (electromagnetic spectrum) ইনফ্রারেডের নীচে মাইক্রোওয়েভ বিকিরণ পাওয়া যায়। পৃথিবীর বৃষ্টির সময় আয়োনাজাইশেন, বজ্রপাত ও বায়ুমন্ডলে মাইক্রোওয়েভের প্রসারের ফলে জ্বীনদের অসুবিধার সৃষ্টি হতে পারে।কিছু জ্যোতিষশাস্ত্রবিদের মতে, সোলার সিস্টেমের কিছু অংশে extraterrestrial beings "extremophile microorganisms" আকারে থাকে। আর নাসার তথ্য অনুযায়ী অন্যান্য জগতের species "microbes" ধরনের। ক্রিস লাইনের তথ্য অনুযায়ী, জ্বীনরা বুদ্ধিমত্তাসম্পন্ন প্রজাতি এবং তাদের বুদ্ধিমত্তা অন্তত দুটি স্তরের কাজ করে: (1) ইলেক্ট্রোম্যাগনেটিক শক্তি ব্যবস্থার মধ্যে, এবং (2) একটি সূক্ষ্ম আধ্যাত্মিক (psychic) শক্তি হিসাবে। আল্লাহর অবাধ্য জাদু অনুশীলনকারী ক্বারিন জ্বীন মানুষের মনের কিছু দিক নিয়ন্ত্রণ করার চেষ্টা করে যেমনঃ খারাপ স্বপ্ন দেখানো,

পার্থিব বিভ্রম তৈরি করা, কল্পনা এবং অভিজ্ঞতা তৈরি করা ইত্যাদি যেমনটা বর্তমান প্রযুক্তি হোলিগ্রাম (holograms) তৈরি করতে পারে।

তবে অবশ্যই জ্বীন-শয়তান মুসলমানদের কোন ক্ষতি করতে পারে না আল্লাহর হুকুম ব্যতীত। জন্মগ্রহণের সময় প্রত্যেক মানুষের সাথে চারজন ফেরেশতা (Quran 82:10-12) এবং একজন ক্বারিন জ্বীন নিয়োগ করা হয় (Muslim, 2814) । Parallel relam এ বাস করা ক্বারিন জ্বীন হল প্রতিটি মানুষের জন্ম থেকে মৃত্যুর আগ পর্যন্ত immaterial ছায়াসঙ্গী যে বেশির ভাগ সময়েই তাদের নেতা ইবলিসের জন্য কাজ করে। এই আল্লাহর অবাধ্য ক্বারিন জ্বীনের কাজ হল মানুষকে মানুষের কণ্ঠস্বর অনুকরন করে ফিসফিস করে মানুষের অন্তরে কুমন্ত্রণা বা খারাপ পরামর্শ দেয়া আর পাপকে আকর্ষণীয় করে দেখানোর মাধ্যমে পাপ কাজ করতে উৎসাহিত করা। যারা অতিসহজেই রেগে যায় এবং যারা তাদের ইন্দ্রিয়কে মূল্যহীন অপবিত্র কাজে বেশি ব্যস্ত রাখে তাদের ক্বারিন জ্বীন সহজেই কুমন্ত্রণা দিতে পারে কিন্তু যারা কুরআন পড়ে-শুনে এবং আল্লাহ তা'আলাকে স্মরণ তাদের সর্তক করার জন্য আল্লাহ তাদের জন্য সুপরামর্শদাতা ফেরেশতা নিয়োজিত করেন। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন: "কাজেই তোমরা আমাকে স্মরণ কর, আমিও তোমাদেরকে স্মরণ করব।" ক্বারিন জ্বীনের চারিত্রিক বৈশিষ্ট্য হল অহংকারী, দুষ্টপ্রকৃতির ও একগুঁয়ে এবং সে তার চারিত্রিক বৈশিষ্ট্য মানুষের মধ্যে নিয়ে আসার চেষ্টা করে। ক্বারিন জ্বীন মানুষের জীবনের ঘটে যাওয়া ঘটনার সাক্ষী তাই কিছু গণক মানুষের সাথে ক্বারিন থাকা জ্বীনের সাথে যোগাযোগের মাধ্যমে সে ব্যক্তির অতীত বা জীবনের কিছু তথ্য বলতে পারে।

পৃথিবীতে দুটি জগত রয়েছে।

আল্লাহ পবিত্র কুরআনে উল্লেখ করেছেন তিনি সবকিছু জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছেন। জ্বীনের জগত মানুষের জগত সৃষ্টির আগেই পৃথিবীতে ছিল। "সুরা ফাতিহা" যদি আরবি থেকে অনুবাদ করা হয় তবে প্রথম লাইনটির অর্থ হবে "সকল প্রশংসা আল্লাহর যিনি জগতসমূহের মালিক"। এই লাইনটি লক্ষ্য করলেই বুঝতে পারবেন এই জগত ছাড়াও আরো জগত আছে। মানুষের জগতের মত আরেকটা জগত তৈরি করতে সক্ষম আল্লাহ সুবহানাহু তাআলা। আল্লাহ বলেছেনঃ"যিনি নভোমন্ডল ও ভূমন্ডল সৃষ্টি করেছেন, তিনিই কি তাদের অনুরূপ সৃষ্টি করতে সক্ষম নন? হ্যাঁ তিনি মহাস্রষ্টা, সর্বজ্ঞ।" (সূরা ইয়াসীন) জ্বীন-শয়তান আল্লাহর কছে বিশেষ ক্ষমতা চেয়েছিল যার মাধ্যমে তারা মানুষকে দেখবে এবং তারা মানুষের সাথে থাকবে কিন্তু মানুষ সাধারণভাবে তাদের দেখতে পারবে না যা ইঙ্গিত করে প্যারালাল জ্বীন জগতকে।

আল্লাহ বলেছেনঃ ... "সে (শয়তান) এবং তার দলবল তোমাদেরকে দেখে, যেখান থেকে তোমরা তাদেরকে দেখ না। আমি শয়তানদেরকে তাদের বন্ধু করে দিয়েছি, যারা বিশ্বাস স্থাপন করে না।" ... (সূরা আল-আরাফ; আয়াত: ২৭) আল্লাহ বলেছেনঃ "পবিত্র তিনি যিনি যমীন থেকে উৎপন্ন উদ্ভিদকে, তাদেরই মানুষকে এবং যা তারা জানে না (জ্বীন), তার প্রত্যেককে জোড়া জোড়া করে সৃষ্টি করেছেন" (সূরা ইয়াসীন, 36)। দু'জগতেই আল্লাহ নিয়ামত দান করেছেন। জ্বীন ও মানুষের উভয় জগতে ভিন্ন চন্দ্র, সূর্য, সাগর, আকাশ ইত্যাদি রয়েছে।

আল্লাহ বলেছেনঃ"অতএব, তোমরা উভয়ে (জ্বীন ও মানুষ) তোমাদের পালনকর্তার কোন কোন অনুগ্রহকে অস্বীকার করবে?"(সূরা আর রহমান) জ্বীন ও মানুষের জগতে রয়েছে দুটি পৃথক পূর্ব ও পশ্চিম দিক। আল্লাহ বলেছেনঃ "আল্লাহ দুই উদয়াচল ও দুই অস্তাচলের মালিক।"(সূরা আর রহমান) রসায়নবিদ William

Crooks আবিষ্কার করে আমাদের চারপাশে অদৃশ্য ইলেকট্রিক অবজেক্ট আছে যা প্যারালাল জগত থাকার প্রমাণ দেয়। আইনস্টাইন, Stephen Hawking এবং অন্যান্য বিজ্ঞানীদের তত্ত্ব (quantum particles, quantum mechanics, photon and wave–particle duality, PLASMA world ইত্যাদি) থেকে প্যারালাল জগত থাকার ধারণা পাওয়া যায়। অনেক পর্দার্থবিজ্ঞানীরা বিশ্বাস করে জ্বীনরা Parallel Universe-এ বাস করে; মানব এবং জ্বীন জগতের মধ্যে একটি পর্দা (barrier) আছে। কুরআনে উল্লেখ আছে "উভয়ের মাঝখানে আল্লাহ তৈরি করেছেন এক অন্তরাল (barrier বা veil/পর্দা), যা তারা অতিক্রম করে না।"(সূরা আর রহমান) পৃথিবীতে এমন নদীর নির্দেশন দেখতে পাওয়া যায় যা পাশাপাশি বয়ে যায় কিন্তু একসাথে মেশে না যেমন Rio Negro ও আমাজন নদী।

এই নির্দশন আমাদের বুঝতে শেখায় জ্বীন ও মানুষের জগত পাশাপাশি কিন্তু তাদের মধ্যে আছে পর্দা (barrier/partition)। জ্বীন ও মানুষ উভয় জগতের বাসিন্দাকে সৃষ্টি করা হয়েছে শুধুমাত্র তাদের স্রষ্টা আল্লাহর ইবাদাত করার জন্য। তাদেরকে একে অন্যের জগতের সাথে যোগাযোগ করার অনুমতি দেয়া হয়নি। যেসব জ্বীন মানুষের জগতে এসে মানুষকে পথভ্রষ্ট করার চেষ্টা করে এবং যেসব মানুষ আল্লাহর অনুমতি ছাড়া জ্বীনদের জগতের সাথে যোগাযোগ করে তারা উভয়ই সীমালঙ্ঘনকারী। আল্লাহ উভয় জগত পাশাপাশি সৃষ্টি করেছেন পরীক্ষা করার জন্য জ্বীন ও মানুষের মধ্যে কে কর্মে শ্রেষ্ঠ? আল্লাহ বলেছেনঃ "যিনি সৃষ্টি করেছেন মরণ ও জীবন, যাতে তোমাদেরকে পরীক্ষা করেন-কে তোমাদের মধ্যে কর্মে শ্রেষ্ঠ? তিনি পরাক্রমশালী, ক্ষমাময়।" (সূরা মূলক) অনেক বিজ্ঞানীরা বিশ্বাস করে প্যারালাল জগতে প্রতিটি মানুষের মত দেখতে যমজের ন্যায় other self/dark

energy আছে যা ইঙ্গিত করে ক্বারিন জ্বীনকে। জ্বীনদের আয়ু মানুষের চেয়ে বেশি তাই অনেক ক্ষেত্রে মানুষ মারা গেলেও তার মত দেখতে তার সাথে থাকা ক্বারিন জ্বীন কি প্যারালাল জগতে বেঁচে থাকতে পারে? অনেক সময় psychic mediumরা মৃত মানুষের সাথে যোগাযোগ করতে পারে দাবি করে;

<u>তারা কি আসলে মৃতের ক্বারিন জ্বীনের সাথে যোগাযোগ করে?</u>

"*I see dead people*" - এটা কতটুকু সত্য? সঙ্গীতশিল্পী জন লেননের মৃত্যুর পর তাকে নাকি অনেকে দেখেছে। মৃত মানুষ এর বেশে জ্বীনকে দেখা কিন্তু অসম্ভব কিছুই নয়। একটি হাদিস ইঙ্গিত করে জ্বীন-শয়তানরা মৃত মানুষের রূপ ধারণ করতে পারে। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "দাজ্জাল মানুষের কাছে গিয়ে বলবেঃ আমি যদি তোমার মৃত পিতা-মাতাকে জীবিত করে দেখাই তাহলে কি তুমি আমাকে প্রভু হিসেবে মানবে? সে বলবে অবশ্যই মানব। এ সুযোগে (দাজ্জালের সহযোগী) শয়তান তার মৃত পিতা-মাতার আকৃতি ধরে সন্তানকে বলবেঃ হে সন্তান! তুমি তার অনুসরণ কর।"

আল্লাহ মানুষ ও জ্বীনকে পরীক্ষা করার জন্য আধ্যাত্মিক জগতের কিছু ক্ষমতা দেয়া হয়েছে যার মাধ্যমে মানুষ ও জ্বীন একে অন্যের সাথে যোগাযোগ করতে পারে এবং একে অন্যের জগতে প্রবেশ করতে পারে (they can shift/transfer the energy from one realm to another realm/transcend mental or spiritual barriers)। যারা এই আধ্যাত্মিক বা মানসিক ক্ষমতার অপব্যবহার করে তারা আল্লাহর অবাধ্য ও সীমালঙ্ঘনকারী। সীমালঙ্ঘনকারী জ্বীনরা এক শক্তি থেকে অন্য শক্তিতে রূপান্তরিত করার মাধ্যমে অনেক কিছুকে স্থানান্তরণ করতে পারে।



জ্বীন-উপাসকরা বিশ্বাস করে মানুষের দুইটা আত্মা থাকে যাকে তারা বলে “Twin flame” বা “যমজ আত্মা” (two souls/ mirror souls) আর এই দুটি আত্মার মাঝে আধ্যাত্মিক যোগাযোগ থাকে। আসলে মানুষের আত্মা একটাই থাকে তাহলে এই “যমজ আত্মা” কে? “যমজ আত্মা” না বরং এই সত্ত্বাটি হল মানুষের সাথে থাকা ক্বারিন জ্বীন যে ইবলিসের পরিকল্পনা অনুযায়ী মানুষের নফসকে প্রলুব্ধ করে। আল্লাহ জ্বীন-শয়তানদের মানুষের জগত দেখার আর তাদের অন্তরে কুমন্ত্রণা দেয়ার ক্ষমতা দিলেও মানুষকে ক্ষতিগ্রস্ত করার অনুমতি দেননি।

ক্বারিন জ্বীন মূলতঃ আল্লাহর অবাধ্য শয়তান তবে মানুষের সাথে থাকা জ্বীন মুসলমান হতে পারে। হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে থাকা ক্বারিন জ্বীন আল্লাহর কাছে আত্মসমর্পণ করেছিল তাই সে নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কে কুমন্ত্রণা দিত না। মানুষের সাথে থাকা ফেরেশতা ভালো কাজ করার পরামর্শ দেয়। কিন্তু আপনি কি ভালো কাজের সিদ্ধান্ত নেবেন না খারাপ কাজের সিদ্ধান্ত নেবেন - তা আপনার উপর। বেশির ভাগ সময় দ্রুত সিদ্ধান্ত গ্রহণের সময় মানুষ শয়তানের প্ররোচনায় ভুল সিদ্ধান্ত নেয়। আল্লাহ বলেছেন: মানুষ বড়ই দ্রুততা প্রিয়। [বনী ইসরাঈল, আয়াত: ১১] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “ধীরস্থিরতা আল্লাহর পক্ষ থেকে আর তাড়াহুড়া শয়তানের পক্ষ থেকে”।

কিছু মানুষ বলে “আমার মন যা বলে আমি তাই করি।” সে তার মনের দাস নয়, সে শয়তানের দাস! নিজের মনের ইচ্ছাকে আল্লাহর আদেশের কাছে আত্মসমর্পণ করাই মুসলমানের বৈশিষ্ট্য। জেনেশুনে আল্লাহর নির্দেশ অমান্য করে যারা শয়তানের

কুপরামর্শ ও নিজের মনের ইচ্ছা অনুযায়ী চলে তারাই পথভ্রষ্ট। আল্লাহ বলেছেনঃ "আপনি কি তার প্রতি লক্ষ্য করেছেন, যে তার খেয়াল-খুশীকে স্বীয় উপাস্য স্থির করেছে? আল্লাহ জেনে শুনে তাকে পথভ্রষ্ট করেছেন, তার কান ও অন্তরে মহর এঁটে দিয়েছেন এবং তার চোখের উপর রেখেছেন পর্দা। অতএব, আল্লাহর পর কে তাকে পথ প্রদর্শন করবে? তোমরা কি চিন্তাভাবনা কর না?" ইন্দ্রিয়কে অপবিত্র ও অপ্রয়োজনীয় কাজে বেশি নিয়োজিত করলে ফেরেশতা মানুষের সাথে থাকতে পারে না সেক্ষেত্রে ক্বারিন জ্বীনের কুমন্ত্রণায় মানুষ বেশি পাপ কাজে লিপ্ত হয়। নিজের মন্দ চিন্তাভাবনার বিরুদ্ধে যুদ্ধ করা হচ্ছে জিহাদ। আল্লাহ বলেছেন: "আল্লাহর হেদায়েতের পরিবর্তে যে ব্যক্তি নিজ প্রবৃত্তির (মনের কামনার) অনুসরণ করে, তার চাইতে অধিক পথভ্রষ্ট আর কে? নিশ্চয় আল্লাহ জালেম সম্প্রদায়কে পথ দেখান না।" (সূরা আল কাসাসঃ ৫০) যখন শয়তান খলিফা হযরত ওমর (রাঃ) কে খারাপ পরামর্শ দেওয়ার চেষ্টা করত, তখন তিনি শয়তানের পরামর্শের ঠিক বিপরীত কাজ করতেন। কোরআন আর হাদিস পুড়ুন। তাহলে বুঝতে পারবেন কোনটা সঠিক কাজ এবং কোনটা ভুল সিদ্ধান্ত। মুমিন চেনে শয়তান আর ফেরেশতার কণ্ঠস্বরের পার্থক্য।

ফেরেশতা বেশির ভাগ সময় পাপ কাজ থেকে সর্তক করার জন্য মানুষকে তার নাম ধরে ডাকে কিন্তু শয়তান যখন মানুষকে পাপ করতে উৎসাহ দেয় তখন তার কণ্ঠস্বর নিজের কণ্ঠস্বরের মতই মনে হয় যেন নিজের মন নিজের সাথে কথা বলছে। "যদি শয়তানের পক্ষ থেকে আপনি কিছু কুমন্ত্রণা অনুভব করেন, তবে আল্লাহর শরণাপন্ন হোন। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।" [সূরা হা-মীম আস সাজদাঃ ৩৬] যে ব্যক্তি আল্লাহকে স্মরণ করে আল্লাহও তাকে স্মরণ করে। আল্লাহ আদমকে বলেছিলেন: "আল্লাহর বাক্যই ফেরেশতা আপনার হৃদয়ে প্রকাশ করে।" আল্লাহ পবিত্র কুরআনে

বলেছেন: "নিশ্চয় তিনি (জিবরাঈল) আল্লাহর নির্দেশে আপনার অন্তরে তা প্রকাশ করেছেন।" '(২7: 97)

<u>মানুষের সাথে থাকা জ্বীন কি মানুষের মনের কথা পড়তে পারে?</u>

না।মানুষের মনের কথা এক আল্লাহ ব্যতীত কেউ জানেন না। তবে মানুষের ইন্দ্রিয় দিয়ে ক্বারিন জ্বীন অভিজ্ঞতা অর্জন করতে পারে। যেমনঃ আপনি কি ফোনে ম্যাসেজ পাঠালেন তা ক্বারিন জ্বীন পড়তে পারে আপনার চোখ দিয়ে; আপনি যা দেখছেন টিভিতে তা ক্বারিন জ্বীন আপনার চোখ দিয়ে দেখতে পারে; আপনি আয়নায় নিজেকে দেখলে ক্বারিন জ্বীনও আপনাকে দেখতে পারে; আপনি যা শুনছেন তা ক্বারিন জ্বীনও শুনতে পারে এ কারনে আপনি যা দেখছেন ও শুনছেন সে অনুযায়ী সে কুমন্ত্রণা দিতে পারে তবে আপনি কি সিদ্ধান্ত নেবেন তা সে জানে না। অনেকসময় মিডিয়ায় “একচক্ষু বিশিষ্ট” বা “all seeing eye” লোগো দেখতে পাওয়া যায় কারন এই লোগো আপনাকে স্মরণ করিয়ে দেয় ক্বারিন জ্বীনও আপনাকে দেখছে আপনারই ইন্দ্রিয়ের মাধ্যমে (Those Eyes Are Watching You)।

মানুষের শরীরের বেশিরভাগ অণু ইলেক্ট্রোম্যাগনেটিক ক্ষেত্রের রেডিও ফ্রিকোয়েন্সির সাথে দুর্বলভাবে যোগাযোগ করে। বিভিন্ন কারনে মানুষের দেহের জীবন্ত কোষে বৈদ্যুতিক, চৌম্বকীয় বা ইলেক্ট্রোম্যাগনেটিক শক্তি উৎপন্ন হতে পারে যা Bioelectromagnetism (bioelectricity) নামে পরিচিত। বর্তমানের ডিজিটাল প্রযুক্তি এবং ইলেকট্রনিক্স যেমন টেলিভিশন, ল্যাপটপ, মোবাইল, ইন্টারনেট ইত্যাদির ব্যবহারে Tissue heating, মস্তিষ্কের

electrical activity এর উপর প্রভাব বিস্তার এবং radiofrequency ও Ionizing radiation এর কারনে ক্যানসার হয়।

তাছাড়া আধুনিক ইলেকট্রনিক্স ও ডিজিটাল প্রযুক্তি স্বাস্থ্যের জন্য ক্ষতিকর নানা ধরনের রেডিয়েশন আছে যেমনঃ রেডিও ওয়েভ, মাইক্রোওয়েভ, ইনফ্রারেড, এক্সরে, গামা রে, এবং Radiofrequency তরঙ্গ যা electromagnetic ক্ষেত্র তৈরি করে- যার মাধ্যমে জ্বীন-শয়তান মানুষের ডিজিটাল জীবনকে বেশি প্রভাবিত করে কারন জ্বীন-শয়তান ইলেক্ট্রোম্যাগনেটিক তরঙ্গ ব্যবহার করে যোগাযোগ করতে পারে। মানুষের auric ক্ষেত্রে কম্পন তরঙ্গের সৃষ্টি হয় এমন কাজগুলো বেশি করলে জ্বীন-শয়তানের মানুষের কাছাকাছি আসে যেমনঃ বাদ্যযন্ত্র। Aura বা জীবের প্লাজমা ক্ষেত্রের (Phantom Field Effect-high-energy electric field) ছবি তুলতে সক্ষম বর্তমানের Kirlian Photography যা জ্বীনেরও ছবি তুলতে পারে।

গবেষকরা পৃথিবীর বায়ুমণ্ডল এবং তার বাস্তব কাঠামোর একটি পর্যবেক্ষণ পরিচালনা করে জানিয়েছে যে পৃথিবীর চারপাশে অদৃশ্য বিভিন্ন ধরণের planes রয়েছে যা ইলেক্ট্রোম্যাগনেটিক শক্তি দিয়ে সংযুক্ত হতে পারে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উল্লেখ করেছিলেন যে ভূমিকম্প আসে শয়তানের মাথা থেকে। গবেষকরা আবিষ্কার করেছে এই ইলেক্ট্রোম্যাগনেটিক প্রভাবের কারনে ভূমিকম্পের সৃষ্টি হয়। ভূমিকম্পের একটি বিশেষ কারন জ্বীন-শয়তানের আধ্যাত্মিক শক্তির ব্যবহার তাই যখন কোন জাতিতে ভূমিকম্পের সংখ্যা বেড়ে যাবে তখন বোঝা যাবে তাদের মধ্যে গোপনে ও প্রকাশ্যে জাদুচর্চা ও জ্বীন-শয়তান সাধনাও বেড়েছে।

<u>তাহলে যেসব মানুষ জাদুচর্চা করে কিংবা জ্বীনদের সাথে যোগাযোগ করে সাহায্য প্রার্থনা করে তারা কিভাবে জ্বীনদের সাথে যোগাযোগ করে?</u>

মানুষের মস্তিষ্কে থাকা চোখের ন্যায় "পিনাইনাল গ্রন্থি" (pineal gland) আধ্যাত্মিক জগত এবং ষষ্ঠ ইন্দ্রিয়ের সাথে জড়িত বলে বিশ্বাস করা হয় যা বিভিন্ন সম্প্রদায়ের কাছে বিভিন্ন নামে পরিচিত যেমনঃ হিন্দুদের কাছে তৃতীয় চক্ষু, অন্তচক্ষু, প্রাচীন মিশরীয়দের The Eye of Horus ইত্যাদি। ক্বারিন জ্বীনেরও তৃতীয় চক্ষু আছে। যেসব ক্বারিন জ্বীন ইবলিসের আদেশে তৃতীয় চক্ষু সক্রিয় করে, তারাই মূলতঃ তৃতীয় চক্ষু সক্রিয়কারী মানুষের সাথে সাধনার মাধ্যমে যোগাযোগ করে। কেন পিনাইনাল গ্রন্থিকে চোখের ন্যায় বুঝানো হয়? কারন চোখের retina আর pineal gland এর মধ্যে biological সাদৃশ্য আছে। মনের দেখা আধ্যাত্মিক জগতকে এই পিনাইনাল গ্রন্থির সাহায্যে দেখা যায় বলে পাগানরা একে "মনের চোখ" বা "অন্তর চোখ" (mind’s eye) বলে অভিহিত করে। কিন্তু পাগান ও পৌওোলিকদের মত ইসলাম বলে না মস্তিষ্কের ভেতরে আছে অন্তর চোখ। আল্লাহ Al-Qareeb- ال قريـ ب; তিনি নিকটেই আছেন। মস্তিস্কের তৃতীয় চক্ষুর সাথে (পিনারাল গ্রন্থি) সংযুক্ত হওয়ার সাধনার চেয়ে বরং আল্লাহের কাছাকাছি আসার জন্য Sadr- صدر (বক্ষ বা অন্তর) দিয়ে উপলব্ধি করা প্রয়োজন।



আল্লাহর প্রতি অবিশ্বাসী দার্শনিক আর চিকিৎসকরা বলে মন বা অন্তরচোখ থাকে মস্তিষ্কে (পিনাইনাল গ্রন্থি)। কুরআন আর হাদিস মস্তিষ্কের চেয়ে গুরুত্ব দিয়েছে Sadr- صدر (বক্ষ বা অন্তর)কে। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত হয়েছে, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: তাকওয়া হচ্ছে- এখানে, তিনি নিজের বুকের দিকে তিনবার ইশারা করেন। [মুসলিম: ২৫৬৪] বক্ষের অন্তর চোখ না খুললে যতই পাগান আর পৌওোলিকরা মাথার ভেতরে তৃতীয় চক্ষু (পিনাইনাল গ্রন্থি) খুলুক না কেন তারা আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করতে পারবে না! কারন তৃতীয় চক্ষুকে সক্রিয় করে সীমালঙ্ঘনকারী মানুষ যখন জ্বীন-শয়তানের সাথে যোগাযোগ করে তখন জ্বীন-শয়তানেরা তাদের আল্লাহর পথের বদলে ভুল পথে পরিচালিত করে।আল্লাহর প্রতি অবিশ্বাসীদের অন্ধতা বাহ্যিক চোখের নয়, আল্লাহ বলেছেনঃ "বস্তুতঃ চক্ষু তো অন্ধ হয় না, কিন্তু বক্ষ স্থিত অন্তরই অন্ধ হয়।" [সূরা হাজ্জ, আয়াতঃ ৪৬] নবী সা: বলেছেন: "মুমিনের সাথে কাফেরের পার্থক্য হল নামায।" নামাযের বদলে যারা শয়তানের সাধনায় মন্ত্র পড়ে মস্তিষ্কের তৃতীয় চোখকে সক্রিয় করার চেষ্টা করে তারা আল্লাহর প্রতি অবিশ্বাসী আর তাদের অপবিত্র অন্তরের সঙ্গী হয় শয়তান। আল্লাহ বলেছেনঃ "আপনি কি লক্ষ্য করেননি যে, আমি কাফেরদের উপর শয়তানদেরকে ছেড়ে দিয়েছি। তারা তাদেরকে বিশেষভাবে (মন্দকর্মে) উৎসাহিত করে"।(Maryam: 83) যারা শয়তানকে ডাকে তারা তাদের অন্তরে শয়তানকে আমন্ত্রণ জানায় আর যারা আল্লাহকে চায় তারা আল্লাহকে ডাকে এতে শয়তান মুমিনদের অন্তর থেকে দূরে থাকে। মুসলমানরা মস্তিষ্কের তৃতীয় চক্ষুকে সক্রিয় করে জ্বীন থেকে আধ্যাত্মিক ক্ষমতা লাভের চেষ্টা করে না বরং তারা মাথার তৃতীয় চক্ষুকে মাটিতে রেখে সেজদার মাধ্যমে আল্লাহ তায়া'লার কাছে নিজেকে আত্মসমর্পণ করে। আল্লাহ তায়া'লা এবং তাঁর বান্দার মধ্যে যোগাযোগের

সূত্র হচ্ছে নামায। প্রাচীন মিশরের ফেরাউনের মত আল্লাহর সব অবাধ্য জাতিই এই "তৃতীয় চক্ষু" সক্রিয় করে শয়তান সাধনার মাধ্যমে অমর হতে চেয়েছিল।

পিনাইনাল গ্রন্থিটি মস্তিষ্কের তৃতীয় ভ্যান্টিকেলের উপরিভাগে যা নাকের পিছনে উপরিভাগে cerebrospinal fluid এ ভাসমান। 166২ খ্রিস্টাব্দে ডেসকার্টস পিনাইনাল গ্রন্থিকে "আত্মার আসন"(the seat of the soul) হিসেবে অভিহিত করে। আসলে কি এটা আত্মার আসন নাকি শয়তানের আসন? রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "তোমাদের মধ্যে কেউ যখন ঘুম হতে জাগ্রত হয়ে উযূ করে, সে যেন তিনবার নাক ঝেড়ে নেয়। কেননা শয়তান নাকের (মস্তক সংলগ্ন) ছিদ্রের উপরিভাগে রাত্রি যাপন করে।" (সুনানে আন-নাসায়ী:90) দেবদেবী ও মূর্তিপূজারীদের (পাগান ও পৌওোলিক) বিশ্বাস অনুযায়ী গভীর সাধনার (the seventh chakra, বা crown chakra; the awakening state বা তৃতীয় চক্ষু) মাধ্যমে মানুষের মস্তিষ্কের “তৃতীয় চক্ষু” খুলে গেলে তাদের দেবতাদের (জ্বীনদের) দেখা যায় এবং গভীর সাধনার মাধ্যমে তারা পৃথিবী থেকে অন্য জগতে স্থানান্তর এবং ভ্রমণ করতে পারে। তাই যারা জাদুবিদ্যা চর্চা করে কিংবা জ্বীনদের উপাসনা করে তারা তৃতীয় চক্ষু বা পিনাইনাল গ্রন্থিকে সক্রিয় করার জন্য সাধনা করে যেন তারা জ্বীনদের সাথে আধ্যাত্মিক জগতে যোগাযোগ করতে পারে। তাদের বিশ্বাস এই মস্তিষ্কে থাকা তৃতীয় চক্ষু/পিনাইনাল গ্রন্থি খুলে গেলে মানুষের মধ্যে শ্রবণ ক্ষমতা, দৃষ্টিশক্তি ইত্যাদি ক্ষমতার বৃদ্ধি পায় আর মানুষের সাথে থাকা ক্বারিন জ্বীন থেকে জ্ঞান লাভ করতে পারে।

তারা এই জ্ঞান লাভের মাধ্যমে নিজেদের “আলোকিত”(so-called enlightenment) মনে করে। শয়তানের সাথে যোগাযোগকৃত এইসব

আলোকিত ব্যক্তিরা অধিকাংশ সময় জ্বীন-শয়তানের আদেশে চলে। পবিত্র কুরআনে বলা হয়েছে- "আর এই যে মানুষের মধ্যের কিছু লোক জ্বীন জাতির কিছু লোকের আশ্রয় নিত, ফলে ওরা তাদের পাপাচার বাড়িয়ে দিত।" (সূরা জ্বীন, ৬) গভীর সাধনার মাধ্যমে তাদের তৃতীয় চক্ষু খুলেছে বলে দাবি করে তারা নানা ধরনের geometric shapes, পশু, স্পেসশীপ ইত্যাদি দেখতে পায়, ভবিষ্যদ্বাণী ও জ্বীনদের সাথে যোগাযোগ করতে পারে।

পৃথিবীর বিভিন্ন secret society ও অরগানাইজেশনেও এমন জ্বীনসাধনা করা হয়। ইদানীং দেশে-বিদেশে মিডিয়া আর অরগানাইজেশনগুলোর লোগোতে বিভিন্ন ধরনের পাগান ও পৌওলিকদের জ্বীনদের সাথে যোগাযোগের প্রতীক, চিহ্, সংখ্যা, ভঙ্গি ইত্যাদি ব্যবহার করতে দেখা যায় , যেমনঃ ট্রায়াঙ্গল, এক চোখের ন্যায় ইত্যাদি। এই প্রতীক ব্যবহার ইঙ্গিত করে যে বর্তমান বিশ্বের শাসক, শীর্ষধনী, বিজ্ঞানী, সেলিব্রিটিরা পাগান ও পৌওলিকদের মত পার্থিব লাভের জন্য গোপনে ও প্রকাশ্যে জাদুচর্চা ও জ্বীন-শয়তানের সাধনা করছে। জ্বীনদের কাছে সাহায্য প্রার্থনা ইসলামে "শির্ক" হিসেবে গণ্য। আল্লাহ বলেন: "নিশ্চয়ই শির্ক একটি মস্ত বড় অন্যায়" (সুরা লোকমান: ১৩)"নিশ্চয়ই আল্লাহ তা'আলা তার সাথে শির্ক করার অপরাধ ক্ষমা করবেন না। এ ছাড়া অন্য সকল গুনাহ যাকে ইচ্ছা ক্ষমা করে দিবেন" (সুরা নিসা: ৪৮)। "নিশ্চয় যে আল্লাহ'র সাথে শির্ক করবে আল্লাহ তার উপর জান্নাত হারাম করে দেবেন এবং তার ঠিকানা হবে জাহান্নাম। জালিমদের কোন সাহায্যকারী নেই।" (সূরা মায়িদাহ: ৭২) তাই মুসলমানরা প্রতি নামাযে "সুরা ফাতিহা"তে বলে "আমরা শুধুমাত্র এক আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করি"।

মুসলমানরা কেবল এক আল্লাহর উপর ভরসা করে; আল্লাহর পরিবর্তে জ্বীন-শয়তানের সাহায্য প্রার্থনা করে না। আল্লাহর ধ্বংসপ্রাপ্ত সভ্যতা যারা জ্বীন-শয়তানের

পূজা করত সেসব সভ্যতার ধ্বংসাবশেষে এখনো অভিশপ্ত জ্বীন-শয়তানেরা অবস্থান করে।ফেরাউনের মত প্রাচীন সভ্যতার কাফের শাসক যারা বিচারদিবসে বিশ্বাস করত না, তাদের মৃত্যুর পর তাদের মৃতদেহের সাথে প্রচুর পরিমাণে ধন-সম্পদ দিয়ে দেয়া হত যেন তারা পুনরায় পৃথিবীতে ফিরে আসলে তা ভোগ করতে পারে।সেসব অভিশপ্ত মৃতদেহের সাথে রাখা সম্পদগুলো এখনো পাহারা দেয় কিছু জ্বীন-শয়তানেরা। তাই যারা জ্বীন-শয়তানের উপাসনা করে তারা সমস্ত অভিশপ্ত স্থানে গিয়ে জ্বীনদের সাথে যোগাযোগের জন্য গভীর সাধনা করে যেখানে তাদের তৃতীয় চক্ষুর সক্রিয়তা বেশি থাকে।

যেমনঃ জ্বীনসাধকরা গিজার পিরামিডে গিয়ে জ্বীনদের সাথে যোগাযোগের জন্য ধ্যান করে। আল্লাহ বলেছেনঃ “তারা কি এই উদ্দেশ্যে দেশ ভ্রমণ করেনি, যাতে তারা সমঝদার হৃদয় ও শ্রবণ শক্তি সম্পন্ন কর্ণের অধিকারী হতে পারে? বস্তুতঃ চক্ষু তো অন্ধ হয় না, কিন্তু বক্ষ স্থিত অন্তরই অন্ধ হয়।” মানুষের জ্বীনদের সাহায্যের নেয়ার প্রয়োজন নেই। বরং জ্বীনদের আল্লাহ আদমকে সেজদা করার আদেশ দিয়েছিলেন। সাহায্যকারী হিসেবে একমাত্র আল্লাহই যথেষ্ট। বেশির ভাগ জাদুবিদ্যাচর্চাকারী, জ্বীন উপাসকরা বিশ্বাস করে জ্বীনরা গায়েব ও ভবিষ্যত জ্ঞানের অধিকারী যা শির্ক।আল্লাহ ব্যতীত কেউ পুরোপুরি গায়েবের খবর জানে না, এমনকি নবীরাসূলদেরও ততটুকুই জ্ঞান দেয়া হয়েছে যতটুকু আল্লাহ দিতে চেয়েছেন। কুরআনে বর্নিত আছে যে নবী সুলাইমান (আলাইহি-আস-সালাম) এর অধীনসহ জ্বীনরা নবীর মৃত্যুর পরও বুঝতে পারেনি যে সুলাইমান (আলাইহি-আস-সালাম) বহু আগেই মারা গেছেন সুতরাং জ্বীনরা সব গায়েবের যদি গায়েবের খবর জানত তবে আগেই বেহেশতে প্রবেশের দরজা দিয়ে প্রবেশ করত!

একারণে মুসলমানরা ঘুমের পূর্বে আল্লাহকে স্মরণ করে। জাবের (রাঃ) বলেন, কোন ব্যক্তি যখন তার ঘরে প্রবেশ করে অথবা তার বিছানায় আশ্রয় নেয় তখন একজন ফেরেশতা ও একটি শয়তান তার দিকে ধাবিত হয়। ফেরেশতা বলেন, কল্যাণের সাথে (তোমার দিনটি) শেষ করো, আর শয়তান বলে, অনিষ্ট সহকারে শেষ করো। অতএব সে যদি আল্লাহর প্রশংসা করে, তার যিকির করে তাহলে সে শয়তানকে বিতাড়িত করলো এবং রাতটি (আল্লাহর) হেফাজতে কাটালো।

অনুরূপভাবে সে ঘুম থেকে জাগ্রত হলে একজন ফেরেশতা ও একটি শয়তান তার দিকে ধাবিত হয় এবং তারা পূর্বানুরূপ কথা বলে। সে যদি আল্লাহকে স্মরণ করে এবং বলে, সমস্ত প্রশংসা আল্লাহর যিনি আমার মৃত্যুর পর আমার জীবনটা আমার নিকট ফিরিয়ে দিয়েছেন এবং ঘুমের মধ্যে মৃত্যুদান করেননি।সমস্ত প্রশংসা আল্লাহর, “যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীকে স্থানচ্যুত হওয়া থেকে রুখে রেখেছেন। যদি এই দুটি স্থানচ্যুত হয় তবে তিনি ছাড়া কেউই এদের প্রতিরোধ করে রাখতে পারবে না। নিশ্চয় তিনি পরম সহিষ্ণু, পরম ক্ষমাশীল” (সূরা ফাতিরঃ ৪১)।

সমস্ত প্রশংসা আল্লাহর, “যিনি আসমানকে প্রতিরোধ করে রেখেছেন যাতে তা তার অনুমতি ব্যতীত পৃথিবীর উপর পতিত হতে না পারে। নিশ্চয় আল্লাহ মানুষের প্রতি অতীব মমতাশীল, পরম দয়াময়” (সূরা হজ্জঃ ৬৫)। সে মারা গেলে শহিদী মৃত্যুবরণ করলো, অন্যথা উঠে নামায পড়লে মর্যাদাপূর্ণ নামায পড়লো। (নাসাঈ, ইবনে হিব্বান) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেনঃ ঘরে প্রবেশকালে কেউ আল্লাহকে স্মরণ না করলে সেই ঘরে শয়তান রাত যাপন করে।কোন লোক তার আহার গ্রহণকালে আল্লাহকে স্মরণ না করলে শয়তান বলে, তোমাদের রাত কাটানোর জায়গা এবং রাতের আহার উভয়ের ব্যবস্থা হয়ে গেলো। (মুসলিম, হাকিম, ইবনে হিব্বান, আবু আওয়ানা) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যেন তার বাম হাতে পানাহার না করে? কেননা শয়তান তার বাম হাতে

পানাহার করে। রাবী বলেন, নাফে (রহঃ) তাতে আরো যোগ করেন যে, বাম হাতে কিছু গ্রহণও করবে না এবং বাম হাত দ্বারা কিছু দিবেও না। (মুসলিম, আবু দাউদ, তিরমিযী)

নতুন গবেষণাও বলছে বামহাতী (left-handed) মানুষেরা ডানহাতীর চেয়ে ব্যক্তিত্ব, বিশ্বাস, আচরণ, বিবেচনায় ভিন্ন ধরনের। যারা বামহাতী তারা খেলাধুলা, মিউজিক, অঙ্কন, আর সৃজনশীলতায় বেশি পারদর্শী যেমনঃ মার্ক টোয়েন, মোৎসার্ট, নিকোলা টেসলা,বিল গেটস, লিওনার্দো দ্য ভিঞ্চি, অ্যারিস্টটলের মত ব্যক্তিরা ছিল বামহাতী যাদের cognitive ও psychological profiles ডানহাতীদের চেয়ে ভিন্ন এবং তাদের অনেকে মস্তিষ্কের উভয় বাম ও ডান hemispheres ব্যবহার করতে সক্ষম। তবে বর্তমান গবেষণা অনুযায়ী বামহাতী লোকদের মানসিক সমস্যাও ডানহাতীদের চেয়ে বেশি থাকে। বর্তমানে অনেক বিখ্যাত সেলিব্রিটি, বিজ্ঞানী, লেখক, গণিতবিদ, মিউজিশিয়ান, পরিচালক, অভিনেতা-অভিনেত্রী ও অন্যান্য অনেকেই বিশ্বাস করে জ্বীনসাধনার মাধ্যমে বেশি সৃজনশীল হওয়া যায়, নৃত্য-বাদ্যযন্ত্র-গান- গণিতে দক্ষতা অর্জন করা যায়, ও তথ্যপ্রযুক্তি সম্পর্কে আরো জ্ঞান লাভ করা যায়। আসলে জ্বীন-শয়তান মানুষকে সেই পার্থিব জ্ঞানই দেয় যা আল্লাহর স্মরণ থেকে নিজেকে দূরে রাখবে।

শয়তান আল্লাহকে বলেছিল: “আপনি আমাকে যেমন উদভ্রান্ত করেছেন, আমিও অবশ্য মানুষের জন্যে আপনার সরল পথে বসে থাকবো।এরপর তাদের কাছে আসব তাদের সামনের দিক থেকে, পেছন দিক থেকে, ডান দিক থেকে এবং বাম দিক থেকে। আপনি তাদের অধিকাংশকে কৃতজ্ঞ পাবেন না।” (সূরা আল আ’রাফ) জ্বীন-শয়তান আধ্যাত্মিক শক্তি ব্যবহার করে মানুষের জগতে প্রবেশ করে এবং সে প্রবেশ করতে পারে মানুষের মুখ, পায়ুপথ ইত্যাদির মাধ্যমে মানুষের দেহে। নবী সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম বলেন: "আল্লাহ হাঁচি পছন্দ করেন এবং হাই তোলা অপছন্দ করেন। তোমাদের কেউ হাঁচি দিয়ে আল্লাহর প্রশংসা করলে (আলহামদুলিল্লাহ বললে) এবং অপর মুসলমান ব্যক্তি তা শোনতে পেলে ইয়ারহামুকাল্লাহ (আল্লাহ তোমার প্রতি সদয় হোন) বলা তার কর্তব্য হয়ে যায়।

আর হাই উঠে শয়তানের পক্ষ থেকে। অতএব তোমাদের কারো হাই উঠলে সে যেন তার হাত দিয়ে তার মুখ চেপে ধরে। কেননা শয়তান মুখে প্রবেশ করে"। (মুসলিম, আবু দাউদ, আহমাদ, আবু আওয়ানা) তবে মানুষ ওযু করলে পানি শয়তানকে দেহ থেকে বের করে দেয়।শয়তান বন্ধ কিছুতে প্রবেশ করতে বাধাগ্রস্ত হয়। জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "তোমরা (রাতে ঘুমানোর পূর্বে) ঘরের দরজাগুলো বন্ধ করো, পানির পাত্রের মুখ ঢেকে বা বেঁধে দিও, থালাগুলো উপুড় করে রেখে বা ঢেকে দিও এবং আলো নিভিয়ে দিও। কেননা শয়তান বন্ধ দরজা খোলতে পারে না, পানির পাত্রের বন্ধ মুখ খোলতে পারে না এবং উপুড় করা বা ঢেকে দেয়া থালাও উন্মুক্ত করতে পারে না। (আলো নিভিয়ে না দিলে) দুষ্ট ইঁদুর মানুষের ঘরে আগুন লাগিয়ে দেয়"। (বুখারী, মুসলিম, তিরমিযী হাঃ ১৭৫৮)

<u>শয়তান পানি এবং বায়ুবাহিত রোগজীবাণু ত্রবং প্রাণীর বেশে আসতে পারে।</u>

ময়লা-অপরিচ্ছন্ন জায়গায় এবং যা কিছু অপবিত্র, খাঁটি নয়, নিষিদ্ধ ও বর্জিত খাদ্যের মাধ্যমে শয়তান রোগ ছড়াতে পারে। বর্তমানের বিজ্ঞানীরা আবিষ্কার করেছে অনেক রোগজীবাণু বহনকারী ভাইরাস ও ব্যাকটেরিয়া অন্য জগতে (জ্বীন জগতে) সৃষ্টি হয়েছে যা Blood rain এবং অন্যান্য কারণে মানবজগতে প্রবেশ করে। পবিত্র কুরআনে উল্লেখ করা হয়েছে আইয়ুব (আলাইহি-আস-সালাম) শয়তানের কারনে রোগে ভুগেছেন বহুদিনঃ “স্মরণ করুণ, আমার বান্দা আইয়্যুবের কথা, যখন সে

তার পালনকর্তাকে আহবান করে বললঃ শয়তান আমাকে যন্ত্রণা ও কষ্ট পৌছিয়েছে”। (Saad: 41) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "যখন তোমাদের কেউ তার ঘরের দরজার নিকট আসবে সে যেন সালাম দেয়। কারণ এতে তার সাথী শয়তান যে তার সাথে ছিল সে ফিরে যাবে।

অতঃপর তোমরা যখন তোমাদের ঘরে প্রবেশ করবে তখন সালাম দাও। কারণ ঘরের মাঝে অবস্থানকারী শয়তানরা বেরিয়ে যাবে। তোমরা যখন সফরে যাবে তখন তোমরা তোমাদের বাহনের জন্য ব্যবহৃত চতুস্পদ জন্তুর উপরে প্রথম কাপড়টি রাখার সময় বিসমিল্লাহ্ বল। তাহলে তোমাদের বাহনে শয়তান অংশীদার হতে পারবে না। আর তোমরা যদি তা না কর তাহলে শয়তান তোমাদের সাথে অংশীদার হয়ে যাবে। তোমরা যখন খাবে তখন বিসমিল্লাহ্ বল যাতে করে শয়তান তোমাদের খাদ্যের মধ্যে অংশ গ্রহণ করতে না পারে।

কারণ তোমরা যদি তা না কর তাহলে সে তোমাদের খাদ্যের মধ্যে অংশ গ্রহণ করবে। তোমরা তোমাদের ঘরে তোমাদের সাথে ময়লা আবর্জনা রেখে রাত যাপন করো না। কারণ সেগুলো হচ্ছে শয়তানের অবস্থান স্থান। তোমরা তোমাদের সাথে তোমাদের গৃহে রুমাল (যা ময়লা) রেখে রাত যাপন করো না। কারণ তা তার (শয়তান রোগবাহিত জীবাণুর) বিছানা। তোমরা পশুর পিঠের নিচের অংশের ব্যবহৃত কাপড় বিছায়ো না। তোমরা বাড়ির (দরজা) বন্ধ না করে বাস কর না। না-ঘেরা ছাদের উপর তোমরা রাত যাপন করো না। তোমরা যখন কুকুরের ডাক শুনবে অথবা গাধার আওয়াজ শুনবে তখন (শয়তান হতে) আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করবে। কারণ একমাত্র শয়তানকে দেখেই গাধা আওয়াজ করে আর কুকুর ডাকে।"

শয়তান পশুপাখি কিংবা মানুষ যে কারো আকার, রূপ বা বেশেই আসতে পারে। আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে একটি কবুতরের পিছু ধাওয়া করতে দেখলেন। তিনি বলেনঃ "এক শয়তান আরেক

শয়তানের পিছে লেগেছে"। (আবু দাউদ, ইবনে মাজাহ, মুসনাদ আহমাদ) জ্বীন-শয়তান বদরের যুদ্ধের সময় মক্কার কুরাইশদের কাছে বনু কিনানাহর সর্দার সূরাক্বা ইবনে যুশাম এর আকার ধরে গিয়ে তাদেরকে রাসুল (সঃ) এর বিরুদ্ধে যুদ্ধ করার প্ররোচনা দিয়েছিল। (ইবনে কাসীর, আল বিদায়া ওয়াল নিহায়া, ৫/৬২)

আমাদের চারপাশের মানুষের মধ্যে কারো কারো সঙ্গী শয়তান আবার কারো কারো সঙ্গী ফেরেশতা।

যাদের সঙ্গী শয়তান তারা নিজেরাও অন্য মানুষকে পাপ কাজে কুমন্ত্রণা দেয়। গানবাজনা, অহেতুক হাসিতামাশা, গীবত, অপ্রয়োজনীয় কথা (বাচলতা), অহেতুক আলাপ, আল্লাহর আদেশের বিরুদ্ধাচারন, সৃষ্টিশীল-সৃজনশীল কর্ম দ্বারা মানুষকে মোহিত বা আকৃষ্ট করার চেষ্টা, নিষিদ্ধ কাজ-এসবের কাছাকাছি থাকে তারা যাদের সঙ্গী শয়তান। উম্মু আলকামা (রহঃ) থেকে বর্ণিত। আয়েশা (রাঃ)-র ভ্রাতুষ্পুত্রীদের খতনায় এক গায়ককে ডেকে পাঠানো হলো। আয়েশা (রাঃ) ঘরে প্রবেশ করে তাকে মাথার পর্যাপ্ত চুল ঝাকড়িয়ে গীত পরিবেশন করতে দেখেন।আয়েশা (রাঃ) বলেন, "আহ! এ(গায়ক) একজন শয়তান, একে বের করে দাও, একে বের করে দাও!" (আল-আদাবুল মুফরাদ ১২৫৯) যারা অধিকারভুক্ত নারী ও স্ত্রী ব্যতীত অন্য নারীর সাথে দেখা করে তাদের সঙ্গী শয়তান। “তারা আল্লাহকে পরিত্যাগ করে শুধু নারীর আরাধনা করে এবং শুধু অবাধ্য শয়তানের পূজা করে।” (An-Nisaa: 117) জাবির বর্ণনা করেন যে, মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন: “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ওয়াসায়াম বলেছেনঃ “যাদের স্বামী উপস্থিত নেই, সে সকল মহিলাদের নিকট তোমরা যেও না। কেননা, তোমাদের সকলের মাঝেই শয়তান রক্তের ন্যায় বিচরণ করে ...” (জামে’ আত-তিরমিজি; হাদিস নং: ১১৭২)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেনঃ "তোমাদের মধ্যে যে ব্যক্তি জান্নাতের প্রশস্ততম জায়গা পেতে চায় সে যেন জামায়াতের সাথে থাকে। কেননা যে একাকী থাকে, শয়তান তারই সঙ্গী হয় এবং সে (শয়তান) দু'জন থেকে অধিকতর দূরে থাকে। কোন পুরুষ যেন কোন নারীর সাথে একাকী সাক্ষাত না করে। কেননা সেখানে শয়তান হয় তাদের তৃতীয় ব্যক্তি (যে যিনা করতে উদ্বুদ্ধ করে)। আর তোমাদের মধ্যে যে ব্যক্তিকে তার ভালো কাজ আনন্দ দেয় এবং তার মন্দ কাজ দুঃখ দেয়, সেই মুমিন"।[ইবনু হিব্বান, ইবনু মাজাহ]

মানুষ তার চারপাশের মানুষ দেখে শিখে তাই বর্তমানে মানুষের সঙ্গী "টেলিভিশন" ও "ইন্টারনেট"- তার শিক্ষা ও কর্মে ব্যপক প্রভাব ফেলছে। বর্তমানের স্রেলিবিটিরা গান, সিনেমা ও মিউজিক ভিডিওতে নানা ধরনের জ্বীন উপাসকদের মত প্রতীক, প্রতিমা ব্যবহার করে এবং মানুষকে নিষিদ্ধ কাজ করতে উৎসাহিত করে। আল্লাহ বলেছেন: "হে মুমিনগণ, এই যে মদ, জুয়া, প্রতিমা এবং ভাগ্য-নির্ধারক শরসমূহ এসব শয়তানের অপবিত্র কার্য বৈ তো নয়।

অতএব, এগুলো থেকে বেঁচে থাক-যাতে তোমরা কল্যাণপ্রাপ্ত হও।" (Al-Maaida: 90) "শয়তান তো চায়, মদ ও জুয়ার মাধ্যমে তোমাদের পরস্পরের মাঝে শুত্রুতা ও বিদ্বেষ সঞ্চারিত করে দিতে এবং আল্লাহর স্মরণ ও সালাত থেকে তোমাদেরকে বিরত রাখতে। অতএব, তোমরা এখন ও কি নিবৃত্ত হবে?" (Al-Maaida: 91) "এই কানাঘুষা তো শয়তানের কাজ; মুমিনদেরকে দুঃখ দেয়ার দেয়ার জন্যে। তবে আল্লাহর অনুমতি ব্যতীত সে তাদের কোন ক্ষতি করতে পারবে না। মুমিনদের উচিত আল্লাহর উপর ভরসা করা"। (Al-Mujaadila: 10) এজন্য মুসলমানদের বন্ধু নির্বাচনে শুধুমাত্র এমন ব্যক্তিকেই নির্বাচন করা উচিত যে আল্লাহর বাধ্য। প্রতি সালাতে মুসলমানরা আল্লাহর সাথে প্রতিজ্ঞা করে আল্লাহর অবাধ্য কারো সাথে কোন সম্পর্ক তারা রাখবে না। আল্লাহ বলেছেন: "তোমরা অনুসরণ কর,

যা তোমাদের প্রতি পালনকর্তার পক্ষ থেকে অবতীর্ণ হয়েছে এবং আল্লাহকে বাদ দিয়ে অন্য বন্ধুদের অনুসরণ করো না।”(সুরা আরাফ) তবে যে মানুষ আল্লাহর কাছে নিজের ইচ্ছাকে আত্মসমর্পণ করে দেয় তখন তার সাথে থাকা শয়তান সরে পড়ে এবং ফেরেশতা সঙ্গী নিযুক্ত হয়।যতক্ষণ না মানুষ খারাপ সঙ্গী আর ক্ষতিকর জিনিসকে না বর্জন করবে ততক্ষণ পর্যন্ত মানুষ কোনটা ভালো আর কোনটা মন্দ তা উপলব্ধি করতে পারবে না। সহিহ বুখারী (৫০১০) হাদিসে উল্লেখ করা হয়েছে- “যে আয়াতুল কুরসী পড়বে, আল্লাহ তা’আলা তার জন্য একজন প্রহরী (ফেরেশতা) নিযুক্ত করে দিবেন এবং কোন পুরুষ এবং নারী জ্বীন-শয়তান তার কাছে আসতে পারবে না।”

“বলুন, আমি আশ্রয় গ্রহণ করিতেছি মানুষের পালনকর্তার, মানুষের অধিপতির, মানুষের মা’বুদের, তার(শয়তান) অনিষ্ট থেকে, যে কুমন্ত্রণা দেয় ও আত্নগোপন করে, যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে জ্বিনের মধ্য থেকে অথবা মানুষের মধ্য থেকে।” (সূরা নাস)

হাত এবং যবান দ্বারা শয়তান মানুষকে বেশি পাপ করায় তাই হাত ও যবান ব্যবহারের পূর্বে মানুষকে অন্তর দিয়ে বিবেচনা করা প্রয়োজন। ইয়াদ ইবনে হিমার (রাঃ) বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! এক ব্যক্তি আমাকে গালাগালি করে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "যারা একে অপরকে গালি দেয় তারা দুইটি শয়তান, তারা বাজে কথা বলে এবং তারা মিথ্যুক "(ইবনে হিব্বান; আল-আদাবুল মুফরাদ ৪২৮) শয়তান মানুষকে শিরক করতে উৎসাহিত করে।সকল প্রশংসা একমাত্র আল্লাহর। শয়তানের প্ররোচনায় একজন মানুষ আরেকজন মানুষকে খুশি করার উদ্দেশ্যে অতিরিক্ত প্রশংসা করে যা শিরকসরূপ। মুতাররিফ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা বললেন, আমি আমের গোত্রের প্রতিনিধি দলের সাথে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গেলাম। লোকেরা

(রাসূলকে) বললো, আপনি আমাদের সাইয়েদ (নেতা)। রাসূল সা: বললেনঃ সাইয়েদ তো হচ্ছেন আল্লাহ। লোকেরা বললো, আপনি আমাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ এবং সবচেয়ে বড়। রাবী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা নিজেদের কথা বলো এবং শয়তান যেন তোমাদের মধ্যে অনুপ্রবেশ না করতে পারে (আবু দাউদ, নাসাঈ, আহমাদ; আল-আদাবুল মুফরাদআল-আদাবুল মুফরাদ, হাদিস নাম্বার:২১০) "বলুনঃ হে আমার পালনকর্তা! আমি শয়তানের প্ররোচনা থেকে আপনার আশ্রয় প্রার্থনা করি,এবং হে আমার পালনকর্তা! আমার নিকট তাদের উপস্থিতি থেকে আপনার আশ্রয় প্রার্থনা করি।" (সূরা আল-মু'মিনূন; আয়াত: ৯৭-৯৮)

আবুল আহওয়াস (রহঃ) বলেন, আবদুল্লাহ (রাঃ) বলেছেন, আল্লাহর যিকির করলে শয়তানের পক্ষ থেকে ঘুম এসে যাবে। তোমরা চাইলে অনুশীলন করে দেখতে পারো। তোমাদের কেউ যখন শয্যাগত হয়ে ঘুমাতে ইচ্ছা করে তখন সে যেন মহামহিম আল্লাহর যিকির করে। (বুখারী, মুসলিম, আবু দাউদ) একপ্রকার শয়তান জ্বীন (ওলহান) মানুষকে ওযুর সময় ওয়াসওয়াসা দেয় যেন তারা ওযুতে ভুল করে বেশি। আযান শোনার পর সালাত আদায় করতে ভুলিয়ে দেয়ার জন্য পার্থিব চিন্তায় ব্যস্ত রাখে শয়তান। আবার নামায পড়ার সময় একদল শয়তান (খানজাব) সালাতে আদায়কারীর কাছাকাছি হাজির হয় এবং তাকে পার্থিব বিষয়াদি স্মরণ করিয়ে এক আল্লাহর প্রতি মনোনিবেশে বাধা দেয়। ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ও ইসহাক ইবনু মানসূর (রহঃ) ... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, গতরাতে একটি দুষ্ট জ্বীন আমার সালাত (নামায) নষ্ট করার জন্য হানা দিয়েছিল। কিন্তু আল্লাহ তাকে আমার আয়ত্তাধীন করে দিলেন। আমি তার ঘাড় মটকিয়ে দিলাম। আমার ইচ্ছা হয়েছিল যে, তাকে মসজিদের কোনও একটি খুঁটির সাথে বেঁধে রাখি। যাতে তোমরা সবাই ভোর বেলা

তাকে দেখতে পাও। পরে আমার ভাই সুলায়মানের প্রার্থনা মনে পড়ে গেল। তিনি প্রার্থনা করেছিলেন- "হে আমার রব! আমাকে ক্ষমা কর এবং আমাকে এমন রাজত্ব দান কর যা আমার পর অন্য কেউ না পায়।" এরপর আল্লাহ তাকে (দুষ্ট জ্বীনকে) লাঞ্ছিত করে বিতাড়িত করলেন। [সহীহ মুসলিম, হাদিস নাম্বার:১০৯২]

নবী সুলায়মান (আলাইহি-আস-সালাম)কে আল্লাহ এমন এক সাম্রাজ্য দান করেছিলেন যা অন্য কোন রাজাকে দেয়া হননি। হযরত সুলায়মান (আলাইহি-আস-সালাম) আল্লাহর দেয়া ক্ষমতা দিয়ে মেঘ ও বাতাসকেও নিয়ন্ত্রণ করেতে পারতেন। তিনি জাদুচর্চা বা জ্বীনদের উপাসনা করেন নি। আল্লাহ জ্বীনদের নবী সুলায়মান (আলাইহি-আস-সালাম) এর অনুগত করে দিয়েছিলেন যারা তাকে বিভিন্ন কাজে সহযোগীতা করত। যেমন: এক স্থান থেকে অন্য স্থানে অল্প সময়ে যাতায়াত করা, মসজিদ তৈরি করা ইত্যাদি। আল্লাহ বলেছেন: "আর সকল শয়তানকে তার(নবী সুলায়মান আলাইহি-আস-সালাম এর) অধীন করে দিলাম অর্থাৎ, যারা ছিল প্রাসাদ নির্মাণকারী ও ডুবুরী।" (Saad: 37)

একটি কাহিনী প্রচলিত আছে যে নবী সুলায়মান (আলাইহি-আস-সালাম) এর একটি আংটি ছিল যা পড়লে তিনি দৃশ্যমান জগত থেকে জীনদের অদৃশ্যমান জগতে প্রবেশ করতে পারতেন, পশুপাখির কথা বুঝতে পারতেন।

একবার নবী সুলায়মান (আলাইহি-আস-সালাম) তার সেই আংটি তার অধীনস্থ ও বিশ্বস্ত এক সঙ্গীর কাছে দিয়ে গোসলখানায় যান, তখন এক শয়তান নবী সুলায়মান-এর বেশে হাজির হয়ে সেই সঙ্গীর কাছ থেকে সুলায়মান নবীর আংটি নিয়ে নিজের আঙুলে পড়ে। তারপর সেই শয়তান সুলায়মান (আলাইহি-আস-সালাম) এর সিংহাসনে বসে নিজেকে রাজা সুলায়মান বলে দাবি করে। পবিত্র কুরআনে আল্লাহপাক বলেছেনঃ "অনুরূপভাবে আমি প্রত্যেক নবীর জন্য শত্রু স্থির করেছি –

মানুষ-শয়তান ও জ্বীন-শয়তান"। (সূরা আন'আম, আয়াত ১১২) যখন সত্যিকারের সুলায়মান নবী গোসলখানা থেকে বের হয়ে বুঝতে পারেন তার সিংহাসনে যে বসে আছে সে আসলে শয়তান তখন নবী সবাইকে বললেও সবাই সত্যিকারের সুলায়মান (আলাইহি-আস-সালাম) কে পাগল ভাবে আর শয়তানকে সবাই সুলায়মান রাজা হিসেবে বিশ্বাস করে৷

কুরআনে আছে নবী সুলায়মান (আলাইহি-আস-সালাম) তার সিংহাসনে একটি দেহ (নবী সুলায়মান -এর রূপ ধারণ করা শয়তান) দেখে অস্বস্তি বোধ করে৷ সুলায়মান আ:-এর রূপ ধারণ করা শয়তান রাজ্যশাসন শুরু করে এবং সত্যিকারের সুলায়মান আ: -কে রাজ্য থেকে বিতাড়িত করে৷ সুলায়মান (আলাইহি-আস-সালাম) এর বেশে সেই শয়তান স্রামাজ্যের মানুষকে জাদুচর্চায় উৎসাহিত করে আর তাই কুরআনে আছে, "সুলায়মান (আল্লাহর প্রতি) অবিশ্বাসী ছিল না; অবিশ্বাসী ছিল শয়তান৷" সুলায়মান (আলাইহি-আস-সালাম) এর বেশধারী শয়তান ম্যাজিক শেখানোর কারনে কিছু পাগান- পৌত্তলিক এবং ইহুদিরা বিশ্বাস করে যে রাজা সুলায়মান শয়তানের (Asmodeus) সাহায্য নিয়ে জাদুচর্চা করত৷

ইহুদিরা সেই জাদুবিদ্যার বইগুলোকে চর্চা করত৷ আল্লাহ বলেছেনঃ "তারা ঐ শাস্ত্রের অনুসরণ করল, যা সুলায়মানের রাজত্ব কালে শয়তানরা আবৃত্তি করত৷...যা তাদের ক্ষতি করে এবং উপকার না করে, তারা তাই শিখে৷ তারা ভালরূপে জানে যে, যে কেউ জাদু অবলম্বন করে, তার জন্য পরকালে কোন অংশ নেই৷ যার বিনিময়ে তারা আত্নবিক্রয় করেছে, তা খুবই মন্দ যদি তারা জানত৷" (সূরা আল বাক্বারাহ, 102) পরে সুলায়মান (আলাইহি-আস-সালাম) এর আংটিটি হারিয়ে যায় এবং একটি মাছ তা গিলে ফেলে৷ সুলায়মান (আলাইহি-আস-সালাম) আল্লাহর কাছে দোয়া করতে থাকেন তার হারানো সাম্রাজ্য ফিরে পাওয়ার জন্য৷ সুলায়মান (আলাইহি-আস-

সালাম) রাজ্য হারিয়ে সমুদ্রতীরে একাকী বসবাস শুরু করেন এবং এভাবে চল্লিশ দিন অতিবাহিত হয়। একদিন এক মৎস্যজীবী তাকে একটি মাছ দেন।

তিনি মাছের পেটে এসমে আজমখচিত তার আংটিটি পান। তখন তিনি আবার তার রাজ্য নিজের হস্তগত করেন এবং ওই শয়তান জ্বীনকে একটি বিশেষ পাত্রে আবদ্ধ করে গভীর সমুদ্রে নিক্ষেপ করেন। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সুলায়মান (আলাইহি-আস-সালাম) এর মত সমস্ত নবীকে পরীক্ষা করেছিলেন। সুলায়মান (আলাইহি-আস-সালাম) এর অবর্তমানে শয়তানের পৃষ্ঠপোষকতায় রাজ্যের মানুষ জাদুবিদ্যা চর্চা শুরু করেছিল তাই নবী সুলায়মান (আলাইহি-আস-সালাম) আবার ক্ষমতায় এসে রাজ্যের সব জাদুবিদ্যার বই সংগ্রহ করে লুকিয়ে রাখেন তার সিংহাসনের মাটির নিচে এবং তিনি রাজ্যের জাদুচর্চাকারীদের মৃত্যুদন্ড দেয়ার আদেশ করছিলেন।

আর সেসময় কিছু অমুসলিমরা বিশ্বাস করত নবী সুলায়মান (আলাইহি-আস-সালাম) জাদুচর্চার মাধ্যমে জ্বীনদের নিয়ন্ত্রণ করতেন যা সত্যি নয়। নবী সুলায়মানের মৃত্যুর পর আবার রাজ্যে সেসব জাদুবিদ্যা চর্চা শুরু হয়।সেসব জাদুবিদ্যার বই তারপর বংশপরম্পরায় বিভিন্ন secrect societyতে প্র্যাকটিস করা হত। প্রশ্ন হল আংটিটি এখন কার কাছে?

জ্বীন জাতির বিস্ময়কর ইতিহাস (সংক্ষেপিত):

জ্বীন জাতি সম্পর্কে অনেকেরই আগ্রহ। জ্বীনরা কেমন কি খায়, তাদের জীবন যাত্রা কিরকম। বিশেষ করে আল-কোরানে সূরা জ্বীন নাযিল হবার পর সাহাবীদেরও জ্বীনদের প্রতি কৌতূহল দেখা গিয়েছিল। আমি এখানে মুসলিম বিশ্বের প্রবাদ পুরুষ

তাফসীরে জালালাইনের সম্মানিত লেখক 'আল্লামা জালালুদ্দিন সুয়ূতি (রহঃ)' জ্বীন জাতিকে নিয়ে উনার লেখা "**লাক্বতুল মারজ্বানি ফী আহকামিল জ্বান্**" নামক আরবী গ্রন্থের বাংলা অনুবাদ "জ্বীন জ্বাতির বিস্ময়কর ইতিহাস" বইটি থেকে ও আরো কিছু সহীহ হাদীস থেকে জ্বীন জাতি সম্পর্কে কিছু লেখার চেষ্টা করব।

জ্বীনদের শরীর মূলত খুব সূক্ষাতি সূক্ষ। জ্বীনরা চাইলে যেকোন কঠিন পদার্থের বাধা অতিক্রম করতে পারে। জ্বীন দের কে আল্লাহপাক বিশেষ কিছু কথা ও কাজ শিখিয়ে দিয়েছেন যার দ্বারা জ্বীনরা চাইলে এক আকার থেকে আরেক আকারে রূপান্তরিত হতে পারে। তবে জ্বীন দের কাছে সবচেয়ে প্রিয় আকার হল সাপের আকার। জ্বীনরা বেশিরভাগ সময় সাপের আকারে চলাফেরা করতে পছন্দ করে। জ্বীনদের খাবার হল শুকনা হাড় ও গোবর। সহীহ হাদীসে শুকনা হাড় ও গোবর দ্বারা এসেঞ্জা করতে নিষেধ করা আছে। হাদিসে বলা হয়েছে এ দুটা হল জ্বীনদের খাবার। জ্বীন দের সাথে মানুষের বিয়ে হওয়া সম্ভব। সহীহ হাদিসে বলা আছে যে রাণী বিলকিসের পিতা মাতার মধ্যে একজন ছিল জ্বীন। তবে জ্বীনদের সাথে মানুষের বিয়ে হালাল না হারাম এ নিয়ে আলেমদের মাঝে মতবিরোধ আছে। তবে বেশিরভাগ আলেমদের মতে জ্বীন বিয়ে করা মাকরুহ। অনেক অন্ধ বুযুর্গ জ্বীন মেয়েকে বিয়ে করেছেন যেন সফরে ঐ বুযুর্গের হাটা চলায় সুবিধা হয়। তবে জ্বীনরা যদি চায় তাইলেই মানুষ জ্বিনদেরকে দেখতে পারে। জ্বীন দের সাথে মানুষের উটাবসা, বিয়ে শাদি এটা পুরাটাই জ্বীনদের ইচ্ছা। মানুষের মাঝে যেমন বিভিন্ন ফেরকা, মাযহাব আছে ঠিক তেমনি জ্বীন দের মাঝেও বিভিন্ন দল মত আছে।
অনেক জ্বীন সাহাবী ছিলেন। সীরাতে ইবনে হিশামে বর্ণিত আছে যে রাসুলুল্লাহ সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লামের মৃত্যুর পরে প্রথমে ফেরেশতারা এসে রাসুলুল্লাহ সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম কে সালাম দেয় এরপরে জ্বীনেরা এসে রাসুলুল্লাহ সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম কে সালাম দেয়।

জ্বীনকে_বশে_আনার_কৌশলঃ

কোরআন হাদিস দ্বারা জীনের অস্তিত্ব এবং উপকার অপকারের কথা প্রমাণিত। "তাদের অবস্থান বাথরুম,কবরস্থান,সমুদ্র হয়ে থাকে।"(আবু দাউদ ১ম খন্ড ৪/৬ নং পৃষ্ঠা,হায়াতুল হাইওয়ান)।

তাদের স্ত্রী লিঙ্গধারীদের কে পরী বলা হয়।পরীরা ছেলে মেয়েদেরকে তাদের স্হানে নিয়ে যাওয়ার সত্যতা পাওয়া যায়।

জীনদেরকে বশে আনা সম্ভব তবে পন্থাটা ভিন্ন রকম। আমাদের সমাজে জ্বীন বশে আনার কিছু প্রচলিত নিয়ম আছে যেমন:

কেউ কেউ বলে সুরা জ্বীন গভীর রাতে 7 বার পাঠ করে ঘুমালে পর দিন জ্বীন তার সাথে দেখা দেয়।

এরকম আরও আছে যে, সুরা জ্বীন একবারে 300 বার পাঠ করলে জ্বীনের বাদশা ঐ ব্যক্তির গোলাম হয়ে যায়।

এছাড়াও বিভিন্ন তাবিজের বইতে দেখা যায় বিভিন্ন আয়াত লেখা থাকে এবং সেই আয়াত মেস্ক জাফরানের কালি দ্বারা সাদা কাপড়ে লিখে সেই কাপড় আগুনে পোরালে নাকি জ্বীন এবং পরী বশে আসতে বাধ্য।

সত্যি বলতে কি, এভাবে কখনো জ্বীন বশে আসে না। এই পন্থাগুলো অবলম্বন করে নিজে নিজে বশে আনার চেষ্টা করা মানে নিজের মৃত্যুকে নিজে ডেকে আনা।

এই জন্য একজন জীন সাধক বা তাবিজ প্রদানকারী আলেম থেকে অনুমতি আনতে হবে এবং তার বাতলে দেয়া পন্থায় সাধনা করতে হবে। যখন তারা বশে চলে আসে তখন সে ঐ ব্যক্তির ভিতর দিয়ে হাজির হতে পারে।

মনে রাখতে হবে,মানুষের রক্তের সাথে জীনরা মিশতে পারে।

বিধায় অস্বীকার করার কোনো সুযোগ নেই।

সূরা জ্বীনের শানেনুজুল এবং এর তাফসীর পড়লে পরিষ্কার হয়ে যাবে, হযরত সুলাইমান আঃ এর বশে জ্বীন ছিলো।

মিশকাত শরীফে উল্লেখিত রাসূল (সাঃ) এর জামানার একটি বাচ্চার ঘটনা আছে, যার জ্বীন বশে ছিলো এবং রাসুল (সাঃ) ও মেনে নিয়েছিলেন।
সুতরাং, জীনকে বশে আনা যায়না ইহা স্রেফ মনগড়া কথা।

 # জ্বীন_জাতির_স্থায়ী_বসতি_কোথায়ঃ

ইবনে কাসিম বলেন,
একবার কাইম বিল হারিস (রা:) এর চাচার এক নিকট বন্ধুর বাণিজ্য সহকারীর জ্যেষ্ঠ ভ্রাতার স্ত্রীর ভ্রাতুষ্পুত্র রাসূলুল্লাহ (সাঃ) কে জিজ্ঞাসা করেন,
ইয়া রাসূলুল্লাহ, জ্বীন জাতির স্থায়ী বসতি কোথায়?
উত্তরে রাসূলুল্লাহ (সাঃ) বলেন, সন্ধ্যায় যে তারকাকে পশ্চিম আসমানে এবং ভোর রাত্রিতে পুনরায় পূর্ব আসমানের দিকে উদিত হইতে দেখা যায় সেই তারকাতেই জ্বীন জাতির স্থায়ী বসতি।
উল্লেখিত হাদিস শরিফ থেকে ইহাই প্রমাণিত হয় যে আধুনিক বিজ্ঞানীদের এলিয়েনের ধারণাই রাসূলুল্লাহ (সাঃ) কোরআনের আলোকে ১৪০০ বছর আগেই জীন হিসাবে উল্লেখ করে গিয়েছেন।

#হিজড়া_জন্মায়_কিভাবে

হযরত ইবনে আববাস (রাঃ) বলেছেন হিজড়া জ্বীন দের সন্তান। জনৈক ব্যক্তি তাকে জিগ্গেস করলো এরকম কিভাবে হতে পারে? তিনি উত্তরে বলেন -আল্লাহ ও তাঁর রাসুল নিষেধ করেছেন যাতে কেউ তার স্ত্রীর সাথে মাসিক চলাকালে সঙম না করে কারন তখন শয়তান আগে থাকে , এবং ঐ শয়তানের দ্বারা ঐ মহিলা গর্ভবতী হয়ে হিজড়া সন্তান প্রসব করে।
জ্বীন জাতির মাঝে নবী রাসূল এসে ছিল কিনা এটা নিয়ে অনেকেরই আগ্রহ। এ ব্যাপারে আল-কোরআনে সূরা আনআমের ১৩০ নং আয়াতে স্পষ্ট করে বলা হয়েছে

যে আল্লাহ সুবহানাতায়ালা বলেছেন, আমি জ্বীন ও মানুষ উভয়ের মাঝে নবী রাসূল প্রেরন করেছি তাদের মাঝ থেকে যারা তাদের আল্লাহর বাণী পৌঁছে দিয়েছিল। তাহলে এখন জ্বীনদের নবী রাসূল কারা ? আদম (আঃ) এর আগমনের পূর্বে থেকেই জ্বীনরা পৃথিবীতে বসবাস করতো। ঐ সময় তাদের মাঝেও আল্লাহর বিধি বিধান নাযিল হত। তাই জ্বীনদের মাঝে জ্বীনদের কাছ থেকেই নবী রাসূল এসেছে এতে কোন সন্দেহ নেই। সৌদি আরব থেকে প্রকাশিত আল-কোরআনের যে বাংলা অনুবাদ ও তাফসীর এক খন্ডে এক সময় বাংলাদেশে দেয়া হয়েছিল বিনামূল্যে এটা হল তাফসীরে মাআরেফুল কোরআন। আপনি যে কোন মসজিদে বা পাবলিক লাইব্রেরীতে এই অখন্ড তাফসীর গ্রন্থটা পাবেন। তাফসীরে মা'আরেফুল কোরআনের ৪১৩-৪১৪ নং পৃষ্টায় সূরা আনআমের ১৩০ নং আয়াতের ব্যাখ্যায় যা বলা হয়েছে তা হল ভারত বর্ষের হিন্দুরা বলে তাদের ধর্ম গ্রন্থ বেদের ইতিহাস হাজার হাজার বছরের পুরানো। বেদে একেশ্বরবাদের কথা বলা হয়েছে। আল্লাহ, মুহাম্মাদ এই শব্দ গুলিও বেদে আছে। হিন্দুরা যাদের পূজা করে এই সব দেবতাদের রয়েছে অনেক গুলি হাত পা, হাতির মত শুড়, অনেক গুলি চোখ। জ্বীন দের পক্ষে এরকম আকৃতি ধারন করা কোন ব্যাপারই না। দূর্গা, কালি, গণেশ এরা হতে পারে জ্বীন। হয়ত জ্বীনদের মাঝে থেকে এসব আকৃতির নবী হিসাবে কেউ এসেছিল। কালের বিবর্তনে মানুষ বা অন্য জ্বীনেরা তাদেরকেই পূজা শুরু করে। ঠিক অনেকটা হযরত ঈসা (আঃ)-এর মত। খ্রিষ্টানরা যেমন ঈসাকে আল্লাহর ছেলে বানিয়েছে (নাউযুবিল্লাহ) জাহেলিয়াতের যুগে আরবরাও বিভিন্ন জ্বীনের মূর্তি বানিয়ে পূজা করত। ইসলাম আসার পর ঐ জ্বীনেরা মুসলমানরা হলেও ঐ কাফেররা কিন্তু তাও ঐ জ্বীনের পূজা করত। জ্বীনরা সাধারন ১৫০০-২০০০ বছর পর্যন্ত বাঁচে। আপনারা যে কোন প্রকাশনী থেকে প্রকাশিত তাফসীরে মা আরেফুল কোরআনে সূরা আন আমের ১৩০ নং আয়াতের তাফসীর দেখলেই জ্বীনদের নবী রাসূল সম্পর্কে এসব তথ্য খুজে পাবেন। তবে শেষ

নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আসার পর ঐ সব নবী রাসূল বা আগের ধর্ম গ্রন্থের বিধিবিধান রহিত হয়ে গেছে। এখন শুধু ইসলামের কথাই মানতে হবে। সাহাবীরা যখন ইরাক,ইরান,সিরিয়া প্রভৃতি দেশ জয় করতে জিহাদে অংশ গ্রহন করেছিলেন তখন অনেক জ্বীন সাহাবীও ঐ জিহাদে অংশগ্রহন করেছিল। দেখা গেছে যে সাহাবীরা সর্ব সাকুল্যে মাত্র ১০০০০ আর কাফেররা প্রায় ২ লাখের মত। তাও দেখা গেছে ঐ সব জিহাদে কাফের সৈন্যরা দাড়াতেই পারেনি। সেই সময় জ্বীন সাহাবীরা অসাধারন বীরত্ব প্রদর্শন করেছিল।

বিজ্ঞানের দৃষ্টিতে ব্যাখাঃ

আধুনিক পদার্থ বিজ্ঞান জ্বিন জাতির অস্তিত্ব অস্বিকার করে না। অস্বিকার করার মত কোন যুক্তি বা মতবাদও আজ পর্যন্ত প্রতিষ্ঠিত হয়নি। বরং **এ্যান্টি ম্যাটার** সম্পর্কে মানুষের জ্ঞান যত বৃদ্ধি পাচ্ছে জ্বিনের অস্তিত্বের পক্ষে যুক্তি ততই প্রগাড় হচ্ছে।

আসুন জানি এ্যান্টি ম্যাটার কিঃ

পৃথিবীতে যেমন বস্তু রয়েছে। তেমনভাবে অবস্তুও থাকতে পারে। আসুন দেখি এন্টিম্যাটার সম্পর্কে উইকিতে কি বলা হয়েছেঃ

“**পার্টিক্যাল ফিজিক্সে** এ্যান্টি ম্যাটারেরর ধারণা প্রতিপদার্থের ধারণা রুপ নিয়েছে। ধারণা করা হয়েছে যেভাবে কণা দ্বারা পদার্থ গঠিত হয় ঠিক তেমনিভাবে প্রতিকণা দ্বারা প্রতিপদার্থ গঠিত হয়। উদাহরণস্বরুপ, একটি **প্রতিইলেকট্রন (পজিট্রন)** এবং একটি **প্রতিপ্রোটন** মিলিত হয়ে গঠন করে একটি **প্রতিহাইড্রোজেন পরমাণু,** যেমন করে একটি **ইলকট্রন** ও **প্রোটন** মিলে তৈরি করে একটি **হাইড্রোজেন পরমাণু।** উপরন্তু কণা এবং প্রতিকণা মিলিত হলে যেভাবে পূর্ণবিলয়ের মাধ্যমে সকল শক্তি বিমুক্ত হয়, তেমনি পদার্থ এবং প্রতিপদার্থের মিলনে পূর্ণবিলয়ের সৃষ্টি

হয় বলে ধারণা করা হয়েছে। এ ধরণের পূর্ণবিলয়ের ফলে প্রকৃতপক্ষে উচ্চ শক্তির **ফোটন (গামা রশ্মি)** এবং বহু কণা–প্রতিকণা জোড়ার সৃষ্টি হয়। এই পূর্ণবিলয়ে বিমুক্‌ত কণাগুলোর মধ্যে বিপুল পরিমাণ শক্তি থাকে। এই শক্তির মান পূর্ণবিলয়ের ফলে সৃষ্ট বস্তুসমূহের নিশ্চল ভর এবং মূল পদার্থ–প্রতিপদার্থ জোড়ার অন্তর্ভুক্ত বস্তুসমূহের নিশ্চল ভরের পার্থক্যের সমান। ” (en. wikipedia. org/wiki/Antimatter)

অর্থাৎ আমাদের মহাবিশ্বে যত পার্টিক্যাল আছে ঠিক তত পরিমান **এ্যন্টি পার্টিক্যাল** আছে। **শক্তির নিত্যতা** সূত্রানুযায়ী।

এ্যান্টিপার্টিকেল অদৃশ্য। এগুলোর মুভমেন্ট কোন যন্ত্র দ্বারা পর্যবেক্ষন করা যায় না। কিন্তু বিজ্ঞান এগুলোর অস্তিত্বকে অস্বিকার করতে পারছে না।

পৃথিবীতে ৬৫০ কোটি মানুষ আছে। এ্যান্টি পার্টিকেল থিওরি অনুযায়ী প্রতিটি মানুষের জন্যে একটি করে প্রতিমানুষ থাকলে সেগুলোর সংখ্যা হবে ৬৫০ কোটি। এগুলো মানুষের মতই কিন্তু অদৃশ্য।

এগুলোকেই জ্বিন বলা হয় যা বিজ্ঞান সম্মত বললে কি খুব বড় ভুল হবে?।

খুব কম মানুষই তার চোখে 60-৭০ ডিগ্রি পর্যন্ত দেখতে পারে এবং যা সেকেন্ডে প্রায় ১৫০ টি ফ্রেমের সমান। এর বেশী গতির বস্তু মানুষ দেখতে অপারগ। অপর দিকে মানুষ দৃষ্টির তরঙ্গদৈর্ঘ্য 390 to 700 nm সীমার মধ্যে আলো দেখতে পায় যাকে ফ্রিকুয়েন্সীও বলে যা 430-770 THz এর একটি ব্যান্ড এর অনুরূপ। আমরা ১২০ ডেসিবল পর্যন্ত শব্দ শুনতে পাই। তাই আমরা অনায়াসেই বলে দিতে পারি যে জ্বীনের অস্তিত্ব আছে। যারা ঐ সীমা বা তার বেশী সীমায় চলাফেরা করে।

গুগল করে জানতে পারলামঃ

মানুষের দৃষ্টির গতি সীমা কত?

মানুষের গতিশীল দৃষ্টি সীমা হলোঃ **20 stops** অথবা **1,000,000:1** এত কম 😦:(শুধু তাই নয় মানুষ প্রতিটি দৃশ্যের 8 সাইকেল ডিগ্রি পর্যন্ত দেখতে পারে,

আমরা যারা প্যারানরমাল এক্টিভিটি নিয়ে পড়ালেখা করেছি তারা কিছু ইকুইপমেন্ট সম্পর্কে জানি। যেমন:

১) EDI RESEARCH DEVICE:

a) **Ambient Temperature Sensor** (±½ degree within 3 seconds) এটা LED ফ্রিকুয়েন্সি send করে যা ডিগ্রি তে টেম্পারেচার মেজার করে।

b) **Electromagnetic Field Sensor** (below 30 Hz to above 30 kHz) এটা আগেরটার মতই তবে এটা ইলেক্ট্রোমেগনেট মানে ইলেক্ট্রিসিটি মেজার করে।

c) **Geo-phone** (from .024 to .122 G's) এটা কোনো কিছুর নড়াচড়া মেজার করে।

২) **Para-scope** (Measures 2.5" wide by 3.5") এটা উচ্চতা জাচাই করে। খুবি কাজের :)

৩) **REM-POD** (Mini telescopic antenna provides 360 degree coverage) এটা দিয়ে পুরো যায়গাটাকে মেজার করে। যদি কোনো কিছুর এক্সিস্টেন্স থাকে এটা সাইরেন দেয়।

৪) **GHOST HUNTING PARTY** এটা 4 EMF পর্যন্ত ম্যাগ্নেটিক ফিল্ড জাচাই করে।

এছাড়াও অনেক গেজেট আছে যেমনঃ সাউন্ড ক্যাপচারিং, লেজার লাইট এলার্ট, ফ্রিকুয়েন্সি হান্টিং মিটার আরো অনেক। এসবই প্যারানরমাল অস্তিত্ব প্রমান করতে সাহায্য করে।

জ্বীন থেকে এনার্জি কব্জা করার সূত্র দেওয়া হচ্ছে এই লেখার: **Why Does the Muslim World Lag in Science?** লেখকের নাম **অ্যারন সেগাল (Aaron Segal)**। এই লেখাতে অ্যারন সেগাল কোরআন ও বাইবেল সম্পর্কে লিখেছেঃ-

"One verse (6:1) reads, "He created the heavens and the earth in six days, and then mounted his throne." Were this verse, borrowed from Genesis I, interpreted literally, it would devastate astrophysics, cosmology, geology, and other disciplines. But Muslims have neither interpreted the verse (as have most Christians and Jews) to understand that a "day" means some length of time to God other than twenty-four earth hours, nor have they given it a metaphorical meaning."

সোর্সঃ www. meforum. org/306/why-does-the-muslim-world-lag-in-science

অ্যারন সেগাল এখানে দুটি মিথ্যাচার করেছে। প্রথমত, তার দাবি অনুযায়ী বাইবেলের জেনেসিস থেকে কোরআনের উপরোক্ত আয়াত ধার করা হয়েছে। দ্বিতীয়ত, তার দাবি অনুযায়ী মুসলিমরা কোরআনে '**দিন**' বলতে আক্ষরিক অর্থে পৃথিবীর সময়ে 'চব্বিশ ঘন্টা' বোঝে! হা-হা-হা! বোকারাম পুরাই উল্টো দাবি করেছে!

একই লেখাতে অ্যারন সেগাল পাকিস্তানে জ্বীন নিয়ে গবেষণা সম্পর্কে বলেছেনঃ-

"The regime organized international conferences and provided funding for research on such topics as the

temperature of hell and the chemical nature of jinns (demons).১৪"

প্রথমত, অ্যারন সেগালের লেখা অনুযায়ী পাকিস্তানে **জিয়াউল হক** সরকারের সময়ে জাহান্নামের তাপমাত্রা ও জ্বীনের রাসায়নিক প্রকৃতি নিয়ে গবেষণার জন্য ফাণ্ড দেওয়া হয়। সত্য-মিথ্যা আমার জানা নেই। এটিকেই বাংলা মহাবিজ্ঞানী সাহেব – বিজ্ঞান-ভিত্তিক বিষয়ে যার কোনো পেপার আছে কি-না সন্দেহ – জ্বীন ধরে তা থেকে এনার্জি কব্জা করার কথা বলে এবং পাকিস্তানী বিজ্ঞানীকে **'উন্মাদ'** আখ্যা দিয়ে মুসলিমদের নিয়ে অনেকদিন ধরে বেশ হাসিঠাট্টা করে আসছে। উল্লেখ্য যে, আমাদের কারো লেখায় জ্বীন বিষয়ে পাকিস্তানী কোনো বিজ্ঞানীর রেফারেন্স টানা হয়নি।

দ্বিতীয়ত, অ্যারন সেগালের লেখাতে উল্লেখিত ১৪ নং সূত্র ধরে যেয়ে দেখা যাচ্ছে সেটি আরেক পাকিস্তানী বিজ্ঞানী **পারভেজ হুডবয়** এর লিখা একটি বই **(Islam and Science: Religious Orthodoxy and the Battle for Rationality)**। পারভেজ হুডবয় জন্মসূত্রে ইসমাইলী হওয়ার কারণে মূলস্রোতের মুসলিমদের পেছনে লেগে থাকেন। ইসলামেরও সমালোচনা করেন। উল্লেখ্য যে, পারভেজ হুডবয় ইসলাম বিদ্বেষীমনাদের কারো কারো কাছে বেশ প্রিয় পাত্র। অন্যদিকে **প্রফেসর আব্দুস সালাম** একজন **আহমেদিয়া** মুসলিম হলেও উনি কিন্তু মূলস্রোতের মুসলিমদের পেছনে লেগে থাকেননি কিংবা পরোক্ষভাবে ইসলামের সমালোচনাও করেননি। **প্রফেসর সালাম** বরং ইসলামে বিশ্বাসীই ছিলেন। এজন্য প্রফেসর সালামের উপর ইসলাম-বিদ্বেষীমনারা চরম ক্ষিপ্ত। যাহোক, যদিও ইসলাম ও মুসলিম বিরোধীদের কাছে পাকিস্তান একটি মোক্ষম অস্ত্র হিসেবে ব্যবহৃত হচ্ছে তথাপি জ্বীন নিয়ে পাকিস্তানে কী হচ্ছে আর না হচ্ছে সেটিকে এক পাশে রেখে ব্যাপারটাকে যৌক্তিক দৃষ্টিকোণ থেকে দেখা যাক।

ইসলাম অনুযায়ী জ্বীনেরা আগুনের **(Flame of fire)** তৈরি, তবে অদৃশ্য। প্রশ্ন হচ্ছে আগুন থেকে এনার্জি বা শক্তি উৎপন্ন করা সম্ভব কি-না? এই প্রশ্নের জবাব জানার জন্য বিজ্ঞানের জ্ঞান থাকার কোনোই দরকার নাই। কেননা বিষয়টা সর্বজনবিদিত। আগুন থেকে যদি শক্তি উৎপন্ন করা সম্ভব হয় তাহলে আগুনের তৈরি জ্বীন থেকে শক্তি উৎপন্ন করার প্রস্তাব হাস্যকর হয় কী করে? নাকি মনারা ইসলাম ও মুসলিমদের নিয়ে কথা বলার সময় নাকে লাফিং গ্যাসের মাস্ক লাগিয়ে নেয়? তবে এখানে শর্ত হচ্ছে জ্বীনের অস্তিত্ব খুঁজে পেতে হবে। জ্বীনের অস্তিত্ব খুঁজে না পাওয়া পর্যন্ত এটি একটি তত্ত্ব বা প্রস্তাব হিসেবেই থেকে যাবে।

যেখানে এলিয়েনের অস্তিত্ব প্রমাণের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার ব্যয় করা হচ্ছে যদিও ফলাফল শূন্য, মানুষ হত্যার জন্য মারণাস্ত্র তৈরিতে প্রতি বছর বিলিয়ন বিলিয়ন ডলার ব্যয় করা হচ্ছে, এ'রকম কত কিছু নিয়ে যুগের পর যুগ ধরে মিলিয়ন মিলিয়ন ডলার ব্যয় করে গবেষণা চলছে — সেখানে জ্বীন নিয়ে কেউ গবেষণার প্রস্তাব দিলেই উন্মাদ হয়ে যায়। কেন? কারণ, এটি ইসলামের সাথে সম্পর্কযুক্ত। প্রকৃত উন্মাদ ও অন্ধ বিদ্বেষী যে কারা, তা সচেতন ও যুক্তিবাদী পাঠক মাত্রই বুঝতে পারার কথা।

আজকাল যে ন্যাশনাল জিওগ্রাফী, ডিসকাভারি চ্যানেল **(আজকাল মুক্তমনারা এগুলাকে বিজ্ঞানের অথেনটিক সোর্স হিসাবে মনে করে)** গুলোতে লক্ষ লক্ষ ডলার খরচ করে ভূতপ্রেতের বিষয় নিয়ে ডকুমেন্টারি বানানো হচ্ছে এবং হলিউড, বলিউড, ছবিগুলোর কাহিনী বিষয় বস্তু যে ভূতপ্রেত, সেগুলোর কথা কি বাংলার মহা বিজ্ঞানীর মাথার উপর দিয়ে চলে গেছে?

এই মহাবিশ্বের স্রষ্টায় অবিশ্বাস করে [স্রষ্টায় অবিশ্বাসের জন্য সবচেয়ে বড় কল্পকাহিনীতে বিশ্বাসী হতে হবে], বিবর্তনবাদের মতো অবাস্তব ও হাস্যকর রকমের

কল্পকাহিনীতে বিশ্বাস করে, জ্বীনে বিশ্বাস নিয়ে হাসিঠাট্টা করতে হলে জ্বীন-পজেসড হতে হবে কিংবা ইসলাম-বিদ্বেষী ভাইরাসে আক্রান্ত হতে হবে।

মনাদের কেউ কেউ দীর্ঘদিন ধরে ফেরেশতা ও জ্বীনে বিশ্বাস নিয়ে হাসিঠাট্টা করে আসছে। তাদের মধ্যে কতজন জেনেবুঝে হাসিঠাট্টা করে আর কতজন বহুব্রীহি নাটকের মামার মতো অন্যের হাসি দেখে হাসে, তা অবশ্য বলা মুশকিল।

যাহোক, বিজ্ঞানের উপর আস্থা থাকলে ফেরেশতা ও জ্বীনে বিশ্বাস নিয়ে হাসিঠাট্টা করার কথা না। অধিকন্তু, **যাদের বিশ্বাস অনুযায়ী একটি ব্যাকটেরিয়া থেকে পুরো জীবজগত বিবর্তিত হয়েছে, তাদের কি ফেরেশতা ও জ্বীনে বিশ্বাস নিয়ে হাসিঠাট্টা করার ন্যূনতম কোনো অধিকার আছে? কেউ যদি বিবর্তনবাদের কল্পকাহিনীতে বিশ্বাস করে ফেরেশতা ও জ্বীনে বিশ্বাস নিয়ে হাসিঠাট্টা করে তাহলে সেটা হবে কালের শ্রেষ্ঠ বিনোদনমূলক কৌতুক।** ব্যাপারটা "চালুনি হয়ে সুঁচের পেছনে ছিদ্র নিয়ে হাসিঠাট্টা করা" কিংবা "গান্ধীর বিরুদ্ধে হিটলারের গণহত্যার অভিযোগ" এর মতোই হাস্যকর শুনায়।

ইসলাম অনুযায়ী ফেরেশতা হচ্ছে নূর তথা আলোর তৈরী এবং জ্বীন হচ্ছে আগুনের শিখার তৈরী ক্রীয়েচার। তবে উভয়েই অদৃশ্য – খালি চোখে দেখা যায় না। তাহলে আলো ও আগুনের তৈরী অদৃশ্য ক্রীয়েচারে বিশ্বাস নিয়ে নাস্তিকদের হাসিঠাট্টা করার কারণ কী? কারণ মূলত তিনটি:

১. ফেরেশতা ও জ্বীনকে দেখা যায় না! **{কোনো কিছুকে দেখা না গেলেই নাস্তিকদের কাছে সেটি 'কাল্পনিক' ও 'হাসিঠাট্টার বস্তু' হয়ে যায়।** নাস্তিকদের এই ধরণের বিজ্ঞান-বিরোধী ও শিশুসুলভ মনোভাবের জবাব অনেকেই অনেকবার দিয়েছেন – আচ্ছামতোই দিয়েছেন। নতুন করে আর বলার কিছু নাই। কোটি কোটি বছর আগের

একটি কাল্পনিক ব্যাকটেরিয়া থেকে পুরো জীবজগতের বিবর্তনে বিশ্বাস করে যারা স্বচক্ষে না দেখে কোনো কিছুতে বিশ্বাস নিয়ে হাসিঠাট্টা করে তারা হয় বদ্ধ উন্মাদ না-হয় অতি ধূরন্ধর।}

২. ফেরেশতা ও জ্বীন ধর্মীয় বিশ্বাস! {প্রশ্ন হচ্ছে কোন্ পাদ্রী/পুরোহিত/মোল্লা বলেছে যে, ধর্মীয় বিশ্বাস মানেই সেটি এমনি এমনি মিথ্যা বা হাসিঠাট্টার বস্তু হয়ে যায়? বড় বড় বিজ্ঞানীরা এই ধরণের কোনো কথাবার্তা বলেছেন বলে মনে হয় না। **সকল প্রকার কল্পকাহিনীর সমাহার বিবর্তনবাদে বিশ্বাস করে এই ধরণের কথাবার্তা বলতে লজ্জা করা উচিত।**}

৩. ফেরেশতা ও জ্বীনের অস্তিত্বের পক্ষে কোনো বৈজ্ঞানিক প্রমাণ নাই! **{কোনো কিছুর অস্তিত্বের পক্ষে আজ পর্যন্ত কোনো বৈজ্ঞানিক প্রমাণ না থাকা মানেই সেটি অবৈজ্ঞানিক বা হাসিঠাট্টার বস্তু হয়ে যায় নাকি? বিজ্ঞানের কোথায় এই কথা লিখা আছে? অণুবীক্ষণ যন্ত্র আবিষ্কারের আগ পর্যন্ত মানুষের কাছে ব্যাকটেরিয়া-জাতীয় কোনো অণুজীবের অস্তিত্ব ছিল না। তার মানে কি ব্যাকটেরিয়া-জাতীয় অণুজীবের অস্তিত্ব প্রমাণ হয়নি? অতিবেগুনি রশ্মিকে খালি চোখে দেখা যায় না বলে কি তার অস্তিত্ব প্রমাণ হয়নি?**

অতএব, প্রশ্ন হচ্ছে বিজ্ঞানের উপর নাস্তিকদের আদৌ কোনো আস্থা আছে কি? নাকি তারা ধর্মীয় বিশ্বাসকে হেয় করার জন্য বিজ্ঞানের ঘাড়ে বন্দুক রেখে তড়িঘড়ি-পরিমরি করে বিজ্ঞান-বিরোধী সব উপসংহার টানছে?

সোর্সঃ **গুগোল**

জীনকে বিজ্ঞানীরা প্রমান করেছে তবে তা এলিয়ান রূপে। বিশ্বাস না হলে আমার লেখা জ্বীন আর বিজ্ঞানের তৈরী এলিয়েন কে মিলিয়ে দেখতে পারেন। হিস্টোরি বা ডিস্কোভারি থেকে ভূত/এলিয়েন না আমি কোরান হাদিস দিয়ে জ্বীণ ব্যাখ্যা করবো রেফারেন্স সহো।

আপনারা এলিয়েন এর সাথে জীন জাতির সম্পর্ক খুজে দেখেন সব কিছু ক্লিয়ার হয়ে যাবে।

আল্লাহ জ্বীন জাতিকে সৃষ্টি করেছেন "লু" নামের আগুন থেকে:

এই "লু" আগুন অতি সূক্ষ এবং এমনই সূক্ষ যা বায়ুতে পরিনত হয়েছে। এবং আল্লাহ আরো বলেন যে আল্লাহ জ্বীনকে সৃষ্টি করেছেন বিশূদ্ধ ধোয়াবিহীন আগুনের শিখা থেকে।

সোর্সঃ কোরআন (https:// habibur. com/quran/15/) ও (https:// habibur. com/quran/55/)

وَالْجَآنَّ خَلَقْنَاهُ مِن قَبْلُ مِن نَّارِ السَّمُومِ

[সুরা হিজর: ২৭] এ সূরার ২৬-৩৩ নম্বরে ডিটেইলে সব বলা আছে।

وَخَلَقَ الْجَانَّ مِن مَّارِجٍ مِّن نَّارٍ

[আর-রহমান: ১৫]

জ্বীনরা মূলত কোমল ও সূক্ষ দেহী হয় যার কারনে আমরা তাদের দেখতে পাইনা। অবশ্যই আল্লাহ তাদের দৃশ্যমান করে সৃষ্টি করেছেন তাই যারা বলে তারা জ্বীন দেখেছে তারা সত্য বলেছে। হযরত মুজাহিদ (রহঃ) বলেনঃ জ্বীণ জাতিকে সৃষ্টি করা হয়েছে আগুনের সবুজ ও হলুদ স্তর থেকে যা আমরা আগুন জ্বলার সময় উপরের স্তরে দেখতে পাই।

সোর্সঃ তাফসীরে ইবনে জারীর ত্ববারী।

হযরত ইবনে মাসউদ (রাঃ) বলেনঃ যা দিয়ে জ্বীনদের সৃষ্টি করা হয়েছে সেই "লু" এর আগুন জাহান্নামের আগুনের ৭০ ভাগের ১ ভাগ এবং এই দুনিয়ার আগুন "লু" এর আগুনের ৭০ ভাগের ১ ভাগ।
সোর্সঃ ত্ববারানী ও হাকীম, ফারিয়াবী, বায়হাকী।

হযরত উমার বিন দীনার (রহঃ) বলেনঃ জ্বীন ও শয়তানকে সৃষ্টি করা হয়েছে সূর্যের আগুন থেকে।
তাই আমরা অনায়াসেই বলে দিতে পারি সূর্যের আগুনই "লু" এর আগুন আর সূর্যের আগুনের ৭০ গুন বেশী ত্যাজী আগুন হলো জাহান্নামের আগুন। অর্থাৎ জাহান্নামের আগুন পৃথিবীর থেকে (৭০^৭০) বেশী শক্তিশালী।
সোর্সঃ ইবনে আবী হাতিম।

অনেকেই প্রশ্ন করে থাকেন যে আগুনের তৈরি জ্বিনকে আগুনে জ্বালাবে কী করে? এর উত্তর আবু ওয়াফা এবনে আকীল (রহঃ) বলেছেনঃ একব্যক্তি জ্বিনদের ব্যাপারে প্রশ্ন করল যে, আল্লাহ তা'আলা জ্বিনদের বিষয়ে বলেছেন যে ওদেরকে আগুন থেকে সৃষ্টি করা হয়েছে এবং এটাও বলা হয়েছে যে উল্কা ওদের ক্ষতি করে ও জ্বালিয়েও দেয়- তা আগুন আগুনকে কীভাবে জ্বালায়?

উত্তরঃ আল্লাহ তা'আলা জ্বিনজাতি ও শয়তানকে আগুনের সাথে সম্বন্ধযুক্ত করেছেন ওই অর্থে, যে অর্থে মানুষকে সৃষ্টি করেছেন মাটি, কাদা ও শুকনো ঝনঝনে মাটির সাথে। অর্থাৎ মানুষ সৃষ্টির মূল উপাদান কাদামাটি হলেও (মানুষ) প্রকৃতপক্ষে কাদামাটি নয়, তেমন্ই জ্বিনরাও আগুনের উপাদানে সৃষ্টি কিন্তু জ্বিন মানেই আগুন নয়।
এর প্রমান রাসূল (সাঃ) এর বাণীঃ
"শয়তান নামাজের মধ্যে আমার মুকাবিলা করেছে তো আমি তার গলা টিপে দিয়েছি

এবং তার থুথুর শীতলতা নিজের হাতে অনুভব্ও করেছি।"
এর দ্বারা বোঝা যায় জ্বীন আগুনের তৈরি হলেও তাদের শরীর উত্তপ্ত নয়।
(মুসনাদে আহমাদ- ৫:১০৪,১০৫ ও বায়হাকী- ২:২১৯)

ইদানিং কিছু মুসলমান নামধারীও আল্লাহ তা'আলার এই সৃষ্টি কে অস্বীকার করে, তা 'বৈজ্ঞানিক' ভাবে প্রমাণিত নয় বলে ও চোখে দেখা যায় না বলে! এবং যারা বিশ্বাস করে অথচ এসম্পর্কে তাদের তেমন ধারণা নেই, তাদের বিশ্বাসকে শিথিল করারা জন্য ইসলাম-বিদ্বেষীদের ভাড়া করা কিছু নামে মাত্র মুসলমান উঠে পড়ে লেগেছে। বিভিন্ন বানোয়াট কাহিনী বলে যেন জ্বিন বিষয়ে আল্লাহর বাণীকে হেয়প্রতিপন্ন করতে চাচ্ছে।
যেমন রেডিও ফূর্তির 'ভূত FM' আর ডর ট্যারট যদিও রাদবি রেজা জ্বীন সম্পর্কে যা বলে তা ৮০% ঠিক হলেও বাকি ২০% ই নিজের মত করে। উনি রেফারেন্স হিসেবে কিছুই দেন না।
অবাক হওয়ার বিষয় হচ্ছে, মানুষ নিজেদের মন-গড়া ভূত-পেত্নী, আত্মা, ভ্যাম্পায়ার ও এলিয়েন বিশ্বাস করে অথচ আল্লাহর এই সৃষ্টি কে অস্বীকার করে! অথচ এরা সবাই জ্বীন জাতির অন্তরভুক্ত।

<u>জ্বীনদের আকার আকৃতি পরিবর্তন, জাদুকর জ্বীন ও তার প্রতিকার এবং বামন জ্বীন)</u>

জ্বীন জাতিরা তাদের আকার বদলাতে পারে। মুহাম্মাদ (সাঃ) বলেছেনঃ

''নামাজির সামনে দিয়ে যদি কালো কুকুর যায় তবে নামাজ ভেঙে যায়।''

সাহাবীদের জিজ্ঞাস করলেনঃ

"লাল ও সাদার তুলনায় কালো কুকুর (**أسود ك لب**) কি অপরাধী জনাব?"

হুজুরে পাক (সাঃ) বললেনঃ **কালো কুকুর হলো শয়তান।**

সোর্সঃ সহীহ মুসলিম ২৬৫, সুনানে নাসাঈ ১০৯। মুসনাদে আহমাদ

৫ঃ১৪৯,১৫১,১৫৬,১৫৮,১৬০,৬ঃ১৫৭,২৮০

অন্য এক সূত্রে জেনেছি **কালো কুকুর হলো জ্বীনদের বাহন।**

জ্বীনেরা যে কোনো মানুষের রূপ ধারন করতে পারে মুহাম্মাদ (সাঃ) এর চেহারা মুবারাক ছাড়া। তা ছাড়াও চতুষ্পদ সকল

জন্তু, সাপ বিচ্ছু, পশুপাখির ইত্যাদি তা ছাড়াও মৃত ব্যাক্তির রূপ ও নানা ভয়ঙ্কর রূপও নিতে পারে।

জ্বীনদেরও মৃত্যু আছে। হযরত আবূ সাঈদ খুদারী (রহঃ) থেকে বর্নিত, (সাঃ) বলেনঃ

"মদীনায় যে সকল জ্বীন ছিলো তারা মুসলমান হয়ে গেছে। এবার তোমরা ওদের মধ্যে কাউকে দেখলে ৩ বার সতর্ক করে দিবে, তা সত্ত্বেও যদি সামনে আসে তবে হত্যা করবে।"

এখানে জ্বীন সামনে আসা মানে কোনো জীবের রূপে আসা, আর হত্যা করতে বলা হয়েছে এ কারনে যে ৩বার যেতে বলার পরও যদি কোনো জ্বীন সামনে আসতে থাকে তো সে ক্ষতি করার ইচ্ছা নিয়েই সামনে আসে। তাই নিজেকে বাচানোর জন্যে হত্যা করার কথা বলা হয়েছে।

আমার লেখা জ্বীন ৩ নম্বর পর্বে আমি এই হাদীস টি উল্লেখ করতে ভুলে গেছি প্রমান হিসেবে।

সোর্সঃ মুসলিম শরীফ ১৩৯,১৪০। মুসনাদে ঈমাম আহমাদ ৩ঃ১২। সুনানে আবূ দাউদ ১৬১।

আমি জ্বীন ৩ পর্বের শুরুর দিকে বলেছিলাম আল্লাহ জ্বীনদের সৃষ্টি করার পর তাদের বিশেষ কিছু আমল শিখিয়ে দেন যা দ্বারা তারা কিছু অমানবীয় শক্তি লাভ করে, তবে আল্লাহ যা শিখিয়ে দিয়েছেন তা ছাড়া এর বাইরে জ্বীনদের আর কোনো ক্ষমতা নাই। জ্বীনেরা আল্লাহর ইচ্ছা ছাড়া তাদের রূপ পরিবর্তন করতে পারেনা। আল্লাহ তাদের যে আমল শিখিয়ে দিয়েছেন তারা শুধু ঐ আমল করে ঐ নির্দিষ্ট রূপই ধারন করতে পারে, এর বাইরে নিজের ইচ্ছায় নতুন কোনো রূপ ধারন করা জ্বীনদের পক্ষে অসম্ভব। কারন তারা যদি নিজে থেকেই নিজের আকৃতি পরিবর্তন করতে পারতো তাহলে সৃষ্টির নিয়মই পালটে যেতো। নিজের রূপ নিজেই পরিবর্তন করা মানে সৃষ্টির মূল উপাদানের পরিবর্তন করা যা কখনই সম্ভব নয়। শুধু জ্বীনই না ফেরেশতারাও আল্লাহর আদেশ ছাড়া রূপ পরিবর্তন করতে পারেনা। ইবলিস শয়তান সম্পর্কে বলতে গিয়ে কাজী আবূ ইয়ালা বলেন যেঃ

'' শয়তান 'সুরাকাহ' নামের এক ব্যাক্তির রূপ ধরে বের হয়েছে এবং হযরত জিবাঈল (আঃ) এর সম্পর্কে বলতে গিয়ে বলেছেন যে জিব্রাঈল 'দিহইয়া কালবী' নামের এক সাহাবীর রূপ ধরে আসতেন।''

রাসূল (সাঃ) বলেছেনঃ

''আর আমি জিবরীল (আঃ) কে 'দিহইয়া (কালবী)' এর সাথে সাদৃশ্যপূর্ণ দেখতে পাই।''

(وَرَأَيْتُ جِبْرِيلَ عَلَيْهِ السَّلاَمُ , فَإِذَا أَقْرَبُ مَنْ رَأَيْتُ بِهِ شَبَهًا دِحْيَةُ)

সোর্সঃ সহীহ শামায়েলে তিরমিযী হাদিস নং ১০ ও আল খাসায়েসুল কুবরা ১ম খন্ড, পৃ ২০৪

প্রশ্নঃ জ্বীনরা কি জাদু করতে পারে?

উত্তরঃ হ্যা পারে।

হযরত উমর ফারুক (রাঃ) এর সামনে "**গইলান**"(জ্বীনদের প্রকারভেদের ভেতর

আরেক প্রকার জ্বীন যারা জাদু করে) এর কথা জানতে চাইলে তিনি বলেনঃ "কারও ক্ষমতা নেই যে আল্লাহর দেয়া আকৃতি (সম্পুর্নরূপে) বদলে দিতে পারে, কিন্তু মানব সমাজের মত জ্বীনদের মাঝেও জাদুকর জ্বীন রয়েছে৷ তাদের দেখলেই আযান দিবে৷"
সোর্সঃ আল-হাবায়িক ফী আখবারিল মালায়িক পৃষ্ঠা ৪৩০।

এ ব্যাপারে রাসূল (সাঃ) বলেনঃ
"ওরা হলো জাদুকর জ্বীন"
"গইলান" জ্বীন দেখলেই আযান দেবার কথা বলা হয়েছে কারন এ জ্বীন আযানের শব্দ শুনতে পারেনা।

হযরত জাবীর (রাঃ) থেকে বর্নিত, রাসূল (সাঃ) বলেছেন- তোমরা রাতের বেলা সফর করবে কেননা রাতে জমীনকে সংকুচিত করে দেয়া হয়৷ আর জাদুকর জ্বিন (গইলান) তোমাদের পথ ভুলিয়ে দেবে তখন তোমরা আজান দেবে৷
সোর্সঃ মাকাদিয়ুশ শাইতান ২, আকামুল মারজান পৃষ্ঠা ৩৩৷ মাকায়িদুশ শায়ত্বান হাদীস ১০, আকামুল মারজান পৃষ্ঠা ৩৩,৩৪৷ মুসনাদে আহমাদ ৩ঃ৩০৫, ৩৮২৷ জামিই সগীর ৫৫২৩ নং হাদীস৷

বি.দ্রঃ আমরা জানি তাপের কারনে বস্তুর সম্প্রসারন ঘটে৷ রাতে যেহেতু অন্ধকার থাকে তাই ঐ অন্ধকার যুক্ত যায়গা সংকুচিত হয়ে যায়৷

হযরত মুজাহিদ (রহঃ) বলেছেনঃ আমি নামায শুরু করলে শয়তান হযরত ইবনে আব্বাস (রাঃ) এর রূপ ধরে আমার সামনে আসত৷ পরে হযরত ইবনে আব্বাস (রাঃ) এর একটি কথা আমার মনে পরায় আমি নিজের কাছে একটি ছুরি রেখে দিলাম৷ তারপর সেই শয়তান আমার সামনে আসলে আমি তার উপর চড়াও হলাম ও তাকে ছুরিবিদ্ধ করলাম, সে পড়ে গেলো আর কোনোদিনও তাকে দেখা যায়নি৷

এ থেকে বোঝা যায় যে জ্বীন ছুরি বা লোহা জাতীয় বস্তুকে ভয় পায়।
সোর্সঃ আবূ বাকার বাকিলানী

হযরত উকবার বলেছেন যে,
"হযরত ইবনে যুবাইর (রাঃ) একবার এমন এক মানুষকে **হাওদার** (জ্বীনদের এক বামন জাতি) কাপড়ের উপরে দেখলেন যার উচ্চতা মাত্র ২ আঙুল, উনি তাকে জিজ্ঞাস করলেন, তুমি কে? সে বলল আমি বামন জ্বীন (ق زم ماريـ ان) বা (اذب) উনি জ্বীনটির মাথায় লাঠি দিয়ে আঘাত করতেই জ্বীনটি পালিয়ে গেলো।"

এ থেকেও বোঝা যায় সাহসের সাথে যে কোনো উপায়েই জ্বীনদেরকে ভয় দেখানো যায়।
সোর্সঃ জালালুদ্দিন সূয়তি (রহঃ)

কাজী আবূ ইয়ালা হামবালী (রহঃ) বলেছেন, রাসূল (সা:) বলেছেনঃ
"কুকুর হলো শয়তান, যদিও কুকুর কুকুরের থেকে জন্ম হয়। তেমনি উট হলো জ্বীন যদিও উট উটের থেকে জন্ম নেয়"

ব্যাখ্যাঃ হুজুরে পাক (সাঃ) কুকুর ও উটকে জ্বীন বলেছেন দৃষ্টান্ত বা উপমা দিয়ে। অর্থাৎ তিনি কুকুর ও উটকে জ্বীনের সাথে তুলনা করেছেন। কেননা কালো কুকুর সাধারনত অন্যান্য কুকুরের চাইতে বেশী দুষ্ট ও সবচাইতে কম উপকারী হয় (তবে সব না) এবং উট ভারী বোঝা বওয়ার দিক দিয়ে জ্বীনদের সাথে মিল রাখে। তাই সরাসরি সব কুকুর বা উটকে জ্বীন মনে করা ভূল, এটি জ্বীনদের বৈশিষ্ট্য বোঝানোর একটি উপমা মাত্র।
সোর্সঃ জালালুদ্দিন সূয়তি (রহঃ)

ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্নিতঃ রাসূল (সাঃ) বলেছেনঃ
"সাপ হলো রূপান্তরিত জ্বীন, যেমন বনী ইসরাঈল রূপান্তরিত হয়েছিলো বাদর আর

শুকরে।"

সোর্সঃ মুসনাদে আহমাদ ১ঃ৩৪৮ তবারানী, কাবীর ১১ঃ৩৪১ ও দূররে মানসূর ২ঃ২৯০ ইবনে আব্বাস (রাঃ) বলেছেনঃ **সাপ হলো রূপান্তরিত জ্বীণ যেমন বাদর ও শূকর রূপান্তরিত মানুষ। জ্বীনেরা হয় সাদা রঙের সাপ।**

সোর্সঃ ইবনে আবী হাতিম।

আমরা সবাই আদম (আঃ) এর বেহেশত থেকে বের করে দেবার কথা জানি। শয়তান তাকে জান্নাতি সেই ফল গাছের ফল খেতে বুদ্ধি দিয়েছিলো সাদা সাপের রূপ ধরে এসে। আর আমি আগেও একটি কথা বলে ছিলাম যে আল্লাহর আজাব হিসেবে কিছু মানুষদের বাদর ও শূকরে পরিনত করা হয়, তাই বাদর ও শুকর খাওয়া হারাম।

মজার বিষয় হলো "চার্লস ডারউইনের এর বিবির্তনের মতবাদে বলা হয়েছে বানর থেকে মানুষের জন্ম। উনার ভূল হওয়াটাই স্বাভাবিক কারন বানর আর মানুষের মধ্যে অনেক মিল আছে।

নবী দাউদ (আঃ) এর সেই ঘটনা। আল্লাহর কথা অমান্য করে মাছ শিকারের কারনে আল্লাহর গজবে মানুষের বানর হয়ে যাওয়ার ঘটনা তো আমরা সবাই জানি।

না জানলে বিস্তারিত পাবেন এখানেঃ (https:// goo. gl/8fAyBC)

ডারউইনের মতবাদ যে ভূল তা যুক্তি দিয়ে বুঝানো হয়েছে।

অনেকে মৃত মানুষকে যে দেখে বলে দাবী করেন, তারা আসলে কাকে দেখেন?

হ্যাঁ, সত্যি সত্যি অনেকে মৃত্যুর পরেও তাকে দেখেন। তবে তারা মৃত ব্যক্তিকে দেখেন না, দেখেন তার রুপকে। আর সে রুপ নেয় জীন।

প্রশ্ন আসতে পারে, জীন কেনই বা মৃত ব্যক্তির রুপ নিবে?

প্রত্যেক মানুষের সাথে দুজন ফেরেশতা দিনে ও দুজন ফেরেশতা রাতে থাকে (তাফসীরে ইবনে কাসীর)। ফেরেশতা ছাড়াও একজন জীন থাকে, এই জীনকে ক্বারিন জ্বিন বলা হয়।

প্রসঙ্গত বলা উচিত, শয়তান জীনদেরই একজন। তবে সব জীন শয়তান না।

আল্লাহ বলেন "আর যখন আমি ফেরেশতাদের বলেছিলাম, তোমরা আদমকে সিজদা কর। অতঃপর তারা সিজদা করল, ইবলীস ছাড়া। সে ছিল জিনদের একজন। (সুরা কাহফ: ৫০)

এই ক্বারিন জীন হল একটা শয়তান জীন, যার কাজই হল সবসময় মানুষের সাথে থেকে তাকে কুমন্ত্রণা দেওয়া।

সব মানুষের সাথেই এই জীন রয়েছে, এমনকি আমাদের নবী (সা) এর সাথেও ছিল। তবে আল্লাহর বিশেষ রহমতে শুধুমাত্র নবী (সা) এর ক্বারিন জীনই ছিল ভাল জীন।

রাসুল (সা) বলেন, “তোমাদের প্রত্যেককে জীনদের মধ্য হতে একজন সঙ্গী দেয়া হয়েছে"। সাহাবাগণ জিজ্ঞাসা করলেন, “এমনকি আপনাকেও ইয়া আল্লাহর রাসুল

(সা)"? তিনি বলেন, "হ্যাঁ, তবে এখন সে আমাকে শুধু ভাল করতে বলে।"
(সহিহ মুসলিম)

একজন মানুষের সাথে সবসময় সাথে থাকায়, এই ক্বারিন জীন সে মানুষটির নাড়ি নক্ষত্র, সকল কাজ কর্ম সম্পর্কেই অবগত থাকে।

কোন গণক বা ফকিরের কাছে গেলেন। আপনাকে দেখেই তিনি বললেন, "তুই গত সপ্তাহে এই কাজ করেছিস।"

আপনি অবাক হয়ে গেলেন, সত্যি তাই তো, আমি এই কাজই করেছিলাম।

কিন্তু, আসলে ফকির বা গণকের এসব জানার ক্ষমতা নেই। তারা সেই মানুষটার ক্বারিন জীনের সাথে যোগাযোগ করে এর মাধ্যমে জেনে বলে দেয়।

তবে, গায়েবি বা অদৃশ্য খবরগুলো জানার ক্ষমতা একমাত্র আল্লাহ ছাড়া মানুষ-জীন কারোরই নেই। সুলাইমান (আ) এর মৃত্যুর অনেকদিন পরেও জীনরা গায়েবিভাবে বুঝতে পারেনি তিনি মারা গেছেন কি না, যতক্ষণ না উইপোকার কারণে লাঠি ভেঙ্গে তিনি পরে যান।

যারা শয়তানের পুজারি হয়, তাদের বিভিন্ন কাজে শয়তান সাহায্য করে, যাতে তাদের এগুলোকে কারামতি বা বুজুর্গের কাজ মনে করে মানুষ তাদের ভক্ত হয়ে যায় ও শয়তানের পথে তারাও চলতে শুরু করে।

জীনদের কিছু বিশেষ ক্ষমতা ও বৈশিষ্ট্যে আছে। এর একটি হল তারা মানুষের রুপসহ যেকোনো প্রাণীর রুপ নিতে পারে (শুধুমাত্র রাসুল (স) এর রুপ নিতে পারে না)।

বদরের যুদ্ধে শয়তান সুরাকা বিন মালিকের রুপ নিয়ে এসেছিল। তাছাড়া অদৃশ্য থেকেও জীনরা বিভিন্ন কথা বলতে পারে বা শব্দ করতে পারে।

তবে, জীনরা কখনোই তাদের আসল রুপ (যেরুপে আল্লাহ তাদের সৃষ্টি করেছেন), সে রুপে মানুষের সামনে আসতে পারে না।

কেউ যখন আত্মহত্যা করে বা মারা যায়, তার ক্বারিন জীন সঙ্গীহারা হয়ে যায়। তখন সে মাঝে মাঝে সে ব্যক্তির রুপ নিয়ে চলাফেরা করে। এমনকি কখনো কখনো সে মৃত ব্যক্তির রুপে কারো সামনে এসে বিভিন্ন কথাও বলে।

প্রত্যেক মানুষেরই ক্বারিন জীন সে মানুষ সম্পর্কে তার সব কিছুই জানে। তাই, অনেক সময় মৃত ব্যক্তির রুপ নিয়ে এসে এমনভাবে কথা বলে বা এমন তথ্য দেয়, তখন মনে হয় সত্যিই মৃত ব্যক্তিটির আত্মাই এসেছে।

শুধু ক্বারিন জীনই নয়, অনেক সময় অন্য শয়তান জীনও মৃত মানুষের রুপ নিয়ে আসে। যেকোনো শয়তান জীনের উদ্দেশ্যই হয় মানুষকে কষ্ট দেওয়া, ভয় দেখানো, মানুষকে বিভিন্নভাবে বিভ্রান্ত করে বিশ্বাসকে ভিন্নপথে নিয়ে যাওয়া।

কোরআন হাদিস অনুযায়ী মৃত্যুর পর আত্মা কখনোই পৃথিবীতে ফিরে আসতে পারে না। এটা বিশ্বাস করাই ঈমান। অথচ শয়তান জীন মৃত ব্যক্তির রুপ ধরে এসে মানুষের মধ্যে আত্মা ফিরে আসার ভ্রান্ত বিশ্বাস ঢুকে দেয়।

তবে, বাস্তবে জীনকে মানুষ খুব খুব খুব কম দেখে। বেশিরভাগ ক্ষেত্রেই মানুষ ভুল দেখে বা কল্পনায় মৃত মানুষকে দেখে, যাকে হ্যালুসিনেশন বলে।

শয়তান সব সময় মানুষকে ধোঁকা দেওয়ায় লিপ্ত থাকে। শয়তান জীন সবসময় দুর্বল মানুষদের উপর প্রভাব বিস্তার করতে ও ভয় দেখাতে পছন্দ করে।

এই জন্য আল্লাহর উপর বিশ্বাস শক্তিশালী করতে হবে ও সবসময় একমাত্র তাঁর কাছেই সাহায্য চাইতে হবে।

রাসুল (সা) বলেন, "সকাল সন্ধ্যা সূরা ইখলাস এবং সূরা ফালাক্ব ও সূরা নাস তিনবার করে পড়। তাহলে প্রতিটি (ক্ষতিকর) জিনিস থেকে নিরাপত্তার জন্য যথেষ্ট হবে"। (আবু দাউদ)

Writer- Dr. Taraki Hasan Mehedi

রেফারেন্সঃ

১. The world of Jinns & Devils By Dr. Umar Sulaiman Ashqar (বই)

২. লাকতুল মারজানু ফি আহকামিল জান্ন By আল্লামা সুয়ুতী (র) (অনুবাদ বই- জ্বীন জাতির বিস্ময়কর ইতিহাস)

৩. মানুষের উপর জীন জাতির আছড় By আব্দুল্লাহ শহীদ আব্দুর রাহমান (অনুবাদ বই)

জিনেরা ছবি, মূর্তি ও টিভিতে প্রবেশ করতে পারে:

যা কিছু হারাম, অপবিত্র, কৃত্রিম এবং যা কিছুতে আল্লাহর নাম নেয়া হয় না তাতেই জ্বীন-শয়তানরা শরীক হয়। যখন জ্বীন উপাসক (মূর্তিপূজারী ও দেবদেবীপূজারীরা) নানা ধরনের খাদ্য তাদের দেবদেবীর মূর্তিকে প্রদান করে তখন জ্বীন-শয়তানেরা মূর্তিতে প্রবেশ করে, প্রসাদ ও উৎসর্গ করা খাদ্য যা কিছুতে আল্লাহর নাম নেয়া হয়নি, তা খেয়ে নেয়। । তাদের দেবতারা জ্বীন-শয়তানরা হল মুসলমানদের শত্রু।

আল্লাহ বলেছেনঃ “নিশ্চয় শয়তান তোমাদের শত্রু সুতরাং তাকে দুশমন হিসেবেই গ্রহণ কর।' (সুরা ফাতির : ৬)

কুরআন মজীদের স্পষ্ট নির্দেশ-

فَاجْتَنِبُوا الرِّجْسَ مِنَ الْاَوْثَانِ وَ اجْتَنِبُوْا قَوْلَ الزُّوْرِ ۙ ۝٣٠

‘তোমরা পরিহার কর অপবিত্র বস্তু অর্থাৎ মূর্তিসমূহ এবং পরিহার কর মিথ্যাকথন।’ -সূরা হজ্জ : ৩০

আবুল হাইয়াজ আসাদী বলেন, আলী ইবনে আবী তালেব রা. আমাকে বললেন, ‘আমি কি তোমাকে ওই কাজের দায়িত্ব দিয়ে প্রেরণ করব না, যে কাজের জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে প্রেরণ করেছিলেন? তা এই যে, তুমি সকল প্রাণীর মূর্তি বিলুপ্ত করবে এবং সকল সমাধি-সৌধ ভূমিসাৎ করে দিবে।’ অন্য বর্ণনায় এসেছে,... এবং সকল চিত্র মুছে ফেলবে।’ -সহীহ মুসলিম হা. ৯৬৯

আলী ইবনে আবী তালেব রা. বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি জানাযায় উপস্থিত ছিলেন। তখন তিনি বললেন, ‘তোমাদের মধ্যে কে আছে, যে মদীনায় যাবে এবং যেখানেই কোনো প্রাণীর মূর্তি পাবে তা ভেঙ্গে ফেলবে, যেখানেই কোনো সমাধি-সৌধ পাবে তা ভূমিসাৎ করে দিবে এবং যেখানেই কোনো চিত্র পাবে তা মুছে দিবে?’ আলী রা. এই দায়িত্ব পালনের জন্য প্রস্তুত হলেন। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ‘যে কেউ পুনরায় উপরোক্ত কোনো কিছু তৈরী করতে প্রবৃত্ত হবে সে মুহাম্মাদের (সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম) প্রতি নাযিলকৃত দ্বীনকে অস্বীকারকারী।' -মুসনাদে আহমাদ হা. ৬৫৭

আব্দুল্লাহ ইবনে আববাস রা. বলেন, '(ফতহে মক্কার সময়) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বায়তুল্লাহয় বিভিন্ন প্রতিকৃতি দেখলেন তখন তা মুছে ফেলার আদেশ দিলেন। প্রতিকৃতিগুলো মুছে ফেলার আগ পর্যন্ত তিনি তাতে প্রবেশ করেননি।' -সহীহ বুখারী হা. ৩৩৫২

ঘরে প্রাণীর ছবি, কার্টুন, প্রতিকৃতি, মূর্তি ইত্যাদি সংরক্ষণ করা হারাম। যে ঘরে এসব থাকে সে ঘরে রহমতের ফেরেশতা প্রবেশ করে না। এ মর্মে একাধিক হাদিসে বর্ণিত হয়েছে। যেমন:

আবু তালহা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:
لَا تَدْخُلُ الْمَلَائِكَةُ بَيْتًا فِيهِ كَلْبٌ، وَلَا صُورَةٌ
"ফেরেশতাগণ ঐ ঘরে প্রবেশ করে না, যে ঘরে কুকুর অথবা ছবি থাকে। (সুনানে আন-নাসায়ী হা/৫৩৪৭-সহিহ)

ইবনে 'আব্বাস রা. থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রী মাইমূনাহ রা. আমার নিকট বর্ণনা করেন:
নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: জিবরাঈল আলাহিস সালাম আমার সাথে রাতে সাক্ষাত করার ওয়াদা করেছিলেন কিন্তু সাক্ষাত করেননি।
অতঃপর তাঁর মনে পড়লো যে, আমাদের খাটের নীচে একটি কুকুর ছানা আছে।

তিনি এটাকে বের করে দিতে আদেশ দিলে তা বের করা হলো। অতঃপর তিনি নিজেই পানি দিয়ে সে স্থানটা ধুয়ে ফেলেন।

এরপর জিবরাঈল আ. তাঁর সাথে সাক্ষাতের সময় বললেন: "যে ঘরে কুকুর এবং ছবি থাকে সে ঘরে আমরা কখনো প্রবেশ করি না।

সকালবেলা নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম কুকুর মারতে আদেশ দিলেন। এমনকি ছোট বাগান পাহারার কুকুর হত্যা করারও আদেশ দেন, বড় বাগানের পাহারাদার কুকুর ছাড়া।

(সুনানে আবু দাউদ, অধ্যায়: পোশাক-পরিচ্ছেদ, অনুচ্ছেদ-৪৭ ছবি সম্পর্কে, হা/৪১৫৭-সহিহ)

➤ উল্লেখ্য যে, মুহাদ্দিসগণ বলেন: উল্লেখিত হাদিসগুলোতে যে সকল ফেরেশতা প্রবেশ করবে না বলা হয়েছে সেগুলো দ্বারা উদ্দেশ্য হল, রহমত ও বরকতের ফেরেশতাগণ। অর্থাৎ কোনো ঘরে প্রাণীর ছবি, মূর্তি, প্রতিকৃতি ও কুকুর থাকলে ঐ সকল প্রবেশরতাগণ তাতে প্রবেশ করে না যারা রহমত ও বরকত নিয়ে মানুষের ঘরে ঘরে আগমন করে থাকেন। কিন্তু বিভিন্ন দায়িত্বে নিয়োজিত ফেরেশতাগণ তাদের দায়িত্ব পালনার্থে অবশ্যই প্রবেশ করে- ঘরে যতই ছবি, মূর্তি ও কুকুর থাকুক না কেন। যেমন: প্রাণ সংহারের দায়িত্বে নিয়োজিত মালাকুল মওত বা মৃত্যু দূত, তাঁর সঙ্গে আগত ফেরেশত মণ্ডলী, মানুষের কার্যবিবরণী লেখার দায়িত্ব প্রাপ্ত কিরামান কাতিবীন বা সম্মানিত লেখক ফেরেশতাবৃন্দ ইত্যাদি।

সাহাবায়ে কেরাম, প্রসিদ্ধ চার মাজহাবের ইমাম ও সব আলেমের ঐকমত্যে কোনো প্রাণীর ছবি প্রস্তুত করা হারাম। ভাস্কর্য, হস্তশিল্প, অঙ্কন, ক্যামেরা বা আধুনিক যেকোনো প্রযুক্তির মাধ্যমে কারো ছবি বানানো হারাম। হারাম বা নিষিদ্ধ হওয়ার ক্ষেত্রে এগুলোর বিধান অভিন্ন। (ইমদাদুল মুফতিয়িন : ৮২৫-৮২৬)

আধুনিক যুগে কোনো কোনো দেশের কোনো কোনো আলেম মনে করেন, ছবি ও ভাস্কর্য নিষিদ্ধ করার কারণ হলো, মূর্তিপূজা ও ব্যক্তিপূজার পথ রুদ্ধ করা। তাই তাঁদের মতে, যেসব ছবি পূজা করা হয় না, অতিমাত্রায় শ্রদ্ধা করা হয় না, সেগুলো বৈধ। এ ব্যাপারে রক্ষণশীল ও গ্রহণযোগ্য আলেমদের বক্তব্য ফুটে উঠেছে ইমাম নববীর লেখনীতে। তিনি বলেন, আমাদের শাফেয়ি মাজহাব ও অন্য মাজহাবের আলেমরা বলে থাকেন, কোনো প্রাণীর ছবি প্রস্তুত করা কঠোরভাবে নিষিদ্ধ। এটি কবিরা গুনাহ। কেননা এ ব্যাপারে হাদিসে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। এই ছবি দিয়ে কাউকে সম্মান করা হোক বা অপমান, উভয় অবস্থায় তা হারাম। কেননা এর ফলে আল্লাহর সৃষ্টির সঙ্গে সাদৃশ্য অবলম্বন হয়ে যায়। কাপড়, বিছানা, মুদ্রা, বাসনকোসন, দরজা বা অন্য যেকোনো কিছুতে ছবি আঁকা হারাম। প্রাণীর ছবি ছাড়া অন্যান্য ছবি হারাম নয়। যেমন—গাছপালা, উটের গদি (অশ্ব-জিন) ইত্যাদির ছবি ব্যবহার করা নিষিদ্ধ নয়। (শরহে নববী : ১৪/৮১)

ইসলামী শরিয়ত মতে, কোনো প্রাণীর ছবিযুক্ত পোশাক পরিধান করা হারাম। তবে প্রাণহীন বস্তু যেমন—বৃক্ষ, পাহাড়, ঝরনা ইত্যাদির ছবি বৈধ। (আল- বাহরুর রায়েক : ২/ ২৯, মেরকাতুল মাফাতিহ : ৪৪৮৯)

RM: উপরোক্ত আলোচনা থেকে আমরা বুঝতে পারলাম। জীন শয়তানেরা ছবি, মূর্তি ও কুকুরের মধ্যে প্রবেশ করতে পারে।

হাদীসে এসেছে "কালো কুকুর শয়তান" {সহীহ মুসলিম, হা/২৬৫, সুনানে আবু দাউদ, সুনান আত-তিরমিযী, সুনান আন-নাসাঈ, সুনানে ইবনে মাযাহ; সহীহা, হা/১৫৭৯}



যেহেতু জিনেরা এগুলোর ভিতরে প্রবেশ করতে পারে সেহেতু, টিভির ভিতরেও প্রবেশ করা অসম্ভব কিছু নয়। আর তাছাড়া আমরা দেশে টিভিকে শয়তানের বাক্স হিসেবেই ধরা হয়। এবার আসুন দেখি কাফেররা এ ব্যাপারে কি ধারণা রাখে? কাফেররা তো জীন পূজারী। ওরা ভালো করেই জিনদের খবর রাখে। ওরাও জানে যে জিনেরা টিভিতে প্রবেশ করতে পারে।

হরোর (ভৌতিক) মুভিগুলোতে এটা খুব দেখানো হয়। কোনো এক কারণে হঠাৎ করে টিভিতে সমস্যা দেখা দেয়, ঝির ঝির করতে থাকে। এবং আবার হঠাৎ করে সেটার মধ্যে প্রেতাত্মা টাইপের কিছু দেখা যায়। ওটাই জীন। সে টিভির ভিতরে প্রবেশ করে মানুষকে ভয় দেখায়। আর

কিছু দুষ্ট বা বখাটে জীন আছে, যারা শুধু শুধু মানুষকে ভয় দেখাতে পছন্দ করে।

ঘুল জীন বনাম মাজার পূজা:

পৃথিবীতে কত প্রকারের জিন রয়েছে এবং তা কী কী?

জিন শব্দের অর্থ হলো গোপন। জিনেরা মানুষের দৃষ্টিতে অদৃশ্য থাকে বলেই এর নাম জিন। আল কুরআনে আল্লাহ বলেছেন, তারপর যখন রাত তার ওপর আচ্ছন্ন হল। [সূরা আল আনআম : ৭৬] এ আয়াতে ব্যবহৃত জান্না শব্দের অর্থ হল, আচ্ছন হওয়া, ঢেকে যাওয়া, গোপন হওয়া। জিনকে আমরা দেখতে না পাওয়ার বিষয়টি আল্লাহ পবিত্র কুরআনের অন্যত্র বর্ণনা করেছেন। তিনি বলেছেন, নিশ্চয় সে ও তার দলবল তোমাদের দেখে যেখানে তোমরা তাদের দেখ না। [সূরা আল আরাফ : ২৭] মানুষের মধ্যে যেমন প্রকারভেদ রয়েছে, নানা জাতি উপজাদি ও সম্প্রদায় রয়েছে, তেমনি জিন জাতির মধ্যে ভিভক্তি রয়েছে। রাসূলুল্লাহ সা. এ সম্পর্কে বলেন : জিন জাতি তিন প্রকার। এক. যারা শূন্যে উড়ে বেড়ায়। দুই. কিছু

সাপ ও কুকুর। তিন. মানুষের কাছে আসে ও চলে যায়। [তাবারানি] প্রখ্যাত হাদিস বিশারদ শায়খ আলবানি রহ. হাদিসটিকে সহিহ বলেছেন। জিনদের ক্ষমতার মধ্যে রয়েছে তারা, বিভিন্ন প্রাণীর রূপ ধারণ করতে পারে। জিনদের একটি গ্রুপ সর্বদা সাপ ও কুকুরের বেশ ধারণ করে চলাফেরা করে মানব সমাজে। এটা তাদের স্থায়ী রূপ। হাদিস বিশারদদের মতে জিনদের কয়েক টি শ্রেণি আছে। যেমন সাধারন জিন, আমির জিন (এরা মানুষের সাথে থাকে), শয়তান- এরা অবাধ্য, উদ্ধত, ইফরিত জিন এরা শয়তানের চাইতেও বিপদজনক। জিন জাতিকে সৃষ্টি করা হয়েছে হজরত আদম আ. এর ২০০০ বছর পূর্বে। হাদিসের ভাষ্যমতে জিন জাতির আদি পিতা (আবুল জিন্নাত) সামুমকে আল্লাহ তায়ালা আগুনের শিখা দ্বারা তৈরি করার পর আল্লাহ সামুমকে বলেন তুমি কিছু কামনা কর। তখন সে বলে, আমার কামনা হল আমরা মানুষকে দেখব কিন্তু মানুষরা আমাদের দেখতে পারবে না। আর আমাদের বৃদ্ধরাও যেন যুবক হয় মৃত্যুর পূর্বে। আল্লাহ সামুমের দুটি ইচ্ছাই পূরণ করেন। জিনরা বৃদ্ধ বয়সে মৃত্যুর পূর্বে আবার যুবক হয়। জিনেরা আগুণের তৈরি হলেও এরা মূলত আগুণ নয়। যেমন মানব সৃষ্টির মূল উপাদান কাদামাটি হলেও মানুষ কিন্তু প্রকৃত পক্ষে কাদামাটি নয়। ঠিক তেমনি জিনের

পূর্ব পুরুষ আগুণের তৈরি হলেও জিন মানেই আগুন নয়। এর প্রমাণ মুসনাদ আহমদে বর্ণিত রাসুলুল্লাহ সা. একটি হাদিস। তিনি বলেছেন, শয়তান নামাজের মধ্যে আমার সাথে মুকাবেলা করতে আসে তখন আমি তার গলা টিপে দেই। ইসলামপূর্ব আরব উপকথাগুলোতে জিনের উল্লেখ আছে। প্রাচীন সেমাইট জাতির জনগণ জিন নামক সত্ত্বায় বিশ্বাস করতো। তাদের মতানুসারে জিন কয়েক প্রকারে বিভক্ত।

যেমন, ঘুল (দুষ্ট প্রকৃতির জিন যারা মূলত কবরস্থানের সাথে সম্পর্কিত এবং এরা যেকোন আকৃতি ধারণ করতে পারে),

সিলা (যারা আকৃতি পরিবর্তন করতে পারতো) এবং ইফরিত (এরা খারাপ আত্মা)। এছাড়া মারিদ নামক এক প্রকার জিন আছে যারা

জিন দের মধ্যে সবচেয়ে শক্তিশালী। মাওলানা রোকন রাইয়ান সহ-সম্পাদক, ইসলামি চিন্তার কাগজ

https://www.priyo.com/i/%E0%A6%AA%E0%A7%83%E0%A6%A5%E0%A6%BF%E0%A6%AC%E0%A7%80%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%95%E0%A6%A4-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%9C%E0%A6%BF%E0%A6%A8-%E0%A6%B0%E0%A7%9F%E0%A7%87%E0%A6%9B%E0%A7%87-%E0%A6%8F%E0%A6%AC%E0%A6%82-%E0%A6%A4%E0%A6%BE-%E0%A6%95%E0%A7%80-%E0%A6%95%E0%A7%80

জ্বিন জাতির কিছু তথ্য

সুপারন্যাচারাল এর প্রতি মানুষের আগ্রহ প্রাচীনকাল থেকেই। হাজার হাজার বছর আগে থেকেই এসব বিষয় নিয়ে গবেষণা করে আসছে মানুষ। এতোদিন আপনারা জ্বিন সম্পর্কে অনেককিছু জেনেছেন।

বিভিন্ন সময়ে বিভিন্ন তথ্য বের করেছেন জ্বিন সম্পর্কে। এসব বর্ণনা থেকে এটা পরিষ্কার যে, জ্বিনদের মধ্যেও বিভিন্ন জাতি,উপজাতি রয়েছে এবং তাদের কাজ ও আচরণের ধরণও আলাদা আলাদা।

যাই হোক, আজকে জ্বিনদের কিছু জাতি এবং প্রজাতি নিয়ে সংক্ষিপ্ত কিছু আলোচনা করবো-

জ্বিনদের মধ্যে প্রধান ৩টি জাত আছে। যেমন-

(১)ইফরিত(I f r eet)

(২)মারীদ(Mar i d)

(৩)শয়তান বা শায়াত্বিন(Sai t an)

জ্বিনদের উপরোক্ত জাতি ছাড়াও এদের মধ্যে বেশ কিছু উপজাতি লক্ষ্য করা যায়। নিচে এগুলো সম্পর্কে কিছু সংক্ষিপ্ত তথ্য দেয়া হলো-

* ঘুল (Ghoul) : এরা সাধারণত উত্তর থেকে পশ্চিম দিকে ভ্রমণ করে।এদেরকে বিভিন্ন ধর্মে "Undead Monster" বলা হয়েছে ।এরা সাধারণত কবরস্থানের আশেপাশে থাকে ও মানুষের মাংস এরা খুব পছন্দ করে। এরা বড়দের চেয়ে বাচ্চাদেরকে বেশি আক্রমণ করে।এরা শক্তিশালী হয় তবে বোকা টাইপের জ্বিন হয়ে থাকে।

* সিলা (SI LA) : জ্বিনদের মধ্যে সবচেয়ে স্মার্ট জ্বিন হচ্ছে সিলা জ্বিন। এরা অতি দ্রুত আকৃতি পরিবর্তনে সক্ষম। বেশিরভাগই মেয়ে জ্বিন হয়। অত্যন্ত বুদ্ধিমান বলে মনে হয়। এরা খুব কমই মানুষের সামনে আসে। এরা সাধারণত মানুষের তেমন ক্ষতি করে না। তবে এরা অনেক সময়ই মানুষকে বিভিন্নভাবে সাহায্য সহযোগিতা করে থাকে।

* ভেতালা(VETALA) : ভেতালা দিয়ে মূলত ভ্যাম্পায়ারদের বুঝানো হয়। তারা মানুষের মৃতদেহ ধারণ করে এবং তাদের ক্ষয়ক্ষতি থেকে রোধ করতে পারে, এবং ভেতরের বিশ্বাসকে তিরস্কার করে মানুষকে সাধারণ মানুষ বলে। এরা মানুষের রক্তের সাথে খুব দ্রুত মিশে যেতে পারে এবং মানুষের শরীর থেকে রক্ত শুষে নেয়। এরা প্রচন্ড শক্তিশালী জ্বিন হয়ে থাকে। ভেতেলা জ্বিনও অন্যান্য জ্বিনদের মতো আকৃতি পরিবর্তনে সক্ষম। অনেক সময় এদেরকে ভবিষ্যৎবাণী করার কাজে ব্যবহার করা হয় এবং অতীতের কোনো তথ্য লাভ করতে সক্ষম বলে মনে করা হয়। এরা মানুষের ব্রেইনে অতি দ্রুত চলে যেতে পারে।

* হিন(Hi nn) : এরা জ্বিনদের মধ্যে এমন এক জাতি যারা খুবই অদ্ভুত প্রকৃতির হয়। এরা বেশিরভাগই কুকুরের রূপে থাকে। এরা মানুষের কোনো ক্ষতিই করতে পারে না। এদের মুখটা শিয়ালের মতো কিংবা কখনও কখনও ইঁদুরের মতো, হাতের আঙ্গুল তিনটা করে থাকে,গায়ের রঙ কুৎসিত। এরা খুবই বোকা প্রকৃতির হয়। এরা মূলত শয়তান এবং ইবলিশের অনুসারী। এদের প্রধান কাজ মানুষকে জ্বালাতন করা।

* নাসনাস(NasNas) : এরা একটু অদ্ভুত ধরণের জ্বিন। এরা Half Jinn এবং Half Animal হয়। অর্ধেক জ্বিন হয় আর বাকি অর্ধেক কোনো পশুপাখি, গাছপালা ইত্যাদির রূপ নেয়। এরা নোংরা জায়গায় বেশি থাকে। এদের অর্ধেক দেখা যায় আর বাকি অর্ধেক অদৃশ্য থাকে। এরা বেশিরভাগই মানুষের ক্ষতি করে থাকে এবং তেমন কোনো বড় ধরণের ক্ষমতা না থাকা সত্যেও মানুষকে হুমকি দেয়। এরা মিথ্যা বলায় খুব পটু।

* পালিশ (Paal i s) : সাধারণত এরা মরুভূমিতে বেশি থাকে। দেখতে প্রচন্ড কুৎসিত, শরীর খুব দুর্গন্ধময় এবং অন্ধকার ও জনমানবহীন জায়গায় বেশি থাকে। এরা বসবাসের জন্য কিংবা কোথাও লুকানোর জন্য অপবিত্র জায়গা পছন্দ করে। এরা মানুষের ক্ষতি করতে সক্ষম এবং ভয় দেখাতেও বেশি এক্সপার্ট হয়ে থাকে।

* খান্নাস(Khannas) : খান্নাস বিশেষ ধরণের এক জ্বিন। এরা সাধারণত মানুষকে পজেসড করে না তবে ক্ষতি করে। এরা অপবিত্র জায়গায় এবং পানিতে থাকতে বেশি পছন্দ করে। আমাদের ওয়াশরুমে খান্নাস টাইপের জ্বিন থাকে। এরা সকলেই শয়তান টাইপের হয়।

* যাথুম(Ja` t hoome) : এসব জ্বিনকে ওভারপাওয়ারড জ্বিন বলা হয়। এরা খুবই ভয়ংকর জ্বিন। এদের প্রধান আবাসস্থল বটবৃক্ষ। এরা যদি কোনো মানুষকে একবার পজেসড করে তাহলে এদের ছাড়ানো কঠিন। কোনো প্রকার তাবিজে কাজ হবে না গ্যারান্টি। এরা মেয়েদেরকে বেশি পজেসড করে। এরা মানুষের সাথে থাকলে

তাদের শরীরের বিভিন্ন জায়গায় স্পর্শ করে। এরা মানুষের ক্ষতি করার পাশাপাশি মানুষের উপকারও করে থাকে।

ডেইলি বাংলাদেশ/আরএজে

https://www.daily-bangladesh.com/feature/19336

R:M: ঘুল জিনের ব্যাপারটা খেয়াল করেছেন? এরা কবরে থাকে। তাহলে কি এই জিনকে খুশি (নাচ, গান, সিজদা ইত্যাদির মাধ্যমে) করার জন্যই কবর পূজা বা মাজার পূজার প্রচলন হয়েছে?

ভীনগ্রহীদের নিয়ে কল্পনা জল্পনা (এলিয়েন ফ্যান্টাসি):

ম্যাসনিক হলিউড; স্পেস আর এলিয়েন প্রোপাগান্ডা:

এবার আসা যাক এলিয়েন প্রসঙ্গে। যখন থেকে যাদুকরদের অকাল্ট ফিলসফির অন্তর্গত বিষয়ঃ আউটার স্পেস তথা "মহাশূন্য"কে বিজ্ঞানে স্বীকৃতি দেওয়া হয়,

মানুষ কল্পনা প্রবণ হয় এতে ভ্রমণের ব্যপারে। পৃথিবীকে মহাশূন্যের অতিক্ষুদ্র কণার মত ঘুর্নায়মান বর্তুলাকার 'গ্রহ' হিসেবে প্রচার করা হয় এবং বলা হয় কোটি কোটি গ্রহ আছে, হাজারো গ্রহ হতে পারে বাসযোগ্য, অন্য গ্রহগুলোয় জীবনের অস্তিত্ব নিয়ে রহস্যঘন কল্পনায় ডুবিয়ে রাখতে শুরু করে কথিত বিজ্ঞানী নামধারী অপবিজ্ঞানীরা। শুরু হয় ভীনগ্রহীদের নিয়ে কল্পনা জল্পনা। এখন শুধু পাশ্চাত্যে সীমাবদ্ধ নয়,সারা বিশ্বের মানুষদের এসব নিয়ে কল্পনায় ভাসানো হয়। বিজ্ঞানীরা বলতে শুরু করেন উন্নত বুদ্ধির প্রানীদের। শুরু হয় মানুষের চেয়েও উন্নত কোন সভ্যতার কল্পনা। শুরু হয় এলিয়েন ফ্যান্টাসি। বিজ্ঞানী থেকে রাজনীতি সবজায়গায়ই এলিয়েন রহস্য। প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান মানুষকে এলিয়েন থ্রেটের কথা শোনায়। তিনি সরাসরি বলেন, এলিয়েনদের আগ্রাসন হয়ত ভবিষ্যতে মানবজাতির ধর্মবর্ণের বিভেদ ভুলে একজাতিতে পরিনত করবে।এরপর থেকে ঠিকই নিয়মিত অচেনা বিচিত্র আকৃতির নভোযান পৃথিবীর আকাশে ভাসতে দেখা যায়। সারাপৃথিবীর বিভিন্ন প্রান্তে এলিয়েনদের দ্বারা মানুষ অপহরণের ঘটনা ঘটতে শোনা যায়। এই এলিয়েনদের আসল পরিচয় কি??

ইনফিনিট স্পেস আর অগণিত গ্রহ,গ্যালাক্সি,নিহারিকার কনসেপ্টটি যাদুকর-দার্শনিক এন্যাক্সিম্যান্ডার, ডেমোক্রিটাস, এপিকিউরাস এবং ব্রুনোর কস্মিক প্লুরালিজমের প্রাচীন ধারনাকে নতুন করে জাগিয়ে দেয়[১১]। এরপরে শুরু হয় বহির্জগতের বুদ্ধিমান প্রানীদের নিয়ে ফ্যান্টাসি। অজস্র বই,গল্প,উপন্যাস

,পত্রিকা ম্যাগাজিন এই প্লটের উপর লেখা হয়। পাঠকদের অধিকাংশই এসকল সায়েন্স ফিকশনকে উন্নত বুদ্ধিবৃত্তিক চিন্তা/কল্পনা মনে করে সমর্থন দিতে শুরু করে। টেলিভিশন ছড়িয়ে পড়বার পর ব্রেইনওয়াশিং এবং মাইন্ডকন্ট্রোল এর আওতা আরো বেড়ে গেল। সেই নব্বইয়ের দশকের শেষ থেকে আজ পর্যন্ত ম্যাসনিক হলিউড; স্পেস আর এলিয়েন প্রোপাগান্ডা চালিয়ে যাচ্ছে। যতগুলো সায়েন্সফিকশন সিনেমা নির্মান করছে তার সবই আউটারস্পেস এর কন্সেপ্ট ভিত্তিক। আর স্পেস থাকা মানেই স্পেস ট্রাভেল,এলিয়েন থাকবে। এরপরে যে সিনেমা গুলো বের হতে শুরু করে তার অধিকাংশ হয় এলিয়েন ইনভ্যাশন নিয়ে। বহির্জগতের বুদ্ধিমান প্রানীরা উন্নত প্রযুক্তিসমেত পৃথিবীতে হামলা করেছে, সমস্ত দেশগুলো এক হয়ে প্রতিরোধ করছে ইত্যাদি, ইত্যাদি।[১২] এখনকার ফিল্মগুলোতে নতুন মাত্রা যোগ করেছে, মেটাফিজিক্যাল(origins of existence) ব্যপার গুলোয় এলিয়েন হস্তক্ষেপ দেখিয়ে। ওরা দেখাচ্ছে মানুষের অস্তিত্বটাই এলিয়েনদের দান। মানুষের ডিএনএ'তে এলিয়েন ডিএনএ মিশে আছে। ওরা আমাদের ইঞ্জিনিয়ার। প্রমিথিউজ,ট্রান্সসফরমার এই ম্যাসেজগুলোই দিচ্ছে। অন্যদিকে এসবে আছে সায়েন্টিফিক কমিউনিটির সমর্থন [১৩]। মিডিয়ায় হেলিওসেন্ট্রিক এস্ট্রোনমি ও এলিয়েনের অস্তিত্বের প্রমোশন পাবার সাথে সাথে মানুষও Unidentified flying object(UFO) এবং Unidentified submerged object(USO) দেখা শুরু করে।

মেক্সিকো আমেরিকায় বিষয়টা এমন স্থানে গিয়ে দাঁড়িয়েছে যে ওটা খুবই সাধারন বিষয়। এ বিষয়গুলোর সূত্রপাত খুজতে গিয়ে মেলে জগদ্বিখ্যাত যাদুকর এ্যালিস্টার ক্রোওলির ১৯১৮ সালে করা 'অমলন্ত্র' রিচুয়াল(amalantra working)[১৪]। ক্রোওলি Lam নামের এক এলিয়েন এন্টিন্টির সাথে নিয়মিত যোগাযোগ করত। তিব্বতীয় ল্যাম শব্দের অর্থ পথ অথবা পথদাতা।



ল্যাম দেখতে অনেকটা গ্রে এলিয়েন যেমনি দেখতে, তেমনি। অধিকন্তু, ল্যাম হচ্ছে মূলচক্রের একটি মন্ত্র(যোগসাধনায় ষড়চক্রের একদম নিম্নে অবস্থিত)। বলা হয় ক্রোওলির এই রিচুয়ালের উদ্দেশ্য ছিল এলিয়েন এন্টিটির জন্য ইন্টারডাইমেনশনাল পোর্টাল[৩২] খুলে দেওয়া যাতে তারা ইচ্ছেমত আমাদের ডাইমেনশনে প্রবেশ করতে পারে। এরপরে ১৯৪৬ সালে আরেকটি বড় পরিসরের ম্যাজিক্যাল রিচুয়াল পালিত হয়। এর নাম দেওয়া হয় "Babalon Working"[৩৬]। এতে ক্রোওলির সাথে যোগ দেয় বর্তমান স্পেস এজেন্সি নাসা এবং সাইন্টোলজি কমিউনিটির ফোরফাদারগন। সেটাতেও সিরিমোনিয়াল এবং সেক্স রিচুয়াল পালিত হয় অমলন্ত্রের মত। সমস্ত অকাল্ট কমিউনিটির মধ্যে এ কথা

প্রচলিত আছে যে এ রিচুয়াল দ্বারা আগের ডাইমেনশনাল গেইটওয়ে এক্সট্রাটেরিস্ট্রিয়াল এন্টিটির জন্য আরো প্রশস্ত করা হয়। এ ঘটনার পর দিয়ে সারা পৃথিবীর বিভিন্ন অঞ্চলে ইউএফও সাইটিং শুরু হয় ব্যাপকহারে। এলিয়েনদের দ্বারা অপহরণ, এমনকি সেনাবাহিনীরাও আক্রান্ত হবার ডকুমেন্ট পাওয়া যাচ্ছিল।

এ্যালিস্টার ক্রোওলির সাথে জেট প্রপালশান ল্যাব এবং সাইন্টোলজির প্রতিষ্ঠাতার ল্যাম বা গ্রে এলিয়েন বিংদের আহব্বান এবং পরবর্তীতে অগনিত ইউএফও/ইউএপির উপদ্রব, সেই সাথে জেট প্রপালশান ল্যাবের রকেট আবিষ্কারের মাধ্যমে মানুষের মনে একটা ধারনাকে গেঁথে দেওয়া হয়। সেটা হচ্ছে Outer Space(মহাশূন্য)! অর্থাৎ উপর থেকে বহির্জাগতিক প্রানীরা আসতে পারে আর আমরাও উপরে(আসমানে) যানবাহন বহির্বিশ্বে পাঠাতে পারি। "মহাশূন্যের" ধারনাকে মানুষ ইয়াক্বিন করে নেয়।যাহোক, হঠাৎ করে ইউএস প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান ১৯৮৮ সালে জাতিসংঘে বললেন, **"হয়ত আমাদের কোন একটা সার্বজনীন বহির্জাগতিক হুমকির প্রয়োজন যা আমাদের মধ্যকার সাধারন ঐক্যকে জাগ্রত করবে, আমি মাঝেমধ্যে ভাবি কতটা দ্রুত আমাদের মধ্যকার এই (জাতিগত) ভেদাভেদ চলে হয়ে যাবে, যদি আমরা কোন ধরনের এলিয়েনদের হুমকির মুখোমুখি হই।" [১৫]**

১৯৯৪ সালে জার্নালিস্ট এবং কন্সপিরেসি থিওরিস্ট সার্জ মোনাস্ত নাসার প্রজেক্ট ব্লুবিম[১৬] নিয়ে কথা তোলেন। এ নিয়ে একটি বইও পাব্লিশ করে ব্যাপক সাড়া

ফেলেন। এতে দাবি করা হয় নাসা বিশ্বের মোড়লদের পাশে দাঁড়িয়ে একটা ফেইক এলিয়েন ইনভ্যাশন ঘটাতে চায় যার মাধ্যমে গোটা বিশ্বের জাতি,ধর্ম,বর্নের ভেদাভেদ ভেঙে এক সরকারবিশিষ্ট বিশ্বব্যবস্থা গঠন করা যায়।

মোনাস্তের কথা অনেকে একদম কন্সপাইরেসি থিওরি বলে উড়িয়ে দিতে চায়, কিন্তু স্যাটানিস্ট ক্রোওলির ল্যামের সাথে কন্টাক, ইনভোকেশন এবং ম্যাজিক্যাল ডাইমেনশনাল রিফট তৈরি, হঠাৎ ইউএফও সাইটিং শুরু এবং আশংকাজনক বৃদ্ধি, রোনাল্ড রিগ্যানের আশংকার কথা, এবং হলিউডের প্রোপাগান্ডা মেলালে সেই কন্সপিরেসি থিওরিস্টের কথা সত্য হবার আশংকা চলে আসে। এটা আরো প্রগাঢ় হয় আজকের সাইন্টিফিক কমিউনিটি থেকে সমর্থন পাওয়া যায়।পদার্থবিজ্ঞানী মিচিও কাকু প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানের এলিয়েন থ্রেট দিয়ে ন্যাশনাল ব্যারিয়ার ভেঙ্গে সমগ্র দেশ গুলো এক করার বক্তব্যকে পূর্ন সমর্থন দিয়ে তিনি এলিয়েন ইনভ্যাশনের আশংকা করেন[১৭]।

<u>এলিয়েনবাদি ধর্ম</u>:

এলিয়েন নিয়ে ফ্যান্টাসি এখানেই সমাপ্ত না, বেশ কিছু ধর্মও তৈরি হয়েছে[৩১]। যেমন রায়েলিজম, হ্যাভেন্স গেইট,ব্রহ্মকুমারী ইত্যাদি আরো অনেক। এসকল নতুন ধর্মগুলো এলিয়েনের হস্তক্ষেপকে হলিউডের ফিল্মের ন্যায় মানবজাতির সৃষ্টি ও ক্রমবিকাশ এবং বিবর্তনের কারন হিসেবে মানে। আমাদের দেশেও রায়েলিজমের অনুসারী রয়েছে অনেক। এরা এলিয়েনদেরকে 'এলোহিম' শব্দ দ্বারা বোঝায়, যার জন্য ইজরাইলের টেম্পল তৈরির জন্যও তাগিদ দিয়েছে।তারা শীঘ্রই

আসছেন! রায়েলিজমের শাখা বাংলাদেশেও আছে। উইকিপিডিয়া অনুসারে: *"Raëlians believe that scientifically advanced extraterrestrials, known as theElohim, created life on Earth through genetic engineering, and that a combination of human cloning and "mind transfer" can ultimately provide eternal life."***(উইকিপিডিয়া)**

আরেকটি এলিয়েনবাদি ধর্ম, ইথারিয়াস। এর প্রতিষ্ঠাতা, ইথারিয়াস নামের এক এলিয়েনের সাথে টেলিপ্যাথিক যোগাযোগের পরে প্রতিষ্ঠা করেন। উইকিপিডিয়া অনুসারে: *The Aetherius Society was founded in theUnited Kingdom in 1955. Its founder, George King, claimed to have been contacted telepathically by an alien intelligence called Aetherius, who represented an "Interplanetary Parliament.* **(উইকিপিডিয়া)**

ব্যাবিলন প্রজেক্টের পরের বছরেই রাজওয়েলে ইউএফওর ক্রাশ ঘটে ; যার ধ্বংসবশেষ এরিয়া ৫১ তে পাঠানো হয়। এভাবে হাজারো ফ্লাইং ডিস্ক এবং বিচিত্র

মডেলের আকাশযানের ছবি ও ভিডিও পৃথিবী বিভিন্ন অঞ্চল থেকে ভাইরাল হতে লাগলো। হাজারো ষড়যন্ত্র তত্ত্ব তৈরি হতে লাগলো। ৫০০ বছর আগে যখন জিওসেন্ট্রিক ফ্ল্যাট ষ্টেশনারী পৃথিবীর মডেলটি ভ্যালিড ছিল, তখন এই ইউএফওর উপদ্রব একদম অচেনা ছিল। সাধারণ কেউ এসব ফ্ল্যাইং ডিস্ক কল্পনাও করতে পারতো না। কেউ এলিয়েনদের দ্বারা অপহরনের স্বীকারও হত না। কিন্তু তখন জ্বীনদের দ্বারা কাউকে লুকিয়ে ফেলা বা নিয়ে যাবার ঘটনা জানাশোনা ছিল। ব্যবিলন ওয়ার্কিং এর দ্বারা আহব্বান করা ল্যামের গ্রে এলিয়েন বাহিনীর আসল পরিচয় অনেকেই বুঝে গেছেন। এরপরেও আরো স্বচ্ছ ধারনা প্রয়োজন।

ইউএফওলজিস্ট জ্যাকুয়েস ভ্যালি সর্বপ্রথম ইউএফও ফেনোমেননগুলোকে ইন্টারডাইমেনশনাল এন্টিটির কারসাজি বলে উল্লেখ করেন। পরে এর সপক্ষে John Ankerberg এবং John Weldon এরও বক্তব্য রয়েছে। তারা বলেনঃ**"the UFO phenomenon simply does not behave like extraterrestrial visitors."** অর্থাৎ কথিত স্পেসক্রাফট ও এলিয়েনগন এক্সট্রাটেরেস্ট্রিয়ালের মত আচরণ করে না। অন্যান্য যুক্তির দিক দিয়ে ইউএফও ফেনোমেনন এর ব্যাখ্যা Interdimensional hypothesis এর দিকেই যায়। একারনে অনেক ইউএফলজিস্টরা ETH এর চেয়ে IDH কে বেশি যুক্তিযুক্ত মনে করেন।তাদের কেউ কেউ এগুলোকেই প্রাচীনকাল থেকে প্যারানরমাল/সুপারন্যাচারাল ঘটনাগুলোর ভিন্নধর্মী

ম্যানিফেস্টেশন বলে মনে করেন। যেমন ইউএফওলজিস্ট জন কিল UFO গুলোকে Ghost/spirit/demon এর ঘটনার সাথে সম্পর্কযুক্ত মনে করেন।[২১]

<u>ক্রপসার্কেল, ফ্লাইং সসার, সাইকাডেলিক ম্যাজিক মাশরুম, & এলিয়েনদের সাথে যোগাযোগ</u>:

২১ শতকে জিওসেন্ট্রিক এস্ট্রোনমির বিপ্লব সৃষ্টিকারী প্রকৃতিপূজারী প্যাগান এরিক দুবেঙ্গ বলেন, **"আজকে যেমনি বিভিন্ন অঞ্চলে ফ্লাইং সসার দেখা যায় যাকে আমরা ইউএফও বলে অভিহিত করি, একই জিনিস সেই হাজার বছর আগে থেকে আজ পর্যন্ত আমাজন জঙ্গলের মানুষগুলো যারা আইয়োহুয়াস্কা, পাইয়োডি ইত্যাদি প্রাকৃতিক সাইকাডেলিক উপাদান গুলো সেবন করে, তারাও ঠিক একই জিনিসের ব্যপারে বলে এবং যেগুলো দেখতে এলিয়েন ও ফ্লাইং সসারগুলোর মত। যারা সেসব ক্র্যাফট থেকে বের হয়ে তাদেরকে বিভিন্ন বিষয় শিক্ষা দেয়। এরা মূলত ইন্টারডাইমেনশনাল জীব। আর সবচেয়ে শক্তিশালী সাইকাডেলিক উৎপন্ন করে আমাদের ঘুমন্ত মস্তিষ্কের পাইনিয়াল গ্ল্যান্ড যাকে থার্ড আই বলা হয়। এজন্য স্বপ্ন হচ্ছে এরই একটা প্রোডাক্ট।ঘুমন্ত অবস্থায় অনেকে এমন এলিয়েন এবডাকশনের স্বপ্ন দেখে যা তাদের কাছে খুবই সত্য বলে মনে হয়। হয়ত তখন তার মস্তিষ্কে অভ্যিজেনাস ডিএমটি সাইকাডেলিক ড্রাগের বিস্ফোরণ ঘটে। একই**

সাইকাডেলিক ম্যাজিক মাশরুম ব্যবহার করত মিথ্রাইক কাল্টে। আদিম সভ্যতাগুলো নিজেদেরকে নক্ষত্রের বংশোদ্ভূত বলত। তারা মূলত ইন্টার ডাইমেনশনাল রেল্মে ঘুরে বেড়াতো , অথচ আজকে ফেইক কস্মোলজি শেখানো হয়, এলিয়েনদের অস্তিত্বের জন্য ভ্রান্ত আউটার স্পেস কন্সেপ্ট নিয়ে আসা হয়েছে।"

বিখ্যাত স্পিরিচুয়ালিস্ট ট্যারেন্স ম্যাকেনা বলেন, **"আমি মনে করি এক্সট্রাটেরেস্ট্রিয়ালদের সাথে যোগাযোগের চেয়ে আসল কাজ হচ্ছে এটা জানা যে আপনার সাথেই একজন রয়েছে। এটা একদমই বোকামি যে একটা রেডিও ব্যবহারকারী সভ্যতাকে খুজতে রেডিও টেলিস্কোপ দিয়ে ছায়াপথে খুজে বেড়ানো।"** তিনি মনে করে সাইকাডেলিক মাশরুম গুলোই এলিয়েনদের সাথে যোগাযোগ এর একটা মাধ্যম[২৩]। তাছাড়া ম্যাজিক মাশরুম ব্যবহার করে হাজারো কথিত এলিয়েনদের[২৭] সাথে যোগাযোগ এর রিপোর্ট পাওয়া যায়। অবশ্য প্রাচীনকাল থেকে জঙ্গলের বিভিন্ন প্যাগান সভ্যতার মাঝে এই জিনিস ব্যবহার চলত। তারা অবশ্য স্পিরিট/এ্যান্সেস্টর ইত্যাদি শব্দ দ্বারা অভিহিত

করতো [২২]। ইউএফও সাইটিং এর পাশাপাশি আরেকটা বিষয় হঠাৎ খুব বেড়ে যায়। সেটা হচ্ছে, ক্রপ সার্কেল। অনেকে হয়ত এ ঘটনার সাথে পরিচিত নন। তাদের উদ্দেশ্যে বলি, ক্রপসার্কেল হচ্ছে বিচিত্র জটিল জ্যামিতিক নকশা বা প্রতীক যা মাঝেমধ্যে উন্নত বিশ্বের অনেক দেশগুলোর গ্রামগুলোর শস্যক্ষেতে দেখা যায়। হঠাৎ কৃষক জমিতে গিয়ে দেখেন ক্ষেতের মাঝে বিশাল অঞ্চল জুড়ে ফসল উপড়ে কিছু একটা করা হয়েছে। মাটিতে দাড়িয়ে কিছু বোঝা যায়না। কিন্তু উচু স্থান থেকে, বিমান বা হেলিকপ্টার থেকে পূর্নরূপ দৃশ্যমান হয়। ১৯৭০ সালের পর দিয়ে ক্রপসার্কেল এর সংখ্যা বাড়তে থাকে। এসবের কিছু মানবসৃষ্ট, কিছু আবার এক রাতে হয়ে যায়। অনেকে ক্রপসার্কেলের সাথে ইউএফওর সংশ্লিষ্টতা প্রত্যক্ষ করেছে। এজন্য সবার বদ্ধমূল ধারনা,এসব এলিয়েনদের স্পেসশিপ দিয়ে তৈরি। এটা সত্য যে অনেক জটিল জ্যামিতিক নকশা তৈরি করা রাতারাতি নিখুঁতভাবে মানুষের দ্বারা করা কঠিন। অধিকাংশই অকাল্টিস্টদের স্যাক্রিড জিওমেট্রিক নকশা! কখনো, কাব্বালার সাজারাতুল খুলদের নকশা,কখনো বা ফ্লাওয়ার অব লাইফ,কখনো গ্রে এলিয়েনদের ছবি, কখনো বা ডলারের উপরের পিরামিডের উপর এক চোখের নকশা। ১৯৯৭ সালের মে মাসে Barbury Castle এর শস্যক্ষেতে কাব্বালার ট্রি অব লাইফের ক্রপ সার্কেল পাওয়া যায়। বাবেল শহরের এই বিদ্যার নকশা কোন ধরনের বুদ্ধিমান প্রানীরা দেখাতে পারে? এরাই নিজেদের রূপকে(গ্রে এলিয়েন) ক্রপসার্কেলে দেখায়। বিখ্যাত ফ্রেঞ্চ রাব্বী বিন হালিমা

আব্দুর রউফ এক রুকইয়ার সময় রোগীর সাথের শয়তান জ্বীন তাকে জানায় এই ক্রপসার্কেল গুলো তাদের কাজ। একারনেই এলিস্টার ক্রোওলির শয়তান পূজার ধর্ম থেলেমার সিম্বল ক্রপসার্কেলে কথিত এলিয়েনগন অঙ্কন করে।

আশাকরি এবার বুঝতে পারছেন, 'এলিয়েন' শুধুই একটা নতুন শব্দ। নতুন কস্মোলজি দিয়ে ভিন্ন নামে নতুন চেহারায়[গ্রে এলিয়েন(২৬)]শয়তান জ্বীনদেরকেই দেখানো হচ্ছে। প্রাচীন মিশরীয় হাইরোগ্লিফিকে যে আনুনাকিদের দেখা যায় এরা এই একই ইন্টারডাইমেনশনাল এলিয়েন(কথিত) রেস[২৫]। এরা যে এক্সট্রাটেরেস্ট্রিয়াল নয় মোটেই সেটা তারা নিজেরাই স্বীকার করে। হিস্টোরি চ্যানেলের এক ডকুমেন্টারিতে বলছিল ওরা ভিন্ন ফ্রিকোয়েন্সি/ডাইমেনশনে হাজার হাজার বছর ধরে আমাদেরই সহবস্থানে আছে।[২৪]

<u>শয়তানের (alien) সাথে মানুষ এক হয়ে এরিয়া ৫১ তে কাজ করছে৷</u>

আজকে যারা মিস্টিসিজম/ প্যাগান এস্ট্রোথিওলজিতে বিশ্বাস করে এরা আজ বিচিত্র পদ্ধতি শেখায় এই হায়ার ডাইমেনশনাল রেস তথা শয়তানের সাথে যোগাযোগের।[২৮]। বৈদিক এস্ট্রলজির বিদ্যা দিয়েও নাকি এলিয়েনদের সাথে যোগাযোগ সম্ভব[৩০]। এক ডিএমটি সেবকের ডিএমটি গ্রহনের পরে কথিত এলিয়েনদের সাথে দেখা করার বর্ননাটি শুনুন৷ সহজেই বুঝবেন, সে কাদের কথা

বলছেঃhttps://m.youtube.com/watch?v=qb-PgFwPwhc





সকল থিওসফিস্ট(প্যাগান) বিশ্বাস করেন পৃথিবীর দায়িত্বে থাকা সকল স্পিরিচুয়াল এন্টিটির রাজা সনৎ কুমার হচ্ছে এলিয়েন বিং। আর বেঞ্জামিন ক্রিম বিশ্বাস করতেন সনৎ কুমারের আদি নিবাস-শুক্র গ্রহ। শুক্র গ্রহের সাথে তার দুনিয়ার রাজ্য শাম্বালায় ফ্লাইং সসারের ট্রাফিক রয়েছে। ক্রিমও বিশ্বাস করতেন যে ইউএফও-ই ক্রপসার্কেল গুলোর জন্য দায়ী। উইকিপিডিয়া অনুযায়ী, *"It is also believed by the Theosophists in general as well as Creme in particular that the governing deity of Earth, Sanat Kumara (who is believed to live in a city called Shamballa located above the Gobi desert on the etheric plane of Earth), is a Nordic alien who originally came from Venus 18,500,000 years ago.[20] The followers of Benjamin Creme believe there is regular flying saucer traffic between Venus and Shamballah and that crop circles are mostly caused by flying saucers."*

(উইকিপিডিয়া)

সনৎ কুমারকে 'Satan kumar' বলতে শুনি কিছু খ্রিষ্টান প্রিস্টদের। কুম্বেইর যুক্তি, সনৎ কুমার যেহেতু ভেনাসের চির কুমার, সেহেতু শুক্রের আদি গ্রীক নাম লুফিফারই হচ্ছে এই সনৎ কুমার। অর্থাৎ sanat kumar=satan kumar!

"Bailey goes on to explain that Sanat Kumara is the "life and the forming intelligence", presiding over the Council of Shamballa [the Heaven of Earth according to New Age doctrine]. (The New Age Dictionary, p. 172) Further, Sanat Kumara is "the eternal youth from the Planet Venus". The name Lucifer is one of the ancient Greek names for Venus. Therefore, according to Cumbey, Sanat Kumara is merely another name for Satan or Lucifer. (Cumbey, Hidden Dangers of the Rainbow) "[Wikipedia]

এদিকে কল্কি অবতারের অপেক্ষায় থাকা হিন্দুর কল্কিঅবতারের সাথে এলিয়েন ও ইউএফওর মেলবন্ধনটা ছিল দেখার মতনঃ https://m.youtube.com/watch?v=OfhxEYb2XQk

তার মানে বুঝতে পারছেন(?) এই এলিয়েন শব্দ দিয়ে যাদেরকে বোঝানো হয় তারা এ দুনিয়ায় ১৯,২০ শতকের নতুন আগন্তুক কেউ নয় বরং মানব সভ্যতারও আগে থেকেই এখানে আছে। থিওসফিস্ট, যারা কিনা শয়তানেরই থেইস্টিক পূজারী এদের সাথেও এদের সম্পৃক্ততা রয়েছে! প্রাচীন বৈদিক যুগের 'বিমান'গুলো এদেরই। সর্বশেষ অবতার কল্কি কে তার ব্যপারে আগেই একটা আর্টিকেল লিখেছিলাম[৩৩]। এর সাথে শয়তানজ্বীনদের অন্তর্ভুক্তি খুবই স্বাভাবিক। এ বিষয়টা প্রজেক্ট ব্লুবিম এর সম্ভাবনার কথা মনে করিয়ে দেয় যার ইঙ্গিত রোনাল্ড রিগ্যান, মিচিও কাকু দিয়েছিলেন। আমরা জানি দাজ্জাল ব্যাপকভাবে শয়তান জ্বীনদের

সাহায্য নিয়ে মানুষকে কুফরের দিকে আহব্বান করবে। শয়তান জ্বীনরা এমনকি মৃত মানুষের আকৃতি ধারন করে সাধারণ মানুষকে কুফরের দিকে ধাবিত করবে।

এ সংক্রান্ত ডকুমেন্ট আজ ওপেন সিক্রেট ; যে শয়তানের সাথে মানুষ এক হয়ে এরিয়া ৫১ তে কাজ করছে। এফবিআইও এখন এ কথা স্বীকার[২৯]। সুতরাং আন্দাজ করুন, কতটা ভয়াবহ বিষয়গুলোকে আজকে স্বাভাবিক করা হয়েছে।

আজকের শেখানো কস্মোলজি ওই ডায়াবোলিক্যাল এন্টিটিদেরই শেখানো[৩৫]। এই মহাকাশতত্ত্ব শয়তানদের জন্য মানুষের জগতে সহজ এবং গ্রহণযোগ্য প্রবেশাধিকার তৈরির জন্যই ডিজাইন করা হয়েছে। সৃষ্টিতত্ত্বকে পালটে ওদের উপর বিশ্বাসকে একটা স্বতন্ত্র দ্বীনের পর্যায়ে নিয়ে যাবার জন্য গড়া হয়েছে[৩৭]। আজ এই শয়তান জ্বীনদের এলিয়েন সাজিয়ে হাজার মুভি তৈরি করা হচ্ছে মনোরঞ্জনের জন্য। বিজ্ঞ সাইন্টিস্টগন এদেরই অস্তিত্ব এবং এ্যারাইভালের সম্ভাবনা জোড় দিয়ে বলেন। ক্রোওলির সাথে মিলে বিচিত্র শয়তানি রিচুয়াল পালন করে এদেরকেই আহব্বান করে রকেটের আবিষ্কারক এবং space age এর পিতা জ্যাক পার্সন্স। আজকের নাসার কার্যক্রম কতটা বিস্তৃত, অথচ এদের গোটা প্লটটাই শয়তানের পরিকল্পনার উপর দাঁড়িয়ে। স্বপ্নযোগে স্পেস এজের পিতাকে যাদুশাস্ত্র উদ্ভূত শয়তানি অপবিজ্ঞানকে আরো বিস্তৃত করার জন্য সরাসরি উৎসাহ দিয়েছিলেন দাজ্জাল নামের ওই মহান এন্টিটি। এরই ধারাবাহিকতায় তার হাতে জেট প্রপালশান ল্যাব এবং পরে নাসা প্রতিষ্ঠিত হয়। সুতরাং গোটা আউটার স্পেস/হেলিওসেন্ট্রিক কস্মোলজি(প্যান্থিয়ন)/স্ফেরিক্যাল প্ল্যানেটারি নোশন

/বিগব্যাং/এলিয়েন প্রভৃতি সকল তত্ত্বের মূলে আছেন বেলেরিয়ন আর্মিলাস আল দাজ্জাল[৩৮]। তার জন্যই যতসব প্রস্তুতি।

ইসলামে পৃথিবীর বাহিরে প্রানীর অস্তিত্বের ব্যপারে নিশ্চিত দলিল আছে কিন্তু এর দ্বারা এলিয়েন আর তাদের স্পেসশিপদের বোঝায় না

আজকের মোডারেট মুসলিম এবং মু'তাযিলারা এই দাজ্জালি সাইন্টোলজি দ্বারা একদম অন্ধ। এদের কাছে সব কিছু তুলে ধরলেও তাদের কাছে দাজ্জালের বিদ্যাকেই পছন্দনীয় মনে হয়। আর আমাদের আলিমগন? তাদের অনেকেই এই এলিয়েন কন্সেপ্টকেও সবুজ বাতি দেখিয়ে গ্রহন করেছে অনেক আগেই। কাব্বালিস্টিক কস্মোলজি গ্রহনে যেখানে সমস্যা নেই, সেখানে এলিয়েনদের অস্তিত্ব গ্রহনে কিসের সমস্যা!? কুরআনের আয়াত ব্যবহার করেই অনেককে দেখি; এদের অস্তিত্বের বিষয়টিকে ইতিবাচক উপস্থাপন করে ইসলামিক বই,প্রবন্ধ, নিবন্ধ লেখে! সেদিন মার্সিফুল সার্ভেন্ট চ্যানেলটিকেও দেখলাম সরাসরি না বললেও ইউএফও, এক্সট্রাটেরেস্ট্রিয়ালের ব্যপারে ইতিবাচক ভিডিও বানিয়েছে। মা'আযাল্লাহ! ওটা দেখলে যে কেউ এদের অস্তিত্বকে স্বীকার করতে শুরু করবে।

কুরআন সুন্নাহর নির্ভর জিওসেন্ট্রিক এনক্লোজড কস্মোলজিতে মেইনস্ট্রিম বিজ্ঞান এলিয়েনদের দ্বারা যা বোঝায় সে ধারনাটি সম্পূর্ন বাতিল[৩৪]। আল্লাহর অনুমতি ছাড়া কেউই দুর্ভেদ্য আসমান ভেদ করতে সক্ষম নয়। এমতাবস্থায় যদি রোনাল্ড রিগ্যানের আশংকা সত্য করে সত্যিই ফেইক এলিয়েন ইনভ্যাশনের অবস্থা তৈরি করতে হয়, তবে শয়তান জ্বীন এবং হলোগ্র্যাফিক প্রজেকশন, ইএলএফ সাউন্ড

ব্যবহারের বিকল্প নেই। ইসলামে পৃথিবীর বাহিরে প্রানীর অস্তিত্বের ব্যপারে নিশ্চিত দলিল আছে কিন্তু এর দ্বারা কখনোই লাগামহীন যত্রতত্র বিচরন করে বেড়ানো এলিয়েন আর তাদের স্পেসশিপদের বোঝায় না যা আজকে দাজ্জালের অনুপ্রেরণায় সর্বত্র শেখানো হচ্ছে। এরা মূলত শয়তানের দিকে মানুষকে আহব্বান করছে।

সূরা তালাক্কের শেষ আয়াত, সাত জমিনসংক্রান্ত হাদিস, আসমান সংক্রান্ত হাদিস গুলো পৃথিবীর বাহিরের অজস্র প্রানীর অস্তিত্বের স্পষ্ট ইঙ্গিত দেয়। কিন্তু সেসব আদৌ গ্রেএলিয়েন নয়। সেসব প্রানী বা মাখলুক কুরসির ভেতরে থাকা যার যার জন্য নির্ধারিত জগতের মধ্যে সীমাবদ্ধ। আদৌ এন্যাক্সিম্যান্ডারের প্লুরালিজম, ইনফিনিট ভ্যাকুয়াম স্পেসে ফ্লোটিং স্ফেরিক্যাল প্ল্যানেট এর মত কিছুতে নয়। রিগ্যান-কাকুদের কথার মত তারা কখনো আমাদের এ জগতে আসবে না। সেটা সাধ্যেরও অতীত। অন্যদিকে এদেরকে ক্রোওলি,জ্যাক পার্সন, হাব্বার্ডের শয়তানি রিচুয়াল দ্বারা ডাকলে শুধু শয়তান জ্বীনেরাই সাড়া দেবে, অন্য কেউ নয়। এভাবেই আধুনিক বিজ্ঞান আধুনিক শব্দে পুরোনো জাতি শয়তানকে উপস্থাপন করছে। এরা আজ শেখাচ্ছে মানব জাতির ডিএনএ/আরএনএ ইন্টেলিজেন্ট ডিজাইন বটে তবে তা আল্লাহর সৃষ্টি নয় বরং সৃষ্টি ওইসব এলিয়েনদের। অর্থাৎ বলতে চাইছে শয়তানই আমাদের স্রষ্টা। মানব সৃষ্টির শুরু ব্যাখ্যায় বিখ্যাত পদার্থবিদ রিচার্ড ডকিন্সকে একবার প্রশ্ন করা হলো,**"কে আসমান ও যমীনকে সৃষ্টি করেছেন?"** উত্তরে

তিনি রেগে গিয়ে বলেন,**"আপনি এটা কেন জিজ্ঞেস করছেন যে, 'কে করেছে'!? না, আপনি প্রশ্নটিই করেছেন 'কে' শব্দটি দিয়ে।"** প্রশ্নকর্তা নিজেকে সামলে বলেন,**"আচ্ছা ঠিক আছে,সৃষ্টির শুরুটা কিভাবে হলো?"** উত্তরে বলেন,**"একটা ধীর প্রক্রিয়ায় সৃষ্টি শুরু হয়,আমরা জানি না সেটা কিভাবে হয়েছিল, কিন্তু জানি কোন ধরনের প্রক্রিয়ায় সৃষ্টি হয়েছিল।এটা ছিল প্রথম স্বয়ংক্রিয় আত্ম পুনরাবৃত্তিকারী মলিকিউল দ্বারা।....হতে পারে যে এই মহাবিশ্বের একদম শুরুর দিকে কোন একটা সভ্যতা ডারউইনের বিবর্তন তত্ত্বের অনুসারে বিবর্তিত হয়ে খুবই উন্নত মানের প্রযুক্তি ব্যবহারের সক্ষমতায় পৌছায়, এবং হয়ত এই পৃথিবীতে এক ধরনের প্রাণের ডিজাইন করে যার মাঝে তাদের বীজ বপন করে। এটা(মানব সৃষ্টির ইতিহাসের) একটা ইনট্রিগিং সম্ভাবনা, এবং আমি মনে করি এটা সত্যিই সম্ভাব্য ঘটনা কারন আপনি এর সপক্ষে সাক্ষ্যপ্রমাণ পাবেন যদি আপনি বায়ো-ক্যামিস্ট্রি, মলিকিউলার বায়োলজিতে গভীরভাবে দেখেন, আপনি এক রকমের ডিজাইনারের সিগ্নেচার পাবেন। এবং এই ডিজাইনাররা হতে পারে মহাবিশ্বের অন্যকোন জগতের হায়ার ইন্টেলিজেন্স। এই উন্নত বুদ্ধিমত্তার প্রানীরা নিজেদের প্রকাশের একটি প্রক্রিয়া বজায় রাখে।এটা স্বতস্ফুর্তভাবে দ্রুততার সাথে নিজেদেরকে অস্তিত্বে নিয়ে আসে না।"**

ফিল্মগুলোর মাধ্যমে দেখাচ্ছে এলিয়েন তথা শয়তানই মানুষের ইলাহ।

প্রাচীনকাল থেকে আজ পর্যন্ত কখনোই মানব জাতির বৃহত্তর জনগোষ্ঠী প্রকাশ্যে শয়তানকে ইলাহরূপে উপাসনা করেনি। পূজা করত অচল মূর্তির। কখনোই সৃষ্টিকর্তা বা মা'বুদ বলে শয়তান স্বীকৃতি পায়নি। কিন্তু আজকের কথিত বিজ্ঞানের

কল্যানে সেটাই হতে যাচ্ছে। মানুষ যে উন্নত বুদ্ধিমত্তার সত্তা দ্বারা সৃষ্টি; সেটা মানতে বিজ্ঞানী রিচার্ড ডকিন্সের কোন আপত্তি নেই, ওই সত্তার স্থানে আল্লাহকে বসানোয় যত তার আপত্তি। এজন্য 'কে' শব্দটি দ্বারা আল্লাহকে নির্দেশ করে প্রশ্ন করায় রেগে যান।

আল্লাহর স্থানে তিনি শয়তানদেরকে বসিয়েছেন। শয়তানদেরকে ইলাহ ভাবতে ভালবাসেন, স্বাচ্ছন্দ্যবোধ করেন। এরা আপাতত পদার্থবিজ্ঞানী,ফিল্মগুলোর মাধ্যমে দেখাচ্ছে এলিয়েন তথা শয়তানই মানুষের ইলাহ। মানুষের ডিজাইনার। ট্রান্সফরমার, প্রমিথিউজ ইত্যাদি ফিল্মের মূল বক্তব্য এটাই। এটাই science!! আধুনিক মহাকাশবিদ্যাটির সূচনা হয়েছিল শয়তানের বন্ধু যাদুকরদের হাতে,এর পরে সেই একই ব্যক্তিদের হাত ধরে পুনরায় প্রতিষ্ঠিত হয়। নাসার অধিকাংশ কর্মচারী,নভোচারীরাই মাসূনী। এই শয়তানি মহাকাশতত্ত্বকে সত্যায়নে দেওয়া প্রযুক্তিগত সাপোর্টও আসে জ্যাক পার্সন্সের মত যাদুকর এবং শয়তানের পূজারীদের থেকে। অত:পর অবশেষে তাদের থেকে আসা সমস্ত গায়েবের জগতের ব্যাপারে আসা তত্ত্বগুলোও শয়তানের নতুন নাম তথা এলিয়েনদেরকে মা'বুদের স্বীকৃতির দিকে নিয়ে গেছে। এবার বলুন এই কথিত বিদ্যা ও তত্ত্বগুলো কি আদৌ বিজ্ঞান নাকি অপবিজ্ঞান!? এই মহাকাশবিদ্যা শুরু থেকে শেষ পর্যন্ত কতটা ইসলামসম্মত যেমনটা আধুনিক দায়ীরা বলে থাকেন!?

লা হাওলা ওয়ালা কুয়্যাতা ইল্লা বিল্লাহ!!

টিকাঃ

১)https://m.youtube.com/watch?v=omWRxonewL4

https://m.youtube.com/watch?v=eXIDFx74aSY
https://m.youtube.com/watch?v=beofFQ
২)https://en.m.wikipedia.org/wiki/হেলিওস

৩)https://www.express.co.uk/news/science/960740/ancient-egypt-great-pyramid-giza-speed-of-light
৪)https://m.youtube.com/watch?v=zFuIEjX1oeM

৫)http://www.mediafire.com/file/rwc2xi5wn3uhbno/Islamer_dristite_sristitatta_2nd_Edition.pdf/file
৬)https://m.youtube.com/watch?v=S9i97_K9Sx8

৭)https://m.youtube.com/watch?v=FmoiwjXepHM

https://m.youtube.com/watch?v=ss7QT6uCZdU
৮)https://m.youtube.com/watch?v=379sQbvUg5kk

৯)https://m.youtube.com/watch?v=9jnseSHhEWQ

https://m.youtube.com/watch?v=3LxND8m9lDU
১০)https://m.youtube.com/watch?v=QM7ebcR3-xE

১১)https://m.facebook.com/story.php?story_fbid=465081517282379&substory_index=0&id=282165055574027
১২)https://www.youtube.com/watch?time_continue=333&v=ss7QT6uCZdU
১৩)https://www.express.co.uk/news/science/777627/alien-dna-message-human
https://www.gaia.com/article/are-humans-actually-aliens-on-earth
https://www.sciencemag.org/news/2016/03/our-ancestors-may-have-mated-more-once-mysterious-ancient-humans
১৪)http://www.boudillion.com/lam/lam.htm

https://www.vice.com/amp/en_us/article/mvpvyn/magickal-stories-lam
https://m.youtube.com/watch?v=yUs0KF2QTaU
১৫)https://m.youtube.com/watch?v=iQxzWpy7PKg
https://m.youtube.com/watch?v=nYi5h5Gvdz8

১৬)https://m.youtube.com/watch?v=peUkPNx9
DSU
https://m.youtube.com/watch?v=k-Gr7-RQ4-U
১৭)https://m.youtube.com/watch?v=-NOZWlmG
rsY
১৮)https://m.youtube.com/watch?v=FmoiwjXe
pHM
১৯)https://m.youtube.com/watch?v=16MMZJlp
_0Y
২০)https://en.m.wikipedia.org/wiki/
Interdimensional_hypothesis
২১)https://en.m.wikipedia.org/wiki/
Interdimensional_hypothesis
২২)http://www.evolveandascend.com/2017/
02/21/are-magic-mushrooms-a-gateway-to-a-different-world-elves-spirits-and-extrate
rrestrials/
২৩)https://m.youtube.com/watch?v=ljy3TH1T0jk
২৪)https://m.youtube.com/watch?v=jjFYo-mLn08
২৫)https://m.youtube.com/watch?v=K3MM3vu9
hOc
২৬)https://m.youtube.com/watch?v=slYRx3vk
6OM
২৭)https://m.youtube.com/watch?v=pL1QI0_3HiI
২৮)https://m.youtube.com/watch?v=uMPyI08J
WvQ
২৯)https://m.youtube.com/watch?v=WFRwvXEX
Oxo
৩০)https://m.youtube.com/watch?v=aM8P6f-m
3Xg
৩১)https/en.m.wikipedia.org/wiki/UFO_religion
৩২)https://m.youtube.com/watch?v=q1Y3pVy8
HME
৩৩)https://aadiaat.blogspot.com/2018/12/blog-post_20.html

https://aadiaat.blogspot.com/2018/12/blog-post_73.html
৩৪)https://m.youtube.com/watch?v=aFFM3YJA

Crop Circle

বিগত বছর গুলোতে রহস্যময় ফেনোমেনা গুলোর মধ্যে একটি হচ্ছে ক্রপ সার্কেল। যাদের মাথায় এর ব্যাপারে একদমই কোন ইনফরমেশনই নাই, তাদের জন্য বলি, ক্রপ সার্কেল দ্বারা বিস্তীর্ণ শস্যক্ষেতে চক্রাকার অথবা র্যানডম আকৃতির ও ডিজাইনের অসম্ভব কমপ্লেক্স জিওম্যাট্রিক্যাল মিস্টিক্যাল প্যাটার্ন বা সিম্বল কে বোঝায় যা সাধারন মানুষের দ্বারা বাহ্যত বর্তমানের available technology এর সহায়তায় তৈরি করা কঠিন আর সময়সাপেক্ষ।

দেখুনঃ https://en.m.wikipedia.org/wiki/Crop_circle



ইংল্যান্ড,আমেরিকা,মেক্সিকোতে,কানাডায় সবচেয়ে বেশি আনাগোনা। কৃষকরা সন্ধ্যায় নিশ্চিন্তে বাড়ি ফিরলেও চিন্তা আর আর শঙ্কা উদয় হয়,সকালে সুবিশাল জ্যামিতিক জটিল আঁকিবুঁকি দেখে। স্বভাবতই ক্ষেতে দাঁড়িয়ে থেকে পুরো

জিওম্যাট্রিক্যাল শেপ বোঝা যায় না। কিন্তু উঁচু স্থান থেকে স্পষ্ট দেখা যায়।দেখুনঃ
http://stonehengetours.com/weird-wiltshire-stonehenge-crop-circle-tour.htm

এ নিয়ে বিগত অর্ধশত বছরে ব্যাপক তোলপাড় হয়েছে ব্যাখ্যা নিয়ে। কেউ বলে বাতাসের জন্য, কেউ বলে ম্যাগনেটিজম,মানুষঘটিত,ফসলের পরিবর্তন,জন্তু জানোয়ারের কাজ, কেউ বলে ইউএফও/এলিয়েনদের কাজ, কেউ বলে শয়তানের কাজ। যেহেতু সিম্বলিক প্যাটার্ন গুলো অত্যন্ত কমপ্লেক্স, তাই ইন্টেলিজেন্ট বিং এর দ্বারা হবে,এই ধারনা এলিয়েনদের দিকে সবার দৃষ্টি যায়। অনেকে এসব তৈরির প্রাক্কালে ক্ষেতের মাঝে আলোর বলয়ের ঘোরাঘুরি দেখেছে বলে প্রমান আছে। এজন্য এলিয়েনদের কাজ বলে হাইপোথেসিসটাই সবচেয়ে বেশি গ্রহণযোগ্যতা পায়। মানুষের হাতে বাহ্যিক এরূপ প্রযুক্তি নেই যা এত জটিল সুক্ষ্ম ডিজাইন রাতারাতি এত বড় পরিসরে করে ফেলবে। এজন্য সবাই ইউএফও এর উপর দায় চাপায়। বেশ কিছু ভাইরাল ভিডিও অনলাইনে রয়েছে যা এর সাক্ষ্যপ্রমাণকে জোরদার করে।

দেখুনঃ
https://m.youtube.com/watch?v=XOgn9JZm6qI

যদিও সেগুলোকে এলিয়েন ক্রাফট বলে পশ্চিমারা, তবে সেগুলো দেখতে সলিড নয়। Orb বিশেষ। কথিত এলিয়েনদের সম্পৃকতা আরো জোরদার হয় এরূপ

এলিয়েনেটিক অবয়বের ক্রপ সার্কেলের মাধ্যমে।

দেখুনঃ http://www.collective-evolution.com/2016/07/20/a-stunning-new-crop-circle-has-shown-up-its-very-mysterious-pictures/

অকাল্টিস্টদের বিভিন্ন সিম্বলিক ম্যাসেজ এসব রহস্যময় প্যাটার্নে এনকোড করা আছে বলে অনেকে মত প্রকাশ করে। তবে মেইমস্ট্রিমে যে এলিয়েনের অবয়ব প্রকাশ করে, সেটা প্রকাশ্যে সার্কেলে এনে, উদ্দেশ্য প্রণোদিত একটা মিডিয়া ম্যানিপুলেশনের বিষয়টি স্পষ্ট বোঝা যায়।
অর্থাৎ এলিয়েন এর অস্তিত্ব ও তাদের উপস্থিতি বিশ্বাস জোরালো করতেই এ কাজ।।

মেইনস্ট্রিম মহাকাশবিজ্ঞান ও বিজ্ঞানী এলিয়েনের অস্তিত্ব প্রমানে খুব ব্যস্ত। মিচিও কাকু সাহেব তো এলিয়েন ইনভ্যাশনেরও সম্ভাব্যতা জানিয়ে দিয়েছে। তাছাড়া ইহুদীদের নয়া কিতাব তালমুদে ওদের গ্যালাকটিক ফেডারেশনের ব্যপারে উল্লেখের দ্বারা এলিয়েনসংক্রান্ত বিশ্বাসকে স্পষ্ট করে।।মজার বিষয় হচ্ছে এজেন্ডা ২১ এর

একজন উচ্চপদস্থ পর্যায়ের ব্যক্তি যিনি কিনা ইহুদী, নিজেদের অভিশপ্ত জাতিকে এলিয়েন রেস বলে এক সংলাপে সরাসরি প্রকাশ করেছে!

প্রকৃতপক্ষে এলিয়েন জাতিয় কিছুর অস্তিত্ব নাই, যেটা আমাদের হেলিওসেন্ট্রিক পোস্ট কোপার্নিকান ভ্রান্ত এস্ট্রোনমি শেখায়। বিশেষ উদ্দেশ্যকে কেন্দ্র করে একসাথে অনেক গুলো কন্সেপ্টকে ডিজাইন করেছে ওরা। বাস্তবতাবিরুদ্ধ হেলিওসেন্ট্রিক কসমোলজিক্যাল মডেল যেসব উদ্দেশ্যে দাড় করানো হয়েছে তাদের একটি, এই এলিয়েনতত্ত্ব কে দাড় করানো। এজন্য এখন সকল এক্সট্রা ডাইমেনশনাল বিংদেরকে এলিয়েনের কাতারে ফেলে ব্যাখ্যা করা হচ্ছে ক্ষেত্রবিশেষে। কথিত এলিয়েন গুলো জ্বীনদেরই একটি জাতি। ওদের এয়ারক্রাফটকে ইউএফও/ইউএসও(আনআইডেন্টিফাইড সাবমার্জড অবজেক্ট) লেবেল দেওয়া হচ্ছে। অধিকাংশ ক্রাফট গুলো মানুষ এবং শয়তান জ্বীনদের তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে Project Bluebeam কে টার্গেট করে।

ব্লু বিম- https://m.youtube.com/watch?v=IkayRqxfkiY

প্রজেক্ট ব্লুবিম ওয়ানওয়ার্ল্ড গভার্মেন্ট গঠনের প্রাক্কালে যুদ্ধ বন্ধকরনের ত্রাণকর্তা হিসেবে এলিয়েনদের আগমনের দ্বারা ওদের প্রধান নেতা ভন্ড মসীহকে প্রকাশ্যে আনতে চায়। এজন্য ফেইক এলিয়েন ইনভ্যাশনের নাটক দরকার।এজন্য এত বছর ধরে প্রোগ্রামিং চলছে।সবচেয়ে ভাল কাজ করেছে হলিউড মুভি প্লট। তাছাড়া

বিবর্তনবাদ আর হেলিওসেন্ট্রিক গডলেস নোশনকে স্ট্যান্ড করাতেও এলিয়েন তত্ত্ব প্রমান জরুরী। নাহলে কসমিক এক্সিডেন্টটে অসম্পূর্নতা থেকেই যায়।আমাদের পৃথিবী স্তরীভূত সাতটি ধাপের প্রথমটি।এটা একটা এনক্লোজড ইউনিক লিভ্যাবল টেরা ফার্মা। এ পৃথিবীর উপরে সীমানা আছে, যা দুঃলঙ্ঘনীয়। অর্থাৎ পুরো এস্ট্রোনমিটাই ভিন্ন।অতএব, extraterrestrial দিয়ে মেইনস্ট্রিম যা বোঝায় তার অস্তিত্ব নেই। চলুন, সাইন্স গাই উইলিয়াম স্যানফোর্ড বিল নি পৃথিবীকে নিয়ে কি প্যারাডক্সিক্যাল কথা বলছে দেখি!

লিংক-
https://m.youtube.com/watch?v=VRhgdVrj6kY

একটি অসাধারণ ডকুমেন্টারি সম্ভাব্য এলিয়েন প্রবঞ্চনাকর নাটকের বিভিন্ন বিভিন্ন তথ্য নিয়ে-
https://m.youtube.com/watch?v=aFFM3YJAs4Q

অসংখ্য তথ্যপ্রমান আছে যা প্রমান করে এলিয়েনেরা মূলত জ্বীন। অপর দিকে ক্রপসার্কেলে উপরে দেওয়া ভিডিও টাতে যে অর্ব গুলোর যে গতি, মুভমেন্ট ম্যানুভার আছে, সেটা প্রমান করে, জ্বীন। এই জ্বীনরা মানুষের সাথেও একত্রিত হয়ে দাজ্জালেরই বিশাল আকাশযান নির্মান করছে। তাই এ ব্যপারে সন্দেহহীন

হওয়া আবশ্যক যে যারা ক্রপ সার্কেলগুলো বানাচ্ছে এরা এলিয়েন নয় বরং শয়তান জ্বীন। এলিয়েন এক্সিস্টই করেনাহ ।।

অধ্যায়-৩: (কালো জাদু এবং কাব্বালাহ)



ব্ল্যাক ম্যাজিকের ইতিহাসঃ

যাদুবিদ্যা আর যাদুকর এই দুইয়ের প্রতিই মানুষের আগ্রহ সীমহীন সেই মানব সভ্যতার শুরু থেকেই। পৃথিবীর মানুষের লোকসংস্কারের এটা বড় অংশই হলো যাদুবিদ্যা। জাদুবিদ্যা মূলত অতিন্দ্রিয় আর প্রাকৃতিক শক্তিকে বশ করার বিদ্যা! ইংরেজি ম্যাজিক শব্দের উদ্ভব হয়েছে **#ফার্সি** ‘**#মাজি**’ থেকে! মাজিরা যে সব

ক্রিয়া-কর্ম পালন করতো, গ্রীকরা তাকেই ম্যাজিক বলে অভিহিত করতেন! আর ম্যাজিকের সঙ্গে আত্মা বা ভূতের বিষয়টি চলে আসে অনিবার্যভাবে।

প্রচলিত বিশ্বাস অনুযায়ী, ভূত হলো এমন এক জিনিস, যা মৃত ব্যক্তির আত্মা। আর তা জীবিত ব্যক্তির সামনে দৃশ্য আকার ধারণ বা অন্য কোনো উপায়ে আত্মপ্রকাশ করতে সক্ষম। ভৌতিক অভিজ্ঞতায় ভূতকে নানাভাবে বর্ণনা করা হয়েছে। তবে তাদের আমরা যে নামেই ডাকিনা কেন তাদের আসল পরিচয় জ্বীন রূপেই। এরা কখনো অদৃশ্য বা অস্বচ্ছ বায়বীয় আবার কখনোবা মানুষ বা জীবের আকারে। এসব জ্বীনদের সঙ্গে যোগাযোগ স্থাপন করে ভবিষ্যৎবানী (যা তারা ১ম আসমান থেকে প্রাপ্ত হয়) বা কোনো কাজ করার বিদ্যাকে ব্ল্যাক ম্যাজিক , **#নেক্রোম্যান্সি** বা **#কালো_জাদু** বলে। ভৌতিক অভিজ্ঞতার গল্প কম-বেশি সবারই জানা। এসব গল্পে ভূতকে বা জ্বীনকে নানাভাবে বর্ণনা করা হয়ে থাকে।

ব্ল্যাক ম্যাজিক এর উৎপত্তিঃ

জ্বীন সংক্রান্ত ধারণা থেকেই ব্ল্যাক ম্যাজিক এর উদ্ভব। পৃথিবীতে ধর্মের আবির্ভাবের আগেও মানুষের মধ্যে আত্মিক চর্চা ছিল। আবার ধর্মের আবির্ভাবের পরও এই চর্চা অব্যাহত ছিল। বহুকাল আগে পাশ্চাত্যের ধর্মহীন গোত্রের মধ্যে অদ্ভুত কিছু বিশ্বাস ও কর্মকাণ্ডের চর্চা ছিল। এরা একেকটি গোত্র বিভিন্ন কাল্পনিক ভূত-প্রেত বা অশুভ আত্মার আরাধনা করত। আর নিজেদের প্রয়োজনে এই আত্মা/জ্বীনকে ব্যবহার করত। এই বিশ্বাসের চর্চা মূলত ছিল **#আফ্রিকানদের** মধ্যে। তাই বিশ্বজুড়ে এটি আফ্রিকান ব্ল্যাক ম্যাজিক বা কালো জাদু নামে পরিচিত। এমনকি এখনো এ বিদ্যার গোপন অনুসারীরা তাদের চর্চা চালিয়ে যাচ্ছে।

খ্রিস্টধর্ম প্রবর্তনেরও আগের কথা। বহুকাল আগে পাশ্চাত্যে বিভিন্ন গোত্রের মধ্যে নির্দিষ্ট কোনো ধর্মের প্রচলন ছিল না। তবে তাদের মধ্যে অদ্ভুত কিছু বিশ্বাস ও কর্মকাণ্ডের চর্চা ছিল। এমনকি এখনো এ বিদ্যার গোপন অনুসারীরা তাদের এ বিদ্যা দিয়ে মানুষের ক্ষতি করে আসছে। এ বিদ্যায় পারদর্শীদের **#ডাকি** বা **#ওঝা** বলে আর আফ্রিকান ভাষায় এদের বলে **#কিনডকি**।

যাদুবিদ্যা ও ডাইনীতন্ত্রঃ

যুগে যুগে, দেশে দেশে বিভিন্ন সময়ে বিভিন্ন সমাজবিদ আর নৃত্বাত্তিকগণ সমাজে প্রচলিত যাদু বিধান গুলো পর্যালোচনা করে এদের বিভিন্ন শ্রেণী বিভাগ করার চেষ্টা করেছেন। যেমন:#স্যার_জেমস_জর্জ_ফ্রেজারের মতে যাদুবিদ্যার বিধাব গুলো প্রধানত দুই রকমেরঃ

১) Homeopathic Magic: (হমিওপ্যাথিক)

এই যাদু বিধান সর্বকালে সব দেশে শত্রুর ধ্বংসের উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে। এখানে শত্রুর প্রতিমূর্তি (মোম, মাটি, কাঠ, কাপড়) বা ছবি ইত্যাদি তৈরি করার করে

পুড়িয়ে, বা ছুড়ি দিয়ে কেটে ধ্বংস করা হয়! ধারণা এই যে, মূর্তিটা যে যন্ত্রনা পাচ্ছে শত্রুও তেমন যন্ত্রনা বা আঘাত পাচ্ছে। এটাকে ব্ল্যাক ম্যাজিক বলে! তবে এই যাদু আবার অনেক সময় মানুষে উপকার বা ভালর জন্যেও ব্যাবহার করা হয়। যেমন:- ইন্দোনেশিয়ার **#সুমাত্রা** দ্বীপে এমন একটা যাদু বিধান আছেঃ

কোন নারীর সন্তান হচ্ছে না, তখন করা হয় কি একটা কাঠের ছোট শিশু বানিয়ে নি:সন্তান রমনীটি কোলে বসিয়ে আদর করে! এর ফলে তার সন্তান হবে এমনটি ভাবা হয়! আবার কখনো কখনো রোগের চিৎকসার জন্যও এই ধরণের যাদুর প্রয়োগ দেখা যায়! যেমনঃ-

প্রাচীন হিন্দু সমাজে **#জন্ডিস (#পান্ডুর)** রোগের চিকিৎসার জন্য মন্ত্র পাঠ করে রোগীর চোখের হলুদ অংশ সূর্যের কাছে পাঠানো হত! (এসকল ইসলামে হারাম, এগুলো যুক্তি ছাড়া কাজ, এগুলোর কাজ না করার সম্ভাবনাই বেশী। যুগ যুগ ধরে এই মিথের প্রচার চলে আসছে।)

২) Contagious Magic: (কন্টেজিয়াস)

এই ধরনের যাদু বিদ্বার মাধ্যমে বিশ্বাস করা হয় মানুষের শরীরের বিভিন্ন অংশ বিশেষ যেমনঃ- চুল, নখ, থুথু বা পরিধেয় বস্ত্রের মাধ্যমে যাদু করে মানুষের ক্ষতি বা উপকার দুটাই করা সম্ভব:-**#মালয়ে** এমন এক ধরনের যাদু বিধানের প্রচলন দেখা যায়ঃ-

শত্রুর আঙ্গুলের **নখ, চুল, ভ্রূ, থুথু** ইত্যাদি সংগ্রহ করে মোমের সাহায্যে শত্রুর একটা অবিকল প্রতিরূপ তৈরি করে তা ছয় দিন ধরে মোমের আলোয় ঝলসাতে

হবে এবং সাত দিনের দিন মূর্তিটি পুড়িয়ে ফেললে শত্রুর মৃত্যু হবে! (সম্পূর্ন রিচ্যুয়াল দিলাম না মানুষের ক্ষতি হতে পারে তাই)

যাদুবিদ্যার ধরন আর প্রাকরভেদ নিয়ে অনেকে অনেক মত দিয়েছেন, তাদের সকল মতবাদ সমূহ একসাথে করেলে বলা যায় যাদুবিদ্যা প্রধাণত তিন ধরণেরঃ

১। **সৃজনধর্মী যাদু বা হোয়াইট ম্যাজিক:** ফসলের ভাল উৎপাদন, বৃষ্টি আনা, গাছে ভাল ফল হওয়া, প্রেম বিয়ে হবার ইত্যাদির উদ্দেশ্য ব্যবহৃত যাদু। এটাকে বলা হয় হোয়াইট ম্যাজিক।

২। **প্রতিরোধক যাদু বা গ্রে-ম্যাজিক:** এই যাদুও হোয়াইট ম্যাজিকের মধ্যেই পরে। এটা বিদপ আপদ এড়ানো, রোগব্যাধির দূর করা আর কালো যাদুর প্রভাব এড়াবার কাছে ব্যবহার করা হয়!

৩। **ধ্বংসাত্মক যাদু বা ব্ল্যাক ম্যাজিক:** রোগব্যাধি সৃষ্ট, সম্পত্তি ধ্বংস, জীবন নাশের কাজ ব্যাবহার করা হয়, **#ডাইনি** বিদ্যায় এর প্রয়োগ বেশি দেখা যায়! এটাই হলো ব্ল্যাক ম্যাজিক।

সেই প্রাগঐতিহাসিক কাল থেকে আজও পর্যন্ত এর প্রভাব দেখা যায় রাজনীতি, অর্থনীতি ও সংস্কৃতির উপর!

#অরিগেনেসিয়ার নামক গুহায় বেশ কিছু মুখোশ পরা মানুষ আর জন্তু জানোয়ারের ছবি দেখা যায়, যেখানে মানুষগুলোর হাতের আঙ্গুলের প্রথম গিট পর্যন্ত কাটা! যদিও **#নৃত্বাত্তিকেরা** এদের **#কুষ্ঠরোগ** আক্রান্ত মানুষ বলে বর্ননা করেছেন, তবে যাদুবিদ্যা বিশারদদের মতে মৃত্যুকে জয় করার জন্যই হাতের আঙ্গুল কেটে তা নিবেদন করার রীতি সে আমলে প্রচলিত ছিল। দেহের অংশ বিশেষ দিয়ে **#গুন** (ব্লাক ম্যাজিক) করার রীতি বাংলাদেশেও দেখা যায়!

প্রাচীন ধর্ম গ্রন্থ গুলোতেও নানা আঙ্গিকের যাদুবিদ্যা চর্চার প্রমাণ পাওয়া যায় সমসাময়িক ধর্মগুরু আর জনগনের মাঝে!

পারস্যের **#জোরেয়াস্তার** (আনুমানিক ১০০০ খ্রি:পূঃ) **#মাজিয়ান** ধর্মের প্রচলন করেছিলেন যার মূল প্রতিপাদ্য ছিল ভাল ও মন্দের মধ্যের ভালোর জয় লাভ। কিন্তু পরে এ ধর্মমতের মধ্যে যাদুবিদ্যার উদ্ভব হয়!

মাজিয়ান ধর্মের ধর্মীর আচার অনুষ্টান গুলো পালনের নেতৃত্ব দিত যারা তাদের বলা হয় মাজি! এই মাজিরা মূলত: **#জ্যোতিষী, #গনকার(**রাশি নিয়ে গবেষক) হিসাবে পরিচিত ছিল এরা সূর্য, চন্দ্র, মাটি, পানি বাতাস প্রভৃতির উদ্দ্যেশে শিশু ও পশু বলি দিয়ে নিজ দেহ শুদ্ধ করত!

ইহুদিদের **#বাইবেল (#ওল্ড_টেস্টেমেন্ট)** যাদুবিশ্বাসের উল্লেখ আছেঃ-

“#মোশি” যখন সদাপ্রভুর অস্বিত্ব নিয়ে জনগণের সন্দেহের কথা বলছিলেন তখন সদাপ্রভু তাকে বললেন "তোমার হস্তে ওখানি কি? মোশি কহিলেন ষষ্টি, তখন তিনি কহিলেন, উহা ভুমিতে ফেল। পরে তিনি তা ভুমিতে ফেললেন, ষষ্টি সর্প হইলো। তখন সদাপ্রভু বলিলেন উহার লেজ ধর...মোশি সাপের লেজ ধরা মাত্রই তা আবার লাঠি হয়ে গেল!" (এ ঘটনা সত্য যা হাদীসেও পাওয়া যায়।) তবে এটা যাদু নয়, একে যাদু বললে মারাত্বক গুনাহ হবে। প্রায় সকল নবী ও রাসূলকে আল্লাহ বিশেষ কিছু অলৌকিক শক্তি দিয়েছেন যাকে মোজেজা বলা হয়। মোজেজা আর যাদুবিদ্যা এক নয়। যাদু শয়তানের দ্বারা করা হয় আর মোজেজা বা কারিশমা আল্লাহ প্রদত্ব তার বিশেষ বান্দারাই করতে পারে। এ ব্যাপারে বিষদ জানতে কোনো আলেমের নিকট জান। আমি বিস্তারিত লিখলাম না তাতে লিখা বড় হয়ে যাবে।

#আল_কুরআনের সুরা বাকারা (৩৫ রুকু, ২৬৯ আয়াত) একটি অংশের কথাও উল্লেখ করা যায় :

"আরও স্মরণ কর সেই সময়ের কথা, ইব্রাহীম যখন বলিয়াছিল: হে আমার প্রভু, মৃতকে তুমি জিন্দা করিবে কিভাবে, তাহা আমাকে দেখাইয়া দাও। আল্লাহ বলিলেন: তবে তুমি ইহা বিশ্বাস কর নাই, ইব্রাহীন উত্তরে বলিল হাঁ (বিশ্বাস করি) তবে আমার অন্ত:করণ স্বস্তিলাভ করুক এই জন্য (প্রার্থনা); আল্লাহ বলিলেন: তাহলে তুমি চারটা পাখি গ্রহণ কর এবং সেগুলোকে নিজের প্রতি অনুরক্ত করিয়ে লও, তাহার পরে সেগুলো আলাদা আলাদা চারটি পর্বতের উপর রাখিয়া তাহার পর ডাক দাও সেগুলোকে-দেখিবে তাহারা ছুটিয়া আসিতেছে তোমার কাছে।" এটাও **#মোজেজা** ব্ল্যাক ম্যাজিক না। শুধু এর অস্তিত্ব বর্ননায় উল্লেখ করলাম। শুধু তাইই নয়, (সূরা ফালাক আর নাস শুধুমাত্র নাজিল হয়েছে এই কালো জাদু থেকে মুক্তি কিভাবে পাওয়া যাবে তার জন্যে। হযরত মুহাম্মাদ (সাঃ) কেও যে ব্ল্যাক ম্যাজিক করা হয়েছে তা আমাদের সকলেরই জানা আর তাই উল্লেখিত সূরা দুটি নাজিল হয়।

তবে প্রসঙ্গত উল্লেখ্য যে, আল-কুরআনে স্পষ্টভাবে যাদুবিদ্যার নিন্দাবাদ করা হয়েছে।

মূলত: হযরত মুহাম্মদ স এর নবুয়ত প্রাপ্তির আগ পর্যন্ত **#সেমেটিক** জাতি গুলোর মধ্যে ব্যাপক ভাবে যাদুবিদ্যা চর্চার প্রমাণ পাওয়া যায়!

#মেসোপটেমিয় (2400 BC) সভ্যতা গুলো থেকে যাদুবিদ্যার প্রচুর ট্যাবলেট পাওয়া গিয়েছে, যেখানে দুই শ্রেনীর পুরোহিতের কথা বলা হয়েছেঃ-

১) বারুঃ এরা ছিল যাদুকর ও গুনিক৷ এরা মৃত প্রানীর যকৃৎ, নাড়ি ভুড়ি দেখে ভবিষ্যৎ গণনা করতো৷

২) অসিপুঃ অসিপু নামের আরেক শ্রেনীর পুরোহিত ছিল ওঝা, এরা ভুত প্রেত তাড়াত!

তবে যাদুবিদ্যায় যারা সবচাইতে বেশি ভূমিকা রেখেছে তারা হলো প্রাচীন **#মিশরীয়রা**৷ চতুর্থ রাজবংশ প্রতিস্ঠা হাবার আগে থেকেই মিশরে ব্যাপক হারে যাদুবিদ্যার চর্চা শুরু হয়!

ভুত প্রেতের আছর থেকে শুরু করে রোগব্যাধীর নিরাময় এমন কি সাপে কাটলেও তার প্রতিকারের জন্য আলাদা আলাদা যাদুবিদ্যার আশ্রয় নিত এরা, আর এইসব কাজ করার জন্য আলাদা আলাদা ওঝা ছিল!

এরা নিগ্রো আর এশিয়ার মৃত নারীর আত্মা সম্পর্কে খুব ভয় পেত, আর ভয় করতো নিজের আত্না হারানোর! তারা মনে করতো যাদুকরেরা ইচ্ছা করলে যাদুর সাহায্যের অন্যের আত্মাও চুরি করতে পারে! আর তাই জন্ম হয় সেই বিখ্যাত **পিরামিড** ও **স্প্রিন্স** গলোর।

তৃতীয় **#রামেসেসের** সময়ে হুই নামের এক যাদুকর সম্রাট রামেসেস ও তার পরিবারের সকল সদস্যদের মূর্তি বানিয়ে এর মাধ্যেম রামেসেসের বংশ ধ্বংস করার ষড়যন্ত্রও করেছিল একবার।

ইহুদির মিশরে বন্দী অবস্থায় অবস্থানের সময়েই মিশরীয় যাদুবিদ্যার দ্বারা প্রভাবিত হয়েছিল! অবশ্য তাদের নিজেদেরও আলাদা বৈশিষ্ট্যময় যাদুতে বিশ্বাস ছিল। তাদের বিশ্বাস মতে স্বর্গভ্রষ্ট আদম পৃথিবীতে যাদুবিদ্যাসংক্রান্ত একটা বিশেষ বই এনেছিলেন, যার নাম **#দ্যা_বুক_অব_রাজিয়েল!** আবার কারো কারো মতো স্বর্গভ্রষ্ট ফেরেশতা **#উজ্জা** ও **#আজাইল** (যাদের হারুত ও মারুত বলা হয়) একজন নারীকে যাদুবিদ্যার গান শিখিয়েছিলেন। (সূরা বাক্বারাহ ১০২ নাম্বার আয়াত পড়লে আর এর তাফসির পড়লে আরো ভালো বুঝবেন, এর জন্যে বিজ্ঞ আলেমের কাছে যান। বা এখানে সংক্ষেপে আলোচনা করা হয়েছে একদম শেষের দিকে **http:// www. islamibd. com/2012/10/2012-10-17-04-34-01.html)**

ইহুদি যাদুকরেরা **বাস্প/রক্তস্নানের** মাধ্যমে পশু বা নরবলি আর তা শয়তানকে উপহার দিয়ে অতিপ্রকৃত শক্তিকে বশ করার চেষ্টা করতো! এদের যাদু চর্চায় স্হূল যৌনাচার হত এছাড়া অল্পবয়স্ক বালকদের ব্যাবহার করতো অতিন্দ্রীয় শক্তির সাথে যোগাযোগের মাধ্যম হিসাবে। তারা মনে করতো যাদুবিদ্যার সবার পক্ষে আয়ত্বকর সম্ভব না, শুধু মাত্র বিশেষ দক্ষ ব্যাক্তিদের পক্ষেই এটা সম্ভব আর এই বিশেষ দক্ষ ব্যাক্তিদের মধ্যে সর্বশ্রেষ্ঠ হলো **#কিং_সলোমন!** তার '**#কি_অফ_সলোমান**' বইটা পরবর্তীকালে যাদুবিদ্যার সর্বশ্রেস্ট বই হিসাবে স্বীকৃত হয়েছে।

ভারতীয় উপমহাদেশের প্রাচীন ধর্মগ্রন্থ গুলোতেও যাদুবিদ্যা আর ধর্মের একটা জটিল সংমিশ্রন দেখা যায়! **#স্বপ্নব্যাখ্যাও** প্রাচীন যাদুবিদ্যার অঙ্গরূপে স্বীকৃতি পেয়েছিল। যদিও স্বপ্নের ব্যাখ্যা নিয়ে নানান মত আছে ইসলামে, তবে আমার মতে স্বপ্নের ব্যাখ্যা না জানাই ভালো, আবার জানাও ভালো কারন হতে পারে আল্লাহ তাকে আগেই সব জানিয়ে দিতে চান। সবাই স্বপ্নের ব্যাখ্যা দিতে পারেনা, এর জন্যে প্রয়োজন শরীয়তের বিশেষ জ্ঞান সম্পন্ন মানুষ ও প্রচন্ড জ্ঞানী ও সৃজনশীল মানুষের।

যেমন **#কৌশিক** সূত্রে অনিষ্টকারী ভুত প্রেতাত্মাকে তারানোর জন্য সেই অশুভ শক্তির উদ্দ্যেশ্যে পাখি যে ডালে বাসা বাধে সেই ডালের লাকড়ি দিয়ে রান্না করে খাবার উৎসর্গের কথা বলা আছে। কিছু **#বৈদিক** ক্রিয়া অনুষ্ঠানে বলি দেয়া পশুর নাড়ি ভুড়ি ও অন্যান্য অংশ রাক্ষস আর সাপকে উৎসর্গ করা হতো! এখনকার সমাজেও এমন অনেক বৈদিক যাদুবিদ্যাগত প্রক্রিয়া এখনও চালু আছে।

#হরপ্পা #মহেঞ্জোদারতে উৎখননে প্রাপ্ত **#রিং_স্টোন** গুলো যাদুবিদ্যায় ব্যাবহার করা হতো বলে জন **#মার্শাল** ধারণা করেন। বলা হয় কেউ যদি এর পাশ দিয়ে যায় তাহলে তার পাপ খন্ডন হব! যেমন **#আফজাল** খানকে হত্যার পরে পাপ খন্ডন করার জন্য শিবাজী এই পাথরের তলা দিয়ে পার হয়েছিলেন! হরপ্পান রিং স্টোন, ধারণা করা হয় এগুলো যাদুবিদ্যায় ব্যবহার করা হতো!

জাপানের প্রাচীন **#শিন্টো** ধর্মের মধ্যে যাদুবিদ্যার প্রচুর উদাহরণ দেখা যায়। জাপানিরা বিশ্বাস করে চালের মধ্যে ব্লাক ম্যাজিক প্রতিহত করার বিশেষ শক্তি আছে, এছাড়া রাস্তার সংগমস্থলও তাদের কাছে বিশেষ ভাবে পবিত্র। এসব স্থানে তারা এখনও **#জননেন্দ্রীয়ের** প্রতিক চিন্থ স্থাপন করে, বিশ্বাস করে এই প্রতিক অশুভ শক্তিকে দূরে সরিয়ে রাখবে!

জাপানিদের মতো চীনাদের ভুত প্রেত সম্পর্কে বেশ ভালই ভয় ভীতি ছিল। মজার ব্যাপার হলো, চীনের ঘরবাড়ি ও পুল নির্মানে একটা বিশেষ দেবতা চীনদের প্রভাবিত করেছে, এই দেবতার নাম হলো দেবতা '**#শা**'।

'**শা**' হলো একটা অপদেবতা, আর চীনারা বিশ্বাস করে এই অপদেবতা সব সময়ে সোজা রেখা বরাবর চলে, তাই এটাকে প্রতিহত করার জন্য চীনা স্থাপত্যশিল্পে ছাদে এত বক্রতা আর কোণ! (অপদেবতা মানেই শয়তান)

পরবর্তি কালে **#তাওবাদ** যেমন চীনা লোকসংস্কারকে প্রভাবিত করে, তেমন করেছিল **#কনফুসিয়াস**। কনফুসিয়াসের '**#আই_চিং**' প্রধানত ভবিষ্যৎ গননার জন্যই নির্দিষ্ট ছিলো।

যাদুবিদ্যা চর্চায় প্রাচীন গ্রীক আর **#রোমানরাও** কম ছিলেন না।যাদুবিদ্যার দেবী '**#হেকেটি**'।

যাদু বিধান প্রয়োগের জন্য বিশেষ স্থানে নির্বাচিত করা হতো, যেমন **#গোরস্তান** বা রাস্তার **#সংগমস্হল!** গ্রীকরা যাদুবিদ্যার জন্য বিশেষ বর্নমালার সৃষ্টি পর্যন্ত করেছিল, এগুলো লেখা হতো পবিত্র কালি দিয়ে আর লেখার সময় বার বার পাঠ করা হতো, কারণ ধারণা করা হতো এভাবেই যাদুকর অতিপ্রাকৃত ক্ষমতার অধিকারি হতে পারবে! **#ওয়ার_উলফের** (নেকড়ে মানবের) ধারণটাও এদের মাধ্যমেই সৃষ্টি হয়েছিল! এছাড়া এরা ফেব্রুয়ারি শেষ বা মার্চের প্রথম সপ্তাহে তিন দিন ধরে প্রেতাত্মাদের উদ্দেশ্য একটা বিশেষ অনুষ্ঠান পালন করতো, এখনও করে।

রোমান জনসাধারণ '**বদ নজর**' **(Evil Eye)** কে বিশ্বাস করতো! তারা মনে করতো কুনজর লাগিয়ে মানুষ থেকে শুরু করে শস্য গবাদি সব কিছুরই ক্ষতি করা সম্ভব! এই ধারণটা আমাদের দেশেও এখনও দেখা যায়! ছোট ছোট শিশুদের কপালে বা পায়ের নিচে কাজলের টিপ লাগিয়ে **#কুনজর** দূরে রাখার রিতী এখনও প্রচলিত আমাদের দেশে!

অন্যান্য জাতিদের মতোই রোমানারও ভবিষ্যত জানবার সকল উপায় উদ্ভাবন করার চেষ্টা করেছিল। রোমান যাদুকরেরা স্বপ্ন বিচার, কোষ্ঠি বিচার থেকে শুরু করে নারী বশিকরন করার জন্য নানারকম প্রসাধনীও ওঝারা বিক্রী করত!

এখানে একটা কথা না বললেই নয়, বর্তমানের রূপচর্চার বহুল ব্যাবহৃত প্রসাধন দ্রব্য শুরুতে শুধু যাদুবিদ্যার কাজেই লাগানো হত!

এভাবে প্রাচীন কাল থেকে বিভিন্ন সভ্যতায় মানুষের জীবন ও কল্পনায় যাদুবিদ্যা প্রভাব বিস্তার করতে থাকলেও মধ্যযুগে এসে এটা দানবীয় রূপ ধারণ করে। আর যাদুবিদ্যার পরিবর্তীত রূপে শয়তানবাদের চর্চা বেশির ভাগ দেশেই পূর্নতা পায়! এই সময়ে যাদুবিদ্যার যে নিরংকুশ চর্চা হয়, তা ছিল নিষ্ঠুরতা, হিংস্রতা, লালসায় ভরপুর!

এই সময়ে প্রতিটা যাদুকরকে শয়তানের কাছে বিশেষ প্রক্রিয়ায় চুক্তি বদ্ধ হতো। সকলেই দাবী করতো যে সে কোন দেব-দেবীর নৈবর্ক্তিক শক্তিকে আয়ত্ব করে রেখেছে।

সাপ, ব্যাঙ, বিড়াল ও পেঁচা মধ্যযুগীয় যাদুবিদ্যায় অবশ্যকীয় পশু-পাখি হিসাবে গণ্য করা হত। লোকের ধরণা ছিল আংটি, শিশি, বোতল ও বাক্সে ভুত প্রেত, দৈত্য দানব ও জ্বীনকে বন্দী করে রাখা সম্ভব! এখন এসব শুনতে হাস্যকর লাগলো, সে সময়ে এটাই ছিল বাস্তব! এমনকি এখনো এটা করা হয়।

শয়তানের প্রতিক হলো **#শিং**। ব্লাক ম্যাজিক চর্চায় শিং অপরিহার্য!

এই সময়ের একজন বিখ্যাত যাদুকর ছিলেন **#যোহান_রোসা**। তার একটা মন্ত্রপুত অংটি ছিল, যেটায় একটা প্রেত্মাত্মাকে তিনি আটকে রেখেছিলেন আর এটাকে দিয়ে সব কাজ করাতেন! তার মৃত্যুর পরে প্রকাশ্য জন সভায় আংটিটা হাতুড়ি দিয়ে পিটিয়ে ভেংগে ফেলা হয়ছিল্!

গর্ভবতী নারীদের প্রসব বন্ধ করা থেকে শুরু করে যৌনাকাঙ্খা চরিতার্থ করার মত বিভৎস সব যাদু বিধানের চর্চা হতো তখন। এসময়ে বিশ্বাস করা হতো বশিকরণের

মাধ্যমে মানুষকে দাস বানিয়ে রাখা যায়। যে কোন বিপদজনক কাজে যাবার আগে 'প্রয়োজনীয় মন্ত্রপুত জামা' পরে যাবার রিতী ছিল, কুমারী মেয়ের বড়দিনের এক সপ্তাহ ধরে এই ধরনের জামা ঘরে বুনত। '**#বান**' ছোড়ার কথা বাংলাদেশে অপরিচিত নয়, মধ্যযুগের এই **(Magical Arrow)** ধারণাটার ব্যাপক প্রচার ছিল। বিশ্বাস করা হতো এভাবে মানুষের ক্ষতি করা সম্ভব!

মধ্যযুগে **#রেনেসাঁর** আলো যতই ছড়াক না কেন, জ্যোতিষীদের হাত থেকে কেউই রক্ষা পায়নি! অর্থনৈতিক, সামাজিক আর রাজনৈতিক অস্তিরতা প্রভৃতি কারণে জনমানসে তখনও ভবিষ্যত জানার প্রবল স্পৃহাই এর কারণ ছিল। পরবর্তি কালে হাজার হাজার **#ঐন্দ্রজালিক**, ডাইনি হত্যা করা হয়েছিল।

অদ্ভুদ ব্ল্যাক ম্যাজিক বা #ডাকিনীবিদ্যা:

মূলত প্রাক-শিক্ষিত সংস্কৃতির সর্বপ্রাণবাদ ও পূর্বপুরুষ পূজার মধ্যে ভূত বা আত্মাসংক্রান্ত ধ্যান-ধারণার প্রথম বিবরণ পাওয়া যায়। সে যুগে কিছু নির্দিষ্ট ধর্মীয় প্রথা, অন্ত্যেষ্টি সংস্কার, ভূত তাড়ানো অনুষ্ঠান ও জাদু অনুষ্ঠান আয়োজিত হতো।

আর এসব আয়োজনের কেন্দ্র বিন্দুতে ছিল মৃত আত্মার সন্তুষ্টি আনয়ন। মূলত আত্মাসংক্রান্ত সেই ধ্যান-ধারণাথেকেই ব্ল্যাক ম্যাজিক বা কালো জাদুর বিবর্তন। আদিম সমাজে **#উইচ_ডক্টর** বা **#রোজা** বা **#শামানরা** (আমার লিখা ভূডূ তে এদের নিয়ে বিশদ ব্যাখ্যা দিয়েছি) এমন ব্যক্তি ছিলেন যারা ব্ল্যাক ম্যাজিক জানতেন। অতিন্দ্রীয় শক্তির বলে প্রেতাত্মাদের নিয়ন্ত্রণ করতে পারতেন। আর প্রেতাত্মাদের দিয়ে সম্ভব-অসম্ভব যে কোনো কাজ করে ফেলতে পারতেন খুব সহজেই। সে কারণে ওই সময় রোজারা একাধারে চিকিৎসক, জাদুকর এবং পুরোহিতের ভূমিকা পালন করতেন। বর্তমান কালেও আদিম-সামাজিক ব্যবস্থায় বসবাসকারীদের মধ্যে উইচ-ডক্টর বা রোজাদের প্রভাব দেখা যায়। আদিম জাতিদের মধ্যে রোজাদের খুব

গুরুত্বপূর্ণ বলে মনে করা হতো। রোজারা তাদের ডাকিনীবিদ্যা খাটিয়ে আবহাওয়ার পূর্বাভাস দিতে পারত (জ্বীনরা যা ১ম আসমান থেকে প্রাপ্ত হয়)।

চোর বা হত্যাকারী ধরা ও শাস্তি প্রদানে রোজাদের অপরিহার্য ভূমিকা ছিল। এছাড়াও তারা জাদু বিদ্যার সাহায্যে রোগ নির্ণয় এবং এর প্রতিকার করতেন। তারা তাদের শিশুদের রোগা ক্রান্ত করতে পারতেন এবং মানুষের মৃত্যুও ঘটাতে পারতেন। মানুষের মৃত্যু ঘটানোর জন্য তারা নানা ধরনের পদ্ধতি অবলম্বন করতেন।মূলত আত্মাসংক্রান্ত সেই ধ্যান-ধারণাথেকেই ব্ল্যাক ম্যাজিক বা কালো জাদুর বিবর্তন।

সোর্সঃ **(Όλοι Δικαίωμα διατηρούνται Με ΜΔ.Ισμαήλ Hοσσαιν)**

<u>ভুডু (Voodoo):</u>

ভুডু হচ্ছে এক ধরনের ব্ল্যাক ম্যাজিক বা ডাকিনীবিদ্যা। শোনা যায়, ভুডুবিদ্যার সাহায্যে নাকি কবরের লাশ জ্যান্ত করে তাকে গোলামের মতো খাটানো যায়। শামানের কাজও মৃত মানুষের আত্মা নিয়ে।

ভুডু এক ধরনের অপবিদ্যা। যারা ভুডুবিদ্যা জানে, তারা নাকি ইচ্ছা করলেই যাকে খুশি তার ক্ষতি করতে পারে। তাই এ বিদ্যায় পারদর্শীদের অনেকেই এড়িয়ে চলেন। (ভূডূ নিয়ে আমার ২ টা আর্টিকেল গুলো পড়লে বিশদ ধারনা পাবেন, তাও সংক্ষেপে বললাম)



‘ভূডূ’ কথার অর্থও **‘#আত্মা’**। এই শব্দটির উৎপত্তি **#ফন** জাতির কাছ থেকে। এরা **#ইউয়ি** সম্প্রদায়ের আত্মীয়। ভূডূ চর্চার উৎপত্তি **#হাইতিতে**। তবে আফ্রিকায় এর চর্চা ব্যাপক। **#ব্রাজিল, #জ্যামাইকাতেও** কিন্তু কম ভূডূ চর্চা হয় না। তবে বিভিন্ন দেশে বিভিন্ন নাম। যেমন, হাইতিতে বলা হয় ভূডূ, ব্রাজিলে **#ক্যানডোমবল,** জ্যামাইকাতে **#ওবিয়াহ** ইত্যাদি।

পশ্চিম অফ্রিকার মানুষ সবচেয়ে বেশি বিশ্বাস করে ভূডূতে সেখানকার কমপক্ষে পঁচিশ লাখ মানুষ এ বিদ্যার অনুরাগী। এ চর্চা সবচেয়ে বেশি হয় আফ্রিকার **#ঘানায়**। ঘানার **#ককুজানের** অধিবাসীরা এ বিদ্যাটির সাংঘাতিক অনুরাগী। এরা অসুখ-বিসুখে সরকারি হাসপাতালের ডাক্তারদের কাছে যাওয়ার চেয়ে ভূডূ চিকিৎসকদের ওপর অনেক বেশি ভরসা করে।

১) রোজা

আদিম সমাজে ওইভাবে ধর্মের চর্চা না থাকলেও যেসব লোক আধ্যাতিক চর্চা করতেন তাদের আলাদা দাপট ছিল। সাধারণ মানুষ এদের প্রচণ্ড ভয়ের চোখে দেখতেন। আদিম সমাজের এমনই এক ধরনের মানুষ ছিল যাদের উইচ-ডক্টর বা রোজা নামে ডাকা হতো। এরা এমন ব্যক্তি ছিলেন যারা ব্ল্যাক ম্যাজিক জানতেন। অতিন্দ্রীয় শক্তির বলে জ্বীনদের নিয়ন্ত্রণ করতে পারতেন। আর জ্বীনদের দিয়ে সম্ভব-অসম্ভব যে কোনো কাজ করে ফেলতে পারতেন খুব সহজেই। চোর বা হত্যাকারী ধরা ও শাস্তি প্রদানে রোজাদের অপরিহার্য ভূমিকা ছিল তখন।

এ ছাড়াও তারা জাদুবিদ্যার সাহায্যে রোগ নির্ণয় এবং এর প্রতিকার করতেন। তারা তাদের শিশুদের রোগাক্রানত্ত করতে পারতেন এবং মানুষের মৃত্যুও ঘটাতে পারতেন।

মানুষের মৃত্যু ঘটানোর জন্য তারা নানা ধরনের পদ্ধতি অবলম্বন করতেন। কখনো মানুষের একটি ছোট্ট আকৃতির পুতুল তৈরি করে তাতে পিনবিদ্ধ করতেন। আবার কখনো কোনো লোকের চুল বা নখের টুকরো সংগ্রহ করে তা মাটিতে পুঁতে রাখতেন। এগুলো যখন আস্তে আস্তে শুকিয়ে যেত মানুষটিও ক্রমেই মৃত্যুমুখে পতিত হতো।

রোজারা প্রায়ই রোগের চিকিৎসার জন্য গাছ-গাছড়া, লতাপাতা ব্যবহার এবং রোগের সংক্রমণ দূর করার জন্য পানি ব্যবহার করত। কখনো তারা জাদুকরী পাথরসহ পানি ছিটিয়ে দিতেন। তারা জাদুকরী গান, প্রার্থনা এবং আশ্চর্য ভঙ্গিমায় নৃত্য (ভূড়ূ নৃত্য) করত। এর উদ্দেশ্য ছিল সাধারণ মানুষের মনকে প্রভাবিত করা ও আত্মাকে বলিষ্ঠ করা।

রোজারা সব সময় রঙিন পোশাক পরত মুখোশ ধারণ এবং মুখমণ্ডল চিত্রিত করত। কেউ কেউ পশুর চামড়াও পরিধান করত। বস্তুত মানুষকে সম্মোহিত করত। আর লোকজন বিশ্বাস করতে বাধ্য হতো যে, তাদের সৌভাগ্যের জন্য

২) শামান :

শামান সব সময় ন্যায়ের পক্ষে কাজ করে। শামানকে কেউ বলে জাদুকর, কেউ কবিরাজ। শামান কথাটি এসেছে **#সাইবেরিয়ার #তুঙ্গুস** ভাষী মেষ পালকদের কাছ থেকে। অস্টাদশ শতাব্দীর ভ্রমণকারীরা প্রথম শামানদের ব্যাপারে বিশ্ববাসীকে অবহিত করেন।

জানা যায়,শামানরা এমন ধরনের মানুষ যাদের রয়েছে অবিশ্বাস্য শক্তি। মৃত ব্যক্তির আত্মার কাছ থেকে জ্ঞান সংগ্রহ করে তারা। ইচ্ছা করলেই নাকি নশ্বর দেহ ত্যাগ করে স্বর্গ বা নরকে স্বচ্ছন্দে প্রবেশ করতে পারে। শামানদের প্রধান বাসস্থান এক সময় সাইবেরিয়া হলেও **#সোভিয়েতদের** অত্যাচারে তারা দেশ ত্যাগে বাধ্য হয়। তারা ছড়িয়ে পড়ে বিশ্বের নানা জায়গায়। এমনকি এশিয়া মহাদেশ ও আমাদের পাশের দেশ ভারতেও চলে আসে শামানরা।

শামান বর্তমানে জনপ্রিয় হয়ে উঠেছে উত্তর আমেরিকা এবং পশ্চিম ইউরোপের শহরা-অঞ্চলেও। শামানরা তাদের নানা সাংস্কৃতিক কর্মকাণ্ড প্রদর্শনের জন্য ভ্রমণ করছে **#চিলির #সান্তিয়াগো** থেকে শুরু করে **#কোরিয়ারসিউল** পর্যন্ত।

যদিও অনেক দেশের সরকার শামানিক চর্চাকে অবৈধ এবং বিপজ্জনক বলে বর্ণনা করেছেন। কিন্তু রোমান্টিক মানুষের কাছে শামান হলো ধর্মীয় অভিজ্ঞতা লাভের গাইডলাইন। আর জাতীয়তাবাদীরা শামানকে মনে করে প্রাচীন সাংস্কৃতিক জ্ঞানের বাহক। শামানদের মতে, আমাদের চারপাশে যত উপাদান রয়েছে সব কিছুর মাঝে আছে আত্মার অস্তিত্ব (অনেকটা প্যারালাল ইউনিভার্সে বিশ্বাসী তারা)।

শয়তানের প্রতীকঃ

ব্ল্যাক ম্যাজিকের একটি বিশেষ বৈশিষ্ট্য হলো প্রতীক ও সংকেতচিহ্নের ব্যবহার। অনিষ্টকারী শয়তানের প্রতীককে ব্ল্যাক ম্যাজিশিয়ানরা কাজে লাগিয়ে এসেছেন যুগ যুগ ধরে। শয়তানের প্রতীক হিসেবে বিভিন্ন সভ্যতার মানুষের বিশ্বাস ছিল সেটি হচ্ছেঃ- শিং। ব্ল্যাক ম্যাজিক চর্চায় শিং তাই অপরিহার্য বস্তু।

<u>সাম্প্রতিক ব্ল্যাক ম্যাজিকঃ</u>

প্রাচীনকালে কালো জাদুর বহু ব্যবহারের কথা শোনা গেলেও এখন ততটা বড় আকারে জাদুচর্চা করার কথা শোনা যায় না। তবে একেবারেই থেমে নেই কালো জাদু। সাম্প্রতিককালের এমন দুটি ঘটনা মিডিয়ায় আলোড়ন তুলেছে। ব্ল্যাক ম্যাজিকের শিকার হয় সরাসরি হাসপাতালে ভর্তি হয় মাত্র দুবছর বয়সী এক শিশু। গুরুতর অসুস্থ অবস্থায় শিশুটিকে হাসপাতালে ভর্তি করা হয়। তাকে দ্রুত চিকিৎসা দিতে গিয়ে বিস্ময়ে হতবাক হয়ে গেলেন ডাক্তার। কারণ এক্স-রে রিপোর্টে শিশুটির শরীরের ভেতর বিভিন্ন অংশে পাওয়া গেল ৫০টির মতো সুই। সুইগুলো দেখেই ব্ল্যাক ম্যাজিকের কথা মনে পড়ে গেল। ৫০টি সুইয়ের মধ্যে ১৭টি ছিল বাচ্চা ছেলেটির পরিপাকতন্ত্রের ভেতর। এ ঘটনা ছড়িয়ে পড়ল সামাজিক যোগাযোগ মাধ্যমে। ঘটনার তদন্তের জন্য পুলিশ ডাকা হলো। পুলিশও প্রাথমিক মন্তব্য করলঃ কেউ একজন ব্ল্যাক ম্যাজিক বা কালো জাদুর অংশ হিসেবে ছেলেটির দেহে সুই ঢুকিয়ে দিয়েছে। প্রথম সুইটি পাওয়া গেল শিশুটির বাম ফুসফুসের ভেতর। এক্স-রে করার পর দেখা গেল শিশুটির পেট, গলা, ঘাড় ও পায়ে মোট ৫০টির মতো সুই ঢুকানো হয়েছে। এরপর আর বুঝতে বাকি থাকে না, শিশুটি ভয়াবহ ব্ল্যাক ম্যাজিকের শিকার হয়েছে। শিশুটিকে তার এক আত্নীয় হাসপাতালে নিয়ে আসে কিন্তু নিরাপত্তার স্বার্থে তার নাম প্রকাশ করেনি বিখ্যাত। (শিশুটি ছিলো ভূডূ বিদ্যার নির্মম সাক্ষী)

সোর্সঃ ডেইলি মেইল।

ছেলেটির মায়ের নাম **#মারমা_সুজা_স্যান্তস**। তিনি পুলিশকে জানান, যখন তিনি কর্মস্থলে যেতেন তখন শিশুটিকে দেখাশোনা করতেন শিশুটির দাদি। কিন্তু কেউ নিশ্চিত নন শিশুটির দেহে কে সুই ঢুকিয়েছেন। ধারণা করা হয়, তার সৎ বাবা কাজটি করে থাকতে পারেন। কারণ তার বিরুদ্ধে অভিযোগ ছিল তিনি ব্ল্যাক ম্যাজিক অনুশীলন করতেন। অভিযুক্ত অভিযোগ অস্বীকার করলেও এ নিয়ে বিস্তারিত তদন্ত চলছে। বর্তমান যুগের ব্ল্যাক ম্যাজিককে যেহেতু বিশ্বাস করা হয়না তাই আসামীকে ছেড়ে দেয়া হয় পরবর্তীতে।

বর্তমানের বিজ্ঞানের যুগে এসে এসবকে নিয়ে ঠাট্টা বিদ্রুপ করা হলেও প্রায় সকল দেশের গ্রাম্য শহরে গোপনে নিভৃতে চলছে ব্ল্যাক ম্যাজিকের চর্চা। শুধু তাই নয় মাঝে মাঝেই শোনা যায় বিভিন্ন রাজনৈতিক ব্যাক্তিত্ব এমনকি অলিম্পিক, আইসিসি, আইপিএল এবং সবচেয়ে বেশী ফুটবল খেলায় ব্ল্যাক ম্যাজিকের চর্চা অনেক বেশী হয়। খোদ ব্রাজিলিয়রাই তা স্বীকার করেছেন।

আপনি আমি আমরা অতি বিজ্ঞান প্রিয়রা এসবে বিশ্বাস করিনা, আর করবোও না। তাতে কি? যে বা যারা এসব করছে তারা কি শেষ হয়ে যাবে? না হবেনা।

তারা আমাদের অনিস্ট করেই ছাড়বে। আর যখন আপনি আমি আমাদের পরিবার আক্রান্ত হবো ঠিক তখনই এটিকে বিশ্বাস করবো এর আগে না।

মাছের ভিতরে তাবিজ:

ছবিগুলো এক ভাইয়ের টাইম লাইন থেকে নিলাম। কালো জাদুর চর্চা কত ভয়াবহ আকার ধারণ করেছে, নাউযুবিল্লাহ। মাছের ভিতরে তাবিজ করেছে। আর তাছাড়া এখন সবজায়গায় তান্ত্রিকদের পোস্টার দেখা যাচ্ছে। এক ইহুদি রাবাই বলেছিলো মাসায়া (দাজ্জাল) আসার আগে সারা বিশ্বে জাদুর চর্চা বৃদ্ধি পাবে। সুতরাং আমাদেরকেও আমল বাড়িয়ে দিতে হবে। ৩ কুল (সূরা এখলাস, ফালাক, নাস) দিয়ে শরীরকে সবসময় বন্ধ করে রাখতে হবে। এছাড়াও অন্যান্য যেসব আমল আছে, তা প্রতিনিয়ত করতে হবে।

কালো জাদুর মাধ্যমে মৃত ব্যাক্তির কারিন জিনকে ডেকে আনা যায়ঃ

জাদুবিদ্যা চর্চাকারী, কুফর ও শিরক এর মাধ্যমে কাফির জীনদের সাথে সংযোগ স্থাপন করে যাকে তারা প্রায়ই অভিহিত করে ‘অতিপ্রাকৃত শক্তি’ হিসেবে। অকাল্টের সংজ্ঞা অনুযায়ী এই ধরণের প্রক্রিয়া অশরীরী আনয়ন (spirit contact) এবং মানবদেহে অশরীরী ভর করার(mediumship) সাথে সংশ্লিষ্ট। যে/যারা ভবিষ্যতবাণী করে দেয় তার ওপর তথাকথিত ‘অতিপ্রাকৃত শক্তি’ ভর করে যা প্ল্যানচেট নামে পরিচিত। এগুলো শয়তান জীন ছাড়া আর কিছুই নয় কারণ মানবদেহে অশরীরী ভর করা বা চলতি কথায় ‘জীনে ধরা’ (demonic possession) যে কোন মিথ্যা কথা নয় এটি আবু আমিনা বিলাল ফিলিপ্স তাঁর পিএইচডি **গবেষণায়** দেখিয়েছেন।



জাদুবিদ্যা বিষয়ে একাধিক বিজ্ঞ ইসলামিক আলেম বলেছেন, জাদুবিদ্যার মাধ্যমে আনীত শয়তান জীনেরা মানুষের কারীন থেকে তার বিষয়ে তথ্য সংগ্রহ করে যা তারা জ্যোতিষীদের কানে কানে বলে দেয়। ইএসপি (ESP) মাধ্যমে যে সব প্যারাসাইকোলোজিস্ট, সুডোসাইন্টিস্ট, গুরু, গণক অথবা

জাদুকরেরা মানুষের কাছ থেকে তথ্য সংগ্রহের দাবী করেন, তারাও জীনদের মাধ্যমে কারীনের কাছ তথ্য নেন বলে ধারণা করা হয়।

অনুরূপভাবে মৃত মানুষের কারীন থেকে শয়তান জীনেরা তারা অতীতের তথ্যও সংগ্রহ করে এবং এই জীনেরা ভর করে অন্য মানুষের শরীরে এবং তা প্রত্যক্ষকারীরা ধরে নেয় ঐ মানুষের পুনর্জন্ম হয়েছে যেহেতু সে পুঙ্খানুপুঙ্খভাবে অতীতের বর্ণনা দেয়। জাদুবিদ্যার মাধ্যমে ডেকে আনা অন্য ব্যক্তির আত্মা আসলে শয়তান জীন অথবা কারীন হওয়ার সম্ভাবনা রয়েছে। আল্লাহু আলম|

কাব্বালাহ : "ইহুদি অতীন্দ্রিয়বাদের আদ্যোপান্ত"

কাব্বালাহ শব্দটি হিব্রু 'কাবাল' থেকে উৎসারিত। যার অর্থ গ্রহণ করা। ত্রয়োদশ শতকের দিকে ইহুদি অতীন্দ্রিয়বাদের প্রধান পরিভাষা ছিলো এই কাব্বালাহ। মূখ্যত তাদের আলোচনা কয়েকটা বিষয়ে বৈশিষ্ট্যপূর্ণ। প্রথমত, পৃথিবীর সৃষ্টি ও ঈশ্বরের প্রকৃতিকে ব্যাখ্যা, পরম সত্যের রূপক উত্থাপন, ধর্মীয় জীবনের অলৌকিকতা অনুসন্ধান এবং মৃত্যু পরবর্তী জীবন আলোচিত হয়েছে বিশেষভাবে। দ্বিতীয়ত, স্বর্গীয় নামগুলোর মধ্য দিয়ে কীভাবে অতীন্দ্রিয় অভিজ্ঞতা অর্জন করা যায়, পূরণ করা যায় জীবনের প্রধানতম উদ্দেশ্য- বাতলে দেয়ার চেষ্টা করা হয়েছে তার উপায়। তারপরেও ঢালাওভাবে গোটা ইহুদি অতীন্দ্রিয়বাদকে কাব্বালাহ বলে আখ্যা দেয়া হয়। সে যা-ই হোক, প্রকৃতপক্ষে সকল সংস্কৃতি ও ধর্মের ভেতর যে অতীন্দ্রিয় দিক রয়েছে, কাব্বালাহ তার ইহুদি রূপ। ঈশ্বরের সাথে সরাসরি যোগাযোগ এবং নৈকট্য লাভের চর্চা, সাধারণ যুক্তিগ্রাহ্য জ্ঞানে যা সম্ভব না।



গুপ্ত সংস্কৃতি হলেও কাব্বালাহ আধুনিক যুগ পর্যন্ত বেশ জনপ্রিয় হিসাবে পরিগণিত। ইতিহাসের বিভিন্ন সময়ে ইহুদি ধর্মকে নানাভাবে প্রভাবিত করেছে কাব্বালাহ। ফেলে যাচ্ছে এখন অব্দি। এমনকি অইহুদিদের উপরও এর প্রভাব ছিলো উল্লেখযোগ্য।

<u>বাইবেলিয় উৎস</u>

হিব্রু বাইবেলে স্পষ্ট করে অতীন্দ্রিয়বাদকে উল্লেখ করা হয়নি। তথাপি অলৌকিক ঘটনার প্রাচুর্য বিদ্যমান। মোজেসের (হযরত মুসা (আ)) হাতের লাঠি সাপে পরিণত হওয়া, ইয়াকুবের (আ) দৃষ্টিশক্তি প্রাপ্তিসহ পুরো বাইবেলের ভবিষ্যদ্বাণীর ঐতিহ্য অতীন্দ্রিয়বাদকে প্রভাবিত করেছে। সবচেয়ে প্রভাবশালী বলে প্রতীয়মান হয়েছে এজেকিয়েলের ঈশ্বরের সিংহাসন-রথ দর্শন।

বিষয়টা পরাবাস্তব এবং ঈশ্বরের মানবীকরণের মতো বিপজ্জনক দিকে নিয়ে যাবার সম্ভাবনা থাকে। তথাপি প্রথমদিকের দুটি ঐতিহ্যের জন্মলাভে এর ভূমিকা ছিল। প্রথমটি 'মাসেহ হা-মেরকাবাহ' বা রথের কাজ এবং দ্বিতীয়টি 'মাসেহ বেরেশিত' বা সৃষ্টির শুরুর কাজ।

সংক্ষিপ্ত ইতিহাস

কাব্বালাহর প্রথম লিখিত সূত্র পাওয়া যায় ফ্রান্সের প্রোভ্যান্সে। লেখাগুলো দ্বাদশ শতকের দ্বিতীয়ার্ধের। একদল হালাখি লেখকের দ্বারা যাত্রা শুরু। আব্রাহাম বেন ডেভিড, জ্যাকব দ্য নাজিরাইটের মতো সুপরিচিত ব্যক্তিরা। পরবর্তীতে যুক্ত হয় মোজেস নাহমানাইডস এবং তার প্রধান ছাত্র শেলোমাহ বেন আব্রাহামের নাম। যদিও কাব্বালাহর অজস্র লেখার ভিড়ে তাদের অংশ ক্ষুদ্রই। ছোট্ট পরিসরে অভিজাতদের মধ্যে গোপনে চর্চা হতো প্রথমদিকে। ত্রয়োদশ শতকের গোড়ার দিকে গোপনীয়তা দূর হতে থাকে। এই সময়ের পুরোধা ব্যক্তি ছিলেন ইতশাক সাগি নাহর, আব্রাহাম বেন ডেভিড, আশের বেন ডেভিড প্রমূখ। তাদের লেখার প্রচেষ্টা ও বিষয়বস্তু লক্ষণীয়। 'সেফের ইয়েতজিরাহ' নামে সৃষ্টিতত্ত্ব, 'মাসেহ বেরেশিত' বা সৃষ্টি নিয়ে বাইবেলের মত এবং টেন কমান্ডমেন্টের ব্যাখ্যা তাদের মধ্যে উল্লেযোগ্য।

ত্রয়োদশ শতকের মধ্যভাগে স্পেনে কাব্বালিস্টদের মধ্যে চিন্তার বিপ্লব আসে বলতে গেলে। এদের পথিকৃৎ ছিলেন আজরিয়েল এবং ইয়াকুব বেন শেশেত। আস্তে আস্তে কাতালোনিয়া থেকে ক্যাস্টাইলের দিকে প্রভাব ভারী হতে শুরু করে। ক্যাস্টাইলে অজ্ঞাত কাব্বালিস্টদের লেখা পাওয়া যায় 'ইয়যুন' নামে। এটি আসলে মেরকাভাহ সাহিত্যকে নব্য প্লেটোবাদী অতীন্দ্রিয় ধারণার সাথে সমন্বয় আনার প্রচেষ্টা। অন্য অংশ অশুভের ধর্মতাত্ত্বিক ব্যাখ্যায় আগ্রহী ছিল। অশুভ জগৎ নিয়ে বিস্তারিত উল্লেখ করে গেছেন ইয়াকুব, ইতশাক, মোশেহ, তদ্রোস আবুল আফিয়া প্রমূখেরা। স্পেনীয় এই ঘরনার সবচেয়ে বিশুদ্ধ প্রকাশ ঘটেছে যোহার-তে। এটি মূলত ক্যাস্টালিয়ান কাব্বালিস্টদের লেখার সংকলন, যা ১২৮০ সালের দিকে শুরু হয়েছিলো। ১২৮৫ থেকে ১৩৩৫ সালের মধ্যে যত অনুবাদ, ব্যাখ্যা এবং প্রতিলিপি তৈরি করেছে, তাতে যোহারকে প্রামাণ্য গ্রন্থ হিসাবেই নেয়া হয়েছে।

স্পেনে ইহুদিদের স্বর্ণযুগ ছিল মূলত মুসলিম শাসকদের আমলে। ধীরে ধীরে মুসলমানরা স্পেনের অধিকার হারাতে থাকে। নতুন ক্যালিক শাসক সবার আগে

ইহুদিদের উপর খড়গহস্ত হন। হয় ধর্মান্তর, নাহলে দেশত্যাগ। ১৪৯২ এবং ১৪৯৭ সালে স্পেন এবং পর্তুগাল থেকে সমূলে বের হয়ে যায় ইহুদিরা। ফলে আইবেরিয়ান উপদ্বীপ থেকে সরে গিয়ে উত্তর আফ্রিকা, ইতালি ও লেভ্যান্টের দিকে চলে আসে কাব্বালিস্টদের চর্চা। শিকর গজাতে শুরু করে নতুন অঞ্চলে। বিকাশমান কাব্বালাহ সমাজে পনের শতকের স্পেনের কাব্বালাহ চর্চা বিশেষ করে যোহার দারুণ প্রভাবক হিসাবে গৃহীত হয়। ষোল শতকের দিকে এদের প্রথম প্রজন্মের মধ্যে উল্লেখযোগ্য ইতালিতে ইয়াহুদাহ হায়্যাতের 'মিনহাত ইয়েহুদাহ' এবং অটোম্যান সাম্রাজ্যে মেইর ইবন গাব্বাইয়ের 'আভোদাত হাকো-দেশ' । স্পষ্টভাবে দেখা যায় স্পেনিয় লেখা সংকলনের প্রবণতা। চেষ্টা করা হয়েছে দর্শন, জাদু এবং কাব্বালাহকে মেলানোরও।

নির্বাসনের পরে ফিলিস্তিনেও বাড়তে থাকে তারা। ষোল শতকের গোড়ার দিকে জেরুজালেম ছিলো কাব্বালাহ শেখার উর্বর ভূমি। এদের মধ্যে প্রধান ছিলেন ইয়াহুদাহ আল বতিনি, ইয়োসেফ ইবনে সাইয়াহ, এবং আব্রাহাম বেন এলিয়েজের। ১৫৪০ এর দশকের শুরুর দিকে গ্যালিলিয়ান গ্রাম সাফাদ হঠাৎ আধিপত্য শুরু করে। অর্ধশতক ধরে সাফাদ ছিলো কাব্বালাহ চর্চায় অগ্রগতির পেছনে সবচেয়ে গুরুত্বপূর্ণ। কাছাকাছি সময়ে তুরস্কে দুজন প্রধান চরিত্রের আবির্ভাব ঘটে। ইয়োসেফ কারো এবং শেলোমাহ হা-লেভি আলকাবেতস। তারা অতীন্দ্রিয়বাদী একটা সংঘ চালনা শুরু

করলেন, যা মূলত কাব্বালিস্টদের কর্মাদি পালন করতো। ইয়োসেফ কারোর অতীন্দ্রিয় দিনপঞ্জি এক্ষেত্রে তাৎপর্যপূর্ণ।

সে যা-ই হোক, ফিলিস্তিনে সবচেয়ে প্রভাবশালী কাব্বালিস্ট ছিলেন মোশেহ কর্ডোভারো (১৫২২-১৫৭০)। ১৫৪৮ সালে তিনি তার গুরুত্বপূর্ণ লেখা 'পারদেস রিমোনিম' সামনে আনেন। পূর্বের সকল প্রকার কাব্বালাহ মতবাদকে পরিষ্কার ভাষায় উপস্থাপন করার জন্য তার প্রচেষ্টা গোটা শতককে অনুরিত করেছে। কর্ডোবারোর প্রধান শিষ্য ছিলেন হায়্যিম ভিতাল, এলিয়্যাহু দি ভিদাস এবং এলাযার আযিকরি। কর্ডোবারোর মৃত্যুর পর তার সাবেক শিষ্য আইজ্যাক লুরিয়া হঠাৎ করে সাফাদের কাব্বালাহ সমাজের মধ্যমণি হয়ে ওঠেন। তার ব্যক্তিত্ব, দরবেশি আচরণ এবং ধর্মের ব্যাখ্যা নতুন সৃষ্টি করে। লুরিয়া সাধারণত মুখে ব্যাখ্যা প্রদান করতেন। তার মতবাদের প্রভাব ছিলো সুদূরপ্রসারী। কর্ডোবারোর শিষ্যরা ব্যাপকভাবে তার ধর্মতত্ত্বকে মেনে নিলো। এই মতবাদ স্বীকৃত হলো সবার সেরা হিসাবে।

১৫৭২ সালে মৃত্যুবরণ করলেন লুরিয়া। শিষ্য হায়্যিম ভিতাল তার মতবাদ লেখার জন্য এগিয়ে এলেন। তার বিখ্যাত রচনা 'এতস হায়্যিম' বা ট্রিজ অব লাইফ।

লুরিয়ার মতবাদের চেয়ে কিছুটা ভিন্ন মত ১৫৯০ এর দিকে ইতালিতে প্রচারিত হয়েছে। প্রচারক ইসরায়েল সারুগ নিজেকে লুরিয়ার শিষ্য বলে দাবি করতেন। মতবাদের সবচেয়ে বড় ব্যাখ্যাকার মেনাহেম আজরাইয়া। অপর শিষ্য আব্রাহাম হেরেরা তার লেখা গ্রন্থ 'শা'আর হা-শামায়িন' এবং 'বেইত এলোহিম' তে নব্য প্লেটোবাদী দর্শনের প্রকাশ ঘটিয়েছেন। নব্য প্লেটোবাদী এবং পরমাণুবাদী ধারণা একসাথে এসেছে ইয়োসেফ শেলোমাহ ডেলমেডিগো এবং সারুগের অন্যান্য শিষ্যের লেখায়। সপ্তদশ শতকের দিকে ভিতাল এবং সারুগের অনুসারীদের মধ্যে সংঘর্ষ হয়। কাব্বালিস্টদের মধ্যে ভিতালের মতবাদ টিকে থাকে শেমুয়েল ভিতাল, মেইর পপার এবং ইয়াকুব সেমাহের সংকলনে। পরের শতকগুলোতে কর্ডোবারিয়ান এবং লুরিয়ানিক মতবাদের মিশেল ঘটে।

অষ্টাদশ শতকের ধর্মতত্ত্বে পোলিশ হাসিদিজমে কর্ডোবারো মতবাদের কিছুটা পুনর্জাগরণ ঘটে। বিশেষ করে উপাসনা নিয়ে তার দৃষ্টিভঙ্গি, যেগুলোতে লুরিয়ানিক কাব্বালিস্টরা যথাযথ উত্তর দিতে অসমর্থ ছিল। অষ্টাদশ শতকের প্রধান কাব্বালিস্টদের মধ্যে এলিজাহ বেন শেলোমোন জালমান অন্যতম। তিনি পরিচিত গায়োন অব ভিলনা (১৭২০-১৭৯৭) নামে। লুরিয়ানিক ঐতিহ্যকে সামনে নিতে ইয়াকুব এমদেন (১৬৯৭-১৭৭৬)- এর ভূমিকাও ব্যাপক।

উনিশ শতকের দিকে এই ধারার অন্যতম উত্তরসূরী ইতশাক এইজিক হাভের এবং শেলোমোহ এলায়শার। আধুনিক সময়ে কাব্বালিস্টদের মধ্যে সবচেয়ে আধিপত্য

বিস্তারকারী ধারা লুরিয়ানিক ধারা। এটি পাঠ করা হয় মোশেহ হায়্যিম লুয্যাত্তো, এলিয়্যাহু বেন শেলোমোহ জালমান, হাবাদ প্রমূখের প্রদত্ত ব্যাখ্যার আলোকে। তার সাথে আছে জেরুজালেমের বেইত এল একাডেমির সেফারদিক কাব্বালিস্টরা।

আব্রাহাম ইতশাক কুক (১৮৬৫-১৯৩৫) একটা অতীন্দ্রিয় ও সর্বেশ্বরবাদী ধারণার অবতারণা করেন আধুনিক অনেক ইহুদিদের ধর্ম নিরপেক্ষতাকে ব্যাখ্যা করার জন্য। তার মতবাদের প্রভাব ছিলো দারুণ। ১৯৪৮ সালে ইসরায়েলের প্রতিষ্ঠার পর এবং বিশেষভাবে ১৯৬৭ এর পর প্রবল হয় তার পুত্র ইয়াহুদাহ কুকের মাধ্যমে। ডেভিড হা কোহেন এই অভিযাত্রায় অন্যতম প্রধান পুরুষ। তিনি তার 'কুল হা-নেভুয়াহ' -তে অন্যরকম অতীন্দ্রিয়দের উন্মেষ ঘটান, যা ইহুদি ঐতিহ্যের মৌখিক দিককে প্রভাবিত করে। হাসিদিক সার্কেলে আবুল আফিয়ার গূঢ় কাব্বালাহ সাম্প্রতিক সময়ে উদঘাটিত হচ্ছে।

বর্তমানে কাব্বালাহ অন্যতম জনপ্রিয় চর্চা হিসাবে ইহুদি, এমনকি অইহুদিদের মধ্যেও টিকে আছে।

<u>কাব্বালাহ ধর্মতত্ত্ব:</u>

তালমুদ এবং মিদরাশ দুই ধরনের গুরুত্বপূর্ণ গুণের কথা বলে। প্রথমত ক্ষমা বা মিদ্দাত হা রাহামিম এবং দ্বিতীয়ত কঠোর বিচার বা মিদ্দাত হা দিন। গুণগুলো স্বর্গীয়। পৃথিবীর জন্ম এবং পরিচালনার ক্ষেত্রে ভূমিকা রাখে। অন্যান্য পুস্তকে দশটি সৃজনশীল শব্দের (মা-আমারুত) কথা বলা হয় এই প্রেক্ষাপটে। সেফের ইতসিরাহতে দশটা সেফাইরত প্রসঙ্গ এসেছে। মেরকাবাহ সাহিত্যে আছে প্লেটোবাদী ধ্যানধারণার চিহ্ন। প্রথমদিকে তেমন কোনো ধর্মতাত্ত্বিক ব্যাখ্যা কাব্বালিস্টদের থেকে পাওয়া যায়নি। বেশিরভাগই স্বর্গীয় সত্তাকে দুটি স্তরবিশিষ্ট বলে ধারণা করতো। প্রথমত, পরম দেবতা বা এইন সফ, এবং দ্বিতীয়ত, নিঃসৃত জগৎ যা পরম সত্তা থেকে স্বতস্ফুর্তভাবে নিঃসৃত হচ্ছে। এমন দশটি দশা পরিচিত সেফাইরত নামে। যুহর এবং প্রধান কাব্বালিস্টদের অভিমত অনুসারে, সেফাইরত পরম সত্তার মূলের প্রকাশ। আবার কারো মতে, স্বর্গীয় সক্ষমতা ধারণের জন্য সেফাইরত পাত্রের কাজ করে।



<u>মানুষের অলৌকিকতা:</u>

কাব্বালিস্টদের মতে, মানুষ তার সঠিক চর্চার মধ্য দিয়ে পরম সত্তার অন্তঃস্থলকে প্রভাবিত করতে পারে। তাদের এই দৃষ্টিভঙ্গি প্রাচীন ইহুদি চিন্তায় সত্যিই তাৎপর্যপূর্ণ। প্রথমদিককার তালমুদ ও মিদরাশে দেখা যায় ঈশ্বর প্রায়ই মোজেসের কাছে অনুরোধ করেন। লুরিয়ানিক কাব্বালাহতে এই জোরারোপ পরিবর্তিত হয়েছে স্বর্গীয় স্ফুলিঙ্গ নামে। সে যা-ই হোক, জাদু আর কাব্বালিস্টদের অলৌকিকতার ধারণায় বিস্তর ফারাক আছে। মানুষকে শক্তিশালী এবং স্বাধীন সত্তা হিসাবে উপস্থাপনের পরও স্রষ্টা ও মানুষের মধ্যে ব্যবধান থাকে। এখান থেকেই জন্ম নিয়েছে কাব্বালিস্টদের unio mystica বা স্রষ্টা ও সৃষ্টির মধ্যে স্বর্গীয় মিলনের ধারণা।



অতীন্দ্রিয় পদ্ধতি:

ত্রয়োদশ শতকের দিকেই অতীন্দ্রিয় অভিজ্ঞতা অর্জনের জন্য কাব্বালিস্টদের বেশ কিছু লেখা পদ্ধতি প্রচারিত হয়। তার মধ্যে অন্যতম ছিল আব্রাহাম আবুল আফিয়া (১২৪০-১২৯১)। স্বর্গীয় নাম স্মরণের মধ্য দিয়ে তিনি চিন্তাকে একত্রিত করার কথা বলেন। পরবর্তীতে তার পদ্ধতি কিছুটা বিবর্তন ঘটিয়ে গ্রহণ করেন আশকেনাজিক হাসিদিক গুরুরা। খুব সম্ভবত আবুল আফিয়া সুফীবাদ এবং ভারতীয় যোগ-এর দ্বারা প্রভাবিত ছিলেন। তার লেখাগুলো ল্যাটিনে অনুদিত হয়, যা পরবর্তীতে খ্রিষ্টান কাব্বালাহ গঠনেে প্রভাব ফেলেছে। মধ্যপ্রাচ্যে তার চর্চা বিনা শর্তে গ্রহণ করেন ইতশাক বেন শেমুয়েল এবং ইয়েহুদাহ আলবোতিনি। বিশেষ করে ফিলিস্তিনে আবুল আফিয়ার মতো মুসলিম সুফি ইবনুল আরাবির চিন্তার সাথে মিলিয়ে গ্রহণ করা হয়। ইউরোপ এভাবেই কাব্বালাহর সাথে পরিচিত হয়।

কাব্বালাহ ব্যাখ্যার ধরন:

এই গ্রন্থকে ব্যাখ্যা করার জন্য দুই ধরনের পদ্ধতি চালু হয় তাদের মাঝে। রূপক এবং গাণিতিক। অলৌকিকতাবাদী ও অতীন্দ্রিয়বাদী কাব্বালিস্টদের মধ্যে রূপক পদ্ধতিতে ব্যাখ্যা করার অবস্থান ছিলো সবার উপর। ধর্মগ্রন্থ যেখানে গণ্য হয়েছে প্রাকৃতিক পরিবর্তন এবং ইতিহাসের ঘটনার আলোকে। এভাবে সীমাবদ্ধ বর্ণের সমাহার পরিণত হয়েছে অসীম অর্থের আধার হিসাবে। আশকেনাজিক হাসিদিজমের প্রভাবে ত্রয়োদশ শতকে কাব্বালিস্টরা গাণিতিক ব্যাখ্যার দিকে ঝুঁকে পড়ে। গিমাতরিয়া বা বর্ণসমূহের

গাণিতিক মান বের করা, নোতারিকোন বা বর্ণকে পুরো শব্দের সংক্ষেপ হিসাবে ব্যবহার করা এবং তেমুরাহ বা বর্ণের পারস্পারিক পরিবর্তন। আবুল আফিয়া সাত ধরনের গাণিতিক পদ্ধতির অগ্রগতি সাধন করেন, যা পরবর্তিতে নতুন পথ উন্মোচন করে।

UNITS.			TENS.			HUNDREDS.		
Aleph	א	1	Yod	י	10	Koph	ק	100
Beth	ב	2	Caph	כ	20	Resh	ר	200
Gimel	ג	3	Lamed	ל	30	Shin	ש	300
Daleth	ד	4	Mem	מ	40	Tau	ת	400
He	ה	5	Nun	נ	50	Final Caph	ך	500
Vau	ו	6	Samech	ס	60	Final Mem	ם	600
Zain	ז	7	Ain	ע	70	Final Nun	ן	700
Cheth	ח	8	Pe	פ	80	Final Pe	ף	800
Teth	ט	9	Tsaddi	צ	90	Final Tsaddi	ץ	900

লেখালেখি:

ইহুদিদের অন্য অংশের মতো কাব্বালিস্টরাও ধর্মীয় গ্রন্থাদির ব্যাখ্যা বিশ্লেষণ করেছে। সাধারণ সেফরুতের উপর কাব্বালিস্টদের দেড়শোরও বেশি ব্যাখ্যা পাওয়া যায়। বিশেষভাবে দশটা স্বর্গীয় সম্ভাব্যতা রূপকসহ আলোচিত হয়েছে। নবীশদের জন্য এগুলো পাঠ্য হিসাবে ব্যবহার করা হতো। ত্রয়োদশ থেকে সপ্তদশ শতকের মধ্যে এই ধারা বিকাশ লাভ করে। শুরু থেকেই তাদের ভেতর টেন কমান্ডমেন্ট

ব্যাখ্যা এক অন্যমাত্রা নিয়ে এসেছে। সেফের ইতজিরাহ, যোহার এবং নৈতিক অন্যান্য প্রধান গ্রন্থাবলির ব্যাখ্যাও জন্ম লাভ করতে থাকে, যার স্রোত এখন পর্যন্ত বিদ্যমান।



সবিশেষ:

নাহমান ক্রোচমালের মতলতো আধুনিক পন্ডিতের কেউ কেউ দাবি করেন, কাব্বালাহর উপর নস্টিক ধ্যানধারণার প্রভাব ছিল। যদিও শক্ত প্রমাণ পাওয়া যায়নি তার পেছনে। তবে প্রথমদিককার কাব্বালাহ মুসলিম এবং খ্রিষ্টান নব্য প্লেটোবাদীদের দ্বারা সত্যিই প্রভাবিত। অশুভ সম্পর্কে কাব্বালিস্টদের ধারণা পারসিক বিশেষ করে যুরভানিজমের সাথে সাদৃশ্যপূর্ণ বলে মনে হয়। রেনেসাঁর প্রভাব দার্শনিক ব্যাখ্যায়

আসে সপ্তদশ শতকের দিকে। বাইরের বিভিন্ন উৎস থেকে বিভিন্ন চিন্তা গ্রহণ করার ব্যাপারে কাব্বালিস্টরা যথেষ্ট উদার থাকলেও বাইরের উপাদান কখনো মূখ্য হয়ে ওঠেনি। বরং তারা তাকে নিজেদের চিন্তা ও মতাদর্শের আলোকে অভিযোজিত করে নিয়েছে। খাপ খাইয়ে নিয়েছে পুরাতনের সাথে নতুনের সংযোজনে।

ট্যারট কার্ড রিডিং:

পিউর প্যাগান অকাল্ট প্রাকটিস ট্যারট পড়ার ব্যপারটি রিডারগন এভাবে ব্যাখ্যা করেন যে প্রতিটি কার্ডই স্বতন্ত্র জীবন্ত স্বত্তা। তাদেরকে(কার্ডগুলোকে) প্রশ্ন করলে রিডারের মনে টেলিপ্যাথিক কমিউনিকেশনে কার্ড গুলো থেকেই উত্তর পায়। কার্ড রিডিংএ একেক অঞ্চল ভেদে ভিন্ন হতে পারে তবে, এ বিষয়ে প্রায় সবাই এক। পূর্বের একটি পোস্টে ট্যারটের ব্যপারে অল্প বিস্তর আলোচনা করেছি। ট্যারট রিডিং এর বিষয়টা জ্বীনকেন্দ্রিক। অকাল্টিস্টরা মুখে এনার্জি, হায়ার কনসাসনেস ইত্যাদি গার্বেজ আওড়ে একটু কমপ্লিকেটেড করে। আর ট্যারট পাঠককেও স্পিরিচুয়াললি ইভলভব হতে হবে। গড়পড়তা মানুষ হলে চলবে না। এজন্য মেডিটেশন যোগ সাধনার আশ্রয় নিতে হয়। কিছুটা স্পিরিচুয়াললি এনলাইটেন্ড হতে হবে, কথিত থার্ড আই ইনেবল্ড থাকলে সহজ হয়।

একেক স্পিরিচুয়ালিস্ট একেক শব্দ দিয়ে আর ব্যাখ্যা তৈরি করে বিষয়টাকে কঠিন আর রহস্যময় করে দেয়। কেউ কেউ বলে এখানে কোন ডিমনিক বিং বা জ্বীনদের হাত নেই , এটা তার একান্ত ব্যক্তিগত অর্জিত আধ্যাত্মিক শক্তি।সত্য হচ্ছে জ্বীনদের সাথে যোগাযোগ ও তাদের ডেভোটেড হওয়ার ট্রেডিশনাল যে রকম নিয়মের পরিচিতি আছে এসবের বাইরে ভিন্ন প্রক্রিয়ায় জ্বীনদের রেল্মের সাথে আমাদের ত্রিমাত্রিক ডাইমেনশনের গেটওয়ে আনলক করবার মাধ্যমে এধরনের কথিত সাইকিক এবেলিটি অর্জিত হয়। পাশ্চাত্যের বেশিরভাগ চর্চা কারীই জানতেই পারেনা তাদের এ পাওয়ার সোর্স জ্বীনঘটিত। আর সাহায্যকারী জ্বীনরাও সেভাবে প্রকাশ করেনা। যাতে ফিতনার প্রসার ঘটে। প্রচার করা হয় মনের শক্তি। পাওয়ার অব মাইন্ড বা মনের গোপন শক্তি।

প্রতিটি মানুষের সাথেই একটি করে ক্বারীন জ্বীন বসবাস করে।এমনকি নবী (সা) এর সাথেও ছিল, তিনি তাকে দাওতাত দিয়েছিলেন যা সে কবুল করে। এর কাজ

হচ্ছে মানুষকে সবসময় কুমন্ত্রণাদান আর কুকর্মের জন্য ইনভোক করা। ক্বারিনের ব্যপারে বিস্তারিত জানুনঃ

অদৃশ্য সহচর ক্বারীন জ্বীনকেই নিউএজার, থিওসফিস্ট অন্যন্য স্পিরিচুয়ালিস্টরা 'inner energy 'inner spirit' 'goddess' 'highher consciousness' 'inner adviser' 'higher self' 'angelic being' 'chii' সহ আরো বিভিন্ন নাম দিয়েছে।আর ক্বারিন জ্বীনদের মধ্যে শক্ত নেটওয়ার্ক আছে । আমি ওদের পরস্পরের সম্পর্কএর জালকে কোন নেটওয়ার্ক হটস্পটের সাথে তুলনা করি। প্রত্যেকেই একেকটি রাউটার- এক্সেসপয়েন্ট বা এক্সটেন্ডারের মত কাজ করে।এরা পারস্পারিক তথ্য আদান প্রদানে সাহায্য করে। কারীনের ব্যাপারে জানুনঃ

শায়েখ আব্দুল কাইয়ুম-

https://m.youtube.com/watch?v=64IPPmpPMuM

https://m.youtube.com/watch?v=pPuE0OCPfpQ

ধ্যান বা অন্য রিচুয়ালের দ্বারা যখন কোন ব্যক্তি এই কারীনকে শরীরে পজেশনের জন্য ওপেন এক্সেস দিয়ে দেয় সেই সাথে দেহের ড্রাইভিং ফোর্সের আসনে বসায় তখন আমরা বাহ্যিকভাবে কিছু অলৌকিক ক্ষমতা দেখতে পাই ওই ব্যক্তির দ্বারা। যেমন লেভিটেশন(ধ্যানে শূন্যে ভাসা),টেলিকেনেসিস বা টেলিপোর্টেশন(হাতের ইশারায় দূরবর্তী জিনিস নিয়ন্ত্রন), টেলিপ্যাথিক কমিউনিকেশন,টেলিপোর্টিং(হঠাৎ অদৃশ্য হয়ে দূরে এপেয়ারেন্স বা হাইপার জাম্প),ক্ল্যায়ারভয়েন্স(অন্য কোন ব্যক্তির

অতীত, আর বর্তমানের গোপন বিষয় সম্পর্কে জানা),অসম্ভব শক্তি অর্জন, হাতের দ্বারা ইএমপির জাতীয় ভিন্ন মাত্রার স্পিরিচুয়াল এনার্জি বিকিরণ যা টার্গেটেড বস্তুতে শক বা আগুন ধরিয়ে দিতে পারে(যদিও সে শক্তির প্রকৃতি বা মাত্রা কোন যন্ত্র ডিটেক্ট করতে পারেনা)।

বিষয়গুলি বাহ্যত দেখতে মনে হবে ঐ ব্যক্তির নিজস্ব সাইকিক এবিলিটি। কিন্তু আসলে সেটা জ্বীনঘটিত। ওই অবস্থায় সহচর জ্বীন চর্চাকারীর একরকমের অঙ্গের ন্যায় কাজ করে।এটাই শয়তানের প্রতি আনুগত্যের ফসল। পাশ্চাত্যের নিউএজার বা অন্য মানহাজের স্পিরিচুয়ালিস্টদের অনেকেই স্পেসিফিকভাবে জ্বীনদের ব্যপারে জানেনা,অথবা ভিন্নভাবে তাদের বিষয়ে ধারনা করে। এদের অনেকেই প্যারানরমাল বিষয়গুলোর বিচিত্র ব্যাখ্যা দেয়। ইতোপূর্বে মাস দুয়েক আগে শয়তান সৃষ্ট ওদের ফলস মেমরি- ম্যান্ডেলা ইফেকক্ট রিফিউট করে লিখেছিলাম। ওদের কাছে প্রকৃতির সমস্ত বিষয়ের ব্যাখ্যা ভিন্ন। শয়তান জ্বীনের দ্বারা অলৌকিক অসাধ্য সাধনকে ওরা মনের শক্তি হিসেবে ব্যাখ্যা করে।তাছাড়া কোয়ান্টাম ফিজিক্সের সাথে নিকোলা টেসলার কিছু চিন্তাকে কম্বাইন করে নিজেদের ন্যাচারালিস্টিক ট্রোলথট মিলিয়ে স্পিরিট সাইন্সের প্রচার করছে। যাহোক এবার ট্যারটে ফিরে আসি।ট্যারট রিডিং এর জন্যও আপনাকে নূন্যতম স্পিরিটিজমে ঢুকতে হবে।। অর্থাৎ কুফরি করতেই হবে।

তাছাড়া আব্রাহামিক ট্রেডিশনে ডিভিনেশন(ভবিষৎ বলা) শয়তানী কাজ। এক্ষেত্রে কোন ব্যক্তি যদি মিছেমিছি জ্বীনদের সাহায্য ছাড়াও কারো ভবিষ্যৎ বলে গনকদের বেশে, তবে সেও আল্লাহর সাথে গায়েবের জ্ঞানের ব্যাপারে সীমালঙ্ঘন করে কুফরি করল। আর ট্যারট কার্ডগুলো একদমই খাটি অকাল্ট এসোটেরিক সিম্বলে ভরা।

আর অকাল্ট প্রাকটিস মানেই শয়তানী চর্চা আর কুফরি করা।

দেখুনঃ http://www.allabouttheoccult.org/tarot-cards.htm

ওয়েবসাইটটির এতটুকুন বেশ স্টানিং

"The use of tarot cards does not seem to be a religion in the sense that it does not involve the worship of deities. However, in another sense, it is very much a religion (or some would say obsession) when it becomes a practice or activity that someone is completely devoted to. At some point, it can take on cultish or occultish aspects. In fact, there are many people who place tarot cards in the same category as other occult fortune-telling techniques such as the ouija board, astrology, crystal balls, palmistry, and tea leaves. Of course, some maintain that tarot cards are just harmless fun. Tarot cards fit in well with the #New_Age_movement that is so prevalent these days. New Agers use certain

practices or methods to "get in touch with their inner spirits," and tarot cards can be a perfect way for them to channel their thoughts and connect with the "Oneness of the Universe.""

যাদের সন্দেহ হয় এ কাজ স্যাটানিক কিনা তারা দেখুন:

https://m.youtube.com/watch?v=99f-h1MmWKw

https://m.youtube.com/watch?v=43_RpvfaaM4

https://m.youtube.com/watch?v=knB7pb7aF5I

অকাল্ট প্রাকটিসঃ

https://m.youtube.com/watch?v=u9HvJPwUO78

https://m.youtube.com/watch?v=bdj83PWWH0M

থিওসফিস্টদের এঞ্জেলিক ট্যারট গাইডেন্স(ওদের কাছে শয়তানই হচ্ছে এঞ্জেল):

http://www.angelpaths.com

শয়তানের পূজারীদের অফিসিয়াল ট্যারট রিডিং শিক্ষাকেন্দ্র (এঞ্জেলফায়ার ডোমেইনগুলো অফিশিয়ালি ওদের)

http://www.angelfire.com/ct2/CelestialRealm/toth/tarot.html

এখানে শয়তানের পূজারিদের স্যাক্রিড কিতাব তোথের সাথে ট্যারটের সম্পর্ক

জানবেন।

http://www.angelsfire.net/tarot-readings.html

নর্স প্যাগানিজমঃ

https://m.youtube.com/watch?v=QbxNWGy1BCg

খ্রিষ্টানরাও এর অরিজিনের ব্যপারে

সচেতনঃhttps://m.youtube.com/watch?v=kcl8pa7jTlg

https://m.youtube.com/watch?v=PPjanH3U7uo

কোথা থেকে কিনবেন ট্যারটকার্ডঃ

https://luciferianapotheca.com/collections/tarot-1?view=all

জ্বি লুসিফেরিয়ান এপোথিকা। কিনবেন নাহ(?)! আরে একটু আধটু কুফরের পথে হাটলে কি প্রব্লেম, ম্যান! চিরকাল জাহান্নামেই না হয় যেতে হবে।যেতেই বা দোষ কি, অনেক মানুষই তো যাবে,মিয়া ডেমোক্রেটিক হন! তাই দুনিয়ার পপুলারিটির জন্য এটুকুন না পারলে কেমনে হল! ওরাই তো আপনাকে অভ্যর্থনা জানিয়ে বলছে জাহান্নামীদের বাহিনীতে

যোগদিন। http://web.archive.org/web/20160214142145/http://hailtosatansvictory666.angelfire.com/Hells_Ar

my_666.html

অতঃপর তাদেরকে বলব যারা আল্লাহকে ভয় করেন, নিশ্চয়ই আল্লাহর শাস্তি অত্যন্ত কঠোর।

দেখুন ফরচুন টেলার ও ডিভিনেশনের ব্যাপারেঃ

https://islamqa.info/en/40924

ট্যারট কার্ডঃ

http://www.ummah.com/forum/showthread.php?158429-Tarot-cards

আগের লেখা:

https://m.facebook.com/story.php?story_fbid=778353272334671&id=100004800152023&refid=8&_ft_=top_level_post_id.778353272334671%3Atl_objid.778353272334671%3Athid.100004800152023%3A306061129499414%3A2%3A0%3A1496300399%3A6946252083500112716

(বিঃদ্রঃ আমি আমাদের দেশে চলমান ডর-ট্যারট নামের প্রোগ্রামটির শ্রোতা নই।যার দরুন সে প্রোগ্রামটির মটো সম্পর্কে খুব ভালভাবে অবগত নই।যতদূর শুনেছি তারা সীমালঙ্ঘন করেছে। তাদেরকে সাবধান করলে আমাকে তাদের পেজ থেকে ব্লক করে দেয় যদিও পূর্বে কিবরিয়া সরকার নামের জনৈক আর্জে বলেছিল

আমাকে ব্যান্ড করা হবেনা। যাহোক, উপরের তথ্য গুলো একদম নিরপেক্ষ ও সত্য। চাইলে রিসার্চ করতে পারেন। তবে রিফিউটেশন এর চেষ্টা করে বিতর্কে জড়াতে চাইলে অকাল্টিজম ও মিস্টিসিজমের সুবিশাল চ্যাপ্টারের উপর সুবিশাল জ্ঞান ও তাওহীদ তথা গোটা দ্বীনের উপর পরিষ্কার ও বিশুদ্ধ ইলম নিয়ে আসুন।)

যাদুবিদ্যা সংক্রান্ত সুবিশাল ভ্রান্তি এবং নিওমু'তাযিলা চিন্তাধারাঃ

যাদুবিদ্যা সম্পর্কে একটা সুবিশাল ভ্রান্তি মুসলিম কমিউনিটির মধ্যে প্রচলিত আছে। আমি মনে করি এই ভুল ধারনা একদিক থেকে অনেক ভাল যা মানুষ এ অপবিদ্যার থেকে দূরে রাখে।কিন্তু খারাপ দিকটিও অত্যন্ত ব্যাপক। দুঃখের বিষয় যে এই জ্ঞানগত সীমাবদ্ধতা আলিমগনের মধ্যেও বিরাজমান। এটা এই যে, যাদু শয়তান এর দ্বারা হয়ে থাকে বা শয়তান সংঘটিত করে বা শয়তান জ্বীন এ কাজের জন্য দায়ী। যাদুবিদ্যার সমস্ত দায়ভার এভাবে শয়তানের উপর দেওয়ার পরে অন্য সবকিছুকে আর নিষিদ্‌ধ আর্টের আওতায় ফেলা হয় না। এজন্য আগের যুগের আলিমগনকে আলকেমিক্যাল প্রাকটিসকে যাদুবিদ্যায় অন্তর্ভুক্ত করতে দেখলেও কোয়ান্টাম মেকানিক্সকে কিছুতেই যাদুশাস্ত্রের আওতায় ফেলতে দেখবেন না। সেটা পবিত্র বিজ্ঞান!

আপনি যদি কোন আলিমকে প্রশ্ন করেন কেন যাদুবিদ্যা নিষিদ্ধ ও কুফরি(?), তারা একরকমের মুখস্ত বলে দিবেন, যাদুকররা শয়তানের পূজা করে,শিরক করতে বাধ্য করে, আল্লাহ ও তার কালামকে অবমাননা করতে বলে যেন তারা তাদের বিভিন্ন দুঃসাধ্য কাজ গুলো তারা করে দেয়। এর বেশি তারা বলেন না।
দেখে আসতে পারেনঃ https://islamqa.info/en/4010

তারা এমনকি স্পেলকেও 'শুধুমাত্র' শয়তান জ্বীনদের ইনভোকেশনের উপায় বলছে।
এরকম demoniac হস্তক্ষেপের সাথে যাদুকে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট করার জন্য যখন অধিকাংশ ভিন্ন মাজহাবের যাদুকে দেখা যায় তখন সাধারন মানুষ একে magick বলেই শনাক্ত করতে পারেনা।
অনেকে দেখি যাদুবিদ্যার দিকেই পা বাড়ায়, অথচ জানেই না যে এই আর্ট সর্সারি বৈ আর কিছু নয়।

.

তারা আরেকটা কথা বলেন যে, যাদু হচ্ছে শুধুই ধারনাগত পরিবর্তন ঘটায়, চোখকে সম্মোহিত করে,যেমনটা মূসা(আ) এর সামনে যাদুকররা করেছিল। তারা বাহ্যিক পরিবর্তন ঘটানোকে অস্বীকার করতে চান। মনে রাখবেন মুতাযিলা সম্প্রদায় যাদুর অস্তিত্বেই বিশ্বাস করে না। বস্তুত,যাদু বাহ্যিকভাবেও পরিবর্তন ঘটায়। একারনেই ইহুদীরা আল্লাহর রাসূলকে(স) যাদু করে অসুস্থ করে ফেলেছিল। আজকের এক শ্রেনীর আলিমদের যাদুর সজ্ঞায়ন অনুযায়ী ইহুদীরা আল্লাহর

রাসূল(সাঃ) কে শয়তান জ্বীন ব্যবহার করে বিরক্ত করে বা শারীরিকভাবে কষ্ট দিয়ে অসুস্থ করবার কথা। কিছু দুর্বল হাদিসে যাদুর দ্বারা বস্তুর আকৃতির ফিজিক্যাল পরিবর্তন/ট্রান্সফর্মেশনও সম্ভব বলে পাওয়া যায়। বাবেল শহরে হারুত ও মারুত বিশেষ গুপ্ত নিষিদ্ধ বিদ্যা শেখাতো। তারা তো শয়তান জ্বীন ছিল না।

যাদুবিদ্যার অনেক শাখা বিদ্যমান এর মধ্যে একটা মাইনর ব্রাঞ্চ হচ্ছে জ্বীনের সাহায্যে অতিপ্রাকৃত বিষয় করে দেখানো(ডায়নামো)। একে বাহ্যিকভাবে যাদুর শাখায় অন্তর্ভুক্ত করা হলেও মূল যাদু নয় যেমনটা হাতের চালাকি দ্বারাও ম্যাজিশিয়ানরা যাদুর খেলা দেখিয়ে থাকে। মূল যাদুবিদ্যা স্বতন্ত্র বিষয়। আর এতে শয়তানের তুলনায় মানুষের প্রত্যক্ষ ভূমিকা থাকে। কিছু যাদু(i.e:chaos magick) আছে যাতে জ্বীনদেরও সাহায্য লাগে না। যাদু সংঘটন কাজটি করে যাদুকরের ইন্টেনশন,অভিপ্রায়। শয়তান জ্বীনরা যাদুকরদের বাহ্যিক নিরাপত্তা, দিকনির্দেশনার কাজটি সামান্যভাবে করে থাকে। এজন্য পাশ্চাত্যে যাদুকররা শয়তান জ্বীনদেরকে বলে স্পিরিট গাইড, দেবী,দেবতা, হায়ার বিং প্রভৃতি। যাদুবিদ্যায় দক্ষতা বৃদ্ধির জন্য বিচিত্র শিরকি কাজের হুকুম উইজার্ডদের পালন করতে হয়। এমনকি বিকৃত যৌনাচার পর্যন্ত।

এ সকল রিচুয়াল কোন ম্যাজিক্যাল শক্তি জেনারেট করে না, শুধুই শয়তানের সাথে সখ্যতার জন্য করা হয়। কিন্তু আজকে আমাদেরকে শেখানো হয় যাদুর উৎস ওটাই!! আজকের প্যাগানিজমের নবজাগরনে উইচ/মিস্টিকরা সবচেয়ে বেশি যে ধরনের হেক্স/যাদু করে থাকে তার অধিকাংশই curse ভিত্তিক। সেখানে শয়তানের ভূমিকা গৌন। এক্ষেত্রে এসকল সম্মানিত আলিমগন কি বলবেন জানতে আগ্রহী। ইন্টেনশন এর শক্তিকে যাদুবিদ্যায় ব্যবহারের বিষয়টি ঠিক ওইরকম যেমনটা মানুষের ঈর্ষান্বিত চোখের নজর(evil eye) লাগে। মানুষের কথার(স্পেল/ইনক্যান্টেশনের) যে প্রভাব রয়েছে সেটা নজর ও অভিশাপের বিষয়টি দ্বারা বোঝা যায়। হয়ত জানেন যে, সলোমন দ্বীপপুঞ্জের আদিবাসীরা সুবিশাল গাছ কর্তন এর বিকল্প হিসেবে কার্স ব্যবহার করে।

حَدَّثَنِي أَبُو الطَّاهِرِ، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي مُعَاوِيَةُ نُبْ صَالِحٍ، عَنْ عَبْدِ

نَرْقِي كُنَّا قَالَ ،يِّالأَشْجَعِ مَالِكٍ بْنِ عَوْفِ عَنْ ،أَبِيهِ عَنْ جُبَيْرٍ بْنِ ،الرَّحْمَنِ عَلَىَّ اعْرِضُوا " فَقَالَ ذَلِكَ فِي تَرَى كَيْفَ اللَّهِ رَسُولَ يَا فَقُلْنَا الْجَاهِلِيَّةِ فِي شِرْكٌ فِيهِ يَكُنْ لَمْ مَا بِالرُّقَى بَأْسَ لاَ رُقَاكُمْ " .

‘আওফ ইবনু মালিক আশজা’ঈ (রাঃ)

তিনি বলেন, আমরা জাহিলী (মূর্খতার) যুগে (বিভিন্ন) মন্ত্র দিয়ে ঝাড়ফুঁক করতাম। এজন্যে আমরা রসূলুল্লাহ (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) এর আবেদন করলাম- হে আল্লাহর রসূল! এক্ষেত্রে আপনার মতামত কি? তিনি বললেন, তোমাদের মন্ত্রগুলো আমার নিকট উপস্থাপন করো, ঝাড়ফুঁকে কোন দোষ নেই-যদি তাতে কোন শিরক (জাতীয় কথা) না থাকে।

(ই.ফা. ৫৫৪৪, ই.সে. ৫৫৬৯)

সহিহ মুসলিম, হাদিস নং ৫৬২৫

হাদিসের মান: সহিহ হাদিস

Source: ihadis.com

.

مَوْلَى ،عُمَيْرٍ عَنْ ،زَيْدٍ نِبْ حَمَّدِمُ عَنْ ،الْمُفَضَّلِ بْنُ بِشْرُ حَدَّثَنَا ،قُتَيْبَةُ حَدَّثَنَا ا لله صـ لى اللَّهِ ولَرَسُ فِيَّ فَكَلَّمُوا سَادَتِي مَعَ خَيْبَرَ شَهِدْتُ قَالَ اللَّحْمِ آبِي أَنَا فَإِذَا سَيَّفَالَ فَقُلِّدْتُ بِي فَأَمَرَ قَالَ . مَمْلُوكٌ أَنِّي وَأَعْلَمُوهُ و سـ لم عـ لـ يه بِهَا أَرْقِي كُنْتُ رُقْيَةً هِعَلَيْ وَعَرَضْتُ الْمَتَاعِ خُرْثِيِّ مِنْ بِشَيْءٍ لِي رَفَأَمَ أَجُرُّهُ ابْنِ عَنِ الْبَابِ وَفِي . بَعْضِهَا وَحَبْسِ بَعْضِهَا بِطَرْحِ فَأَمَرَنِي الْمَجَانِينَ الْعِلْمِ أَهْلِ عْضِبَ عِنْدَ اهَذَ عَلَى وَالْعَمَلُ . صَحِيحٌ حَسَنٌ حَدِيثٌ وَهَذَا . عَبَّاسٍ

الثَّوْرِيِّ لُقَوْ وَهُوَ . بِشَيْءٍ لَهُ يُرْضَخُ وَلَكِنْ لِلْمَمْلُوكِ يُسْهَمَ لاَ أَنْ
وَإِسْحَاقَ وَأَحْمَدَ وَالشَّافِعِيِّ .

আবুল লাহমের মুক্তদাস উমাইর (রাঃ)

তিনি বলেন, আমি খাইবারের যুদ্ধে আমার মনিবদের সাথে অংশগ্রহন করি। তারা আমার ব্যাপারে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে কথা বললেন। তারা তাঁকে আরো জানান যে, আমি ক্রীতদাস। বর্ণনাকারী উমাইর (রাঃ) বলেন, আমার ব্যাপারে তাঁর হুকুম মোতাবিক আমার গলায় তরবারি ঝুলিয়ে দেয়া হল। তরবারিটিকে আমি মাটিতে হেঁচড়িয়ে হেঁচড়িয়ে হাটছিলাম। তিনি গনিমতের মধ্য হতে কিছু তৈজসপত্র আমাকে দিতে বললেন। আমি তাঁকে কয়েকটি মন্ত্র শুনালাম, যেগুলো দিয়ে আমি পাগলদের ঝাড়ফুঁক করতাম। তিনি এর কিছু বাদ দেয়ার এবং কিছু রাখার জন্য আমাকে নির্দেশ দেন।

সহীহ্, সহীহ আবূ দাঊদ (২৪৪০)

সুনানে আবু দাউদ, হাদিস নং ১৫৫৭
হাদিসের মান: সহিহ হাদিস
Source: ihadis.com
.
بْنِ مُحَمَّدِ عَنْ ،إِدْرِيسَ بْنُ اللَّهِ عَبْدُ حَدَّثَنَا ،شَيْبَةَ أَبِي بْنُ بَكْرِ أَبُو حَدَّثَنَا

،السَّاعِدِيَّة حَزْمٍ يِنِبَ أُمَّ أَنَسٍ بِنْتَ خَالِدَةَ أَنَّ ،مُحَمَّدٍ بْنِ بَكْرٍ أَبِي عَنْ ،عُمَارَةَ
لرُّقَىا عَلَيْهِ فَعَرَضَتْ ـ و سلم ع ل يه ا الله صلى ـ النَّبِيِّ إِلَى جَاءَتْ
بِهَا فَأَمَرَهَا .

আনাস এর কন্যা উম্মু বানী হাযম খালিদাহ আস-সাইদিয়্যাহ (রাঃ)

তিনি নবী (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট আসেন এবং ঝাড়ফুঁক করার মন্ত্র পেশ করেন। তিনি তাকে তা দ্বারা ঝাড়ফুঁক করার অনুমতি দেন। [৩৫১৪]

তাহকীক আলবানীঃ দুর্বল।

সুনানে ইবনে মাজাহ, হাদিস নং ৩৫১৪

হাদিসের মান: দুর্বল হাদিস

Source: ihadis.com

যাদুকরদের ইন্টেন্ট(অভিপ্রায়) কার্যক্ষম করাও সহজ বিষয় নয়। এর জন্য তাদের

অনেক চর্চা করতে হয়। সৃষ্টিকর্তার থেকে সম্পূর্ন বিমুখ হয়ে সৃষ্টির কাছে নিজেকে বিলীন করতে হয়। অর্থাৎ কুফর করতেই হয়। সর্সারারদের আরেকটি হাতিয়ার হচ্ছে স্পেল বা মন্ত্র। মন্ত্রে শিরকি কথা থাকতেও পারে আবার শিরক বিহীনও হতে পারে। শিরক বিহীন স্পেল হলেও উহা নিষিদ্ধ। কথা কিভাবে বাহ্যিক পরিবেশে প্রভাব ফেলে সেটা বুঝাতে হলে 'occult physics' এর দিকে যেতে হবে, যেদিকে নিকোলা টেসলা হেটেছেন। এ জন্য প্রাচীন কাল থেকে প্রত্যেক যাদুকরই ছিল উচ্চস্তরের ন্যাচারাল ফিলসফার। আর এই ন্যাচারাল ফিলসফি থেকেই ফিজিক্স/ফিজিসিস্টদের উত্থান। কোয়ান্টাম ফিজিক্স সবচেয়ে এডভান্স থিওরেটিকাল মেকানিক্স।এজন্য আজকের শেষ যুগে পাশ্চাত্যের সর্সারারগন সবাই সর্বপ্রথম কোয়ান্টাম ফিজিক্স স্টাডি করেন।এবং অন্যদেরকেও সেদিকে আহব্বান করে। যারা বলতে চায় 'কোয়ান্টাম মিস্টিসিজম' দুঃখিত পার্টিকেল ফিজিক্স একদম পবিত্র নিষ্কলুষ তাদেরকে প্রশ্ন করি কেন আল্লাহর রাসূল(সা) এস্ট্রলজিক্যাল সাইন্সকে যাদুর শাখাভুক্ত বলেছেন?

শায়খ বিন বাজ বলেন, যাদুর বিপরীতে রয়েছে তাওয়াক্কুল। অর্থাৎ যাদুকররা কখনো আল্লাহর উপর ভরসা করে না, তেমনটা চিন্তাও করে না। বরং তারা গুপ্ত Natural law গুলোকে নিজেদের হাতে তুলে নিতে চায়। যখন তারা অন্তর দ্বারা এবং মন্ত্র দ্বারা ক্ষতিসাধন/লাভবান হবার অভিপ্রায় করে তখন সংশ্লিষ্ট বস্তু তার

স্রষ্টার কাছে ঘটবার অনুমতি প্রার্থনা করে। এজন্যই সমস্ত যাদু-ই নিস্ফল যদি আল্লাহর অনুমতি না প্রদান করেন। এজন্য আল্লাহ বলেন, " وَمَا هُم بِضَآرِّينَ بِهِۦ مِنْ أَحَدٍ إِلاَّ بِإِذْنِ اللّهِ " [٢:١٠٢]

মধ্যযুগে মিস্টিকরা এটা বিশ্বাস করত যে সমস্ত যাদুর ফলাফল আল্লাহর ইচ্ছাধীন, কিন্তু আজকে একেও অস্বীকার করে সর্সারাররা। কাফির যাদুকররা যেমনি নিজে থেকে স্বার্থ হাসিলের প্রচেষ্টা করে, তেমনি আমাদের জন্য আল্লাহ সুবহানাহু ওয়া তা'য়ালা দু'আ/প্রার্থনা/সাহায্য চাওয়াকে(ডিপেন্ডেন্সি) পছন্দ করেন। ব্যপারটি এরূপ যে দুই ব্যক্তির একজন অবৈধ উপায়ে অর্থ উপার্জন করে খায়, অপরজন বৈধ পন্থায় উপার্জন করে খায়। আর আল্লাহর কাছে কিছু প্রার্থনা করলে সেটা না দিলেও তার মাঝে কল্যাণ নিহিত থাকে,যদিও আমরা তা বুঝি না।

আল্লাহ পছন্দ করেন তার উপর তাওয়াক্কুলকারীদেরকে এজন্য দেখা যায়ঃ ইমরান (রাঃ) বর্ননা করেছেন,

حَدَّثَنَا يَحْيَى بْنُ خَلَفٍ الْبَاهِلِيُّ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ، عَنْ هِشَامِ بْنِ حَسَّانَ، عَنْ مُحَمَّدٍ، - يَعْنِي ابْنَ سِيرِينَ - قَالَ حَدَّثَنِي عِمْرَانُ، قَالَ قَالَ نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم " يَدْخُلُ الْجَنَّةَ مِنْ أُمَّتِي سَبْعُونَ أَلْفًا بِغَيْرِ حِسَابٍ " . قَالُوا وَمَنْ هُمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ " هُمُ الَّذِينَ لاَ يَكْتَوُونَ وَلاَ يَسْتَرْقُونَ وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُونَ " . فَقَامَ عُكَّاشَةُ فَقَالَ ادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَنِي مِنْهُمْ . قَالَ " أَنْتَ مِنْهُمْ " . قَالَ فَقَامَ رَجُلٌ فَقَالَ يَا نَبِيَّ اللَّهِ ادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَنِي مِنْهُمْ . قَالَ " سَبَقَكَ بِهَا عُكَّاشَةُ " .

আল্লাহর নবী (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ আমার উম্মাতের সত্তর হাজার লোক বিনা হিসেবে জান্নাতে প্রবেশ করবে। লোকেরা জিজ্ঞেস করলো, তারা কারা, হে আল্লাহর রসূল (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম)? তিনি বললেনঃ যারা ক্ষতস্থানে লোহা পুড়ে লাগায় না এবং (জাহিলী যুগের ন্যায়) ঝাড়ফুঁক বা মন্ত্রের দ্বারা চিকিৎসা কামনা করে না বরং তারা আল্লাহর উপর পূর্ণ তাওয়াক্কুল করে। এ সময় ‘উক্কাশাহ্ (রাঃ) উঠে দাঁড়িয়ে বললেন, আল্লাহর নিকট প্রার্থনা করুন, তিনি যেন আমাকে তাদের অন্তর্ভুক্ত করেন। নবী (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) বললেন, তুমিও তাদের অন্তর্ভুক্ত। বর্ণনাকারী বলেন, অতঃপর আর এক ব্যক্তি দাঁড়িয়ে বলল, হে আল্লাহর নাবী! আল্লাহর কাছে প্রার্থনা করুন, তিনি আমাকেও যেন তাদের অন্তর্ভুক্ত করেন। উত্তরে নবী (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ ‘উক্কাশাহ্ তোমার আগেই সে দলভুক্ত হয়ে গেছে। (ই.ফা. ৪১৭; ই.সে. ৪৩১)

সহিহ মুসলিম, হাদিস নং ৪১২
হাদিসের মান: সহিহ হাদিস
Source: ihadis.com

সর্বাপেক্ষা শক্তিশালী সেসমস্ত কথামালা, যা আল্লাহর রাসূল(সা) শিখিয়েছেন এবং যে সমস্ত বানী দুনিয়াতে আল্লাহ সুবহানাহু ওয়া তা'য়ালা অবতীর্ণ করেছেন।

জগতের নীতিগুলো ম্যানিপুলেট করার জন্য মানুষ ও শয়তানের বানানো বুলি বা মন্ত্রের তুলনায় জগৎসমূহের মালিকের শেখানো কথাগুলো অধিকতর এবং সর্বাধিক শক্তিশালী। এবং বিজয়ী।

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي
السَّفَرِ، عَنِ الشَّعْبِيِّ، عَنْ خَارِجَةَ بْنِ الصَّلْتِ، عَنْ عَمِّهِ، أَنَّهُ مَرَّ بِقَوْمٍ فَأَتَوْهُ
فَقَالُوا إِنَّكَ جِئْتَ مِنْ عِنْدِ هَذَا الرَّجُلِ بِخَيْرٍ فَارْقِ لَنَا هَذَا الرَّجُلَ . فَأَتَوْهُ بِرَجُلٍ
مَعْتُوهٍ فِي الْقُيُودِ فَرَقَاهُ بِأُمِّ الْقُرْآنِ ثَلاَثَةَ أَيَّامٍ غُدْوَةً وَعَشِيَّةً كُلَّمَا خَتَمَهَا جَمَعَ
بُزَاقَهُ ثُمَّ تَفَلَ فَكَأَنَّمَا أُنْشِطَ مِنْ عِقَالٍ فَأَعْطَوْهُ شَيْئًا فَأَتَى النَّبِيَّ صلى الله
عليه وسلم فَذَكَرَهُ لَهُ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " كُلْ
فَلَعَمْرِي لَمَنْ أَكَلَ بِرُقْيَةِ بَاطِلٍ لَقَدْ أَكَلْتَ بِرُقْيَةٍ حَقٍّ " .

খারিজাহ ইবনুস সাল্‌ত (রহঃ) হতে তার চাচার সূত্র

তিনি একটি জনপদ দিয়ে যাচ্ছিলেন। এমন সময় সেখানকার কিছু লোক তার কাছে এসে বললো, আপনি এই ব্যক্তির [রাসূলুল্লাহ্‌র (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম)] কাছ থেকে কল্যাণ নিয়ে এসেছেন। কাজেই আমাদের এই ব্যক্তিকে একটু ঝাড়ফুঁক করে দিন। এ বলে তারা একটি পাগলকে বাঁধা অবস্থায় তার কাছে আনলো। তিনি তিন দিন সকাল-বিকাল সূরাহ ফাতিহা পড়ে তাকে ঝাড়ফুঁক করলেন। তিনি যখনই পাঠ শেষ করতেন তখন থুথু জমা করে তার শরীরে নিক্ষেপ করতেন। অতঃপর লোকটি যেন বন্ধনমুক্ত হয়ে গেলো। তারা তাকে কিছু বিনিময় দিলো। তিনি নবী (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট এসে ঘটনাটি

জানালেন। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ যা পেয়েছো তা খাও। আমার জীবনের শপথ! কিছু লোক তো বাতিল মন্ত্র দ্বারা উপার্জন করে খায়। আর তুমি উপার্জন করেছো সত্য মন্ত্র দ্বারা।

সহীহঃ সহীহাহ্ (২০২৭)

সুনানে আবু দাউদ, হাদিস নং ৩৪২০

হাদিসের মান: সহিহ হাদিস

Source: ihadis.com

وَعَنْ أَنَسٍ رضي الله عنه أَنَّهُ قَالَ لِثَابِتٍ رَحِمَهُ اللهُ: أَلاَ أَرْقِيكَ بِرُقْيَةِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم؟ قَالَ: بَلَى، قَالَ: اَللهم رَبَّ النَّاسِ، مُذْهِبَ البَأسِ، اِشْفِ أَنْتَ الشَّافِي، لاَ شَافِيَ إِلاَّ أَنْتَ، شِفَاءً لاَ يُغَادِرُ سَقَماً .
رواه البخاري

আনাস (রাঃ)

তিনি সাবেত (রাহিমাহুল্লাহ)কে বললেন, ‘আমি কি তোমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মন্ত্র দ্বারা ঝাড়ফুঁক করব না?’ সাবেত বললেন,

‘অবশ্যই।’ আনাস (রাঃ) এই দো‘আ পড়লেন, ‘‘আল্লাহুম্মা রাববান্না-স, মুযহিবাল বা’স, ইশফি আন্তাশ শা-ফী, লা শা-ফিয়া ইল্লা আন্ত্, শিফা-আল লা য়্যুগা-দিরু সাক্বামা।’’ অর্থাৎ হে আল্লাহ! মানুষের প্রতিপালক! তুমি কষ্ট দূর কর এবং আরোগ্য

দান কর। (যেহেতু) তুমি রোগ আরোগ্যকারী। তুমি ছাড়া আরোগ্যকারী আর কেউ নেই। তুমি এমনভাবে রোগ নিরাময় কর, যেন তা রোগকে নির্মূল করে দেয়।

রিয়াদুস সলেহিন, হাদিস নং ৯০৮

হাদিসের মান: সহিহ হাদিস

Source: ihadis.com

কাফির যাদুকরদের মধ্যে সাইকিক হিলাররা(physic healers) যেসব স্পেল ব্যবহার করে তার অধিকাংশই অথর্ব এবং শয়তানের আনুগত্যের একটা মাধ্যম মাত্র।

بْنُ اللَّهِ عَبْدُ حَدَّثَنَا ،مَانَسُلَيْ بْنُ مُعَمَّرُ حَدَّثَنَا ،الرَّقِّيُّ مُحَمَّدٍ بْنُ أَيُّوبُ حَدَّثَنَا
ابْنِ عَنِ ،ارِالْجَزَّ بْنِ يَحْيَى عَنْ ،مُرَّةَ بْنِ عَمْرِو عَنْ ،الأَعْمَشِ عَنِ ،بِشْرٍ
تَرْقِي عَلَيْنَا تَدْخُلُ زٌعَجُو كَانَتْ قَالَتْ ،زَيْنَبَ عَنْ اللَّهِ عَبْدِ امْرَأَةِ زَيْنَبَ ،أُخْتِ
تَنَحْنَحَ دَخَلَ إِذَا هِاللَّ عَبْدُ وَكَانَ الْقَوَائِمِ طَوِيلُ سَرِيرٌ لَنَا وَكَانَ الْحُمْرَةِ مِنَ
جَانِبِي إِلَى فَجَلَسَ جَاءَفَ مِنْهُ احْتَجَبَتْ صَوْتَهُ سَمِعَتْ فَلَمَّا يَوْمًا فَدَخَلَ وَصَوَّتَ
فَجَذَبَهُ الْحُمْرَةِ مِنَ يهِفِ لِي رُقًى فَقُلْتُ هَذَا مَا فَقَالَ خَيْطٍ مَسَّ فَوَجَدَ فَمَسَّنِي
سَمِعْتُ الشِّرْكِ عَنِ أَغْنِيَاءَ اللَّهِ عَبْدِ آلُ أَصْبَحَ لَقَدْ وَقَالَ بِهِ فَرَمَى وَقَطَعَهُ
مَائِمَوَالتَّ الرُّقَى إِنَّ " يَقُولُ ـ و سلم عليه ا لله صلى ـ اللَّهِ رَسُولَ
الَّتِي عَيْنِي فَدَمَعَتْ لاَنٌفُ فَأَبْصَرَنِي يَوْمًا خَرَجْتُ فَإِنِّي قُلْتُ . " شِرْكٌ وَالتِّوَلَةَ
إِذَا الشَّيْطَانُ ذَاكِ قَالَ . دَمَعَتْ تَرَكْتُهَا وَإِذَا دَمْعَتُهَا سَكَنَتْ رَقَيْتُهَا فَإِذَا تَلِيهِ
فَعَلَ كَمَا فَعَلْتِ لَوْ وَلَكِنْ كِعَيْنِ فِي بِإِصْبَعِهِ طَعَنَ عَصَيْتِيهِ ذَاوَإِ تَرَكَكِ أَطَعْتِيهِ
تَشْفِينَ أَنْ وَأَجْدَرَ لَكِ خَيْرًا كَانَ ـ و سلم عليه ا لله صلى ـ اللَّهِ رَسُولُ

أَنْتَ فَـاِشْدُ النَّاسْ رَبَّ الْبَاسْ أَذْهِبِ " وَتَقُولِينَ الْمَاءَ عَيْنِكِ فِي تَنْضَحِينَ سَقَمًا يُغَادِرُ لاَ شِفَاءَ شِفَاؤُكَ إِلاَّ شِفَاءَ لاَ الشَّافِي " .

যায়নাব (রাঃ) বর্ননা করেন,

